সর্ঘবুয়ো থায়দে বামান দেহ্‌ই ছ'ভেইয়্যে উচ্য হ্‌লাক। তারা ত্বরা-তাঙরি মোন্যর উদিচ্যে লর দিলাক। যাদে যাদে তারা দিবুচ্যা মাধান মোনগড়াৎ লুঙিলাক্কে। এত্তুক জিরেই জারেই তারা মোন্য তুগুন মোক্যা যা ধরিলাক। বেল তিন পোহ্‌র অক্তৎ লুঙিলাক্কে এক্য ডাঙর শিল্য গাদর মুজুঙে। মারা দেহ্‌ই বুঝিলাক তারা ইয়ান সর্ঘবুয়োর হাৎ। তারা রান কোজেই কিরিচ ধরি পুনোপুন্যা গরি হাৎ-তানৎ সোমেলাক্কে। যাদে যাদে তারা কুদ্দুর চিবাচিপ্যা বাম যেই লুঙিলাক্কে মেলাক এক্কান বামত। চৌকিত্যাদি শিলচাদারা—উগুরেদি রিনি চেহ্‌লে পহ্‌র গরি দেবা দেঘা যায়। তারা বুঝিলাক—ইয়ৎ হামাক্কায় সর্ঘবুয়ো থায়। তারা ডোলেগরি চৌকিত্যা ভিল্‌ভিলাদে ভিল্‌ভিলাদে দেহ্‌লাক ডাঙর এক্য পেংগুল শিলত চক্করবোদি সর্ঘবুয়ো ঘুম যার। তারা ছ'ভেইয়্যে কিরিচ উভো গরি এক সমারে কুব দিলাক্কে অজংচং সর্ঘবুয়োরে। সর্ঘবুয়ো পীড়াপেই লড়ি উদিল। তারা বল হিজি কুব-দি চেহ্‌লাক। দেহ্‌ঘন্দে সর্ঘবুয়ো কাবা ন যায়। —এত্তুগ' ঘভা নহ্‌য়। জেরেদি পীড়া পেই সর্ঘবুয়ো যক্কেন চোক মেলি চেহ্‌ল, ছ' ভেইয়্যে দেঘনদে সর্ঘবুয়োর চোঘে-মুহ্‌য়ে আগুন নিঘিলের। সর্ঘবুয়ো ত্বরা-তাঙরি ছ'ভেইয়রে তা লেচ্যান্দে বেড়েই ধরিল আহ্‌ কেঁৎ কেঁৎ গরি ছ'জনরে গিলি খেল।

ইন্দি ঘরত তারা মা-বুয়োর পরানে জান দিল। তে চাহ্‌য়দে—পাদাত্তারা বান সহ্‌চ হ্‌ইয়্যে, পানিহ্‌মত জিংজিঙ্যা পুক পচান, উদোনান আধং হ্‌ইয়্যে আহ্‌ ঢিঙি কিল্যাৎ উল ফুট্যন। ইয়েনি দেহ্‌ই তারা ম-বুয়ো গুজুরি গুজুরি কানি উদিল। পুয়োগুনত্যেই তে বেয়াল ধুন্‌ধুক খেল।

ইঙিরি মনদ্দুঘত ছ'ভেইয়্যর মা রানিমিলাবুয়োর কয়েকদিন বিদি গেল। তো একদিন চোঘ'পানি চেরাং চেরাং গরি উদোন কাজার। উদোন কাজাদে কাজাদে পেল এক্য বিড়বিচ্যা সুবুরি। তে সিবা পিনোন' পেজৌৎ বানি কমরত গুজেই লল'। মাত্তর কমরত গুজেই মত্তন সুবুরিবুয়ো পিনোন ফারি পেদ' চামফুরি বিড়বিড়েই সোমেলগে তা পেদৎ। রানিমিলাবুয়ো সিয়েনে আমগর উগুরে চোদু হ্‌ল! কয়েকদিনর মধ্যে তে টের পেহ্‌ল—তা পেদৎ এক্য পুয়ো জন্মেইয়্যে! দশদিনর মাধাৎ তার উজুক-চুক পেট। সেদিন্যাই তেএক্য পুয়ো ফুদেল। পুয়োবুয়ো জন্মেই মত্তন হ্‌াধি পারে—কধা কোই পারে। নিত্তাগে বেক ঘদনানই আমক

হ্‌বারলাক।

সুবুরি মানে 'গুয়ো'-ত্তুন জন্মেইয়্যে ভিলি এগুরোবুয়ো নাঙান থৈ-দ্যা হ্‌ল—'গুয়োচেল্যা বীর'। চেহ্‌ই থাক্কে থাক্কে কয়েক বঝরর মধ্যে তে গাবুর-সুন্দর হ্‌ল। গাবুর-সুন্দর হ্‌লেঘি তে একদিন তা মা-রে পুঝ্যর গরিল ঃ "মা, মত্তুন কিয়্যা ভেই-বোন নেই?" পুঝ্যরান শুনিনেই তা মা ধের্‌ধেরেই চোঘ' পানি ফেলেলঘি। গুয়োচেল্যা আমক হ্‌ই উল্ল্যফিরি পুঝ্যর গরিল—"মা, মুই এই পুঝ্যরান গরানার লগে লগে তুই কিত্যেই কানি উদিলে?" তা মা জুয়োব দিল—"কিচ্ছু নয় পুৎ, কিচ্ছু নয়। এহ্‌নে চোঘ' পানি পোচ্যেগিদে।" গুয়োচেল্যা কহ্‌ল—"হামাক্কায় কন' কারণ আঘে। তুই কারনান মরে কোই পেবেই পেবে।" তা মা বার বার কধান বিজিদেই দিবার চেহ্‌ল, মাত্তর গুয়োচেল্যারে কন' কধায় বুঝেই নপারি তা মা সর্ঘমারা-যেইয়্যা ছ'ভেইয়র কধা কোই শুনেল। তা মা-ত্তুন ছ'ভেইয়র সর্ঘমারা যেই মরি যানার কধা শুনি তেঅ লগৎ-তগৎ কোই উদিল—"মা, মুই ম'র ছ'ভেইয়রে জিয়েই তুলি আনিম্বোই।" পুয়োবুয়োর কধা শুনি তা মা দুয়োই দিব পারা মানা গরা ধরিল। তে কহ্‌ল—"না-রে, না-রে পুৎ, সেধোক্যা কধা নকোহ্‌চ। তর ছ' ভেই মোচ্যন্দে মোচ্যন্দে, তুই সিয়ান নাঙ নহিনিচ। তুই হ্‌লেদে ভগবানেদ্যা এক্ক্য গরি নোনেয়্যা পুয়ো, মর সনা-মানেক। তুইঅ যনি সর্ঘমারা যেই পরান হ্‌রাচৈদ্যে হয়, সালেন কারে নিনেয় মুই বাজি থেম! নযেচ্‌-রে পুৎ নযেচ।" গুয়োচেল্যা মাত্তর কন' কধা ন শুনিল। তে একদিন জেচ্যেৎ গরি সর্ঘবুয়োর উদিচ্যে রবনা দিল।

যাদে যাদে গুয়োচেল্যা বীরেঅ কেরেৎ-কারিয়্যা, কুলো-বুনিয়্যা, ধঅ-কাবিয়্যা আহ্‌ রুক কাবিয়্যাগুন লাগৎ পেল। পত্তিদাগিরে তে তারার হোজেয়্যা কামানি ঝুরুৎ-ঝুরুৎ গরি দিল। বেগে তারে ধন্য ধন্য গরিলাক। আহ্‌ সর্ঘ হে্‌ড়া সাহ্‌রা দিলক। ছয়দিনর দিঝ্যাৎ তে লুঙিলগৈ সেই ডেনবুড়ি ঘরত। তেঅ সিয়ৎ সে রেত্যত্যেই আশ্রয় লল'গৈ। তে মাত্তর বুড়ির ধক্কান দেহ্‌নেই বেক বুঝিল। সিয়েনে তে তা ধামান পিধিত্তলে গরি ঘুম গেল। বুড়ি গদা রেত্য হঝক হঝক গরিনেইঅ গুয়োচেল্যার ধামান লিয়েই দিবার ভঅ নপেল। সিয়েনে বেন্যা ঘুমত্তুন উদিলে বুড়ি গুয়োচেল্যা বীররে কহ্‌ল—"ও-নাদিন, তুই শৈন্যসার সর্ঘবুয়োর হ্‌াধৎ পরানান নহ্‌ারেচৈ। ঘরৎ ফিরি যাগৈ। আগেদি বেগিদো বীর সর্ঘবুয়োর হ্‌াধৎ পরান হ্‌ারেয়্যন্দৈ। তারারে চেহ্‌লে তুই দঅ এয চিগোনগুরো। মঅ কধানি ধরিচ, তুই ঘরত ফিরি যাগৈ।"

বুড়ি কিত্যেই ভাঙন্দি কধা কহ্‌র গুয়োচেল্যা মেহ্‌ত পায়। সর্ঘবুয়ো আঝলে এ ডেনবুড়ির নোনেয়্যা পুঅ। তা পুঅবুয়ো মরে ভিলি এ বাবত্যা ভাঙন্দি কধা কহ্‌ত্তে। তে হামাক্কায়

কিয়াজ গরি পাইয়্যে এবারত তা পুঅ বুয়োর রখ্যা নেই। সিয়েনে তে কহ্‌ল—'তুই মত্যেই চিদ্যা গরি নদিচ, কবালৎ যিয়ান থায় সিয়ান হ্‌ব। মর যনি সর্ঘবুঁয়োর হ্‌াধৎ মরন লেঘা থায় সালেন মরিম্বোইদে আয়।" এ কধান কোইনেই গুয়োচেল্যা তার ধামান ধরি সর্ঘবুয়ো থায়দে মোন্যর কিত্যা লর দিল।

এক দিবোর হ্‌াধিনেই গুয়োচেল্যা মোন্য গড়াৎ লুঙিলগৈ। আহ্‌ এক জিরান হ্‌াধিনেই বেল হ্‌ালন্দিত তে লুঙিলগৈ সর্ঘবুয়োর হ্‌াৎতানর দুয়োরত। গুয়োচেল্যা লুঙিমত্তন সর্ঘবুয়ো থান পেইয়্যে হামাক্কার আঘাত্যা এক অজংচং বীর এযের। তে মাদি গির্‌গিরায় সং গরি সোঝেই উদিল। গুয়োচেল্যা বীর তার ধামান ঊভো গরি গাত্য ভিদিরে সমা ধরিলগৈ। কুন্দুর থিয়া থিয়া হ্‌াধি যেইতে লাগত পেলগৈ চিবা চিপ্যা বামান। সিয়ান তে গুজোং গুজোং রি হ্‌াদি যেই লুঙিলগৈ মেলাক জাগানত। সিয়ান যেমেন ডাঙর এক্ক্য হুলুং। তে সদগত দেহ্‌ল সর্ঘবুয়োরে। তা মোক্যা হ্‌া-গরি এযের। তার চোঘে-মুহ্‌য় আগুন খেলে। গুয়োচেল্যা তা চিম্‌চিম্যা ধামান শক্ত গরি ধরিল। সর্ঘবুয়ো যেই তারে তার লেচ্যান্দে জাবেদেই ধরিবার চেহ্‌ল তে লেচ্যান তাগি দিল এক কুপ। এক কুবৎ সর্ঘবুয়োর লেচ্যান কাবা গেল। সে জেরে সর্ঘবুয়ো তারে হ্‌া-গরিনেই গিলিবার ভঅ তুলিল। গুয়োচেল্যা তা ধামাগান সর্ঘবুয়োর ফাগাগান তাগিনেই পাধাচ্যা গরি পাদেই রল। সর্গেবুয়ো যেধক তারে গিলে ফাগানান সেধক কাবা যায়। ত্য সাপ্য গিলানা হে্‌ভা নদে। গিলদে গিলদে গুয়োচেল্যারে তা পেদৎ ভোরেলগৈ। ইন্দি ধামানত কাবা যেই সর্ঘবুয়ো এক সময় ভুধুম্‌ গরি মাদিত আজেরেই পড়িল। আহ্‌ চাত্যাদে চাত্যাদে মরি গেল। গুয়োচেল্যা সর্ঘবুয়োর পেদত্তুন বেগিদো হাড়-করা নিঘিলেল। সিত্তুন তে চিনি চিনি তার ছ'ভেইয়র হ্‌াড়উন থুভেলগি। জেরেদি মন্দর জবি জবি তারারে বাজেই তুলিল। তারা বাজি উদিনেই দঅ চক্কবক্ক। তারার যেমেন মনে হ্‌ল ইক্কিনে তারা ঘুমুত্তুন জাগি উঠ্যন। তারা পেট চিরচ্যা গরি সর্ঘবুয়োরে দেহ্‌ই উঘুরি উদিলাক। ইয়ান কিঙিরি কি হ্‌ল তারা ভাবি নপারন। গুয়োচেল্যা তারা ইধু নিজর চিন দিল। আহ্‌ কহ্‌ল তে-ই তারারে জিয়েই তুল্যেগি। বেক শুনিনেই ছ'ভেইয়্যে আমগর উগুরে চোদু হ্‌লাক।

গুয়োচেল্যা সমেত এবারত তারা হ্‌লাক সাতভেই। সাত ভেইয়্যে সর্ঘবুয়োরে কাবিকুদি যে যেত্তমান জিনন সর্ঘহে্‌রা বুগি ললাক। ফিরতে তারা সেই ডেনবুড়ির ঘরদি গরি ফিরিলাক। মাত্তর তারে ঘরত ন দেহ্‌লাক। পধৎ বাদবাগি রুক কাবিয়্যা, কুলোবুনিয়া, ধঅ কাবিয়্যা, নঅ টানিয়্যা বেগরে এত্তুগ এত্তুগ সর্ঘহে্‌ড়া দি-এলাক।

এক সমারে এৎথে পধৎ ছ'ভেইয়্যে মনে মনে কুত্যেরি তুলিলাক। তারা দেহ্‌লাক্‌কে

পধে পধে বেগে গুয়োচেল্যারে বাঘেনী গরন আহ্ মান গরন। তারারে কিওজনে মাদেদাক্অ ন-চাহ্ন। সিয়েনে তারা পধৎ গুয়োচেল্যাত্তুন চুর গরি তেম্মাং গরিলাক তারে আধাপধত যিঙিরি-সিঙিরি মারেই ফেলেবাক। তেম্মাং মুজিম তারা আধা-পধত জিরেলাক। সিত্তুন তারা ঘরান একদিনর পধ। এ জাগানত এক্ক্য ডাঙর শিল্য গাৎ আঘে। ছ'ভেইয়্যে গাত্য দেঘেইদি কহ্নদে ঃ "লখ্ক, খবর পাহ্চ নি এ গাত্যৎ ভিলে বেয়াল সনা পায়দ্যে। মাত্তর ইয়ৎ মাইন্যে সোমেদাক ডরান। তুই দঅ বীর—নডরাচ। ইয়ৎ সোমেনেই কিঝু সনা-দানা তোগেই আনি পারিবে নি?" গুয়োচেল্যা কহ্ল—"হামাক্কায় তুমি কহ্লে সোমেম্বোইদে আয়।" কহ্ধে কহ্ধে তে গাত্য ভিদিরে ধামা ধরি সোমেলগৈ। ছ'ভেইয়্যে চাহ্নদে এবারত যুহ্। গুয়োচেল্যারে মারিবার। তারা ত্বরা-তাঙরি ধরাধোচ্যা গরি ডাঙর এক্ক্য শিল তোগেই আনি গাত্যর দুয়োরান নাহ্দি দিলাক। আহ্ ডাঙর ডাঙর গাঝ কাবি আনি শিল্যরে বাহ্রেত্তুন থক দিলাক্কি দড়মড় গরি য়্যেন হদাংশিক গুয়োচেল্যা শিল্য ঠৈলি নিঘিলি নপারে। তারা ভাবিলাক গুয়োচেল্যা আর কন'দিন ইয়ত্তুন নিঘিলি নপারিব। ইয়ৎ তে মরি যেব। তারা ছ'ভেইয়ে নিচিদ্যা হ্লাক আহ্ হুঝি মনে ঘরত ফিরি গেলাক।

ছ'ভেইয়্যে ঘরত ফিরিনেই তারার মা-বুয়োরে কহ্লাক্কি গুয়োচেল্যা ভিলি কাররে তারা লাগৎ ন-পাহ্ন। তারা নিজ ক্ষেমেদা বলে সর্ঘবুয়োলৈ লাড়েই গরি তারে দূহ্ল গচ্যন। তারা মা-বুয়োই গুয়োচেল্যাত্যেই ধুন্ধুক খেই খেই বেগিদো কানিল। ছ'ভেইয়্যে বেক আদম্যাগুনরে ডাগিনেই সর্ঘবুয়ো কিঙিরি মাচ্যন সে কধা গপ দিল্লাক।

ইন্দি ভালক্ষন সং গাত্য ভিদিরে সনা তোগেই কিচ্ছু নপেই গুয়োচেল্যা ফিরি এবাত্যেই যক্কে গাদ'র দুয়োরত লুঙিলগি চাহ্যদ্যে গাত্যর দুয়োরান বাহ্রেত্তুন পাত্থর দিনেই বন্ গরা হ্ইয়্যে। ইয়ান যে তা ভেইয়ুনর করম তে বুঝিল। তে ভিদিরেত্তুন ঠেলা দিনেয় পাত্থরবুয়ো সোরেই দিল। আহ্ ভিদিরেত্তুন নিঘিলি এল। একদিন জেরে তে ঘরৎ লুঙিলঘি। তারে দেহ্নেই বেগে আমক। ছ'ভেইয়্যে দঅ আমগর উগুরে চোদু হ্লাক। তারার মা সমেত এবারত বেগে খবর পেলাক আঝলে সর্ঘবুয়ো কন্না মারচ্যে। গুয়োচেল্যা ফিরি এযানায় তা মা অমগত্য হুঝি হ্ল।

সর্ঘ মারিনেই ঘরত ফিরানার জেরে গুয়োচেল্যা দেল' তার ভেইয়ুনে তারে পিঝুম গরন। সিয়েনে তে ঠিক গরিল তা ভেউয়ুন ঘরত সুঘে থাদোক, তে তা মা'ত্তুন আহ্ তা ভেইয়নত্তুন বিদেয় নিনেয় গায় পায় দেঝভঙা নিঘিলিল।

পধ-দিঘোলী হাদি যাদে যাদে তে একদিন আহ্মক হ্বার সান এক্কান ঘদনা দেহ্লগৈ। তে দেহ্লদে ঃ এক্ক্য অজংচং বীর সাত্তান মোনঘর পূনত পানি রান্যা বেড়ার আহ্ বিগুন-

মুরিচ ছিনি ছিনি মোনঘরানি ভরার। গুয়োচেল্যা এই বীরবোর মুজুঙে যেই থিয়েলগৈ। আহ্ তারে বাগেনী গরি কহ্‌ল—"তুই-দ' আঘাত্যা অজংচং বীর! সাত্তান মোনঘর পূনত বানি রান্যা বেড়র। তঅ নাঙান কি? জানি পারংনি?" বীরবো জুয়োব দিল ঃ "বীর নাঙ দিনেয় মরে কিত্যেই লাজ দ্যর্। আঝল বীর হ্‌লদে-দ' গুয়োচেল্যাবীর। তে সর্ঘ মার্‌চ্যেগৈ। আহ্ মুই হ্‌লুঙ্গে সাধারণ একজন আদাম্যা বোলী। ম নাঙান মোনরাম।" গুয়োচেল্যা কহ্‌ল—"মুই-দে গুয়োচেল্যা বীর"। শুনিনেই মোনরাম ত্বরা-তাঙরি গুয়োচেল্যা বীররে সালাম গরিনেই কহ্‌ল ঃ "জুহ্‌-নানু-জুহ্! তরে চেহ্‌বার ধারাচ ভালকদিন ধরি। এচ্যা তরে দেহ্‌নেই জীংকানিয়ান সাত্থক হল।" গুয়োচেল্যা কহ্‌ল—"মুইঅ ত-ধোক্যা বীরর দেঘা পেই ভারি হুঝি হ্‌লুং। তুই কুধু থাচ্—কী কম গরচ?" মোনরামে কহ্‌ল—"মর কন' ঘর-দোর নেই। যিয়ৎ রেত—সিয়ৎ কেৎ। মোনে মোনে বিগুন-মুরিচ তগাং আহ্ সিগুন রানি খাং।" গুয়োচেল্যা কহ্‌ল-" তুই এনে গায়গায় থাচ্ যঘন সালেন ম-লঘে আয়্‌-না দেঝ ভঙিবংগৈ।" মোনরামে কহ্‌ল-"সিয়ান-দ' ভারি ডোল কধা। ত-সমারে দেঝ ভঙি পেলে জীংকানিয়ান মর সাত্থক হ্‌ব।" এই কধান কই মত্তন মোনরামে তা সাত্তান মোনঘর ফেলেই গুয়োচেল্যা লগে দেঝভঙানিত সমার হ্‌ল।

তারা দ্বিজনে পধে পধে গবে - সবে হ্‌াদি যাদে যাদে আধাপধত এক্কান আচনক দেই দ্ব্যজনে আহ্‌মক হ্‌লাক। তারা দেহ্‌লাক—একজন অজংচং বীর দিবুচ্যা-ভাত খেইদেই এক্ক্য অজল সার্ভ্য গাঝর গরাৎ চোন্দুল গরি পড়ি জিরার। আহ্ গোচ্যাপোচ্যা বাদে তা লাম্বা হ্‌াত দ্বিয়ান বাভেই সার্ভ্য গাছ্যর আগাবুয়ো ভাঙি আনি দাত ভিন্দ্যার। তারা লিয়ং লিয়ং তা কুরে যেই থিয়েলাক্কৈ। গুয়োচেল্যা বীর এই লাম্বা-হ্‌াধারে উদিচ্য গরি কহ্‌ল—"তুই-দ অমগত্য বীর! এদ্দুর অজল সার্ভ্য গাঝর ঢেলা ভাঙি আনি দাত ভিন্দেয় পারচ। কী নাঙ তর?" বীরবুয়ো কহ্‌ল-"মরে কন্না কব বীর। আঝলবীর-দ গুয়োচেল্যা। "গুয়োচেল্যা কহ্‌ল-"মুই-দে গুয়োচেল্যা বীর।" শুনিনেই লাম্বা হ্‌াধা পোচ্যাত্তুন উধিনেই গুয়োচেল্যারে আহ্ তা সমাচ্যাবোরে সালাম গরিল। জেরেদি নিজর চিন দিনেই কহ্‌ল-মঅ নাঙান হ্‌লদে আত্যারাম।" গুয়োচেল্যা তা সমাচ্যা মোনরামরে চিন গরি দিল। আহ্ তারার দেঝ-ভাঙানার খবর কহ্‌ল। লাম্বা-হ্‌াধা আত্যারামে শুনিনেই কহ্‌ল—" সালেন মুইঅ তমা সমারে দেঝ-ভঙানাত যেম।" লগৎ-তগৎ আত্যারাম তারার সমারে লর দিল।

পধ-দিঘোলী তিনজনে হ্‌াধি যাদে যাদে তারা এক্কান জাগাত লুঙিনেই অমগত্য আহ্‌মক হ্‌লাক্কৈ। তারা দেলাক্কে এক্ক্য বীর তার দ্বিয়ান ঠেং চোন্দল গরি এক্কান ছড়ার হে্ধে-আগেরে ফেলেইদি গধা বানি এক্কান হ্‌াত্যই পানি হি্জের আহ্ এক্কান হ্‌াত্যই মাছ-ইজ্যা

ধরি ধরি কুলঝ্যত ভরার। তারা তিনজনে তা মুজুঙে যেই থিয়েলাক্কে। পয়লা গুয়োচেল্যা কহ্‌ল—"তুই-দ আঘাত্যা একজন বীর! কদাল-পুল্যাং ছাড়া ছড়া হিজি পারচ্‌। কী নাঙ তর?" ছড়া হিজানা তত গরি বীরবুয়ো কহ্‌ল— "মরে কন্না কব বীর। আঝল বীর-দ গুয়োচেল্যা বীর। তে সর্ঘ মারচ্যেগৈ। মুই হ্‌লুংগে সাধারণ এক্ক্যা বীর। ম নাঙান হ্‌লদে গধারাম।" গুয়োচেল্যা কহ্‌ল—"মুই-দে গুয়োচেল্যা বীর।" নিজর চিন দিনেয় অন্য দ্বিজনরে চিন গরি দিল। আহ্‌ তারার দেঝ-ভঙানা কধান তারে কহ্‌ল। শুনিনেই গধারাম বীরে কহ্‌ল—"মুই-অ তমা সমারে যেম।" তে ছড়া হিজ্যা হে্ভা দি তারার সমার হ্‌ল। এবারত গধারাম সমেত গুয়োচেল্যা দাগি হ্‌লাক চেরজন।

চেরজনে হাঁধি যাদে যাদে তারা এক্কান জাগাত লুঙিনেই বেগে আহ্‌মক হ্‌লাক্কে। তারা দেল্লাক্কে - এক্ক্য বলীয়ে এককুর ছেই মুহ্‌ধ গরি চিবি চিবি দলাগরি লাম্বা এক্কান দড়ি বদের। তারা চেরজনে আহ্‌মগর উগুরে চোদু হ্‌ই বীরবুয়োর মুজুঙে যেই থিয়েলা'ক্কে। গুয়োচেল্যা বীরে কহ্‌ল—"তুই-দ আহ্‌মক হ্‌বার সান এক বীর! ছেইলৈ লুদি সান্যা দড়ি বদি পারচ্‌! ত নাঙান কি? বীরবুয়ো কহ্‌ল—"মরে কন্‌না কব বীর। জেচ্যেৎ বীর-দ গুয়োচেল্যা বীর। তে সর্ঘ মারচ্যেগৈ। মুই হ্‌লুংগে সাধারণ একজন। মঅ নাঙান লুদিরাম।" গুয়োচেল্যা নিজর আহ্‌ তা সমাচ্যাগুনর চিন দিল। বেক শুনিনেই জানিনেই লুদিরাম বীরেঅ তারার সমার হ্‌ল।

এবারত হ্‌লাক তারা পাঁচজন। তারা পধে পধে যাদে যাদে আরঅ এক আঘাত্য বীরর দেঘা পেলাক। তা নাঙান হ্‌লদে বুগিরাম। বুগেই'দিলে তারে যেত্তমান গোর পজা হো্ক জিনে। তেঅ গুয়োচেল্যা বীরর দেঘা পেই তারার সমার হ্‌ল।

বেগ' শেঝে তারা দেখা পেলা' ক্কে পোত্যারাম বীররে। তে এক আচনক বীর। পোত্যা আমল্যা কালিক তার বল ভাঝা দে। সে অক্তৎ যেত্তুমো শক্তিমান হ্‌ধ' সাৎ তে একতিপ্‌ ন-লড়চ্যা গরি ধরি থেই পারে। মাত্তর পোত্যারাজি বিদি গেলে তা বলান কমি যায়। সেক্কেনে তে এক্ক্য চিগোন গুরোত্তুনঅ আজার খায়। তেঅ গুয়োচেল্যা বীরর দেঘা পেই তারার লঘ ধরিল।

সঙ্যা সঙ্যা সাতবীর মিলিনেয় এক সমারে যাদে যাদে তারা তেম্মাং গরিলাক—তারার জেবত তেঙা-পয়ঝ্যা কহ্‌দে এক্কায়্য নেই। সিয়েনে তেঙা কামেবাত্যেই তারা এক্কান আড়িমাক্যা জাগাত যেই পখমে কাত্তন গরিবাক্কে, সে জেরে দূর দেঝত ভঙ্গিবাক্কে। তেম্মাং মুজিম তারা কাত্তন বামত যাদে যাদে আবাধা গরি পধত দেলাক এক্ক্য পক্কা-মক্কা পাধা ছাগল। পাধা ছাগল্য মেঁ-মেঁ গরি তারার পুনে পুনে যায়। গুয়োচেল্যা কহ্‌ল—এই গিরোচ-

নেইয়্যা ছাগল্য সমারে নিবংগে। কাত্তন ইধু কাবি খেবংগৈ। কধা মুজিম তারা পাধা ছাগল্য বানি লগে লগে নিলাক।

কাত্তন' বামত লুঙিনেই তারা এক্কান ছড়া পারত আড়ি মাক্যা গরি এক্কান বাজেই বানিলাক্কে। তারা পয়লা দিন্যে জিরেনেই দ্বিতীয় দিন্যাত্তুন ধরি কামত যা ধরিলাক। মাত্তর তারা ঠিক গরিলাক—একজন বাজেই ঘরান চুগি থেব। ঠিক হ্‌ল—পয়লা মোনরামে থেব। তে পাধাছাগল্য কাবি-কুবি ভাত রানি থব। কামত্তুন বেগে ফিরিলেগৈ এক-সমারে ভাত খেবাক।

মোনরামে ভাত রানা থেল। বাগি ছ'জনে কামত গেলাক। বেগে কামত গেলে মোনরামে ভাবিল আগে ছাগল্য কাবিনেই কুদি-কাদি তোন রানিব, সে জেরে তে ভাত রানিব। সিয়েনে তে ছাগল্য গাঙ' পারত কাবিত্যেই নিল। মাত্তর তে যেই ছাগল্যরে ধামা ধরি কাবিবেত্যেই গেল, ছাগল্য তক্ষানৎ ডাঙর এক্ক্য রেক্ষস হ্‌ই মোনরামরে ধরি খেল।

ইন্দি অক্তমাক্যা কাত্তন্যাগুন ফিরিনেই চাহন্দিদে—কুধু ভাত-কুধু কি! মোনরামেঅ নেই, মাত্তর ছাগল্য জ্বাগাত বান্যা আঘে। তারা ভাবিলাক-কাত্তনর ডরে মোনরামে ঘরত ফিরি যেইয়্যে'গৈ। তারা আহ্‌ কী গরিবাক, হাধা-হাত্যা রানি-বাড়ি তারা ভাত খেলাক। অসময়ে ছাগল্য কাবানা সেদিন্যা তারার বঅ গেল।

তা জেরর দিন ভাতরানা র'ল বীর আত্যারামে। তেঅ ভাবিল আগে ছাগল্য কাবি-কুদি রানিব, সে জেরে তে ভাত্তুন উদুরের। মাত্তর ছাগল্য কাবিবেত্যেই যেই যুক্যলেল ছাগল্য এক্ক্য ডাঙর রেক্ষস হ্‌ই তারে গিলি খেল। ইন্দি সেদিন্যাঅ অক্তমুজিম কাত্তন্যাগুন ঘরত লুঙিনেই দেঘন্দি দে—বীর আত্যারাম নেই। ভাতঅ রানা ন-হয়। তারা ভাবিলাক মোনরামর সান আত্যারামেঅ আলসি উদি ঘরত ফিরি যেইয়্যেগৈ। অসময়ে সে দিন্যাঅ ছাগল্য কাবা নহ্‌ল।

সে জেরর দিনঅ এগই বাবত্যা ঘদনা। এগে এগে গধারাম, লুদিরাম আহ্‌ বুগিরাম ঘরত ফিরি গেলাক্কে। গুয়োচল্যা মনে মনে ভাবিল—কিত্তেই তারা ফিরি যানদৈ! এ পিজেদি কন' এক্কান ঘদনা আগে পারাপাঙ। এবারত বাগি আগন্দে বানা পোত্যারাম আহ্‌ তে। তে পোত্যারামরে কহ্‌ল—"তরঅ কন' ফিরি যেবার মনে কহ্‌রনি কঅ?" পোত্যারামে কহ্‌ল—"মুই ত-সমারে এক কথাঁলৈ হ্‌লেঅ থেম। হদাংশিক মুই যেদুং নয়।" গুয়োচেল্যা কহ্‌ল-"সালেন ঠিক আঘে। তরলৈ দ্বিজনে পালা পালা গরি কামত যেই আমি কাত্তন গরিবং। এচ্যা তুই বাজেই রাঘা থাক্‌। মুই কামত যাঙ্‌।" কধান কই গুয়োচল্যা কামত গেল।

আঝলে পোত্যারামরে কিচ্ছু বুঝিবার ন-দি গুয়োচল্যা কামত যাঙ গরি গেলেঅ

এত্তুক যেই তে ফিরি এলগৈ। আহ্‌ ঝুব' সেরেত্তুন কী হ্‌র রিনি চেই রল। তে দেহ্‌ল—পোত্যারামে ছাগল্য দড়িয়ানত ধরি পত্থমে গাঙ' পারত লৈ গেল। মাত্তর যক্কে' ধামাধরি ছাগল্য কাবিবেত্যেই গেল, সক্কে ছাগল্য ডাঙর এক্ক্য রেক্ষস হ্‌ই পোত্যারামরে ধরি গিলি খেল।

ইয়ান দেই গুয়োচেল্যো তরা - তাঙরি ঝুব' সেরেত্তুন নিঘিলি এেই তার চিম্‌চিম্যা কিরিচ্যান উভো গরি আক্রমণ গরিলগি বেরক্ষস্যরে। দ্বিজনর ভালক্ষণসঙ আঘাত্যা যুদ্ধ হ্‌ল। মাত্তর গুয়োচেল্যোর সমারে ন-পারিল রেক্ষস্য। কিরিজর কুবে গত্তনা কাবা যেই চন্দুল গরি পড়িল রেক্ষস্য। গুয়োচেল্যো রেক্ষস্যর পেত্য চিড়িদি তা সমাচ্যাগুনর হ্‌াড় কড়াগুণ বাহ্‌র গরিল। আর মন্দর জবি জবি তারার হাড়-কড়াত্তুন এগে এগে ছয় বীররে জিয়েই তুলিল। জিয়েই উদি তারা দেহ্‌লাক—তারা সমাচ্যা গুয়োচেল্যো বীর ডাঙর এক্ক্য রেক্ষস মারিনেই চন্দুল গরি ফেলেই থৈয়্যে। তারা কাত্তনত এযানা—ছাগল্য রেক্ষস হ্‌ই এগে এগে তারার ছয় জনরে গিলিখানা সিয়েনি বেক পুরি ফেল্যন্দে। গুয়োচেল্যায় তারারে এ পইদ্যানে কিচ্ছু নকহ্‌ল।

সে জেরে তারা সাত জনে লর দিলাক আর' দূর দেঝ' মোক্যা। যাদে যাদে তারা এক সময় লুঙিলাক্কে ডোল এক্কান রেজ্যত। সে দেশ্যানর ভুইজঘা পাগানা ধান পড়ি আগে, কিওজন কাবিয়্যা নেই—বাগান জঘা পাগানা ফল-পাগোর পড়ি আঘন, কিওজন তুলিয়্যা নেই। পধে গাদে মানুঝর চলাচল নেই। বেচভাগ ঘর খালি। মানুচ-জন নেই। যে ঘরানিত মানুচ আগন, তারাঅ বুবর সান। মুয়ৎ রঅ-শব্দ নেই। তারা কুরে যেই কি হ্‌ইয়্যে পিঝ্যের গরিলাক্কে। কিওজনে কনঅ জুয়োব নদ্যন। বার বার পিঝ্যের গরতে গরতে এক সময় এক্ক্য বুড়ো মান্‌ঝ্যে জুয়োব দিল—রাজঘরত যঅ বেক শুনিবাগৈ-বুঝিবাগৈ। তারা তরা-তাঙরি রাজঘরর মোক্যা গেলাক। চান্দেদে— রাজা, মন্ত্রী বেগে গালত হ্‌াতদি বই আগন। মুয়ানি কালা। কধা বাত্তা নেই। তারা রাজার মুজুঙে যেই হাতজুর গরি পিঝ্যের গরিলাক্কে—"মহারাজ, কী হ্‌ইয়্যে? আমারে কঅ। আমি তমারে আমা পরান দিনেই হ্‌লেঅ বিপদত্তুন তোরেবার চেষ্টা গরিবং।" শুনিনেই মহারাজা চোক্কুন তুলি রিনি চেহ্‌ল, মাত্তর ন-মাদিল। তারার আঘাত্য বিপদ বুঝিনেই গুয়োচেল্যো কহ্‌ল—'মহারাজ, মুই হ্‌লুংগে গুয়োচেল্যো বীর। মঅ সমস্যাগুণ ছ'জন বেগে অজংচং বীর। তমা বিপদর কধানি আমরে ভাঙি কঅ। আমি তমারে হ্‌ামাক্কায় বল দিবং।"

গুয়োচেল্যার নাঙান শুনিনেই রাজা, মন্ত্রী, আহ্‌ রাজসভার বেগে বইধ্যাত্তুন আবাধা গরি থিয়েই উদিলাক। মহারাজা গুয়োচেল্যারে আজা গরি ধরিল। আহ্‌ কহ্‌ল-"ও! তুই-

নে গুয়োচেল্যা বীর! সালেন আমার কন' চিদ্যা নেই। আমার এই বিপদর দিন্যা ভগবান সুহ্য় হ্য় পারা তুই লুঙ্যচ্ছি।" রাজায় আজা গরি গুয়োচেল্যারে এক্কান কাদিরাৎবোঝেল। অন্য ছ'জন বীররেঅ বোজেল। গুয়োচেল্যা এগে এগে তা সমাচ্যা ছ'জন বীররেঅ গুণ ভন্দেইদি রাজারে চিন গরি দিল। বেগর চিনপেই রাজায় রেজ্যর বিপদর কধানি ভাঙি কহ্ল। তে কহ্ল—"এক্ক্য অজংচং রেক্ষস ভালকদিন ধরি এ রেজ্যবামত লুঙেগি। তে এক্ক্য বিরাট পাত্থরর গাদত থায়। সিত্তুন পত্তি সাতদিন জেরে জেরে নিঘিলি এয়ে। এলে তারে সাতজন মানুচ ভেট দিয়্যা পড়ে। নলেন বেক লণ্ডভণ্ড গরি দি যায়। শেঝবারত্তুন ধরি এচ্যা ছ'দিন হ্ল। কেল্যা আর'তে এব। এলে তারে আর' সাতজন মানুচ দিয়্যা পড়িব। সিয়েনে বেগর চিদ্যা কী গরা যায়।"

গুয়োচেল্যা কহ্ল—"তুমি চিদ্যা ন-গচ্য, আমি আঘি। আমারে বানা রেক্ষস্য কুধু থায়, সিয়ান দেঘেই দিলে হ্ব। যা গরিবের আমি গরিবং, তমার চিদ্যা গরা নপড়িব।" তে রাজারে কহ্ল—"আমি সালেন রেক্ষস্য তা গাত্যত্তুন নিঘিলিবার আগেই তারে আক্রমণ গরিবংগৈ।"

তেম্মাং মুজিম বেল্যামাধান ভাত-খেইদেই তিয়ার হ্ওয়া ধরিলাক। গুয়োচেল্যা কহ্ল—গাত্যৎ লামিবেত্যেই দড়ি বানা পড়িব। দড়িবোদিয়্যা হ্লদে লুদিরাম বীর। মাত্তর তারে ছেই থুভেই দিব লাম্বা হ্াধা আত্যারাম বীর। রেক্ষস্য গাত্য ছেরে বল তুলি ন পারে পারা সিয়ৎ পানি ভোরেই দিব গধারামবীর। গাত্যর দুয়োরান নাদি দিবেত্যেই সয়-সাগচ্যা মোনঘর ঝাভেই দিবগি মোনরাম বীর। আর পোত্যা আমল্যা আমি আক্রমণ গরিলেগৈ রেক্ষস্যর দ্বি-বারাৎ ধরি চাবী থেবগৈ পোত্যারাম বীর। মুই দড়িয়ান বেই কিরিচ ধরি লামিনেই রেক্ষস্য কাবিম্বে। আহ্ রেক্ষস্য মরিলে মরা রেক্ষস্য বুগি তুলিবগি বুগিরাম বীর।

তেম্মাং ধগে ধগে তারা যার যে কাম গরা ধরিলাক। আত্যারামে তার লাম্বা লাম্বা দ্বিয়ান হ্াতলৈ পত্তি ঘরর ওলোন শালত্তুন ছেই থুভেই দিল। লুদিরামে ছেই য়ানি পেজেই পেজেই লুদিসান্যা দড়ি বোদিল। মোনরামে পুনত বানি লল' সয়-সাগচ্যা মোনঘর। তারা এবারত লর দিলাক রেক্ষস্যর গাত্য মোক্যা। তারারে পধ দেঘেই দেঘেই গেলাক রাজার সিবেইউন। গাত্য দূয়োরত লুঙিনেই গধারামে তার দ্বিয়ান ঠেংগৈ ছড়া হ্দে-আগেরে গধা বানি গাত্য ছেরে আজুল আজুল পানি হ্ঝ্যা ধরিল। ইন্দি মোনরামে তার পুনত বান্যা সয়-সাগচ্যা মোনঘর গাত্য মুয়োনত ঝাভেইদ্যা ধরিল। ইয়েনি গরতে গরতে পোত্যা আমল ঘোনেই এল। সেবেদেন গুয়োচেল্যা বীর বোত্যা লুদি ধরিনেই গাত্য চেই লামিলগৈ। তা পুনে পুনে লামিলাক্কে পোত্যারাম আহ্ বুগিরাম। গুয়োচেল্যা বীর লামি মত্তন রেক্ষস্যরে

আক্রমণ গরিলগৈ। রেক্ষস্য পানিত বল খেলেই নপারের কিনেয় এক্যুই ফালে গাত্যত্তুন নিঘিলি এবার চেহ্‌ল। ইন্দি মোনরামে সয়-সাগচ্যা মোনঘর ঝাভেই দি গাত্য মুয়োন নাদি থৈ দিয়্যে। রেক্ষস্য হিলহিলাত্যে দেই পোত্যারামে ঠিক পোত্যামাধান রেক্ষস্যর দ্বি-বারাৎ ধরি চাবী ধরিল। সেবেদেন গুয়োচেল্যা বীর তার দেবংশী কিরিচ্যানদৈ পয়লা রেক্ষস্যর দ্বিয়ান হাত কাবি দিল, দ্বিয়ান ঠেং কাবি দিল। জেরেদি গত্তনাবুয়ো কাবি দিল। গত্তনা কাবা যেই অজংচং রেক্ষস্য ঝভাৎ গরি গচ্যেই পড়িল। রেক্ষস্য মরিনেই বুগিরামে রেক্ষস্যর মাধালা নেইয়্যা কেইয়্যন বুগি তুলিলগি গাত্যত্তুন।

লুদিয়ান ধরি ধরি গাত্যত্তুন নিঘিলি এই গুয়াচেল্যা রেক্ষস্যর পেট্যয়া কিরিচ্যানদৈ চিরি দিলগি। রেক্ষস্যর আদুরিত্তুন মানুঝর হাড়-কড়াগুণ থুভেই আনি তে মন্দর জবি জবি এগে এগে মোচ্যন্দে বেক মরা মানুচ্যুন জিয়েই তুলিল। এ ঘদনান্দে রেজ্যর বেগে গুয়োচেল্যা বীর আহ্‌ তার ছ'জন সমাচ্যারে ধন্য ধন্য গরি উদিলাক।

রাজায় আঘাত্যা হুঝি হ্‌ই গুয়োচেল্যালৈ রাজকন্যার মেলা গরি দিল। বাগি ছ'জন বীরলৈ মন্ত্রী, উজীর-নাজীরর ঝি-লৈ মেলা গরি দিলাক। ইন্দি গুয়োচেল্যার নিজ ঘরত তা ছ'ভেইয়্যে তারে তে পিঝুমো-পিঝুমি গরাগরি গরতে গরতে মারামারি গরি মরি গেলাক। খবর শুনিনেই গুয়োচেল্যা বীরে তা মা'রে আনিলগৈ! নুয়োরেজ্যত মোক আ মা'রে নিনেয় সুঘে-শান্দিয়ে দিন গঙাদে গঙাদে যে দিন্যা তা মা মরি গেলে, সেদিন্যা তে তা মা'রে কাষ্ঠ-কর্ম গরি তা নিজর মোক্যরে পিধিত বুগি আগাঝর মোক্যা উড়ি গেলগৈ। বুড়োবুড়িয়ে কহ্‌ন—তারা এঝসং আগাঝত একজন শুক্যা অন্যজন শুঘুনি নাঙৈ বাজি আঘন তারা সান্যা গরি। এই দ্বিবা তারা বঝরে একক্ষেপ মিলন হ্‌ন। যে অক্তৎ তারা মিলন হ্‌ন সে অক্তৎ পিত্থিমীত নুয়ো একজন বীরর জনম হ্‌য়। আহ্‌ দেবাকালা লক্ষেন দেবাবুঅ যক্কে ঝিমিলেয়, আঝলে ভিলে সক্ষেন গুয়োচেল্যা বীরর কিরিচ্যান সদগত ঝিমিলেই উধেদে।

# বুচ্যা-বুড়ি আ এক্ক্য বাঘ

বুচ্যা-বুড়ি। বানা দ্বিজনর সংসার। নেইয়্যা নাদংসা সংসার। মাত্তর নাধা-নাদংসা ভিলি তারার কি কন'দিন গমেদালে খেবার ধারাচ ন-হ্‌য়? যেমেন—পিধ্যা, মারেই পিধ্যা, কোনভাত নানানথান। সিয়েনে বুচ্যা একদিন বুড়িরে ক'ল "ও-বুড়ি, ভালোক ভিলোন ধরি মর পিধ্যা খেবার অমগত্য মনে ক'র। তুই মরে পিধ্যা বানেই খাবানা একদিন। বুচ্যা কধান শুনিমত্তন বুড়ি সোজেই উধি ক'ল—ক'লেই হ্‌লনি? পিধ্যা চোল দুগিম ঢিঙি কুধু? পিধ্যাগুরি ঝারিম কুলো কুধু? পিধ্যাগুরি তেগিম চালোন কুধু? গাঝত্তুন হ্‌লা পয়্যে পারা পিধ্যা বানেচ ক'লে হ্‌লনি? পিধ্যা বানেম মুই কিঙিরি? বুড়চ্যা ক'ল-'মুই যুক্যল গরি দিম। তুই চিদ্যা ন-গরিচ।' বুড়ি জুয়োব ফিরেল—"বেক জায় যুক্যল হ্‌লে পিধ্যা ব্যনাদে আ কদক্ষণ। এনে ভালেকদিন ধরি মরঅ পিধ্যা খেবার ভারি ধারাচ হ্‌ইয়্যে।"

বুড়ির কধানি শুনিমত্তন বুচ্যা থনং থনং গরি তাগল খুরোল হাধত নিনেয় গেলগৈ ঝাড়মোক্যা। তে ঝাড়ত যেই গাচ কাবি আনি পাদিলগি ঢিঙি, বাশ কাবি আনি বানেলগি কুলো আ চালোন। পিধ্যা সিজেবাত্যেই আনিলগৈ দারবুঅ। সেবেদেন বুচ্যা-বুড়ি দ্বিজনে বাড়া বানি, ঢোল দুগি বানেলাক পিধ্যা গুড়ি। সিয়েনিরে পানি ছিদি-দি দলা দলা গরি মলিলাক। এন সময় বুড়ি কয়দে— "বুচ্যা পিধ্যা হ্‌ঘা গরিবার পাদা নেয়দে দেই। কি লই পিধ্যা হ্‌ঘা গরিবঙ? যা-যা, কদক্কানি পেত্যা পাদা কাবি আনদৈ।" বুচ্যা আ কি গরিব', থনং থনং গরি তাগল এক্কান হাধত নিনেয় গেল পেত্যাবন মোক্যা।

পেত্যাবনত পেরাবামত বাঘ থান। বুচ্যা যেই পেত্যাবনত থুচ্‌ থুচ্‌ পাদা কাবা আরম্ভ গরিল সেবেদেন 'আঘুম্‌' গরি এক্ক্য বাঘ একফালে বুচ্যা মুজুঙে থিয়েলগি। বাঘ্যা বুচ্যারে ক'ল—"এই বুচ্যা, ম পেত্যাপাদানি তুই কিত্যেই কাবরলি?" বুচ্যা ডরে কাঙুরো বোদি হ্‌াতজুড় গরি গিরগিচ্যা গলায় ক'ল—"মামু মাপ গরিচ, পিধ্যা বানেবাত্যেই কদক্কানি পেত্যাপাদা লাগেত্তে।" বুচ্যা কধান শুনিনেই বাঘ্যা ভেঘৎ গরি হ্‌াঝি উদিল। তে উচ্যয় সোত্‌পোত্যা হ্‌ইনেই ক'ল—"ও, পিধ্যা বানেবাত্যেই সালেন? সিয়ান দঅ ভারিডোল কধা। নেযা-নেযা যেদক্কানি পারচ কাবি নেযা। মাত্তর মরে কয়েক্ক্য পিধ্যা খাবেই পেবে।" বাঘ্যা কধানি শুনিনেই বুচ্যা মনত সাহস পেল। তে বাঘ্যারে উদিচ্য গরি ক'ল—"সিয়ান

দঅ কুঅ ন-পড়িব। হামাক্কায় পিধ্যা খেই পেবে। মাত্তর, মামু শুনিচ, যক্কেন দেহ্‌বে ম ঘরমোক্যাত্তুন কালা ধুমো উদিব—কয়েক্ক্য ফুং-ফুং বাশ ফুদনি শব্দ হ্‌ব, সেক্কেন তে যেবেদে। সে আক্কে গেলে পিধ্যা খেই ন-পেবে। যেচ্‌ মাত্তর অক্তমুজিম, ভুল ন- গরিচ।" বুচ্যা একবুগি পেত্যা পাদা কাবি আনিল।

একবুগি পেত্যাপাদালৈ বুচ্যা ঝাড়ত্তুন ফিরি এলেগৈ বুচ্যা বুড়ি দ্বিজনে পিধ্যাহঘা বানেনেই পোগোনত পিধ্যাগুন সিজ্যা ধরিলাক। কড়াকড়ি সময় ধরি পিধ্যাগুন সিজিলে বুড়ি ক'ল "বুচ্যা এক্ক্য পিধ্যা চাগি চাহ্‌ঙ হ্‌অ?" বুড়ি এক্ক্য পিধ্যা চাগি চেহ্‌ল। মাত্তর ক'ল— নুন্‌ঝ্যে-নে আনুনি খবর নপেলুংগে দেই। বুড়চ্যা সেবেদেন বুড়ীরে কল—"এবারত সালেন মুই চাগি চাহ্‌ঙ।" তে এক্ক্য পিধ্যা চাগি চেহ্‌ল। তেঅ ক'ল নুন্‌ঝ্য নে আনুনি কিচ্ছুদেই মেহ্‌ত ন-পেলুং গে।" তে একখেপ তে একখেপ্ চাগি চাহ্‌দে চাহ্‌দে কক্কে পিধাগুন ফুরেই গেলাক তারা মেহ্‌ত নপেলাক। আবাদা গরি বুড়চ্যা কল— "আহ্ বাঘক্যারে পিধা থৈ দিবং কুত্তুন!" তারা দ্ব্যজন আহ্‌মক হ্‌লাক। সেবেদেন বুচ্যা ক'ল—"এ বারত সালেন কি গরা যায়?" বুড়ি কল'—"এক্কান বুদ্ধি আঘে।" বুচ্যা বুড়ি দ্বিজনে তেম্মাঙ গরি পেত্যা পাধাত হ্‌াঘিনেই পিধ্যা ধোক্যান গরি মজাবানি থৈ দিলাক। দ্বি-জনে ত্বরা তাঙারি উদোনত ফেজা কুড়েই দিলাক আগুন। সে সমারে আগুনত গুজেই দিলাক কয়েক্ক্য জেদা বাশ। আ লগৎ-তগৎ ডাঙর এক্ক্য লুদুঙত দ্বি-জনে সোমেই রলাক।

ফেজানিত আগুন বাহ্‌ঝিনেই কালা ধুমো উধো ধরিল। আ ইন্দি ফুদি উদিলাক ফুং ফুং কয়েক্ক্য কাজা বাশ। বাঘ্যা দুরত্তুন কালা ধুমো উদেত্তে দেঘিল আ কয়েক্ক্য বাশ ফুদনি শব্দ শুনিল। তে ভাবলি—এবারত অক্ত হ্‌ইয়্যে। ইক্কিনে বুচ্যা ঘর মোক্যা যাঁ যায়।

লিয়ং লিয়ং গরি বাঘ্যা বুচ্যা ঘরর উদোনত লুঙিলগি। তে উদোনত্তুন বুচ্যারে র-সারি ডাগিল। বুচ্যা-বুড়ির কন' সাড়া শব্দ নেই। তে নিরাল সাঙু বেই ঘরত উদিলগৈ। উদি মত্তন সাঙু দুয়োরত দেহ্‌লগৈ এক্ক্য পিধ্যা। পিধ্যা বুঅ পেই বাঘ্যা ভারি উচ্য হ্‌ল। মাত্তর পিধ্যাবুঅ খুলি চায়দে একমজা ঘু।

সে জেরে বাঘ্যা ঘর' ভিদিরে সোমেলগৈ। ভিদিরে যেই পেলগৈ আরক্ক্য পিধ্যা। সিবা উচ্য পুচ্যয় খুলি চেহ্‌ল। খুলিনেই চায়দে সিবাঅ একমজা ঘু। সে জেরে এক্ক্যর জেরে এক্ক্য পিধ্যঅ তে পেলগৈ। মাত্তর চায়দে বেক্কুনত আঘেদে বানা ঘু। বাঘ্যাত্তুন অমগত্য রাগ উদিল। রাগে তে গুজুরতে গুজুরতে ঘরানত রিণি চায়দে এক্ক্য বিরাট লুদুঙ। বাঘ্যা ভাবিল, বুচ্যা-বুড়িরে মুজুঙে ন-পেলুঙ যকক্কে এ লুদুঙ্য নিযেম্‌বে? তে লুদুঙ্য দাদিয়ানত কামেরেনেই সিবা বুগিলল, লুদুঙ্য ভিদিরে বুচ্যাবুড়ি ডরে গিরগিরাদন। বাঘ্যা মাত্তর কিচ্ছু খবর ন-পায়।

লুদুঙ্যা ভিদিরে গরি যাদে যাদে কুদ্দুরত যেই বুড়ি বুচ্যারে চুবে চুবে কয়দে—"ও বুচ্যা ম-ত্তুন দেই পাদা এযেত্তে। কি গরিম পারাপাচ?" বুচ্যা কয়দে—'তর এক্কান হ্ইয়্যেদে আয়। কন' রগম থাক। বাঘ্যা খবর পেবদে।" বুড়ি ক'ল "কিঙিরি থেদুঙ? অমগত্য পাদা এযেত্তে। পিধ্যা খেইনেই পেট সুম যেইয়্যেদে।" বুচ্যা কয়দে—"কন' রগম থোরি থাক। বাঘ্যা শুনিলে এব্বেরে বাপর দিন্যা পরানানি যেবদে।" বুড়ি ভেঘেদেই উদি ক'ল—"ও বুচ্যা, থোরি থেই ন-পারঙত্তে। মুই পাদি পেম্বে পেম।" বুচ্যা ক'ল—"থোরি ন-পারিলে চুবে চুবে পাত। বাঘ্যা ন-শুনে পারা।" বুচ্যার কথা মুজিম বুড়ি চুবে চুবে পাদিবার চেহ্ল। মাত্তর পুঁ-উ-ৎ গত্তে গত্তে আবাদা গরি ডাঙর আবাজ হ্ল। বুড়ির পাত শুনিনেই আবাদা গরি বাঘ্যা ডোরেই উদিল। কন' কথা নেই, তে পরাণ যোক থোক গরি দিল দুমুড়। তে হ্াধত্তুন লুধুঙ্যা ঈরিদি কক্কে ধাভা দিল দিঝ্যা ন-পেল। বাঘ্যা হ্াধত্তুন লুধুঙ্যা ছুদি যেই সিবা গেল গোচ্যেই য়্যেদোন্যাদি। জেরেদি এক্ক্য গাঝ' শিঙোরিত সিবা বাজি রল'গৈ। বুচ্যা বুড়ি লুদুঙ্যাত্তুন নিঘিলিনেই আমন ঘর মোক্যা ফিরি গেলাক্লৈ। আর বাঘ্যা পাদর শব্দর ডরে আর কনদিন বুচ্যা বুড়ির ঘরমোক্যা ফিরি ন - গেল।

# পেচ্যার বুদ্ধি

এক্ক্য ছরমা শুগোর। তার এক্ক্য গরি ছঅ। একদিন তা চিগোন ছঅ-বুঅ নিনেয় ঝারত বেড়াদে বেড়াদে আবাদা গরি এক্ক্য মরা বাঘ দেহ্‌ল-গৈ। বাঘক্য মরিনেই চোন্দুল গরি পড়ি আঘে। মাত্তর তা কুরে আঘে তা ছঅ-বুঅ। তে গায় গায় খারা খর। এত্তুক দূরত্তুন ছরমা শুগোরবুঅ ভালক্ষণ সঙ একরিনি গরি মরা বাঘক্য আহ্ তা ছঅ- বুঅরে রিনি চেহ্‌ই র'ল। বাঘ' ছঅ-বুঅ দেহ্‌ইনেই শুগোরীর ভারি চিৎপুড়ি উদিল। তে মেয়্যা গরি বাঘ' ছঅ-বুঅ তা সমারে আনিল।

মা-মরা বাঘ' ছঅ-বুঅরে তে নিজর বুঘর দুধ দিনেয় তা ছঅ-বুঅ সমারে পুঝিল। বাঘ' ছঅ-বুঅ আহ্ শুগোর ছঅ-বুঅ এক সমারে ডাঙর-দীঘোল হ্‌লাক। চিগোনত্তুন ধরি তারা এক সমারে খারা খৈ খৈ ডাঙর দীঘোল হ্‌ইয়ন কিনেয় তারা এত্তুগ' ফেলাফেল্যা নহ্‌ন। তারা এক সমারে থান—এক সমারে চড়ন—এক সমারে খেবার তোগেই তোগেই খান।

ইন্দি শুগোরী বয়জ বাড়িনেই লোঙ্গুর বুড়ো হল। তে আর চড়ি ভড়ি নপারে। একসময় তে থাককে থাককে মরি গেল। শুগোরী মরিনেই বাঘ্‌ক্যা আহ্ কেন্যা তা দ্বিবা ছঅ ভারি গরি কানিলাক—ধুন্ধুক খেলাক।

দিন গোঙেই যাদে যাদে বাঘক্যা আহ্ শুগোচ্যা তারা দ্বিভেইয়্যেন আর' বেচ সদর হ্‌লাক। হে্‌মান হ্‌লেঅ, মা-জুদো হ্‌লেঅ তারার সদর ভেইত্তুন বেচ। একলগে ঘুম যান, একলগে চড়ন, কনক্কান খেবার পেলে ভাগজুক গরি খান। গভীন কোচ-পাপি আহ্ মেয়্যাদয়্যার মধ্যেদি দিনুন তারার ডোলেই গোঙেই যাদন।

মাত্তর এই সুঘর দিনত একদিন হ্‌ল কী—সেদিন্যা গদাদিন্য ভঙিনেইঅ তারা কন' খেবার ন পেলাক। তারা হ্‌রান হ্‌ইনেই পেট লেহ্‌লেচ্যা গরি তারা থান্‌দে জাগানত ফিরি এলাক। তারা পেটপড়া খেইখেই উবোচ-কাবাচ বেলেত্যা ঘুমত পড়িলাক্কি। ঘুমত পড়ি মত্তন শুগোচ্যা ঘুম গেল। ইন্দি বাঘ্‌ক্যার পেট-পড়ায় ঘুম ক'ধে ন-এযে। তে এগোর-উগোর গরি চাত্তেই চাত্তেই র'ল। ইঙিরি থাক্‌কে থাক্‌কে বাঘ্‌ক্যার শুগোচ্যার উলুহুলুন' মোক্যা চোখ গেল। তে চাহ্‌য় দে—শুগোচ্যার উলুহুলুন ভারি পক্কামক্কা—তেল গলং গলং। তার শুগোচ্যারে খেবার লুভ হল। মাত্তর এই ভাবনার সমারে সমারে তার মনত উদিল শুগোরীর কধা। তে নিজর বুঘর দুধ খাবেই খাবেই তারে পালেইয়্যে। এচ্যা তে মরি যেইয়্যে ভিলি সিয়েনি বেক পুহরি ফেলেই তা ছঅ-বুঅরে মুই খেই দিম নি? পিত্থিমীত ধর্মাধর্ম এক্কান

আঘে। অন্য জনে শুনিলেঅ বা কী কহ্বাক। বন্নাম গরিবাক।

এবাবত্যা নানান কধা ভাবদে ভাবদে বাঘ্ক্যা রেত্য ঘুম যেই নপারিল। জেরেদি বাঘ্ক্যা মনে মনে বুদ্ধি গরিল শুগোচ্যারে খেলেঅ এক্কান বুদ্ধি গরি খা পড়িব। তে ঠিক গরিল—বেন্যা পোত্যা উদিনেই শুগোচ্যারে এক্কান স্ববনর কধা কবঅ। অর্থাৎ তে তারে কবঅদে স্ববনে স্ববনে গোজেনত্তুন হুগুম পেইয়্যে সিয়েনে শুগোচ্যারে তে খেই পেবই পেব। ইন্দি শুগোচ্যা পেট লেহ্লেচ্যা হ্লেঅ গদা রেত্য উভুং-পুং ঘুম গেল।

বেন্যা পোত্যা বাঘ্ক্যা আহ্ শুগোচ্যা দ্ব্যজনে ঘুমত্তুন উদিলাক। বাঘ্ক্যা গদা রেত্য ঘুম ন-যানায় তা চোক্কুন রাঙা হ্ইয়ন আহ্ ফুল্যা ফুল্যা হ্ইয়ন। শুগোচ্যা বাঘ্ক্যার চোক্কুন দেহ্ইনেয় কহ্ল—"ভেইয়্যা, আহ্ তঅ চোক্কুন কিয়া রাঙা আহ্ ফুল্যা ফুল্যা হ্ইয়ন?" বাঘ্ক্যা বুদ্ধি জোরেই কহ্ল—" রেদো সন্তাগত এক্কান আঘাত্যা অভন্দ স্ববন দেহ্নেই গদা রেত্য ঘুম ন্হয়। মনদ্দুঘে রেত্য পড়ি বানা কান্যংগে।" শুগোচ্যা কহ্ল—"কেধোক্যা স্ববন? আহ্ সিয়ানদৈ কানিলে কিত্যেই?" বাঘ্ক্যা ক্হং ন-ক্হং গরি জেরেদি কহ্ল—"ন-কোহ্চ ভেইয়্যা ভারি অভন্দ স্ববন। কহ্লেঅ শরম নবহ্লেঅ মরণ। স্ববনে স্ববনে গোজেনর হুগুম পেইয়ংগে মুই ভিলে তরে ধরি খেদুং। সিয়ান কিঙিরি হ্য়? মাত্তর গোজেনর হুগুম সিয়ানঅ অলেঘন গরিবার নয়। মুই ভারি আঘাত্যা বিপদর্ত পোচ্যং। সিয়েনে রেত্য পড়ি কান্যংগে। চোক্কুনঅ রাঙা হইয়ন আহ্ ফুলো ফুলো হ্ইয়ন।" বাঘ্ক্যার কধানি শুনিনেই শুগোচ্যা উগুরি উদিল। তে বাঘ্ক্যারে ডোরেই ডোরেই কহ্ল—"স্ববনে স্ববনে দেঘে ভিলি পাখমেঅ সিয়ান গরা পড়ির এমেন কধা আঘেনি? সে বাদে আমি জাত জুদো হ্লেঅ এগই মা'র দুধ খেই ডাঙর হ্ইয়েই। এক্কান কধা আঘে জন্মত্তুন ধর্ম বেচ। তুই মুই বলাবল্যা আমি দ্বিভেই। এক ভেইয়ে অন্য ভেইয়্যেরে ধরিনেই খেবঅ এমেন কধা দঅ কনদিন শুনো ন-যায়। তুই তর স্ববন কধানি পুহ্রি ফেলাগে।" বাঘ্ক্যা কয়দে—" মঅ মনেঅ দঅ নকয়। মাত্তর গোজেনঅ হুগুম। সিয়ান দঅ পালা পড়িব।" শুগোচ্যা আঘাত্যা গরি ডোরেই তে এত্তুগ থধভ' হ্ইজেরেদি বুদ্ধি এক্কান জোরেনেই কহ্ল—"মরে তুই খেবে দঅ খেবে। মাত্তর সে আক্কে তিন স্বাক্ষীর মতামত আমি শুনিবং। সিত্তুন যনি একজনেঅ কহ্নদে হয় স্ববন' কদায় তুই খেই নপারিবে সালেন তুই মরে খেই নপারিবে।" বাঘ্ক্যা মনে মনে ভাবিল—"মঅ ডরে কন্না আর উগুদো কধা কহ্ব। তে শুগোচ্যা কধায় রাজী হ্ল।

সেবেদেন তারা দ্বিজনে স্বাক্ষী তগা ধরিলাক। ভঙদে ভঙদে তারা পেলাক্যই এক্য শিঙাল হ্রিং। হ্রিঙ্য বাঘ্ক্যারে দেহ্নেই 'অঙ্ অঙ্' গরি চিল্যাং তিক্ তিক্ ধাভা দ্যা ধরিল। শুগোচ্যা আহ্ বাঘ্ক্যা দ্ব্যজনে কিজাক কিজাক হরিঙ্যরে ডাগা ধরিলাক। "ও-হ্রিং ভেইয়্যা-ও-হরিং ভেইয়্যা, তুই ধাভা নদিচ্ তরে কিচ্ছু গরতং নয়। বানা তত্তুন এক্কান কধা

পুঝ্যর গরিবংগে। তুই ধেই নযেচ।” ধাভা যাদে যাদে হ্‌রিঙ্য থামিল। তে কহ্‌ল–“কী কধা পুঝ্যর গরতা চঅ দূরত্তুন কঅ।” সেবেদেন বাঘ্‌ক্যা দূরত্তুন তা স্ববনর কধানি হ্‌রিঙ্যরে কোই শুনেল। শুনিনেই হ্‌রিঙ্য ভাবি চেহ্‌ল—ইক্ষিনে বাঘ্‌ক্যার পক্ষে নকহ্‌লে বাঘ্‌ক্যা তারে কেনা গরি থেব। সিয়েনে তে কহ্‌ল—“স্ববনঅ কধা নাহান্দার গরিবার নয়। সিত্তুনঅ গোজেনর হুগুম।”

হ্‌রিঙ্যর কধা শুনিনেই শুগোচ্যা আহ্‌মক হ্‌ল। তে মনে মনে ভাবিল—বাঘ্‌ক্যার ডরে হ্‌রিঙ্য আঝল কধা নকয়। ইন্দি বাঘ্‌ক্যা দঅ হুঝিয়ে নাজুক-কাজুক। তে শুগোচ্যার কিত্যা রিনি চেহ্‌ই কহ্‌ল—“চাহ্‌দেই মুই আগেদি তরে নকঙ, স্ববনর কধা ফেলা যেবার নয়। যিয়ান স্ববনে দেঘে সিয়ান পালন গরা পড়িবই পড়িব।” শুগোচ্যা রঅ গির্‌গিচ্যা গরি কহ্‌ল—“বানা এক স্বাক্ষীর কধালৈ দঅ নয়। আর’ দ্বি-সাক্ষীয়ে কী কহ্‌ন দেঘা যোক্‌না!” বাঘ্‌ক্যা বাহ্‌ড়গচ্যা গরি কহ্‌ল—“আহ্‌ কী কহ্‌বাক? তারাঅ হরিঙ্যসান এগই কধা কহ্‌বাক আয়।”

সে জেরে তারা আর’ স্বাক্ষী তগা ধরিলাক। ভঙদে ভঙদে তারা লাগত পেলাক্কে এক্যা শিয়ালরে। তারা শিয়াল্যারে ডাগিনেই কহ্‌লাক—“ও-শিয়াল্যা! কধানি এত্তুক শুনদেই।” শুনিনেই শিয়াল্যা কানউভো গরি থিয়েল। বাঘ্‌ক্যা তারে তার স্ববনর কধানি শুনেল। আহ্‌ পুঝ্যর গরিল—“এই হ্‌ভালত তুই কহ্‌ দেই চাঙ—মুই শুগোচ্যারে খেই পারং নে নপারঙ?” বেক শুনিনেই শিয়াল্যা বাঘ্‌ক্যার ফন্দিয়ান বুঝি পারিল। তে মনে মনে ভাবিল—শুগোচ্যার পক্ষে কহ্‌লে বাঘ্‌ক্যা মরে কেনা গরি থেব। আহ্‌ বাঘ্‌ক্যার পক্ষে কহ্‌লে শুগোচ্যার হাড়-করা, ফেদেরা এত্তুক-আত্তুক ভাগ পেইঅ পারং। সিয়েনে তে মুরুব্বী সান গম্ভীর গলায় কহ্‌ল—“স্ববনর কধা হে্‌লাফেলা গরা ন-যায়। সিয়ান হামাক্কায় থায়থিক মানা পড়িব।” শিয়াল্যার কধা শুনিমত্তন বাঘ্‌ক্যা হুঝিয়ে ফাল্যেই উদিল। আহ্‌ শুগোচ্যা হ্‌ল নক্কুনি সঙ কালা। বাঘ্‌ক্যা হ্‌ঝং হ্‌ঝং মুহ্‌ গরি শুগোচ্যার কিত্যা রিনি চেহ্‌ই কহ্‌ল—“শুনিলে দঅ শিয়াল্যা কি কহ্‌ল?” শুগোচ্যা কনমত্যা নিজরে সামেলেইনি কহ্‌ল—“আর দঅ এক স্বাক্ষী বাগী আগে। তে কী কয় দেঘা যোক্‌ না।” তরা-তাঙরি বাঘ্‌ক্যা কহ্‌ল—“কন” স্বাক্ষীয়ে ত পক্ষে কহ্‌দাক নয়। যিয়ান নয় সিয়ান কিঙিরি কহ্‌বাক! তুই বিনামা স্বাক্ষী স্বাক্ষী গরি ভঙত্তে।” শুগোচ্যা জুয়োব ফিরেল। তে কহ্‌ল—“ দেঘা যোক্‌না, শেষ স্বাক্ষীবে কী কয়।” তা জাগানত তে লুজুরুক গরি বুক গরিলগি।

ঘুমত পড়ি মত্তন বাঘক্যা উবুং-পুং ঘুম যা ধরিল। ইন্দি শুগোচ্যার এই হ্‌ভাল ভালক্ষণ ধরি রিনি চেহ্‌ই আঘে এক্যা পেজায়। তে এক্যা ঘুট্যা মাধাত্তুন শুগোচ্যারে ডাগি কহ্‌ল—“ও - শুগোচ্যা ভেই, তরে ভারি মু-কালা দেঘঙর, কি হ্‌ইয়্যে নেনা? না-কি কেয়্যা গাগলি-গম নয়?” শুগোজ্যা পেচ্যার কধানি শুনিনেই রঅ বেরা বেরা গরি তার দুঘ’ হভালঅ কধা

বেক কই শুনেলে। বেক কধা কই ফুরেই তে দীঘোল এক বনিজেচ ছাড়ি কহ্‌ল—"বাজিবার দঅ আর আঝা নেই। বাঘ্‌ক্যার ডরে কিওজনে ম-পক্ষে স্বাক্ষী দিদাক নয়, সিয়ান মুই ভেদ পেইয়ঙ। ইক্কিনে বানা মরিবার অক্ত বারচেই থানা!" শুগোচ্যার কধানি শুনিনেই পেচ্যার শুগোচ্যারে চিৎপুড়ি উদিল। তে মনে মনে ভারিল—বাঘ্‌ক্যার কুবুদ্ধিত্তুন শুগোচ্যারে বাজানা দরকার। বান্দোই চিৎ-পুড়ে পারা! তে সেবেদন কহ্‌ল—"শুগোচ্যা ভেইয়্যা, তুই সালেন এত্তুক ইন্দি আয়। মুই তরে কয়েক্কান কধা কঙ।" শুগোচ্যা ত্বরা-তাঙারি উদিনেই পেচ্যার কুরে ঘুট্যাবোর গড়াৎ গেল। পেচ্যা শুগোচ্যারে কহ্‌ল—"তুই চিদ্যা ন-গরিচ, ত-পক্ষে মুই স্বাক্ষী দিম। মাত্তর বাঘ্‌ক্যারে বিশ্বাচ নেই। হ্‌লেভ' তে তার আগর জবান উল্লেই পারে। অর্থাৎ মুই ত-পক্ষে স্বাক্ষী দিলেঅ তে উগুধো তুলি পারে। সিয়েনে তুই কবে তিন লম্বর স্বাক্ষীর জবানবন্দী হ্‌ব রাজঘরত। রাজঘরত স্বাক্ষীদেনা হ্‌লে বাঘ্‌ক্যা উগুধো তুলি ন-পারিব। কধা মুজিক কেল্যা বেন্যা পোত্যা মুই তমা মুজুঙে লুঙিম্‌বি। সেক্কেনে মরে দেঘেইদি তুই স্বাক্ষী দেনার কধা কহ্‌বে।

পেচ্যর কধায় এক্কেনা চিৎ-জুড়েলেঅ শুগোচ্যার পরানে বুক ন-বানে। কি হ্‌ব্ নি-কিহ্‌ব ভাবদে ভাবদে গদা রেত্য তার থাধারত পহ্‌র হ্‌ল।

বেন্যা পহ্‌র হ্‌লেগি বাঘ্‌ক্যা আহ্ শুগোচ্যা ঘুমত্তুন উদিলাক। ঘুমত্তুন উদিমত্তন বাঘক্যা শুগোচ্যারে কহ্‌ল—"ইক্কিনে স্বাক্ষী তগা যেবংগে। আর' বানা এক স্বাক্ষী পেলে হ্‌য়। বিয়ান দিবোরত তিনস্বাক্ষী পুরেদং মাহ্‌লে।" শুগোচ্যা রিনি চায়দে পেচ্যা তা জাগানত নেই। এঝ আধার তগাত্তুন ন ফিরে। তে পেচ্যারে বারচায় পারা কহ্‌ল—"হানক্ষণ বারচেই খাক। মাদিত ম-দাত্তুন এত্তুক ধারেই লং।" বাঘক্যা কহ্‌ল—"হয়দঅ ম-নক্কুনঅ এত্তুক ধারেই পেইম!" শুগোচ্যার দেঘাদেঘি বাঘ্‌ক্যাঅ তা নক্কুন এক্য ঘুট্যাৎ ধারা ধরিল।

শুগোচ্যা দাত ধারাদে ধারাদে তাগৎ তাগৎ ঝুবুর গাছ্য কিত্যা রিনি রিনি চাহ্‌য় কন' পেচ্যা ফিরি এল'নি। এত্তুক জেরে চাহ্‌য়দ্যে পেচ্যা ফিরি এচ্যেগৈ। পেচ্যারে দেহ্‌ই শুগোচ্যা মনে মনে অমগত্য হুঝি হ্‌ল। মাত্তর পেচ্যারে তে ন-মাদেল। পেচ্যা বাঘ্‌ক্যা আহ্ শুগোচ্যারে রিনি চেহ্‌ই কহ্‌ল—"কী ভেইলক, এধক বেন্যা পোত্যা কুধু যেবাত্যেই দাত আহ্ নক ধারর?" বাঘ্‌ক্যা উত্তর দিল—"ভেইয়্যা, সাক্ষী তগা যেবংগে।" পেচ্যা কহ্‌ল—"আঃ কিত্যেই স্বাক্ষী তগাতগি? কন' ঘদনা হ্‌ইয়্যে নে-না?" পেচ্যার কধা শুনি বাঘ্‌ক্যা তার স্ববন দেঘানা আহ্ তিন স্বাক্ষীর কধা ভাঙি কহ্‌ল। বাঘক্যার কধানি ফুরং-ন-ফুরং শুগোচ্যা মাদি উদিল। তে পেচ্যারে উদিচ্য গরি কহ্‌ল—"স্বাক্ষী তগানিত্যেই বংপাধারে কুধু আহ্ ভঙিদংগৈ। বেক দঅ তুই শুনিলে, সালেন তিন লম্বর স্বাক্ষীবো তুই হ্‌না পেচ্যা ভেইয়্যা!" সমারে সমারে বাঘক্যাঅ কই উদিল—"আঃ হ্‌য়দেস্যা, তুই হ্‌না আমার তিন লম্বর স্বাক্ষী।

আমি বেন্যা মায় কুধু আর ভঙিদংগৈ।” পেচ্যা কহ্‌ল—“তুমি দ্ব্যজনে সঙগরি ধারাচ গরর যক্কেন সালেন মুই স্বাক্ষী হ্‌ই পারং। মাত্তর মর এক্কান কধা আঘে। মুই রাজঘরত যেই স্বাক্ষী দিম্বোই—ইধু দিদুং নয়।” বাঘক্যা আহ্‌মক হ্‌ই পুঝ্যর গরিল—“আঃ রাজঘরত কিত্যেই?” পেচ্যা জুয়োব দিল—“রাজঘরত রাজা বাদেঅ জ্ঞানীগুণী রাজপণ্ডিত আহ্‌ সভাসদ আঘন। ম কধানি জেচ্যেৎ না মিঝা সিয়ান তারা তোলেই পারিবাক সেত্যেই কঙত্তে।” বাঘক্যা হানক্ষণ ভাবিনেই জেরেদি রাজি হ্‌ল।

রাজঘরত যেই স্বাক্ষী দিবার কধান দায় মারামারি হ্‌লে পেচ্যা কহ্‌ল—“ভেইলক, তুমি রাজঘরর মোক্যা হা্‌ধঅ। তুমি আগে আগে যেই রাজারে বেক কধানি ভাঙি কহ্‌গৈ। রাজসভা বজিলে ঠিক অক্তমাক্যা মুই সিধু লুঙিম্‌বি।” কধামুজিম বাঘক্যা আহ্‌ শুগোচ্যা পুনোপুন্যা গরি রাজঘরর উদিচ্যে লর দিলাক।

বাঘ্‌ক্যা আহ্‌ শুগোচ্যা রাজঘরত লুঙিনেই রাজালৈ দেঘা গরি তারা কধানি ভাঙি কহ্‌লাক্কৈ। রাজায় বেক শুনি কহ্‌ল—“ঠিক আগে রাজসভাত তমা বিচারান আগে উদিব। মাত্তর তমার তিন লম্বরর স্বাক্ষীবো কৈ?” বাঘক্যা আহ্‌ শুগোচ্যা উত্তর দিলাক—“তে কইয়্যে রাজসভা আরম্ভ হ্‌লে তে অক্তমাক্যা লুঙিবগি।”

অক্তমুজিম রাজার রাজসভাত সভাসদ বেগে থুভো হ্‌লাক্কি। রাজায়অ তা কাদিরাত বাজিলগি। রাজা পথমে “বাঘ্‌ক্যা আহ্‌ শুগোচ্যার কিত্যা রিনি চেহ্‌ই কহ্‌ল—তমার কী ঘদনা এই রাজসভাত পরাক পরাক গরি ভাঙি কঅ।” রাজার হুগুম মুজিম পয়লা বাঘক্যা তার স্ববনান আহ্‌ তিন লম্বর স্বাক্ষী পেচ্যা রাজসভাত দিবগি ভিলি জানেল। বেক শুনিনেই রাজায় কহ্‌ল—“দ্বি-স্বাক্ষী দঅ হ্‌ই যেইয়্যে, তিন লম্বর স্বাক্ষী কুধু? তারে রাজসভাত ডাগঅ।” ইন্দি এঝসঙ পেচ্যার দেঘা নেই। শুগোচ্যার পরানত পানি নেই! রাজার হুগুমে রাজ-পল্লানে এক-দুই খেপ ডাগনি দিয়্যে। ঠিক তিন খেবর ডাগনিত পেচ্যা রাজসভাত উগুরর তেগেনত্তুন ফুঙ্‌ গরি ঝরি পড়িলগি। পড়ি মত্তন তে তিলাং-তিক-তিক নাজা ধরিল। রাজসভার বেগে আহ্‌মক। রাজাত্তুন আঘাত্যা রাগ উদি বৈধ্যাত্তুন ভুঝুৎ গরি উদিল কিরিচ ধরি। তে রাগে-টাগে কই উদিল—“রাজসভা মায় ইয়ান কি বেয়াদবী! ধরঅ—পেচ্যারে ধরঅ। তার আঘাত্যা সাজা হ্‌ব।” রাজার হুগুম মুজিম একজন সিবেই ধাভা এই পেচ্যারে ধরিলগি। প্যেচ্যা লগৎ-তগৎ রাজারে সালাম গরিনেই কহ্‌ল—“মহারাজ অজান্দাৎ যনি মর কনঅ বেয়াদবী হ্‌য় মরে হেমা গরিচ। তর সিবেইয়ে মরে কিত্যেই ধরিলাক মুই কিচ্ছু খবর ন-পাঙ।” রাজায় চোক জ্বোলেই কহ্‌ল—“কি তুই কিচ্ছু খবর নপাচ্‌? রাজসভা মায় তিলাং-তিক্‌-তিক্‌ নাজত্তে সিয়ানঅ খবর নপাচ্‌? তুই কি কাররে চোঘেদি নদেঘচ?” পেচ্যা আহ্‌মক হ্‌নার ভাবগরি কহল—“মহারাজ, মুই জেচ্যেৎ গরি রাজসভাত নাচ্যংগে সাহ্‌লে?

মুই দঅ স্ববনে স্ববনে নাজঙত্তে সিয়ান মনত আঘেদে।" রাজায় কহ্‌ল—"কি, তুই স্ববনে স্ববনে নাজত্তে? কক্কে, কুধু কী স্ববনে দেহ্‌লে সিয়ান কহ্‌দে এক্কেনা শুনং?" পোচ্যা কোজলি গরি কহ্‌ল—"মুই ম স্ববনান ইক্কিনে কোই শুনেম মহারাজ! আগে ত-সিবেইবোরে কহ্‌ সালেন মরে ইড়ি দোক।"পেচ্যার কোজলিয়ে মহারাজে পেচ্যারে ইড়ি দিবার হুগুম দিল।

ছড়ান পেইনেই পেচ্যা রাজসভাত কক্কে, কুধু কী স্ববনে দেখ্যে সিয়ান কুঅ ধরিল। তে কহ্‌ল—"মহারাজ, এচ্যা বেন্যা যক্‌কে মরে বাঘ্‌ক্যা আহ্‌ শুগোচ্যা তারার স্বাক্ষী মানিলাক মুই তারারে কইয়ঙ মুই আমার ধার্মিক্য মহারাজার রাজসভাত তে স্বাক্ষী দিম্বোই দে। ম কধায় তারাঅ দ্বজনে রাজী হ্‌লাক। তে তেম্মাং মুজিম তারা হ্‌াধি হ্‌াধি রাজঘরর মোক্যা লর দিলক। তারার এত্তুক জেরে মুই লর দিলুং। মুই উজু গরি আগাজেদি উড়ি এযানায় হানক্ষণর মধ্যেই রাজঘরত লুঙ্যংগি। সেক্কেনে রাজঘরর মানুচ্যন বানা এগে এগে ঘুমত্তুন উত্তন্দে। মুই রাজঘরত এই রাজসভার তুলির তেগেন্যৎ পড়িলুংগি। মুই ভাবিলুং—রাজসভা আরম্ভ হ্‌দে বেগিদো দেরি আঘে। এ ভিদিরে এত্তুক ঘুম যেই লঙ। মহারাজ দঅ জ্ঞানী মানুচ! তুই বুঝিবে নেইয়্যা-নাদংসার কি দুখ। গদা রেত্য মর আধার তগাদে থাধারত পহ্‌র। সিয়েনে ঘুমে কেইয়্যান মারি এযানায় তেগেন্যৎ বোইধ্যা বাদে কক্কে ঘুম যেইয়ং মুই খবর ন-পাঙ। আর সেই ঘুমতই দেখ্যং মর সেই হুঝির স্ববনান।"

মহারাজে পেচ্যারে এক ঝাহ্‌জি মারি কহ্‌ল—"ঝাদিমাদি কঅ কী সেই তর সুঘর স্ববনান।"

পেচ্যা মহারাজরে আহ্‌ সভাসদ বেগরে সালাম জানেই তা স্ববনান কুঅ ধরিল। তে কহ্‌ল—"মহারাজ, ম স্ববনান হ্‌লদে ঃ স্ববনে স্ববনে রাজকুমোরীলৈ মর একদিন আবাদা গরি রাজার ফুল বাগনত দেঘা হ্‌ল। রাজকুমোরী মরে দেহ্‌ই হ্‌াঝি হ্‌াঝি তা কুরে ডাগিল। আহ্‌ তা সমারে মুই রাজঘরত গেলুং। রাজকুমোরী মরে তা সমারে নিণেয় মহারাজালৈ দেঘা গরি কহ্‌লগৈ— 'বাঃ-দো, মুই এই পেচ্যারে লোম। তারে ছাড়া মুই কাররে ন-লোম।' মহারাজে আঘাত্যা রাগ তুলি কহ্‌ল—'রাজকন্যা, তরে পাগলে পেইয়্যেনি? তুই এই পেচ্যারে কিঙিরি লবে? তুই হ্‌লদে মানেই—সিত্তুনঅ রাজকন্যা, তে হ্‌লদে এক্য পেজা। তুই তারে লবে কিঙিরি? ই য়ান সম্ভবর কধানি? রাজকন্যা কহ্‌ল, 'বাঃ-দো, তুই যিয়ান কধে সাৎ, মুই এই পেচ্যারে লোম্‌বে লোম। নহ্‌লে মুই নাৎদি মরিম।' শেষমেষ রাজকন্যার জীদে মহারাজে লঙিল। আর এক গম দিনত রাজকন্যালৈ মর মেলা হ্‌ল। রাজকন্যালৈ মর মেলা হ্‌নায় মুই নাজঙত্তে মন হুঝিয়ে। আহ্‌ ইন্দি রাজসভাত রাজপল্লানে ম নাঙ ধরি ডাগানায় আবাদা গরি উঘুরি উদি কক্কেনে তেগেন্যত্তুন ঝরি পচ্যংগি মুই খবর নপাঙ। তলে পড়িনেইঅ মর স্ববনর গঙ থুম নহয়। সিয়েনে মুই...।"

পেচ্যার কথানি পুরো গরি থুম নহ্দেই মহারাজে রাগে গির্গিরাদে গির্গিরাদে কাদিরাত্তুন ভুঝুৎ গরি উধি কিরিচ ধরি লামি এল তলে প্যেচার মুজুঙে। পেচ্যা পরান বাজে বাত্যেই ফুরুৎ গরি উড়ি যেই বজিলগৈ সেই তেগেন্যত। পেচ্যা সিত্তুন ডাগি কহ্ল—রহ্-রহ্ মহারাজ রহ্! তর ধর্মর দোয়েই! মরে তুই মাপ গর। মুই দঅ স্ববন' কথা কই শুনেয়্যংগে—ইয়ান জেচ্যেৎ গরি দঅ নয়। পেচ্যার লগে লগে রাজার বুড়ো মন্ত্রী, রাজপণ্ডিত দ্যজনে মাদি উদিলাক—"হয় দঅ মহারাজ, ইয়ান দঅ স্ববন' কথা। স্ববনে যিয়ান দেঘে পৎথমে সিয়ান হ্য় নি! মহারাজ পেচ্যার উগুরে রাগ ন-গরিচ।"

বেগর কথা শুনি মহারাজ এত্তুক ভাবিল। জেরেদি চুবেচাবে তা জাগাত তে ফিরি এল। হানক্ষণ অলর গরি থেই তে কহ্ল—"এবারৎ বাঘ্ক্যা আহ্ শুগোচ্যার সালিজী আরম্ভ হোক। কই, তমার স্বাক্ষী কুধু?" পেচ্যা তেগেন্যত্তুন কহ্ল—"মহারাজে অভয় দিলে সালেন মুই তলে লামিনেই স্বাক্ষী দ্যংগি মহারাজ?" মহারাজর কথায় পেচ্যা তলে লামি এই স্বাক্ষী দ্যা ধরিলগি। তে কহ্ল—"নিত্তাগে মর স্বাক্ষী দেনা দঅ হৈ্ যেইয়্যেগৈ। মুই এ পইদ্যানে যিয়ান কহ্বার এলুং, সিয়ান বুড়োমন্ত্রী আহ্ রাজপণ্ডিদে কইদ্যন এত্তুক আগে। অর্থাৎ স্ববনে স্ববনে যিয়ান দেঘে পৎথমে সিয়ান হ্বার নয়। মর ইনজেবে—স্ববনত গোজেনে শুগোচ্যারে খেবার কথা কহ্লেঅ পৎথমে বাঘ্ক্যা শুগোচ্যারে খেই ন পারিব। ইয়ামই মর কথা।" মহারাজ কহ্ল—"পেচ্যার কথাই ঠিক। স্ববনে দেঘ্যে ভিলি বাঘ্ক্যা শুগোচ্যারে খেই ন-পারিব। এচ্যার রাজসভাত ইয়ানই রায় হ্ল। ইক্কিনে বাঘ্ক্যা, শুগোচ্যা আহ্ পেচ্যা তুমি ঘরত ফিরি যেই পারগৈ।" মহারাজর কথান থুম হ্নার সমারে সমারে পেচ্যা হ্াত জুড় গরি মাদি উধিল। তে কহ্ল—"মহারাজ, এচ্যার রাজসভার রায়র ফলে ইক্কিণেই বাঘক্যা শুগোচ্যারে খেই নপারিব ঠিক, মাত্তর জেরেদি বাঘক্যা নানান ফন্দি তুলি শুগোচ্যারে মারিবার চেহ্ব। সিয়েনে রায় হোক মহারাজ, এচ্যাত্তুন ধরি তারা দ্বিজনে বেলক গরি থেবাক।" পেচ্যার কোজলিত মহারাজে বাঘ্ক্যা আহ্ শুগোচ্যারে এচ্যাত্তুন ধরি ফারক গরি থেবার হুগুম দিল। মহারাজর হুগুম মুজিম রাজঘরত্তুন নিঘিলি বাঘক্যা গেলগৈ দঘিনেদি, শুগোচ্যা গেলগৈ উত্তুরেদি আহ্ পেচ্যা গেলগৈ উড়িউড়ি পুগেদি। থুম।

# ডুলো কুমোরী

সাত ভেই আ একভোন। ভোন্য নঙান ডুলো কুমোরী। নিত্তাগে সাত ভেইয়র নাঙে তে বানা বোন দ নয়—যেন মেয়্যা দলা, সনা কথা। চাজাত থ'লে পিবিরায় কামেড়েবাক, মাধাত থ'লে উগুনে কামেড়েবাক। সাত ভেইয়র পরাণ' থুম এই ডুলো কুমোরী। তার কুঝি উমোরর অক্তত মা-বাপ মরি যেইয়ন কিনেয় তারে সাত ভেইয়র এধক মেয়্যা—এধক দয়্যা।

সাত ভেইয়ে বৌ লইয়ন। বৌ-গুণ সাত বিলর সাত চেঙ হ্‌লেঅ ডুলো কুমোরীর পইদ্যানে একসঙ। পত্তিজনর নাঙে তারার এই কজমা ননন্য বিষকাদা। কিওজনে তারে এত্তুগ' কোচ ন-পান—দেহ্‌ই ন-পারণ। মাত্তর তারা নেক্কুনর মুজুঙে ফগদাঙ ন- গরি মনর মূরে মূরে ছাভি থন।

একদিন সাত ভেইলক গেলাক বাণিজ্যত ভালদ্দূরর লংকা দেঝত। ঘরত্তুন লর দিবার আক্কেন্দি তারা পত্তিজনে যার যে মোগরে কই গেলাক— 'চেহ্‌ইঅ মাত্তর, ডুলো কুমোরীরে চোঘে চোঘ গরি রাঘেবা, তার কনঅ অনতিত্যা যেন ন-হ্‌য়—দুখ-দরব যেন ন-পায়।' তারা বেক্কুনে যার যে নেগরে 'য়্যিঁ' পুরেলাক। মাত্তর য়্যিঁ দঅ পুরেলাক, মনে মনে ভাবি থলাক জুদো বুদ্ধি।

যেদিন্যা সাত ভেইলকে তারার নোনেয়্যা ভোন্যরে মোক্কুনর হ্‌াধত গোজেইদি বাণিজ্য উদিচ্যে ঘরত্তুন নিঘিলি গেলাক্‌কৈ, সেদিন্যাত্তুন ধরি তারার আরাং ধক্কানি ফগদাঙ গরিলাক। তারা ডুলো কুমোরীরে সঙগরি পেজাল খাবা ধরিলাক নানান পইদ্যানে। যেমেন—কানা কুমলৈ ভরন গরি পানি আনানা, বিজোল মাদিত দুমুরি যানা, সাত ভোজ'রে পালা পালা গরি অজিরাণে বিজোন বিজিদেনা, চুল আজুরি দেন্যা, উগুন চেহ্‌ই দেনা নানানথান। সে সমারে কধক গ্যেল, অগধা, ঝাজি, কেচ - কেজানি সিয়ানি দঅ আঘেয়ে। সাত ভেইলক ঘরত্তুন যেইয়ন ধরি ডুলো কুমোরীর দুঘর কবালত সাত হ্‌াত পানি। তার পিনিবার কিচ্ছু নেই। ভোচ্যানর কধা ধগে ধগে ন-চলিলে তে ম্যের খায় - পিদ্যা খায়। কালিক মনে মনে তে গোজেনর ইধু তবনা গরে - সাত ভেইলক বাণিজ্যত্তুন ঝাদি ফিরি এত্তোক।

একদিন সাতজালে বেলছাভা পড়ন্দি অক্তত ঘরর সাহ্‌ঝিত্তলে বোজিনেই নানানথান

নাগর মাত্তন আ ডুলো কুমোরীরে পালা পালা গরি চুল চাহ্‌ বাজেই দ্যন। সে অক্তত তারার মাধা উগুরেদি ঘর তুলিত বাজং বাজং গরি উড়ি যার এক্ক্য চিল। তা থুধত এক্কান হ্‌াঙর মাজর কথা। চিল্যরে দেহ্‌ই ত্বরা-তাঙরি সাত জালে সঙগরি জগার পারি কোই উদিলাক ঃ

"চিলারে চিলা

তঅ হ্‌াঙর মাছ্যান দি-যা,

আমা ডুলো কুমোরীরে নেযা।"

আমক হ্‌বারলাক, তারার কধান শুনিনেই চিল্য যেচ্যেৎ গরি হ্‌াঙর মাছ্যর কথান পুক গরি ঈজোরর ধান তলৈয়ত ফেলেইদি ছুয়ো মারি ডুলো কুমোরীরে ঠেঙ' আঙুরৌলৈ ধরি তুলি নিলগৈ। আ উড়ি যেই দূরত এক্ক্য অজল চিবিৎ গাজর মাধাত গাজঅ ফাগাত বোজেই থলগৈ। তার কিচ্ছু গরিবার নেই। অজল চিবিৎ গাছ। সিত্তুন লামি যেবার কন' ভ-নেই। ঈন্দি চিল্য ডুলো কুমোরীর চুলোনীত বাহ্‌ বানিল আ বডা পারিল।

ডুলো কুমোরীর কিচ্ছু যককেন গরিবার নেই তে বানা কবাল বিন্দেয় বিন্দেয় কানে। তার ধারা-দিঘোলী চোঘ পানি। কান্দে কান্দে তে কোই উধে ঃ

"তারা পাড়তে বাপ মোল

চান পাড়তে মা মোল

সাতভেই যেইয়ন লংকা চরাত

মুই ডুলো কুমোরী চিল' বাজাত,

এঝ'রে বাপ ভেইলক দরবারত যেই

দরবারত যেইনে কিচ্ছু নেই

বোধু নেইয়্যা সিরিফল্য ভাগ গরি খেই।"

ডুলো কুমোরী অন্‌সুর এই কধানি কোই কোই কানে। এমেন অক্তত তা সাত ভেইলক বাণিজ্য কাম সারিনেই পুনোপুন্যা গরি ঘরত ফিরি এত্তন। আবাদা গরি তারা রিব-রিব গরি ডুলো কুমোরীর কবাল বিন্দেয় বিন্দেয় কানেত্তে রঅ শুনিলাক। তারা রঅবুঅ উদিচ গরি গেলাক। চিবিৎ গাছ্য গড়াত লুঙিনেই তারা ডুলো কুমোরীরে দেহ্‌লাককৈ। তারা ত্বরা-তাঙরি চিবিৎ গাছ্যত সাহ্‌র বানি উদিনেই তারার নোনেয়্যা ভোন্যরে পাড়ি আনিলাককৈ। ঘরত ফিরিনেই তারা যার যে মোগরে দিলাক আগাত্যা সেজা।

# চের বনর কাত্তন

বাঘ্খ্যা, শুগোচ্যা, শেয়াল্যা আহ্ রাত্তল্যা—তারা চেরজন। চেরজনে পরানে পরান বন। চেরবনে মিলিনেয় একদিন তেম্মাঙ গরিলেক - তারা কাত্তনত যেবাক। তেঙা কামেবাক্কে। যেমেন তেম্মাঙ সেমেন কাম। তারা গম এক্ক্য দিনত লর দিলাক কাত্তনত।

কাত্তনর জাগাত্ লুঙিনেয় তারা এক্কান ছড়া পারত আড়ি চেই বাজেই এক্কান বানিলাক্কে। তারার মধ্যে তেম্মাঙ গরি ঠিগ হল—পত্তিদিন একজনে জিরেয় পারা কাত্তন ঘর রাঘা থেব। আহ্ তে চেরজনত্যেই ভাত রানি থব'। তিনজনে কামত যেই ফিরি এলে গৈ তে বেক্কুনে মিলি ভাত খেবাক। পালা পালা গরি ইয়ান চলিব।

পয়লা দিন ঠিগ হল-এচ্যা বাঘ্খ্যা বাজেই রাগা থেব। তে অক্তমাক্যা ভাত-তোন যুক্যাল গরি থব। তেম্মাং মুজিম তিনজনে কামত গেলেগৈ বাঘ্খ্যা এচ্যা কি তোনর যুক্যাল গরিব সিয়ান ভাবিল। তে ঠিগ গরিল - এচ্যা তে হরিং হে্ড়ালৈ ভাত খাবেবদে। সিয়েনে তে অক্তমাক্যা শিগ্যারত বাহ্র হ্ল। বাঘ্খ্যা ভঙদে ভঙদে এক্ক্য হরিঙ' ধালাত খাপ্দি রলগৈ। চরতে চরতে যেই হরিঙ ঝাক্য সে ধালা কন্তাদি যাদন বাঘ্খ্যা এক্কুই ফালে এক্ক্য হরিং ধরিল। তে হরিঙ্য কাবি-কুদি হে্ড়ানি লই কাত্তনঘরত ফিরি এল। আহ্ হরিং এড়ান ডোলেই তেল-মঝলা দিনেয় রানি রানি থল। অক্তমাক্যা তিনবনে যেই কাত্তনত্তুন ফিরি এলাক তারা চেরবনে সমারে বজিনেই হরিং হে্ড়ালৈ পেদা তিং তিং গরি ভাত খেলাক।

তা জেরর দিন শুগোচ্যার পালা। সেদিন্যা শুগোচ্যা চায়দে তে-দঅ বাঘ্খ্যা সান নয় হরিং-চঙরা মারি আনিবগৈ। তে ভাবিল-এচ্যা মুই আলু-কুজু তোনর জুক্যল গরিম্বে। সিয়েনে তে সে দিন্যা বেক্কুন কামত গেলেগৈ এক্কান রান্যা জুমত গেল। সিত্তুন তে বেয়াল আলু-কুজু ঠুত্তে কদলেই কদলেই তোগেই আনিলগৈ। সিয়েনি তে ডেলেই গরি কাবি-কুদি রুচ্যাল দিনেয় রানিল। অক্তমাক্যা অন্য তিন বনে কাম্ত্তুন ফিরিলাক্কে। তারা উদোনত থিয়েনেইয়ি ডাগি কলাক্কি-"কি শুগোচ্যা বন্, তুই এচ্যা কি তোন রানিলে? এব্বেরে দ' চহ্না চহ্না বাচ নিঘিলের।" শুগোচ্যা কল-"আঁ, বন্লক, মুই আর সোদ্যা তোন কুধু পেম্বে! মুই যিয়ান থুভেই পারং সিয়ান রান্যংগে আয়। রান্যা জুমত যেইয়ঙ, সিত্তুন আলু-কুজু তোগেই আন্যংগৈ। এই সিয়েনি রান্ন্যংগে আয়। আহ্ কন রগম পেটতরানা দেই।" তিন বনে এক সমারে কলাক - "গম হ্ইয়্যে - গম হ্ইয়্যে, ভালকদিন ধরি জুম' তোনপাত খেই নপেইত্যে। এচ্যা দঅ সালেন ভারি ঈল হ্ব।" তারা বেক্কুনে মিলি পেদা তিং তিং গরি ভাত খেলাক।

সে জেরে রাত্তল্যার পালা। রাত্তল্যা আহ্ কি তোন তোগেব। তে গেল ঝাড়বো

কুরোগুনর ইধু। তে তারাত্তুন এক গোধেল বডা তোগেই আনিল গৈ। সেই বডাগুন তে একদাগি খলা গরিল, একদাগি কেবাং গরিল, একদাগি উঝিল আহ্ এক দাগি ঝুলদিনেয় রানিল। অক্তমাক্যা তিন বনে লুঙিলেগি সেদিন্যাঅ পেটভরি ভাত খেলাক। আবাদা তোনদে ভাতখেই বেগে রাত্তল্যারে বাঘেনী গরিলাক।

এচ্যা শেয়াল্যার পালা। সেদিন্যা তে কি তোনর যুক্যল গরিব ভাবি নপায়। তে পথমে ভাবিল—বাঘ্খ্যা সান হরিংনি শিগ্যার গরা যায় চেষ্ট্যা গরা যোক। সেবেদেন তে গেল এক্ক্য দবদবা হরিং ধালাত। খাপ্দি রলগৈ। মাত্তর যেই হরিঙউন ধালা দিঘোলী ঝাক্বদি এত্তন তার ঠেং গিরগিরা ধরিল। তো কন' রগম থোরি কন' ভ-ভাক্কা গরি নি চিগোন হরিং ছঅ এক্ক্য ধরি আনি পারা যায় ভঅ তোগেল। মাত্তর মুজুঙেদি যেই গরতনদ্যা বিরাট এক্ক্য শিঙাল হরিং দেহ্ল তার আর পরানে বুক ন বানিল। তে চিলাং তিক্ তিক্ গরি এলগৈ ধেই। সে জেরে তে ভাবিল রান্যাত যেব। শুগোচ্যা সান গরিনি আলু-কুজু তোগেই আনি পারেগৈ। মাত্তর রান্যা জুমত লুঙিনেই তে থধ' ভঅ হ্ল। কুগুন কুজু, কুয়োনি আলুলুদি তে ন-চিনে। হানক্ষন ঘুট্যা গড়া আঙুদি নখ উল্লেই ফেলেই মু-চুধো গরি তে ফিরি এলগৈ। এবারত ভাবিল রাত্তল্যা কিঙিরি বডা যুক্যল গচ্যে। তে ভাবিল রাত্তল্যা সান তেঅ বড়া পাড়িব। তে উদিলগৈ রাত্তল্যার অধক্যত। কোধেই কোধেই বডা পাড়িবের চেহ্ল। জেরেদি আধিক কধাধে কধাধে পুনেদি নিঘিলি এল ঘু। অধক জঘা ঘু। ঘু-অ বাজে গদা ঘরান গন্ধ গলার। শিয়াল্যা এক ফালে অধগত্তুন লামি এল। কন' বুদ্ধি যক্কেন কাম নদিল শেয়াল্যা জ্বরর ছলনাদি কুঁ-কুঁ গরি এক্কান কাবড় উড়ি বিছ্যনত পড়ি রল।

আক্তমাক্যা অন্য তিন বনে কামত্তুন ফিরিলাক্কে। তিনজনে উদোনত থিয়েনেয়ি ডাগিলাক্কি শিয়াল্যারে। "ও-বন, তুই এচ্যা কি তোনর যুক্যল গরিলে? নাগত দঅ কি বাবত্যা বাচ এক্কান লাগেল্লি।" শিয়াল্যা জুয়োব দিল কুঁ-কুঁ গরতে গরতে -" ন-কইয়্য বন্লক, তুমি যেইয়্য ধরি মুই জ্বরে হয়-নয়। চাত্তেই ন-পারঙর। কুত্তুন ভাত-তোন রানি থোদুং।" শিয়েল্যার জুয়োব শুনিনেয় তারা তরা-তাঙরি ঘরত সোমেলাক্কি। ঘরত সোমেনেই চাহ্নদে শিয়েল্যা কাবড় মু-উড়ি পড়ি আঘে। মাত্তর ঘর ভিদিরে সোমেই মত্তন বেক্কুনর নাগত সোমেলগি ঘু-অ বাচ। "ইয়ান-দঅ ঘু-অ বাচ" - বেগে কই উদিলাক। কুত্তুন ঘু-অ বাচ নিঘিলের তারা তগা ধরিলাক। তগাদে তগাদে তারা দেলাক্কে এক অধক জঘা ঘু। ছি-ছি! ঘু! বেক্কুনে জগার পাড়ি-উদিলাক। ইন্দি শিয়েল্যা গুজুরি গুজুরি কানি উদিল। আহ্ ধুন্দুক খেই খেই তা বেক ঘদনানি এগে এগে তারারে কই দিল। বেক্কুনে শিয়েল্যার কধানি শুনিনেয় ক'লাক -"আহ্-রে বন্, সিয়েনত্যেই কানি পায় নি। ইক্ষিনে আমি বেক্কুনে মিলিনেয় ভাদর যুক্ক্যল গরিবঙ। তুই চিদ্যা ন-গরিচ।

"কিথ্যা হ্ল থুম
তুমি য ঘুম।"

## ভূদে কুগুর ডরাণ কিত্যেই

ককন' এক মান্যো একদিন এক বৈদ্যত্তুন এক্ক্য মন্দর শিখ্যে। এই মন্দরর গুণ হ্লদে - ইব্যা এক হ্জার বার জবিলে সমারে সমারে এক্ক্য ভূদ ভেদা দে। আহ্ তারে দিনেয় মন্যুক গরিলে বেগিদো কাম গরানি যায়। তে মন্দরবুয়ো শিঘিনেয় ইব্যা কামত লাগেবার চেহ্ল। তে নিয়ম মুজিম মন্দরবুয়ো এক হাজার বার জবিল। সমারে সমারে আদেখ্যা গরি তা মুজুঙে ভেদা দিলগি এক্ক্য অজংচঙ ভূদ। ভেদা দি মত্তন ভূত্য হ্াত জুড় গরি তারে কল— "মামু, মুই হ্লুংগে তঅ গলাম। কি কাম গরা পড়িব মরে হোজেই পারচ্। মুই তক্ষানৎ সিয়ান সিরেই দিম। মাত্তর এক্কান কধা আঘে, মরে কামদি ন-পারিলে লগৎ-তগৎ তঅ গত্তনি ছিনি দিম আহ্ তরে খেম।"

মানুচ্য ভাবিল - কামর রাথ্ আঘেনি! তারে এক্কানর জেরে এক্কান কামত এমেন গরি লেবেদেই রাঘেম হদাংশিক তে মরে খেবার যু পেদ' নয়। সিয়েনে তে কল' -" আচ্ছা সিয়ান্ হ্ব'নে।" কধান কই মত্তন তে ভূত্যরে কাম এক্কান হ্োজেল। তে কল - "যা, তুই জুমর বেক আরা-করানি ঘুট্যা সমেত কাজেই দি আয়োই।" ভূত্য "য়িঁ" পুড়েনেই ঝিমিদত অদেঘা হ্ল।

মানুচ্য ভাপ্যেদে - এত্তমান আয়চায় ডাঙর জুমর আরা কাড়িদেনা চিগোন কাম নয়। সিত্তুনঅ ঘুট্যা সমেত কাজেই দেনা। সেত্তমান সহ্ল কাম সিয়ান নয়। বেগিদো সময় তার হামাক্কায় লাগিব। সিয়েনে তে নিচিদ্যা গরি পল্লৎ পল্লৎ দাবা খেই খেই র'ল। ধুন্দো চুলুম্য খেই ফুরদে ন-ফুরদে ভূত্য মুজুঙে ভেদা দিলগি। আহ্ কল'গি - "জুমর বেক আরা করানি কাজেই এচ্যংগৈ। ঘুট্যাউনঅ বেক উগুরেইদি জুরি থুমত এক্কুড় গরি থুভেইদি এচ্যং। এবারৎ মরে জুদো এক্কান কামদে।" মানুচ্য ভূত্যর কধানি শুনি আহ্মগর উগুরে চুদু হ্ল। তে লগৎ-তগৎ জুদো এক্কান কামর কধা ভাবিল। এবারত তে কল-"সালে্ তুই বেক জুমানত ধান কুজি দি আয়োই। সমারে জুমর সঙমধ্যে ডাঙর এক্কান মোনঘর তুলি দি আয়োই।" ভূত্য "য়িঁ" পুরেনেই তক্ষানৎ আদেঘা হ্ল। তে আদেঘা হ্ই এক হাক্ষণ জেরে ফিরি এলগৈ। ফিরি মত্তন ভূত্য মুজুঙে ভেদা দি কল' গি - "জুমর ধানুন কুজি দি এচ্যংগৈ। সে লঘে এক্কান আয়চায় বাবত্যা মোন্ঘরঅ তুলি দি এচ্যং। এবারত মরে এক্কান জুদো কাম

দে।” এবারত মানুচ্য কল - “যা, ইক্কিনে তুই আদাম ঘরত্তুন ধরি জুমর মোন্ঘর সঙ দীঘোল পথানর যেদক্কানি ছড়া আঘে সিয়েনি রেগা দি-দেগোই। সে লঘে জুম পধত যেদক্কানি য়েদোন্যা আঘে, চিগোন-চাগোন মুড়ো আহ্ আদ্দাব আঘে সিয়েনি মাদি কদলেই সঙগরি দেগোই।

ভূত্য লগৎ তগৎ “য়ি” পুরেনেই আদেঘা হ্‌ল। মাত্তর হানক্ষণ জেরে তে নুয়োগরি ভেদা দি কল' গি - “রেগা দেনা আহ্ পথান সঙগরি দেনা কাম থুপসারা হ্‌ইয়্যে। এবারৎ কি কাম দিবে কঅ।” মানুচ্য চাহ্‌য়দে - ইয়ান ভারি আঘাত্যা হ্‌ল। যেত্তমান ডাঙর কাম বাজেই দিদ'সাৎ এতে হাক্ষনর মধ্যে সিরেই এযেগৈ। এতাল্লৈ দঅ মরিবার দঝা হইয়্যে। তে মনে মনে ভাবিল ইক্কিনে তারে কি কাম দিয়্যা যায়! চিগোন-চাগোন কাম-দঅ নয়-নপারে পারা কাম দেনা চায়। মাত্তর যেত্তমান আঘাত্যা কাম হ্োক হাক্ষনর মধ্যে তে সিরেই এযেগৈ। মানুচ্য কামর কধা চিদ্যা গরতে গরতে আবাদা গরি তার চোখ গেল উদোনত বুকগরি আঘেদে তা কালা কুগুরবো কিত্যা। তে ভাবিল - কালা কুগুরব্যো লেচ্যান উজু গরি দিবার কধা কোম্‌বে। সেবেদেন তে কই উধিল - ‘এবারত তরে চিগোন এক্কান কাম বাজেই দিম্‌বে। ইক্কিণে মঅ কালা কুগুরবোর লেচ্যান উজু হ্‌দঅ। উল্লোফিরি কুগুরবো লেচ্যান বেঙা হ্‌লে সালেন তুই মোচ্যচ। জেরেদি তরে কালা কুগুরবো কামড়ত পেদা নিঘিলেই দিব। আহ্ তরে কাজা বাদে চাবেই খেব।

ভূত্য লগৎ তগৎ জ্যোব ফিরেল। তে কল - “ইয়ান কি আর ডাঙর কাম। এধক্কানি ডাঙর ডাঙর কাম সিরেই এলুংগৈ আহ্ এই চিগোন কামান গরতে কি! রিনি চেহ্‌ই থাক সালেন, ইক্কিনে কুগুরবোর লেচ্যান মুই উজু গরি দিম। মাত্তর এ কামান গরি ফুরেলে লগৎ তগৎ মরে জুদো এক্কান কাম দি পেবে। কাম দি নপারিলে তরে গত্তনা মোজরি দি পেদা সমেত গিলিম।” এই কধানি এক নিঝেজে কই মত্তন ভূত্য কুগুরঅ লেজ উজু গরানা কামত লাগি গেল। ভূত্য পথমে হ্‌াধেদি কুগুরবো লেচ্যান টানিনেয় উজু গরি দিবার চেহ্‌ল। মাত্তর কুগুরর লেজ ভিলি কধা। টানিনেয় হানক্ষণ উজু গরি দিলেঅ হ্‌াধত্তুন ইরি দিলেই লেচ্যান আগ' সান্যা গরি বেঙা হ্‌ই যায়। ভূত্য বার বার চেহ্‌ল। সেই এগই অবস্থা। লেচ্যান টানিটুনি উজু গরি দিলেঅ হ্‌াধত্তুন ইরি দিলে আগ' সান্যা বেঙা হ্‌ই যায়।

ভূত্য বার বার চেহ্‌ল। সেই এগই ফলাফল। কুগুরবোর লেচ্যান হদাংশিক উজু ন্‌হ্‌য়। যেদক্ষণ টানি টানি ধরি থেব সেদক্ষণ উজু। আহ্ হ্‌াদত্তুন ইরি দিলে আগ'সান্যা বেঙা—হ্‌দেহ্‌ত। ভূত্য বার বার চেষ্টা গরি চেহ্‌ল। গণা-পড়া নেই। মাত্তর যেই বেঙা, সেই বেঙা। ভূত্য ভাবিল লেচ্যানরে দড়িলৈ তিং তিং গরি ভালক্ষণ সঙ টানা দি থলে

হ্লেভ' উজু হ্ব। তে এক্কান লাম্বা দড়িলৈ লেচ্যান ঘরর থভাগত বানি থল ভালক্ষণ সঙ। জেরেদি ইরি দি চেহ্ল। মাত্তর সেই এগই ফলাফল। লেচ্যান ঠিক আগ'সান্যা গরি বোদি গেল।

ভূত্য আহ্মগর উগুরে চদু হ্ই গেল। তার ইম্যা খেবার অক্ত হ্ল। ইয়ান কেযান কাম! কন' সুরুদে লেচ্যান উজু গরা নয়ায়। তে তত্ত্ব হ্ই কমরত হ্াত দি ভালক্ষণ ভাবিল। জেরেন্দি এক্কান বুদ্ধি নিঘিলেল। তে এক্ক্য চুমো পাব কাব্রি আনিলগৈ। চুমোবুঅত তে কুগুরবোর লেচ্যান ভোরেই দিলগি। হ্ঝং হ্াঝং মু গরি মানুচ্যরে তে কল এবারৎ কুগুরবোর লেচ্যান উজু নহ্ই কুধু যেব? তা কধান শুনিনেই মানুচ্য এত্তুক মু চিমেই চিমেই হ্াঝিল।

কুগুরবো লেচ্যান একরেত একদিন সঙ চুমো পাবত ভোরেইয়্যা গরি রাঘা হ্ল। জেরেদি ভূত্য লেচ্যানত্তুন চুমোবো খুলি দিল। মাত্তির সেই এগই ফলাফল। খুলিদি মত্তন কুগুরবো লেচ্যান ঠিক আগ' সান্যা হ্দেহ্ত বেঙা হ্ই গেল।

ভূত্য দিক্ কাবুলো হ্ই উদিল। ইয়ান দঅ থেগা উগুরে বড়কল। তা কেয়্যান গিরগিরেই উদিল। মানুচ্যয় কইয়্যেদে - "চেহ্চ মাত্তর, কুগুরবো লেচ্যান বেঙা নহ্লে তুই মোচ্যচ্। তরে কামড়ত পেদা নিঘিলেই দিবঁ।" এ কধান ভূত্যর ঈধোত উদিল। তে জদেপদে গরি ডোরেই উদিল। কুগুরবো লেচ্যান উজু গরি দিবের কন' বুদ্ধি আর নেই। সন্যসার মরিবের যু হ্ইয়েদে সেধয়! ভূত্যর রিবেং গির্গিরেই উদিল। ইক্ষিণে তার পরান বাজেবার চিদ্যা। লেচ্যান যক্কেন উজু নহ্য়, কক্কে জানি কুগুরবো তারে কামেড়েই পেদা নিঘিলেই দে! এ অক্তত ভূত্য কী আর গরিবো। পরান বাজেবাত্যেই সিত্তুন ধেই যেবার চিদ্যা গরিল। যেমেন চিদ্যা সেমেন কাম। কন কধা নেই—কন বাত্তা নেই, ভূত্য দিলদে এক দুমুড়। উলুখুলত মুহ্রী বাহ্ঝে সঙ গরি। ভূত্য সেই যে দুমুড়ি গেলদে ভুলেঅ সে মোক্যা আর নাক নদেঘেলগি। বুড়োবুড়িয়ে কন সিত্তুন ধরি ভিলে কালা কুগুররে এঝসঙ ভূদে ডরান।

# ভক্‌চান্দ্যা দেঝত বুদ্ধিদীপ

এখে...রাঙ্যা লৈ কাল্যা। তারা দ্বি বন্ধু। একদিন তারা দ্বি বন্ধুয়ে দেঝ ভঙানাত নিঘিল্লাক। নানান জাগা নানান বাম ভঙদে ভঙদে একসময় তারা নুয়ো এক রেজ্যত লুঙিলাক্‌কৈ। মান্যত্তুন পুঝ্যর গরি তারা জানিলাক—এই রেজ্যর নাঙান অহ্‌লদে ভক্‌চান্দ্যা রাজার দেঝ। ছড়ায়—গাঙে, মুড়োয়—কলগে রেজ্যগান রিনি চাহ্‌দে ডোল। মাত্তর তারা দেলাক্‌কে—এই রেজ্যত লাদাপাদার যেই দর, হে্‌রা মাজর সেই দর; সিধোল আহ্‌ বেরমা শুগুনির যেই দর, তেল-ঘি আহ্‌ দই-দুধর সেই দর। তারা আমক হ্‌লাক এযান রেজ্যত লুঙিনেই কন্‌না লাদাপাদা লৈ ভাত খেব? সিয়েনে তারা মন হুঝিয়ে দিনপত্তি বানা সোদ্যা তোন দিনেয় ভাত খা ধরিলাক। এগঝা মোজলেই খাদে খাদে তারা দ্ব্যজনে কয়েকদিনে লিখ্‌লিক্যেত্তুন পক্তা পক্তা হ্‌ই উদিলাক।

একদিন্যা রাঙ্যা কাল্যারে ডাগি কয়্‌দে—"বন্ধু, এই রেজ্যত আর ন থেবংগে। এসান বেইনজেবী রেজ্যত এঘামার গরি থানা গম নয়। সুঘে থাককে থাককে বেনামা বিবদ-আবদ ঘোনেই এই পারে, সিয়েনে আয় থাগত্তে এই রেজ্যত্তুন দূরত যেইয়োই। কাল্যা কয়দে—'বন্ধু, তুই কি কধা কস্‌চ্যে? এসান সুঘ রেজ্য ছাড়িনেই তুই কুধু যেদে চাস? তুই গেলেগৈ যা, মুই মাত্তর যেদুং নয়।" রাঙ্যা কাল্যারে নানান কধা কই বুঝেবার চেল। কন মদে কাল্যা যেবারলৈ রাজি ন অহ্‌লে জেরেদি রাঙ্যা শেষমেষ কল'—"বন্ধু সালেন তুই থাক্‌—মুই যাঙ। মাত্তর এক্‌কান কধা ইধোত রাঘেচ, কন' দিন কন' বিবদ আবদ ঘোনেই এলে মরে এত্তুক খবর দিবে। মুই তরে বাজেবার চেম্‌। এই কধান কই রাঙ্যা সেই রেজ্যত্তুন গেলগৈ। আহ্‌ কাল্যা মনহুঝিয়ে হে্‌রা-মাচ, সোদ্যা তোনপাত খেবার লুভে সে রেজ্যত রল'।

এ রেজ্যর ভক্‌চান্দ্যা রাজাত্তুন এক্‌কো মন্ত্রী আঘে। তা নাঙান অহ্‌লদে 'বুদ্ধিদীপ'। তা মাধাবুঅৎ এধক বুদ্ধি সোমেই আঘেদে, সিয়েনে তে দিনে-রেদে অনসুর তুলো ধিভ্যা দি থায়, আদেক্যা নি কন' বুদ্ধিয়ানি নিঘিলি যায়। রেজ্যত কন' কিচ্ছু অহ্‌লে মন্ত্রীর ডাক পড়ে কি অইয়্যে কবাত্যেয়। তার বেগিদো বুদ্ধিত্তুন এক্‌কান অহ্‌লদে এধোক্যান — একদিন্যা ভিলে একজনঅ ঘরত সিন্নি পূজো গত্তন। সিন্নি খেবাত্যে ঘরানত সয় - সাগচ্যা মানুচ থুভো হ্‌ইয়্যান্দি। বেগে জাগা জুড়ি জুড়ি বস্যন। একজনে আড়ি মাক্যা জাগা ন-পেই এক্‌কো তুলি খাম মুজুঙে গরি বস্যেগি। সিন্নি ভাগ গরি দিবার অক্তত বেঘে যক্‌কেন হ্‌াত পাদি

সিন্নি লদন, তেঅ তরা-তাঙরি তুলি খাম বুগুৎ গরি সিন্নিয়ান ধরিল। খেবার অক্তত অহ্‌ল বিবদ! কিঙিরি সিন্নি খেবঃ সিয়েনে ডাক পল বুদ্ধিদীপ মন্ত্রীর। মন্ত্রী এ্যইনেই নাক কানর ধিভ্যা খুলি হানক্ষন ভাবিচিন্দি তে কল'—"সিন্নি খেবার অহ্‌লে নয় মানুচ্যার এক্‌কান হাত কাবা পড়িব; নলেন তুলি কাবি তুলি খাম্মুআ খুয়েই দ্যা পড়িব।" বেগে ভাবিলাক—চিংপুরে পারা কিঙিরি হাত এককান কাবি দিব। সিয়েনে তারা তুলি কাবি তুলি খাম্মুআ খুয়েই দিলাক। এই ঘদনান দেই রাজায় হুগুম দিল—এচ্যাত্তুন ধরি এরেজ্যর কিওজনে ঘর তুলদে তুলি খাম দি নপেবাক। রেজ্যর বেগে বুদ্ধিদীপর বুদ্ধির বাঘানী গরিলাক।

কায়েকদিন জেরে রেজ্যত আরক্কান আমক হবার ঘদনা ঘদিল। একদিন্যা মধ্যরেদত কুত্তুন এক্‌কো এেত এই আদামর সেরেন্দি হাদি যেইয়েগৈ। কিওজনে এেত্য নদেঘন। সিয়েনে বেন্যা ঘুমত্তুন উধিনেই বেগে তব্‌ভ। এেত্য যিন্দি পেক জাগাদি হাদি যেইয়্যে সিন্দি গাত গাত অহ্‌ইয়্যে। আদাম্যাউনে এআগেন্দি এেত নদেঘন। সিয়েনে কিঙিরি এই গাত্তুন অহ্‌লাক তারা ভাবিনেই কুল নপেলাক। শেষ মেয তারা রাজা ইধু যেই ঘদনান জানেলাক্‌কৈ। রাজায় ডাগেল মন্ত্রীরে। নাগত কানত তুলো ধিভ্যা দ্যা মন্ত্রী— নিজে জাগাত যেই গাত্তুন রিনি চেহ্‌লগৈ। বেক দেঘিশুনি তে গম্ভীর অহ্‌ইনে কল'—"বুঝিলুং বুঝিলুং অনুমানে, ওঘোই নিল ঘন্দিরামে।" অথ ঘন্দিরাম নাঙে কন' এক বলীয়ে ওঘোই এক্‌কো তুল্যে আহ্‌ ফেল্যে—তুল্যে আহ্‌ ফেল্যে। সিয়েনে এই গাত্তুন অহ্‌ইয়ন। শুনিনেই বেঘে বুঝ পেলাক।

সে জেরে আহ্‌ একদিন্যা আরক্কান ঘদনা ঘদিল। রাজঘরর কুরে এক্‌কো গিরির চিগোন গুরোবুঅ রেদোত চেরেং চেরেং কানানা ধরিল। সিয়েনদ্যায় গদা রেত্য রাজার ঘুম ন-অহ্‌য়। বেন্যা উধিনেই রাজা ভাবিল—কি'গরা যায় এই গুরোবুঅরে? ডাগা হ্‌ল মন্ত্রীরে। মন্ত্রী এল। তে নাক-কানর তুলো ধিভ্যা খুলি এক মাধান চিন্দাগরি কল'দে—'এই পুঅঅবুঅরে শূলীত দেনা বাদে উবোয় নেই।' মন্ত্রীর কদায় লগৎ-তঘৎ রাজার হুগুম অহ্‌ল—'য়অ ইক্ষিনে পুআ বুঅরে ধরি আনি শুলীত দ্যগৈ'। রাজার হুগুম পেই সিবেই সানধারী গুনে পুআবুঅরে ধরি আনি শূলী হলাত লই গেলাক। শূলীত দিবার অক্তত তারা চাহ্‌ন্দে—শূলীর অদঙ্যাত গুরোবুঅর পুনান জঘার নহ্‌য়। শূলীত দিব কিঙিরি? উল্লো-ফিরি এ্যই তারা রাজারে ঘদনান জানেলাককি। রাজায় মন্ত্রীত্তুন বুদ্ধি মাগিল। মন্ত্রী কল'—'রাজ-হুগুম লড়চড় অহ্‌বার নয়। পুআবুঅরে শূলীত দিবার আড়ি ন থেলে তারে ছাড়ি দ্যা হোক। পরিবত্তে শূলীর অদঙ্যাত জঘার অহ্‌য় পারা একজন ডাঙরপুন মানুচ তোগেই আনা হোক। 'মন্ত্রী কথা মুজিম রাজায় হুগুম দিল। হুগুম দেন্নার সমারে সমারে পুআবুঅরে ইড়ি দিনেই সিবেই—সান্‌ধারীগুণে তগা ধরিলাক পক্তামক্তা গায়-গদরে ডাঙর পুন এক্‌কো মানুচ।

তগাদে তগাদে তারা পেলাক্ কৈ কাল্যারে। তারে বানি আনি শূলী আদঙ্যত জঘা চান্দে—তা পুনান অদঙ্যত ডোলে জঘার অহ্য়। রাজায় কল— এতারেই শূলীত দ্যা অহ্ব। তে কাল্যারে উদিচ্য গরি কল—'তঅ পুনান শূলীর অদঙ্যত জঘার অহ্য় ভিলি তরে শূলীত দ্যা অহ্ব। মাত্তর শূলীত দিবার আক্কে তর কন আয়োচ থেলে কঅ, সিয়ান পুরেই দ্যা অহ্ব।' রাজা কধান শুনিনেই কাল্যার ইধোত উধিল, রাঙ্যা কধানি। তে গিরগিচ্যা রঅ মেলিনেই কল—'মহ্‌রাজ! মর এক্কান বানা আয়োচ হ্লদে, ধাগ' কুরর রেজ্যর রাঙ্যা নাঙে মর একজন বন্ধু আঘে। শূলীত মরিবার আগেদি মুই তাল্লে কধা কধুং চাঙ।' রাজায় কল—"তঅ ধারাচ্যান পূরেই দ্যা অহ্ব।" রাজার হুগুম পেই সিবেই সান্‌ধারীগুনে ধুজিকুর' রেজ্যাগানত যেই রাঙ্যারে তোগেই তাগেই আনিলাক্কৈ। রাঙ্যা লুঙিনেই কাল্যাত্তুন বেক ঘদনানি শুনি তক্ষানৎ এক্কান বুদ্ধি জোরেল। তে কাল্যার কানে কানে কি যেন্ কলগৈ। সে জেরে তারা দ্বিজনে থুচ্-থাচ্, ফুধুচ-ফাদাচ্ আঘাত্যা মারামারি বাজেলাক। আহ্ মুয়েদি ডাঙর ডাঙর রঅ গরি কুআ ধল্ল্যাক—'মুই সনার শুলীত পড়ি মরিম—মুই সনার শূলীত পড়ি মরিম।' তারার মারামারি দেই আহ্ কধানি শুনি রাজা আহ্ মন্ত্রী তব্‌ভ হলাক। জেরেন্দি রাজায় তারারে পুঝ্যর গরিল—'তুমি দ্বিবন্ধু লাগত পা পি হ্‌নার সমারে সমারে ক্যা কোজ্জ্যা বাঝেলা? আহ্ কিত্তেই সনার শূলীত দ্ব্যজনে মরিবার চঅ? 'রাজার কধায় তারা কোজ্জ্যা থামেলাক। জেরেন্দি রাঙ্যা হনিজেচ্যা গরি জুয়োব দিল—'মহ্‌রাজ! এচ্যা দিন্য অমগত্য সিজি দিন। এচ্যা দিনত যে এই সনার শূলীত মরিব তে আর্‌জনম অহ্‌বগি এই রেজ্যর রাজা। আহ্ যে রূবোর শুলীত মরিব তে অহ্‌বগি এই রেজ্যর মন্ত্রী। সিয়েনে রাজা হ্বারলি ভঅ যক্কেনে আগে সক্কেনে কন্‌না রাজা অহ্বার ন চেবগী। সিত্তেই ভিলি সনার শুলীত মরিবেত্যেই আমি কাড়াকাড়ি বাজেয়েই।' শুনিনেই রাজা জগার পারি উধি কল—'কী কধা কধে তুমি? মুই থাগত্তে তুমি এরেজ্যর রাজা হ্‌ধাগি? 'মন্ত্রীর কিত্যা রিনি চেই রাজায় কল—'তর কি ইন্‌জেব মন্ত্রী? 'বুদ্ধিদীপ মন্ত্রী হানক্ষন ভাবিচিন্দি কল—"মহারাজ, এই দ্বিজনরে ঈড়িদ্যা হোক। এয়োজী আমি দ্ব্যজন শুলীত মরিবংগে। মহ্‌রাজ তুই মরিবে সনার শুলীত, আহ্ মুই মরিম রূবোর শুলীত। আর্‌জনম সালেন আমি হ্দেহ্ৎ থেবং। তুই হ্বেগি রাজা—মুই হোমবি মন্ত্রী।' রাজায় কল—"অহ্য় সিয়ানই গম হ্বদে।" রাজার কধায় কাল্যা আহ্ রাঙ্যারে ঈড়ি দ্যা হ্ল। আহ্ কধা মুজিম রাজা মন্ত্রী দ্ব্যজনে হ্দেহ্ৎ থেবার ধারাজে শূলীত পড়ি মরি গেলাক। তারা মরি যানার জেরে রাঙ্যা হ্ল সেই রেজ্যর রাজা আহ্ পক্কা-মক্কা কাল্যা হল মন্ত্রী।

# বুড়চ্যা-বুড়ি আহ্ একদল বান্দর

বুড়চ্যা-বুড়ি আহ্ তারাত্তুন আঘে এক্ক্যা চিগোন ঝি। বুড়ি তা চিগোন ঝি-বুঅ পিধিত বুগি দিনপত্তি বুড়চ্যা লঘে জুমত যায়। সেক্কেনে ধানকজা অক্ত। সেদিন্যা বুড়ি জুমত ন-যায়। সিয়েনে সেদিন্যা বুড়চ্যা বেন্যা মাধান আরা কাড়ি বেল্যামাধান এক বাক ধান কুজিনেয় ঘরত **ফিরিবার** আগে গদা জুমত গম আহ্ বোলী জাগা তোগেই তোগেই ঘুট্যার আড়ি চেহ্ই চেহ্ই পিল্যা আলু লাগা ধরিল। বুড়চ্যারে দেই জুম লেজাত্তুন একদল বান্দর তা কুরে এলাক। আলুগুন দেইনেয় তারার ভারি লুভ্য লাগিল। তারা বুড়চ্যারে কহ্লাক— "ও-আজু, আঃ সিগুন কি লাগর?" বুড়চ্যা কহ্ল-"আঃ নদেঘর-নি আলু লাগাঙত্তে? চোঘেদি দেইনেয়অ কিত্তেই পুঝ্যর গর?"

বান্দরুনে কহ্লাক—"আঃ কুত্যেরি উধে না-কি আজু?" বুড়চ্যা কহ্ল—" আঃ নউদিব? তুমি মাগানা মাগানা পেজাল খাবদে।" বান্দরুনে কহ্লাক-"পেজাল খাবানা নয় আজু। কধা হ্লদে-আলু লাগানা দঅ সিঙিরি নয়। তুই লাগত্তে মাদি মূরত গরি। নিত্তাগে সিগুন লাগান্দে চোড়বো চোড়বো গরি - এক্কা এক্কা আলু নাক্কানি দেঘা যায় পারা। সালেন ঝাদি সিগুন গেজেবাক আহ্ বোলী গরি উদিবাক"। বুড়চ্যা এ আগেন্দি আলু কনদিন নলাগায়। লাগায়দ্যে বানা তা বুড়ি। সিয়েনে তে এত্তুক তত্ত হ্ই কহ্ল—"জেচ্যেৎ গরি কঅ?" বান্দরুনে কহ্লাক—"জেচ্যেৎ গরি দেই। তুই বিশ্বেচ নগরিলে মান্যত্তুন পুঝ্যর গরিচ না। আ-নয়, ঘরত ফিরি গেলে ত-বুড়িত্তুন পুঝ্যর গরিচ্যই।" বুড়চ্যা বান্দরুনর কধানি বিশ্বেচ গরিল। আহ্ তে বান্দরুনর কধামুজিম বেক আলুগুন নাক দেঘা যাঙ যাঙ গরি লাগেই বেলেত্যা ঘরত ফিরি এল। ইন্দি বান্দরুনে বুড়চ্যার ঘরত ফিরি এযানার লগে লগে বুড়চ্যার লাগেইয়্যা বেক আলুগুন কুড়িকাড়ি খেলাক্কে।

তা কেল্যা বুড়চ্যা জুমত যেই চায়েদে—আলুগুন এক্ক্যঅ নেই। বেক্কুন মরার বান্দরুনে খেইদি সারানাদা। বুড়চ্যার অমগত্য রাগ উদিল। তে ভাবিল—"মরার বান্দরুনে ঠগেয্যন্দে সেধয়!" তে বান্দরুনরে ভারি গরি গ্যেল্ দিল। তে বিড় বিড় গরি কহ্ল—"মরার বান্দরুন! মুই যনি তমারে গুত্থিসমেত উভোৎ গরি ন-বারঙ, সালেন মুইঅ বাপর পুত নয়। এবারত বুঝিব্যা মজা! কেল্যা সঙ বারচেই থাগঅ আয়।" বুড়চ্যা বান্দরুনরে থাঝেই গরি দোমিনেয়

সেদিন্যা বেল থাগত্তে ঘরত ফিরি গেল।

তা কেল্যা বুড়চ্যা এক্কান বুদ্ধি গরিল। সেদিন্যা তে জুমত নগেল। তে বুড়িরে বুঝেই কহ্‌ল—"ও-বুড়ি, ম-কধানি মন্‌দি শুনিচ্‌। মরে বান্দরুনে জুমত নদেলে পোল্যেই পোল্যেই ঘরত রিনিচাহ্‌ এবাক। সিয়েনে মুই আগেধরি উদোনত এক্কান ভাঙা তোলই বিজেই ধুপ কাবড় এক্কান মুহ্‌উড়ি চোন্দুল গরি পড়ি থেম। তুই ধুপ কাবড়ানত এত্তুগ বেরমা পানি ছিদি দিবেগি। সালেন কাবড়ান জঘা মাঝি ভন্‌ভনেবাক্কি। আহ্‌ তুই ফাদা কাবড়-চুবোড় উড়িপিনি, চুল ঈরিদি, চুলান ঝেদেরাক কেদেরাক গরি এঘামার কানি কানি থেবে। আহ্‌ ইনেয়-বিনেয় ধুন্দুক খেবে। মুই মরি যেইয়ং গরি বুঝিলে বান্দরুনে এগে এগে বেক্কুনে কুরে এেই থুভেবাক্কি। বেক্কুনে থুভেলেগি তুই মরে মুরে মুরে এত্তুগ হুথ্যেবে। সেবেদেন মুই ভুযুৎগরি উদি এগজা বেজা মারি মারি বান্দরুনরে এক্ক্যা এক্ক্যা গরি কাবিম্‌। আলু চুর গরি খানা-নি, বেক উঝোল গরিম।" বুড়চ্যার কধানি শুনি বুড়ি য়িঁ পুরেল। বুড়চ্যা ত্বরা-তাঙরি উদোনত এক্কান ভাঙা তোলোই বিজেল। আহ্‌ এক্কান চিম্‌চিম্যা ধার তাগল মুধগরি ধরি কাবড় মুহ্‌ ঊড়ি মরা ছল ধরি চোন্দুল গরি পড়ি রল। আহ্‌ কধা মুজিম বুড়ি চুল ঈরিদি চুলানি ঝেদেরাক-কেদেরাক গরি এঘামার ইনেয়-বিনেয় কানানা ধরিল।

ইন্দি বান্দরুনে বুড়চ্যা আর' আলুকুজু লাগেবগি মনে গরি বেন্যা পোত্যাত্তুন ধরি জুম' লেজ্যৎ লুজু রুক লুজুরুক গরি বোই থেই বুড়চ্যারে বাড়চেই রলাক। এক জিরান সঙ বারচেই থেই বুড়চ্যা জুমত নলুঙেরলৈ কিনেয় জেরেন্দি বান্দরুনে এগে এগে পোল্যেই পোল্যেই বুড়চ্যার ঘরমোক্যা এযা ধরিলাক। কুরে এেনেই শুনন্দি দে বুড়ি কবাল বিনেয় বিনেয় কানের। আহ্‌ বুড়চ্যা এক্কান ভাঙা তোলোইয়ত কাবড় মুহ্‌উড়ি চোন্দুল গরি পড়ি আঘে। বুড়চ্যার কী হ্‌লনি কী হ্‌ল ভাবিনেই তারা কুরে এেই চেলাক্কি। রিনিচেহ্‌ই তারা বুঝিলাক-বুড়চ্যা মরি যেইয়্যে। বুড়ি চোঘ' লেজেদি বান্দরুনরে রিনি চেহ্‌ই আরঅ বেচ র-সারি ধুন্দুক খেই খেই কানানা ধরিল-"ও-বুড়চ্যা! গমে থাক্‌কে থাক্‌কে মরে কিত্তেই আবাদা গরি গায় গায় ফেলেই গেলে! মুই ইক্কিনে চিগোন ঝি-বুঅলৈ কী গরিম-কিঙিরি বাজিম-মরে কন্‌না রিনি চেহ্‌ব-ইয়িঁই-ইয়িঁই—ইয়িঁ-ই...।" বুড়চ্যা মরি যেইয়্যে গরি বুঝিনেই বান্দরুনে এগে এগে উদোনত থুভেলাক্কি। তারা আহ্‌মক আহ্‌মক গরি বুড়চ্যারে ঘিরি লুজুরুক লুজুরুক বোজিলার্ক্কি।

বুড়ি বান্দরুনরে দেহ্‌ইনেয় আরঅ বেচ র-সারি কানা ধরিল। তে কানি কানি বান্দরুনরে ক'ল—"ও-নাদিন লক! তমা আজু মরে গায় গায় ফেলেই গেল—মরে বেথেগত থৈ গেল। ইক্কিনে মুই চিগোন এক্ক্যা ঝি-লই অকুল সাগরত পাগল্যা বাশর সান গরি ভাঝিম।

কী গরিম মুই—কিঙিরি বাজি থেম?" এক্কেনা উজুলো বান্দরুনে ক'লাক—"চিদা ন-গরিচ নানু, আমি আগি দঅ। আমি তরে রিনি চেবং।" ইন্দি ঝাগ পিঝেত্তুন এক্ক্য রাণা বান্দরে শুনং ন-শুনুং গরি কোই উদিল—

"টিঙিৎ বানি কারে চোল
বুড়চ্যাত্তুন বুড়ি ডোল।
এবার মনকধা ভাঙি কোহ্ম
বুড়চ্যা নেই—বুড়িরে লোম।
যক্ক রে যক্...যুক্করে যক্।"

ইয়ান শুনিনেয় বুড়চ্যা রাগে গিরগিরেই উদিল। তে আর থোরি থেই নপারি ভুঝুৎ গরি তাগলান ধরি উধি এগযা বেজা মারি মারি বান্দরুনরে কাবা ধরিল। বান্দরুন দির্‌মিশ থারেই নপারি হদাকিজাক দিউদিলাক। তারা যে যিন্দি পারে ধেই যা ধরিলাক পরান যোক্ থোক্ গরি। বুড়চ্যার তাগল' বেজাৎ বেয়াল বান্দর কাবা পডিলাক। একদাগি চিলাং-তিক্-তিক্ গরি ঝাড়মোক্যা ধেই গেলাক। বুড়চ্যা চায়দে কায়-কুরে আর কন' জেদা বান্দর নেই। যিগুন কাবা খেইয়ন সিগুন উদোনত তিক্ তিগাদন আহ্ একদাগি লেজ উভো গরি ধেই যেইয়্যন্দে। বুড়চ্যার ইঝ্যা ইঝ্যা হ্‌ল। তে ক'ল—"এবারত কেযান পঅ মরার বান্দরুন? সুয়ত সুয়ত গরি মঅ জুম' আলুগুন খেইদ্যদে—এবারত কেনযান পঅ—ঈল হ্‌লনি?

বান্দরুন কাবদে আঘাত্যা রণধুগত বুড়চ্যা বেগিদো হ্‌রাণ হ্‌ল। তে হানক্ষন জিরেল। জেরেদি বুড়িরে কয়দে—"বুড়ি, দাবাবুঅ এত্তুক বাজাগৈ।" বুড়ি দাবাবুঅ বাজেই দিল। বুড়চ্যা দাবাবুঅ পল্লৎ পল্লৎ খাদে খাদে কয়দে—"বুড়ি, এচ্যা এক্কা ছিদল করই গর। ছিদল করইলৈ ভাত খেবংগে। ভালকদিন ধরি ছিদল করই পরানে মাগেত্তে।" বুড়ি 'য়িঁ' পুরেল। আহ্ ছিদল তোন রানিবেত্যেই পাকঘরত যেই ছিদল চুমোবুঅ ধরিলগৈ। চায়দ্যে বড় ডুলু বাশর ছিদল চুমোবুঅ গোহ্‌র গোহ্‌র। তে ছিদল চুমোবুঅ ঢালিল। দেঘেদে-সিত্তুন নিঘিলিল চিগোন এক্ক্য বান্দর ছঅ। বুড়ি ত্বরা-তাঙরি বুড়চ্যারে ডাগি কয়দে-"বুড়চ্যা রে বুড়চ্যা, চাগিদেই এক্ক্য বান্দর ছঅ। ছিদল চুমোবুঅত সোমেই আগেদে। আয়-ঝাদি আয়।" শুনিনেই বুড়চ্যা দাবা খাদে খাদে ভূক গরি দাবাবুঅ থৈ তাগলান ধরি লুঙিলগি। ইন্দি বান্দর ছঅ বুঅ কি গরিবনে কি গরিব। তে পরানর ডরে বুড়ির ঠেঙানি জাবেদেই ধরিনেই গির্‌গিরেই গির্‌গিরেই কানানা ধরিল। আহ্ কোজলি গরি কল—"ও-নানু, মরে পরানে বাজা। একবারর মামে মরে রখ্যা গর। মরে পরান ভিক্ষে দে। তুই যিয়ান ক'চ মুই সিয়ান গরিম। তমা কুজি চিজিক্ক মুই রাঘেই দিম। মরে রখ্যা গর।" চিগোন-চাগোন বান্দরীরে দেহ্‌ই আহ্ তা কোজলি

ক্‌ধানি শুনিনেই বুড়ির চিৎপুড়ি উদিল। ইন্দি বুড়চ্যা তাগলান তিদিক্‌-তিদিক্‌ গরি কয়দে” বান্দরর বংশ আর রাঘেদুং নয়। এই বান্দর ছঅবুঅরে কাবি ফেলেম।” বুড়ি কয়দে-“ থোক্‌ বুড়চ্যা এই বান্দরীরে ন-কাবিচ। এব্বেরে চিৎপুড়ে পারা। চিগোন গরি বান্দর ছঅ ইব্যারে কাবিনেই কি পেবে? এতারে আমা ঘরত রাঘেবং। তে আমা চিজিক্করে রাঘেই দিব।” বুড়চ্যা কাবদে কাবদে নকাবিল। তে ক’ল-“তুই ক’র যগন সালেন থোক। মাত্তর গমে থেলে দঅ থেল, গমে নথেলে এতারেঅ কাবি ফেলেম।” বুড়ি ক’ল-“না-না, চিগোন গরি বান্দর ছঅ, এতে কি বাড়া গরিবঅ। মুই চোঘেচোক গরি থেম।” সেবেদেন বুড়চ্যা অলর হ্‌ল। তে তাগলান বেড়ত গুজেই থলগৈ।

এবারত বুড়চ্যা-বুড়িদাগি ঘরবুঅ হ্‌লাক চেরজন। বুড়চ্যা বুড়ি, তারার চিগোন ঝি-বুঅ আহ্‌ চিগোন বান্দরী। তারা চেরজনে জুমত যান। জুমত এক্কান গারেং ছঅ আঘে। গারেঙানত বান্দরী বুড়চ্যা-বুড়ির ঝি-ব্যঅরে রাঘায় আহ্‌ বুড়চ্যা বুড়ি দ্বিজনে কাম গরন জুমত। সেক্কেনে ধানদাভা অক্ত। সেদিন্যা বুড়চ্যা-বুড়ি ধান দ্যাদন আহ্‌ বান্দরী চিজিক্ক রাঘার। বুড়ির কধায় বুড়চ্যা তারে পরানে বাজেইল্যেঅ বুড়চ্যার উগুরে তার কেনা আঘে। অগুন্দি বান্দর কাব্‌প্যে এই বুড়চ্যা। তা মুজুঙে তার মা-বাপ তে কাবি দিয়্যে। তে নিজে দেখ্যে ডর গরে পারা ঘদনা। সিয়েনে বান্দরী মনে মনে কেনা তুলিবার এগেম গরিল।

বুড়চ্যা-বুড়ি যক্‌কেন জুমত ধান দ্যাদন সেক্‌ক্কেনে বান্দরী গারেঙানত চিজিক্করে রাঘার। বান্দরী সোর্‌জি গরি চিজিক্করে এত্তুগ গরি চিন্দেল’। চিজিক্ক ‘ভেঁ-এ’ গরি কানি উদিল। চিজিক্কর কানানা রঅ শুনি ধান দ্যাদে দ্যাদে বুড়চ্যা-বুড়ি বান্দরীরে ডাগি কহ্‌লাক - “ও-বান্দরী, আহ্‌ চিজিক্ক কিত্তেই কানের?” বান্দরী উত্তর ছিল—” চিজিক্ক পাগানা কলা খেদঅ মাগেত্তে।’ বুড়চ্যা-বুড়ি কহ্‌লাক—“ দে-দে, ধুমোত টাঙেই থৈয়্যা পাগানা কলাগুন দে।” বান্দরী কলাগুন পাড়িনেই গুজুর গুজুর নিজে বেক্কুন খেলঅ, চিজিক্করে এত্তুগ’ নদিল। সে জেরে আর’ হানক্ষণ থেই বান্দরী আরেক বার চিজিক্করে চিন্দেল’। চিজিক্ক ‘ভেঁ-এ’ গরি কানি উদিল। বুড়চ্যা-বুড়ি আর’ পুঝ্যর গরিলাক—“চিজিক্ক কিত্তেই কানের?” বান্দরী কহ্‌ল—“চিজিক্ক ধুমোত টাঙেয়্যা বিজোর ফল্ল্যে খেদঅ মাগেত্তে।” বুড়চ্যা-বুড়ি কহ্‌লাক—“দে-দে, ফল্ল্যে কাবি খাবা।” বান্দরী ফল্ল্যে কাবিনেয় বেক্কান গায় গায় খেল চিজিক্করে’ন দিল। চিজিক্ক আর’ কানি উদিল এবারঅ বুড়চ্যা-বুড়ি ডাগি কহ্‌লাক—“ও-বান্দরী, চিজিক্ক কিত্তেই কানের?” বান্দরী কহ্‌ল—“চিজিক্ক বীজকুরোবুঅ খেদঅ মাগেত্তে।” বুড়চ্যা-বুড়ি কহ্‌লাক—“দে-দে, বিজ কুরো বুঅ কাবি দে।” এবারত বান্দরী পেল যু। তে বুড়চ্যা-বুড়ির ঝি-বুঅরে কাবিল। আহ্‌ চিগোন চিগোন কথা গরি চিজিক্ক এড়ানি রানিল।

ভাত্তুন রানিল। ভাত পিলা-তোন পিলা ডোলে গরি ঢাগি-ঢুগি থল’। সে জেরে তে এক্কান বোরগি চিজিক্ক সান্যা গরি হক গরি পাদল এক্কান কাবড় ঢাগি ডুলনত থল’।

বাক ধুজেনেই বুড়চ্যা-বুড়ি ধান দিঙিরা বুগিনেই ঘরত ফিরিলাক। বান্দরী তারার ধান দিঙিরাগুন ধরি দিল। বুড়চ্যা-বুড়ি থিয়্যাত্তুন বজিবার আক্কে ক’ল—“চিজিক্ক ঢুলনত ঘুম যার। ঝাদি ঝাদি গাধগৈ ভাত খেদং মাহ্‌লে। ভারি পেট পুড়ের।” বুড়চ্যা- বুড়ি ন জিরেনেয় থিয়্যা বাদে গাঙত গেলাক গাধিবেত্যেই। এত্তুক জেরে তারা গাধি-গুধি ফিরি এলেগৈ বান্দরী এক্কান কানি ফাদা বাহ্‌রাত লইনেয় ক’ল—“এবারত মুই গাধাহ্ যাঙর। যেম্‌য্য ফিরি এম্‌বৈ।” কধানি কোই মত্তন বান্দরী গাঙত গাধিবেত্যেই গেল।

মাত্তর বান্দরী গাধাহ্ যেইয়্যে দে আর ফিরি ন-এযে। কড়া কড়ি সঙ বারচেই জেরেদি বুড়চ্যা কিজেক কিজেক গরি বান্দরীরে ডাগা ধরিল। বান্দরী গাঙ উপারত্তুন এক্ক্য অজল গাঝত উদিনেই সমৎ দিল। আহ্ তে বুড়চ্যা-বুড়িরে ডাগি ক’ল—“ও-বুড়চ্যা-বুড়ি, মুই আর ফিরিদং নয়। মুই আমা বান্দরর ঝাগত ফিরি যাঙরলৈ। তমারে তমা চিজিক্ক এড়ানি রানি দ্যঙ স্যা। সুয়ৎ সুয়ৎ গরি খঅ। মঅ বাপ-মা, ইত্য-কুদুম, ভেই-বন্ধু কাবিদ্যদে ঈধোত আঘেনি তমার? সিয়েনে মুইঅ মঅ কেনা মুই উগুরেয়ঙ। মঅ আঝা তুমি নগচ্য— মুই বান্দরর ঝাগত ফিরি যাঙরলৈ।” ইন্দি বুড়চ্যাবুড়ি ঢুলনান উত্যেই চান্‌দেদে-কুধু চিজিক কুধু কী! ইবা এক্ক্য কাবড় ভূদি। তোন পিলাবুঅ চানদৈদে মুনিচ্যরর এড়া। চিগোন চিগোন হাত-ঠেঙ দেঘা যায়। বুড়চ্যা-বুড়ি এক সমারে কানি উদিলাক ভেঁহেঁ...।

তারা কানদে কানদে আঘাত্যা রাগে গির্‌গিরাদে গির্‌গিরাদে দ্বিজনে দ্বিয়ান তাগল ধরি বান্দরীরে কাবিবেত্যেই গেলাক। তারা গ্যেল দেদে দৈদে গাঙান পার হ্‌লাক্‌কৈ। ইন্দি বান্দরী রাগে হ্‌ন-চুকচুক বুড়চ্যা-বুড়িরে দেঘিনেই এক গাঝত্তুন এক গাঝত ফাল্যেই ফাল্যেই গভীন তারুমর মোক্যা ধেই গেলগৈ। বুড়চ্যা-বুড়ি হ্‌রান হ্‌য় সঙ লড়েনেইঅ বান্দরীরে লাগত নপেলাক।

তারা ঝি-বুঅ মরানায় মনদ্দুঘে কয়েকদিন ধেন্দা গরি র’লাক কাম-করজ এড়িনেই। জেরেদি বুড়চ্যা বান্দরুনরে কেনা উগুরেবার এক্কান বুদ্ধি তুলিল। তে বুদ্ধিয়ান বুড়িরে বুঝেই দিল। সেবেদেন তারা চোল-পাত নিনেয় বান্দরুনে যে বামত থান সে বামত কয়েক দিনত্যেই কাত্তনত যায় পারা গেলাক। তারা সিধু যেই এক্কান অজল কামা মাধাত বাজেই বানিলাক্‌কৈ। বুড়চ্যা ডগা ডগা ডলু বাশ কাবিনেই বেত ফেরা ধরিল। বেত ফেরি ফুরেই এক্ক্য ডাঙর দুল বুনা ধরিল। ইন্দি বান্দরুনে দুরত্তুন বুড়চ্যা-বুড়িরে চোঘে চোক গরি র’লাক। তারা কি গরতন সিয়ান ডোলে গরি চেহ্‌বাত্যেই বান্দরুনর সাহঝী এক-দ্বিজন পোল্যেই

পোল্যেই ঝুবঅ সেরেত্তুন রিনি চেলাক্কি। আগর তেম্মাঙ মুজিম বুড়ি বুড়চ্যারে পুঝ্যর গরিল-"বুড়চ্যা ইবা কি বুনর?" বুড়চ্যা কহ্‌ল—"ন-দেঘত্তে দুল বুনঙত্তে।" বুড়ি কহ্‌ল—"এ দুল্য কিত্তেই বুনর?" বুড়চ্যা এত্তুক ঝাঝি মারি কহ্‌ল—"আহ্ খবর ন-পাচ আঘাত্যা বড়-ব বেবদে। বড়- ব'ত এগাঝঅ চাম উ-গাঝত লাগিব—গাঝ-বাশ বেক ভাঙি যেই কুত্তিং কুত্তিং হব—বেক মুনিচ্যর, হেমান, পঝু-পক্ষী মরি যেবাক। কিওজন বাজিদাক নয়। আমি দ্বিজনে এই দুল্যত সোমেই থেবং। আমর কিচ্ছু হ্‌দঅ নয়। সেত্যেই ইবা বুনঙত্তে।" চুগিদিয়্যা বান্দরুনে বুড়চ্যার কধানি শুনিনেই উগরি উদিলাক। তারা ফিরি যেই বেক বান্দরুনরে সেই খবরান শুনেলাককৈ। বান্দরুনে বেককুনে ডরে গিরগিরেই উদিলাক। তারা ভাবিলাক-এধক ধ্বংস লীলা হ্‌লে আমি কিঙিরি বাজিবঙ। সেবেদেন তারা তেম্মাঙ গরি একদাগিয়ে সাহঝ গরি বুড়চ্যাত্তুন বুদ্ধি মাগিবেত্যেই এলাক। তারা দূরত্তুন বুড়চ্যারে কহ্‌লাক-"ও-বুড়চ্যা, হয়ন্যে আঘাত্যা বড়-ব বেবদে ভিলে?" বুড়চ্যা গম্ভীর গরি উত্তর দিল-"আহ্ হ্‌য় কিনেয় দ্যে মুই এই দুল্য বুনঙত্তে। আমি দ্বি বুড়চ্যা-বুড়ি ইয়ত সোমেই নিচিদ্যা গরি থেবঙ। আমার কিচ্ছু হ্‌দ নয়।" বান্দরুনে আহ্‌মক হ্‌ইনেই কহ্‌লাক-"ও-আজু, আমি সালেন কি গরিবঙ—কিঙিরি আমি বাজিবঙ। আমারেঅ এক্ক্য ডাঙর দুল বুনি দেনা। আমি আগর বেক ঘদনানিত্যেই তত্তুন মাপ চেই। দয়া গরি আমারেঅ তুই বাজা।" বুড়চ্যা চায়দে এবারত যু উঠ্যে। তে আরঅ বেচ গম্ভীর হ্‌ই কহ্‌ল—"কনে কিঙিরি বাজিব মুই খবর নপাঙ। আমা পরানানি বাজিলেই হ্‌য়।"

বান্দরুনে বুড়চ্যারে কোজলি গরি কহ্‌লাক—"ও-আজু রৈ আজু, আমারে এক্কেনা মেয়্যা গরনা। আমি আর কন'দিন আচ্ছুর গরতং নয়— কন'দিন তর কন' ক্ষদি গরতং নয়— তঅ জুমতঅ আমি হ্‌দাংশিক হুচ দিদংগে নয়। আমারে তুই আঘাত্যা বড়-ব ত্তুন বাজা। তুই বুনত্তে দুল্য আমারে দে। তুই নুয়ো এক্ক্য বুনিচ"। কোজলি গরতে গরতে বুড়চ্যা কহ্‌ল—"ঠিগ আগে লবা আয়। মুই আর' এক্ক্য আমা অজন গরি বুনি পেম। মর দুখ বাড়িলদে আয়।" বুড়চ্যার কধানি শুনিনেই বান্দরুনে হুঝি হ্‌লাক। তারা দুল্য সাহ্‌রা হোক সাহ্‌রা হোক গরি বাড়চেই র'লাক। বুড়চ্যা দুল্য বুনি ফুরেল। তার এক্কান ঢাগনী বানেল। জেরেদি তে কহ্‌ল—"এযঅ, বেক বান্দরুন এযঅ। গাদেই গাদেই সমগি। এক্ক্য দুলত আদঅ পারা। তমাত্যেই মুই আর বুনিদি নপারিম। এযঅ-এযঅ বেক্কুন এযঅ।" বান্দরুনে হুঝিয়ে নাজুক-কাজুক গরি দুল্যত গাদেই গাদেই সমা ধরিলাক। কায়-কুরে যিদুক্ষুণ বান্দর এলাক বেক্কুন সোমেলাক। মাত্তর এক্ক্য পেদোলী বান্দর ন সোমেই তে আল্যড়ে পোল্যেই র'ল। তার কিত্তেই জানি মনে মনে সন্দেহ হ্‌ল। তে মনে মনে ভাবিল—বুড়চ্যার মনত

নিশ্চয়ই কুবুদ্ধি আঘে! সিয়েনে তে আল্যড়ত্তুন পোল্যেই পোল্যেই বুড়চ্যা কী বুদ্ধি নি গরে চেহ্‌ই র'ল।

বান্দরুন বেক্কুনে দুল্যত সোমেই ফুরেলে বুড়চ্যা কহ্‌ল "বেক্কুন সোমেই ফুরেয়্য দঅ? না কিওজন বাগী আগন? থেলে কনা? বান্দরুনে সঙগরি কহ্‌লাক—"না-না, কিওজন বাগী নেই। বেক্কুন সোমেই ফুরেইয়্যন।" এবারত বুড়চ্যা দুল্যর ঢাগনীয়ান বানি দিল। আহ্ কহ্‌ল—"মরার বান্দরুন, তমার বড়-ব ত্তুন বাজানা নি? ইক্কিনে বেক্কুনে একলগে সেংগ্রেমা আদাম লুঙিবাগে-দে খবর পঅ নি? মরলৈ লেবে লেবে গরা ধরছ্য দে। ইক্কিনে কামা মাধাদি তমারে গোচ্যেই দিম। তুমি বেক্কুনে দুলত বান্যা গরি পানিত ডুবি মরিবা। এচ্যাত্তুন ধরি তমার বান্দরর বংশ শেষ। বান্দরর বংশ বাহ্‌লা উদি যেব।" কধানি কোই মত্তুন বুড়চ্যা বান্দর ভরন দুল্য কালাম মারি মারি কামা কাজাত লুঙেলগৈ। আহ্ সিয়ত্তুন এক্কুই কালামে দুল্য কামা দিঘোলী দিল গোচ্যেই। বান্দরুন দুল্যর ভিদিরে কিজিক-কাজাক গরতে গরতে দুল্য উভোৎ-ঝাবৎ গরি গচ্যেই যেই ফেক্কেলেং গরি গভীন গাঙানত পড়িলাক্কৈ। হাক্কনর মধ্যেই বান্দরুন পানিমূরত দুল্য সেরেত্তুন নিঘিলি ন-পারচ্যা গরি মরি গেলাক। বুড়চ্যা-বুড়ি কমরত হাত দিনেয় আঘাত্যা ঈল হ্‌ইয়্যা মুয়েদি চেহ্‌ই র'লাক। জেরেদি তারা ঘরত ফিরি এলাক। ইয়েনি বেক দেহ্‌ই বান্দরী নিঝেচ নফেল্যা গরি চুবে চুবে সিত্তুন ধেই গেলগৈ। নিত্তাগে সেদিন্যা যনি বান্দরী পোল্যেই নথেদঅ সালেন পিথিমীত কন' বান্দর আর নথেলাক্কুন—বেক্কুন বংশ উদিলাক্কুন। সেই পোল্যেই-থেইয়্যা বান্দরীই বান্দরর বংশ রক্ষা গরছ্যে।

—◆—

# পিধ্যাবী পশচন

চিগোন এক্ক্যমিলা ছ'। নাঙান পিধ্যাবী। ফাদা কাবর-চুবোর উড়চ্যা-পিন্যা। চিগোনত্তুন ধরি তে ভারী দুখ্যা। ঈধোত গরি ন-পারেদে অক্তত তা মা মরি যেইয়্যে। ঈধোত গরি পারেদে অক্তত তা বাপ মরি যেইয়্যে। মা-বাপ নেইয়্যা এই মিলা ছ' বুঅ তা খুড়তো ঘরত থায়। সদর ভেইঝি ভিলি তা খুড়তো বুঅ সেরে-কুনেঁদি এত্তুক মেয়্যা গরিলেঅ তা খুড়ঙাবুঅ এল দে অমগত্য হত্তাল। তে অনসুর পিধ্যাবীরে পেরপেরায়, মারে-ধরে আহ্ দুখ নেযায়। পিধ্যাবী ন-মাদিবুলী সিয়েনি সহ্য গরি থায়। ভাবেদে দুখ্যা-কবাল ইয়েনি সহ্য গরা পড়িব। পিধ্যবী বেন্যা-বেল্যা অজিরান্দি ঘর কাম গরি পায়। আহ্ দিবুচ্যা হ্লে গরু চড়েই পায়। ভাত খেই পায়দে আধাপেদ্যা। দাঙদ্যঙ্যা ভুইয়ত গরু চড়াদে তার জাগা নেই জিরেবার। এক্ক্য ফাদাছাদি মাধাত দিনেয় দাঙদাঙ্যা ভুইয়ত তে পত্তিদিন গরু চড়ায়।

পত্তিদিন গরু চড়াদে চড়াদে পিধ্যাবী ভাবেদেঃ "আহা! এই ভুইয়র সঙমধ্যে যদি এক্ক্য পিধ্যাগাছ জন্মেদ সালেন ভারি গম হ্লুন। মুই পিধ্যাগাছ্যত উদিনেই মনে-মনযক্কা পেটভরন পিধ্যাখেই পারিলুঙুন। জিরেবারঅ গম এক্কান জাগা হ্লুন। ভগবানে যনি মরে এক্ক্য পিধ্যাগাছ বানেই দি দিঅ।" সেদিন্যা তে বার বার গরু চড়াদে চড়াদে এগামনে বানা এ কধান ভাবপ্যে। সেদিন্যা রেদোত পিধ্যাবী ঘুমত পড়িনেইঅ ভালক্ষণ সঙ এ কধানই ভাব্প্যে। ভাবদে ভাবদে পিধ্যাবী একসময় ঘুম গেল। মাত্তর সে রেদোত তে স্ববনে দেলদে—জেচ্যেৎগরি তে গরু চড়ায়দে ভুইয়্যানত এক্ক্য পিধ্যাগাছ উঠ্যে। গাছ্যত থুপ থুপ পিধ্যা। তে মনে-মনযক্কা পেটভরি পিধ্যা খেল। পিধ্যাবী বেন্যা ঘুমত্তুন উদিনেয় স্ববনান ঈধোত তুলি মনে মনে ভারি সনযুক পেল।

দিবুচ্যা গরুচড়া যেই পিধ্যাবী যক্কেন ভুইয়ত লুঙিলগৈ তে আহ্মগর উগুরে চুদু হ্ল। দেঘেদে জেচেৎগরি ভুইয়র সঙমধ্যে এক্ক্য ডাঙর পিধ্যাগাছ। ঠিক গেললে রেদোত স্ববনে-দেখ্যা সেই পিধ্যা গাছ্য সান। গাছ্যত থুপ থুপ পিধ্যা। তে হানক্ষণ আহ্মক গরি পিধ্যাগাছ্য একরিনি চেই রল। মনে মনে ভাবিল ভগবানে দয়্যা গরি তারে এই পিধ্যাগাছ্য বানেই দিয়্যেগি। তে ভগবানরে চীৎদিঘোল ফাত্তুরুতুরু জানেল। জেরেদি পিধ্যাগাছ্যত উধিনেই পেটভরি পিধ্যা খেল। তার পেটপড়া ধেই গেলগৈ। য়িল হ্যসঙ পিধ্যা খেইদেই

পিধ্যাবী পিধ্যাগাছ্যত গদা দিন্য উধি রল। আহ্ বেল্যা বেলজুর পড়ি এলে তে গরুগুন নিনেয় ঘরত ফিরি এল।

পিধ্যাবী ঘরত ফিরিনেই কাররে পিধ্যাগাছ্যর কধা ন-কলগি। তার ডর তা খুড়ঙাবুঅ পিধ্যাগাছ্যর কধা শুনিলে বেক পিধ্যাগুন পাড়ি আনিবগৈ। নলেন হিংঝ্যা গরি পিধ্যাগাছ্য কাবি দিবগৈ। সিয়েনে তে চুপচাপ রল।

এযান গরি পত্তিদিন পেটভরন পিধ্যা খেইখেই পিধ্যাবীর গমেডোলে দিন গঙেই যার। মাত্তর একদিন এক্কান ঘদনা হ্‌ল। পত্তিদিনর সান সেদিন্যাঅ পিধ্যাবী গরুগুন ভুইয়ত নিনেয় ঈরি দিলগৈ। আহ্ পিধ্যাগাছ্যত উধিনেই পিধা খা ধরিলগৈ। এমেন অক্তত কুত্তুন জানি ভঙদে ভঙদে এক্ক্য গুজং বুড়ো মিলা লুধিক ধরি পিধ্যাগাছ্য তলে লুঙিলগি। গুজং-বুড়ী পিধ্যাবী মোক্যা রিনি চেই কল ঃ "ও-পিধ্যাবী, মরে এক্ক্য পিধ্যা খাবানা। বানা এক্ক্য পিধ্যা খাবেলে হ্‌ব। পেটপড়ায় মুই মরি যাঙর। মরে এক্ক্য পিধ্যা ছিনি দে।"

লোঙ্গুর মোক্যা এই গুজংবুড়ি জদেপদে হ্যাঙর মুহ্। তার মুজুঙর দ্বিবা দাঁত নিঘিল্যা। কেয়্যা চামানি তার চিধ্যা-চিধ্যা। কাবর-চুবোরানি ফাদা ফাদা, কাজর বাবত্যা। একবার রিনি চেলে দ্বি-বার রিনি চেবার মনে ন-কয়। দেলে ডর গরে পারা। মাত্তর পেটপড়ার কধা শুনি পিধ্যাবীর ভারী মেয়্যা হ্‌ল। তে গুজং-বুড়িরে এক্ক্য পিধ্যা ছিনিনেই মেল্যা দিল। গুজং-বুড়ি ধরিবের এত্তুক নমুনা গরিল। পিধ্যাবুঅ হ্যধত বারি খেই মাদিত পড়িল। মুই ইব্যা ন-খেম। পিধ্যাবী আরেক্ক্য পিধ্যা ছিনিনেয় মেল্যা দিল। এবারঅ গুজং-বুড়ি আগ'সান্যা গরি পিধ্যাবুঅ ধরি ন-পেল। এবারত তে কল-"ইব্যা ঘুহ্‌ত পড়িল।" পিধ্যাবী আরেক্ক্য পিধ্যা ছিনি মেল্যা দিল। বুড়ি কল—"ইব্যা ছেবত পড়িল।" পিধ্যাবী আরেক্ক্য পিধ্যা মেল্যা দিল। এবারতঅ বুড়ি কল—"ইব্যা মাহ্‌ঘত পড়িল।" পিধ্যাবী আহ্‌মক হ্‌ল। গুজং-বুড়ি পিধ্যাবীরে আহ্‌মক দেই কল—" আহ্‌মক ন হ্যোচ নাদিন, এই পিধ্যাগুন মর দানায় ন-এলাক্কে পারাপাঙ। সিয়েনে যিয়ত পায় পোচ্যন্দে। তুই আর পিধ্যাগুন মেল্যা দিনেয় ন-সুম্বারেচ। এত্তুক তলে লামিয়েই বানা এক্ক্য পিধ্যা মরে হ্যধে হ্যদে দিলে হ্‌ব।" পিধ্যাবী বুড়ির কোজলী থোরী ন-পারি এত্তুক তলে লামি এল। আহ্ এক্ক্য পিধ্যা বুড়ি লাগৎ পায় পারা গরি বাবেই দিবার চেলগি। বুড়ি চায়দে এবারৎ যু হ্‌ইয়্যে। তে পিধ্যাবীরে গাছ্যত্তুন লামেই আনিল। সেবেদন গুজং-বুড়ি তা আঝল ধক্কানদৈ ভেদা দিল। পিধ্যাবী দেল—গুজং-বুড়ির মুজুঙেদি দ্বিবা লাম্বা লাম্বা দাঁত, লাম্বা-লাম্বা হ্যত-ঠেং, নখ, ঝাবুরো চুল, জ্বোল্‌জ্বোল্যা চোখ। অধিক ডরে পিধ্যাবীর মুহ্‌য়ুত্তুন কন' র-শব্দই বাহ্‌র নহ্‌ল। তে বানা গিরগিরা ধরিল। এধক্ষনে তে বুঝি পারিল—ইব্যা আঝলে এক্ক্য ডেনবুড়ি।

ডেনবুড়ি পিধ্যাবীরে এক্ক্য খল্যাত ভোরেল। আহ্ খল্যাবুঅ বুগিনেই ঘরমোক্যা রবনা দিল। যাদে যাদে কুদ্দুর যেই বুড়ির ভারিগরি পানি থাচ্ গরের। সিয়েনে তে খল্যাত ভরেইয়্যা পিধ্যাবীরে পধ' পাজারাত ভুক গরি থৈ কুরে এক্কান ছড়াত্তুন পানি খেবাত্যেই গেল। ডেনবুড়ি পানি খা গেলে ইন্দি একদাগি রাখ্যল গুরো পধেদি হ্াদি এত্তন। তারা কুরে লুঙিলেগি পিধ্যাবী তারারে খল্যা ভিদিরেত্তুন ডাগি কল—"ও-রাখ্যল্যাগুন, মরে তুমি খল্যা ভিদিরেত্তুন নিঘেল। ডেনবুড়ি মরে খেবাত্যেই খল্যাত ভরেই নেযাত্তে। মরে তুমি রখ্যা গর।" রাখ্যল্যা গুরোগুনে পিধ্যাবীর কধানি গুনি মত্তন খল্যার বানান খুলি দিলাক। ছড়ান পেই পিধ্যাবী একধাবায় তা পিধ্যা গাছ্য মোক্যা ফিরি গেল আহ্ রাখ্যাল্যা গুরোগুনেঅ তারা পধে তারা ধাবাদি গেলাক্কৈ।

ডেনবুড়ি ফিরি য়েই চায়ইদে পিধ্যাবী নেই। তেঅ উল্লোফিরি পিধ্যাগাছ্য মোক্যা গেল। সিধু যেই দেঘেদে—পিধ্যাবী পিধ্যাগাছ্যত উধি আঘে। ডেনবুড়ি ভারিল—এবারত পিধ্যা মাগিনেই পিধ্যাবীরে তলে লামেই আনানা সম্ভব নয়। সিয়েনে তে পিধ্যাবীরে ধরিবেত্যেই জুদো বুদ্ধি নিঘিলেল। তে আগ' সান্যা গরি হানক্ষণ পিধ্যা মাগিনেই পিধ্যাবী যক্ষেণ এক্ক্যঅ পিধ্যা নদিল সেবেদেন ঘরত ফিরি যাং কইনেই সিত্তুন গেলগৈ। মাত্তর কুদ্দুর যেই পিধ্যাবীর খুড়ঙাবুঅর রূপ ধরি ফিরি এলগৈ। পিধ্যাবী চায়দে—তা খুড়ঙাবুঅ। পিধ্যাবী সোতপোত্যা হ্ই উধিল। খুড়ঙা ধক্যান ডেন-বুড়ি কয়দে—"রাখ্যল্যাগুরোগুনত্তুন শুন্যাংগে তরে ভিলে কন ডেনবুড়ি ধরি নেযাত্তে। সিয়েনে পরান থরি ন-পারি তরে খবর ধরা এচ্যংগে। আয়, গাছ্যত্তুন লামি আয়, ঘরত যেয়ৈ।" পিধ্যাবী ভাবিল—"খুড়ি নিজে হ্জা এইস্যে যঘন ঘরত যেম্বৈদে আয়। ডেনবুড়ি যনি উল্লোফিরি এযে।" সিয়েনে তে গাছ্যত্তুন লামি এল। পিধ্যাবী যেই গাছ্যত্তুন লামি এল, ডেনবুড়ি তার আঝল ধক্কান ধরিল। তে পিধ্যাবীরে ধরিনেই খল্যাত ভোরেল। আহ্ আগ' পাত্থানেদি হ্াধা ধরিল। এবারত পানি থাচ্ গরিলেঅ আধা পধত কন জাগাত পানি ন-খেল।

পিধ্যাবীরে বুগীনেই ডেনবুড়ি ঘরত লুঙিলগি। তে তা ঝিবুঅরে ডাগিনেই কল—"ও-ঝি, এচ্যা ভারি গম খেবার আন্যং। পধত এক্ক্য কজমা কদোর ছ' পেইয়ং। সিবা খল্যাত্তুন খুলিনেই কাবিকুদি রানদৈ। মুই এক্কেনা গাঙত্তুন গাধি এযংগৈ।" কধানি কই মত্তন ডেনবুড়ি গাঙত গাধিবেত্যেই গেল।

বুড়ি গাধিবেত্যেই গেলে তা ঝিবুঅ খল্যাবুঅর মুয়ান খুলিলগৈ। খল্যাবুঅ খুলিলেই তে দেঘেদে—পিধ্যাবী দাঁত ভেঘেদেই তা মোক্যা চেই আঘে। তে পিধ্যাবী দাঁত্তুন ভারি ডোল দেল। পিধ্যাবীরে তে পুঝ্যর গরিল—"ত দাঁত্তুন দঅ ভারি ডোল। এক্কেবারে রাঙা

চিক্ চিক্।" আঝলে বিনি পিধ্যা খাদে খাদে বিনি গাবে ধরিনেই তা দাত্তুন রাঙা হ্ইয়ন। পিধ্যাবী সিয়ান বুঝিনেই লগৎ-তগৎ এক্কান বুদ্ধি জোরেল। তে উত্তর দিল—"মরে আগে খল্যাত্তুন নিঘিলা। তঅ দাঁত্তু মুই রাঙা গরি দিম—বুদ্ধি আঘে।" ডেনবুড়ি ঝি-বুঅয় পিধ্যাবীরে নিঘেলেল। নিঘিলিনেই পিধ্যাবী কল—"তুই এক্ক্য তাক্কুয়া তোগেই আন। মুই ইক্কিনে তঅ দাঁত্তুন রাঙা দোক্দোক্যা গরি দিম।" ডেনবুড়ি ঝিবুঅ এক্ক্য ডাঙর আহ্ লাম্বা তাক্কুয়া তোগেই আনিলগৈ। পিধ্যাবী তাক্কুয়াবুঅ আগুনত দিলগৈ। হানক্ষণর মধ্যে তাক্কুয়াবুঅ রাঙা দোক্দোক্যা হ্ই উদিল। সেবেদেন তে ডেনবুড়ি ঝিবুঅরে কুরে ডাগিল। দাঁত্তুন তর রাঙারঙ গুলি দিম কই তে তারে মুহ্ ভেঘেদেই থেবার কল। ডেনবুড়ি ঝিবুঅ মনহুঝিয়ে মুহ্ ভেঘেদেই রল। সে অক্তত পিধ্যাবী রাঙা দোক্দোক্যা তাক্কুয়াবুঅ তা মুহয়ত ভিন্দেই দিল। এক ভিন্দ্যানত ডেনবুড়ি ঝিবুঅ মরি গেল। সেবেদেন পিধ্যাবী গেলগৈ ধেই। এক্কুই ধাবায় তে ঘরত ফিরি এল। ইন্দি ডেনবুড়ি গাঝি-গুধি এই দেঘেগিদে—তা ঝিবুঅ গরম তাক্কুয়া মুহত ভিন্দেয়্যা গরি মরি পড়ি আঘে। পিধ্যাবীরে তোগেই চায়দে—তেঅ খল্যাবত্তুন নিঘিলি যেইয়্যেগৈ। মনদ্দুঘে ডেনবুড়ি আঘাত্যা কানিল।

# পেচ্যা কুল্‌কুলেল খুরুল্যা মাধাত সনার টুপ

বেগিদো পুরোণী আমলর কথা। এক সময় পিত্থিমীত দেখা দিল আঘাত্যা 'কভাত' (রাত)। খেবার কিছু নেই, বনর ফলমূল নেই, ঝাড়র আলু নেই। আঘাত্যা জাড়ে বেক গাছ-বাঁশ মরি যাদন। এই মহা দুর্দিনত পিত্থিমীর মানেইউনরে বাজেবাত্যেই স্বর্গত্তুন লামি এল গঙীমা'র পুয়ো বিয়াত্রা দেবেদা। বিয়াত্রা পিত্থিমীত এ্যাঁই দেঘেদিদে—বেক গাছ-বাশ মরি যেই ফুরদন। ফল-পাগোর ক'ধে নেই—ঝাড়র আলুঅ নেই। বাজি আগনদে বানা ছড়া পারর এরেণ্ডা গাচ্ছুন। বিয়াত্রা এরেণ্ডা গাচ্ছুনরে ডাগি কল - তুমি মানেই উনরে এরেণ্ডা ফল খাবেই বাজেই রাঘেই পারিবানে? এরেণ্ডা গাচ্ছুনে কলাক—গোজেন নানু, পারিবং। মাত্তর দেঘা গেল বানা আড়ি দিনে বেক এরেণ্ডা ফলুন মানেইউনে খেই শেষ গচ্যন। বিয়াত্রার ইয়ান দেই রাগ উদিল। তে এরেণ্ডা গাচ্ছুনরে এগেক লাধি দিনেই কাণ্ডেল বেঙা গরি দিল। সিয়েনে, সিত্তুন ধরি ছড়া পারর এরেণ্ডা গাচ্ছুন হ্‌লেইয়্যা গরি বাড়ি উদন।

কী গরা যায় ভাবদে ভাবদে বিয়াত্রা মনে মনে ঠিগ গরিল ঈঙিরি হ্‌দ নয়। স্বর্গত্তুন মহালক্ষী-রে কোজলি গরি আনা পড়িবগৈ। বিয়াত্রা হ্‌োলিক ন-গরি কালিয়্যা দেবেদারে স্বর্গত পাধেই দিল মা-লক্ষী মা'রে স্বর্গত্তুন আনিবেত্যেই। কালিয়্যা স্বর্গত গেল। মাত্তর স্বর্গত যেই স্বর্গর মদ-জগরা খেই পড়ি রলগৈ চোদু গরি। একসময় আবাদা গরি মনত উদিল তার মা লক্ষীমার কথা। তে মাত্তল্যা গঙত হ্‌লুঙ হ্‌লাঙ গরি মা-লক্ষী মা ইধু যেই তা উদিচ্যগান জানেলগৈ। মা লক্ষী মা মাত্তল্যা কালিয়্যার সমারে এবার রাজী ন-হ্‌ল। কালিয়্যা ফিরি এলগৈ চুধুহাত্তি।

এ-বার বিয়াত্রা নিজে গেল স্বর্গত। তে সিধু যেই এক গুদোয় দেঘা গরিলগৈ মা-লক্ষী মা'র সমারে। তে তারে পিত্থমীত এ্যবাত্যেই কোজলি গরিলগৈ। মা-লক্ষী মা এক কধায় রাজী হ্‌ল। আ লগৎ-তগৎ তার বাহন মে-মে-ছাগলী নিমিজত উড়ি গেল পিত্থিমীত। সিধু পথম মুজুঙত পেলগৈ পেচ্যারে। তে পেচ্যারে খবরান কই পিরভর ফিরি গেল স্বর্গত মা-লক্ষী মা ইধু।

ইন্দি পেচ্যা খবরান শুনি মত্তন রেদে বিয়েলে উড়ি উড়ি কুলকুলেই কুলকুলেই মা-লক্ষী পিত্থিমীত এ্যবার খবরান বেক মানেই লগরে জানেই দিল। মা-লক্ষী মা'র খবরান

শুনি মানেইউনে অমগত্য উচ্য হ্‌লাক। তারা বেন্যা পোত্যা ঘুমত্তুন উদি গেললে রেদোত সুখবর জানেই-দিয়্যা পেখ্যরে তগা ধরিলাক। আ-কবাল্যা পেচ্যা গদা রেত্তুয়া উড়ি উড়ি ভণ্ডি ভণ্ডি আদামে আদামে খবরান ছিদি দি হ্‌রান হ্‌ই পোত্যে আমল্যা ধল-পহ্‌র অক্তত এক্ক্য গাঝঅ অগলঙত সোমেই গেলগৈ ঘুম। অজমনে সে অক্তত খুরুল্যা পেখ্য এক্ক্য গাঝর মরা ঢেলাত বোই খং খং গরি গাঝ খুনি খুনি পুগ তগার। তগাদে তগাদে মানেইউনে তারে দেলাক। তারা ভাবিলাক ইবা হ্‌বদে সুখবর আন্যাপেখ্য। তারা খুরুল্যা পেখ্যরে ডাগিনেই তা মাধাত পড়েই দিলাক সনার টুপ। সিয়েনে কনদে—'পৈচ্যা কুলকুলোয় খুরুল্যা মাধাত সনার টুপ।' বুড়ো-বুড়িয়ে কন শনিবার বেলেত্যা পিত্থিমীত মা-লক্ষী মা এ্যবার খবরান প্রচার হ্‌ইয়্যে। আ মা-লক্ষী মা পিত্থিমীত লুঙ্যেগি মঙ্গলবারে। সিয়েনে মানেইউয়ে মঙ্গলবার আ শনিবার - এ দ্বিবা দিনরে লক্ষীবার ভিলি এঝসঙ মানন।

# শামুক্যা লৈ বাঘ্যার জিদাজিত্যা

এক্ক্যা ডাঙর বাঘ শিগার তগাদে তগাদে হ্রান হ্‌ইনেই এক্কান চিগোন ছড়াত পানি খেবাত্যেই গেল। মোন গড়ার শিল্যছড়া। পহ্‌ণ তার পানিয়ান। রিনি চেহ্‌লে তলাসঙ দেঘা যায়। মাছ - কাঙারা বেক পোতপোত্যা গরি দেঘা যায়। বাঘ্যা ছড়া পারত হ্‌াত থক দিনেয় মু-নিগুরি পানি খার। পানি খাদে খাদে ছড়া তলাত পানি মুরত শিল-কান্যাত এক্ক্যা লেজা শামুক দেঘিল। তে একমনে শামুক্যরে রিনি চেহ্‌ই রলঅ। দেঘেদে শামুক্য অমগত্য লারে লারে গরি শিল-কান্যাত হ্‌াধি বেড়ার। বাঘ্যা হানক্ষণ মন্‌দি শামুক্যরে রিনি চাহ্‌দে চাহ্‌দে ভেঘৎ গরি হ্‌াঝি উদিল। পানি মুরত্তুন শামুক্যা পুঝ্যর গরিল ঃ 'কিত্তেই হাঝিলে?' বাঘ্যা হাঝি জুয়োব দিলঅ ঃ 'তরে হ্‌াঝঙত্তে।' শামুক্যা উল্লোফিরি পুঝ্যর গরিল ঃ 'মরে কিত্তেই হ্‌াঝত্তে?' বাঘ্যা কলঅঃ 'ন-হ্‌াঝিদুঙ কিত্তেই? তুই দেঘদেঅ চিগোন, হেঙেদা আহ্‌ ডোল নেই। হ্‌াধি বেড়াচ্ছ্যেঅ অমগত্য লারে লারে গরি। তর হ্‌াধিযানা দেই মর গারেগায় হ্‌াঝি এযে।' শামুক্যা কধানি শুনিনেই ভারি বেজার পেলঅ। তে কলঅ ঃ 'কি ক'চ্ছ্যে? চিগোন হেঙেদা আহ্‌ ডোল নেই? গোজেনে মরে এসান গরি বানেয়্যে সিঁয়ান-দ মর দুষ নয়। আহ্‌ কি ক'ত্তে? লারে লারে গরি মুই হ্‌াধঙ্গে? হামাক্কায় জিদাজিত্যা চেহ্‌লে হ্‌াধানাদি ম সমারে তুই পারিদ্যে নয়। চেহ্‌বে না কি জিদেজিত্যা?" বাঘ্যা কয়দে ঃ 'হয়-নে, তুই দুমুড়ি পারচ্ছ্যে? তুই-দ ভারি কিরিমিচ্যা কধা ক'চ্ছ্যে সেধয়!' শামুক্যা কয়দে ঃ 'কিরিমিচ্যা কধা নয়। ম'ল্লে দুমুড়ো-দুমুড়ি চেহ্‌লে তুই হ্‌ামাক্কায় পারিদ্যে নয়। সেধাম থেলে চেহ্‌ই সালেন দুমুড়ো-দুমুড়ি। কন্না জিদে - কন্না হ্‌দি যায়!" শামুক্যা বাঘ্য রে হোম্‌হোমেল। শামুক্যার কধানি শুনিনেই বাঘ্যা কেদেক-কেদেক হ্‌াঝি উদিল। হ্‌াঝতে হ্‌াঝত্যে তে গলি গলি পড়িল। জেরেদিতে এত্তুক হ্‌াঝির দম ধরিনেই কলঅ ঃ 'কি ক'চ্ছ্যে হেঙেদা শামুক্যা? ত'ল্লে জিদেজিত্যা? জেচ্যেৎ গরি দেই।' দ্বিজনে হানক্ষন ঊযুদো-ঊযুদি গরিনেই জেরেদি দ্বিজনর জিদেজিত্যা গরানা ঠিগ হ্‌ল। কধা রলঅ—বাঘ্যা পারে পারে দুমুড়িব আহ্‌ শামুক্যা দুমুড়িব পানিয়ে পানিয়ে। দুমুড়ি যেই বাঘ্যা পথমে কুইয়েবগে। সমারে সমারে শামুক্যা কুইয়েব। তে বুঝি পারা যেব কন্না উজেই আঘে।

জিদেজিত্যা হব একদিন জেরে। এযেত্তে কেল্যা। বেন্যা পোত্যা। শামুক্যা রেদে

রেদে কি গরিল - তে ডাগিল নাবালাং মাছ্যরে। তে তারে বাঘ্যালৈ তার জিদেজিত্যার কধানি ভাঙি কলঅ। আহ্ তারে হ্োজেল-'যা, ইক্কিনে হানক্ষনর মধ্যে ছড়ানর থুম সঙ বেক শামুক্কুনরে জানেই দি আয়ঁয়ে যে, বাঘ্যা ছড়া পারর যে জাগানত্তুন কুইয়েবগৈ তা ভালদ্দুর হ্ভলাত্তুন কন' এক্ক্য শমুগে য্যেন সমারে সমারে কুইয়েই উধে। যা, ইক্কিনে জানেই দেগৈ।' কধানি শুনি মত্তন নাবালাঙ্যা গেল দুমুড়ি—দিরমিচ ঠাহ্রেই ন-পায্যা গরি। হানক্ষনর মধ্যে তে ছড়ানর দঝরত্তুন ধরি থুম সঙ শামুক্যার কধান ছড়ার অন্যবেক শামুক্কুনরে জানেই দি এলগৈ।

কধামুজিম তা কেল্যা শামুক্যা আহ্ বাঘ্যার মধ্যে আরম্ভ হ্ল জিদেজিত্যা। বাঘ্যা মনে মনে ভাবেদে - ইয়ান-দ জিদেজিত্যা নয় - ইয়ান হ্লদে এত্তুক চলাচলি। তা পারা মেহ্ত্তল শামুক তে কিঙিরি দুমুড়িব! কধার গঙত কইয়্যে দে আয়! সিয়েনে পথমে তে এত্তুক হুচ ঘনঅ গরি মুজুঙ্যা গেল ছড়ার আগারেদি মোক্যা গরি। কুদ্দুর যেই তে পিঝেদি গত্তনা বাবেই কুইয়েলগৈ—'কু-ই'। সমারে সমারে ছড়ার আগারেত্তুন একবাগ ফারক গরি এক্ক্য শামুক কুইয়েই উদিল—'কু-ই'। শুনিনেই বাঘ্যা এত্তুক আমক হ্ল। হ্য়্দে দেই শামুক্যা দুমুড়ি পারেদে! কিঙিরি গেল এদ্দুরত? তে সেবেদেন এবারত এত্তুক সারে পারা গরি এক দুমুড় দিল। আহ্ এক দুমুড়দি থামিনেই দিল কুই — 'কু-ই'। মুজুঙেদি ছড়া আগারেত্তুন ভালদ্দুর আগেত্তুন এক্ক্য শামুক সাহ্র দিল—'কু-ই'। এবারত বাঘ্যা জদে পদে আমক হ্ল। শামুক্যা এত্তমান দুমুড়ি পারেদে! এবারত তে তার যেত্তমান বল আঘে পরান যোক্-থোক্ গরি দিল দুমুড়। ফভাদে ফভাদে তে এক্কান জাগাত থামিনেই পিঝেদি মু বাবেই কুই কারিলগৈ—'কু-ই'। এবারতঅ বেগিদো আগেরেত্তুন এক্কা শামুগে জুয়োব দিলঅ— 'কু-ই'। শুনিনেই বাঘ্যা আমগর উগুরে চুদু হ্ল! জেচ্যেৎ গরি দেই শামুক্যা দুমুড়ি পারে দে! আর বাঘ্যার মুয়ত কন কধা নেই। হানক্ষন ধেন্দা গরি হ্াত থক্দি থেই জেরেদি জিদেজিত্যা হ্েভাদি ধেই গেলগৈ অঘুর তারুমর মোক্যা। হ্দিযানার লাজে ভালকদিন ধরি সে ছড়ানত তে আর পানি খা ন-এল।

# গুন্‌ছ কুমরী পশ্চন

একদিন কুমারদ্বীপ নাঙর এক গাবুচ্যা জুম ছুল্‌দে ছুল্‌দে এক্ক্য ডোল গুনছ পেল। তজিম দোক্‌দোক্যা রাঙা গুন্‌ছ। দেলে ধরিবার মনে কয়—পুছ্যেবার মনে কয়। তে গুন্‌ছবুঅ শিলুম' খল্যাত ভরেই ঘরত আনি তার ছ'বুঅ ভোঝরে দেঘেলগি। গুনছবুঅ দেইনেই তা ভোঝচ্যুনে বিগিদি গরি কলাক—"লক্‌খ, বানা গুন্‌ছ দেঘেনেই কী হ্‌ব। যনি সেধাম থায়দে হয়, সালেন এই গুন্‌ছ-বুঅ ধোক্যান রাঙা দোক্‌দোক্যা বৌ এক্ক্য তোগেই আনি আমারে দেঘেই পারিবেনি?" কুমারদ্বীপ কল—"মুই হামাক্কায় আনি পারিমবৈ। যনি গুন্‌ছবুঅর রঙে রঙ কন' মিলা-তোগেই ন-পাঙ, সালেন মুই জীংকানিভরি মোক লোদুং নয়।" তা ভোঝচ্যুনে হাঝি কলাক—"সালেন জেচ্যেৎগরি লক্‌খ?" কুমারদ্বীপ জুয়োব দিল—"জেচ্যেৎগরি"।

কধামুজিম সেদিন্যাই কুমারদ্বীপ গুন্‌ছ-বুঅ খল্যাত ভরেই হ্‌াধত এক্ক্য লুধিক ধরি ঘরত্তুন লর দিল দেঝ ভঙানীত। গুন্‌ছ-বুঅ ধোক্যান রাঙা দোক্‌দোক্যা মিলা এক্ক্য তার তোগেই পা পড়িবই পড়িব। তে এক আদামত্তুন আরেক আদামত—এক জাগাত্তুন আরেক জাগাত—এক বামত্তুন আরেক বামত—এক দেঝত্তুন আরেক দেঝত ভঙা ধরিল। তে এক্ক্য রাঙা বাবত্যা ডোল মিলা দেলে খল্যাত্তুন গুন্‌ছ-বুঅ নিঘিলেই রিনি চায়। আহ্‌ গুন্‌ছ-বুঅ রঙানদৈ মিলাবুঅর কেয়্যা রঙান মিলেয় চায়। মাত্তর গুন্‌ছ বুঅ ধোক্যান রাঙা দোক্‌দোক্যা মিলা কনত্যাৎ তোগেই ন-পায়। কুমারদ্বীপ তো মাত্তর ভঙানা হেমা নঅদে। তে ভাবেদে'—যিদুসিধু হামাক্কায় গুন্‌ছ-বুঅর রঙে রঙ মিলা তোগেই পেবই পেব।

বেগিদো জাগা ভঙদে ভঙদে একসময় ভরন্দি আদামত লুঙিলগৈ বেল্যা মাধান। তে আদামর পধেদি হ্‌াদি যাদে যাদে দেঘেদে এক্কান ঘরর ঈজোরত এক্ক্য তজিম দোক্‌দোক্যা রাঙাচাঙা গাবুর মিলা দেঘা যায়। তে লগৎ তগৎ মুরে মুরে খল্যাত্তুন তা গুন্‌ছ বুঅ নিঘিলেই একবার গুন্‌ছবুঅ রিনি চেল আহ্‌ একবার গাবুর মিলা-বুঅ রিনি চেলঅ। দেঘেদে এগই বাবত্যা রঙ। এত্তুগ' বেচ-কম নেই। তে বার বার গুন্‌ছ-বুঅ রঙান আহ্‌ মিলাবুঅর কেয়্যা রঙান মিলেয় চেল। না, হামাক্কায় কন' লর চর নেই। সেবেদেন তে সাত-পাচ কিচ্ছু ন-ভাবি সেই ঘরানত যেই এক রেদোত্যেই গরবা উদিলগৈ।

কুমারদ্বীপ ঘরানত উদিনেই নিজরে দুরদেঝর পরবাস্যা ভিলি চিন দিনেয় বানা একরেদোর নাঙে আশ্রয়র কথা কলগৈ। ঘরর বুড়চ্যা কল— "প্পরবাস্যারে আশ্রয় দেনা দঅ গিরিথর ধর্ম। কন' অসুবিধা ন-হ্‌ব।" কুমারদ্বীপ হুঝি হ্‌ইনেই কল—" একরেত ম-ত্যেই এত্তুগ কষ্ট গরিবা-দে আয়। কেল্যা বেন্যা পোত্যা-সবরে বেল উদিবার আক্কে মুই লর দিম।" কধানি কই মত্তন তে বুড়চ্যারে খল্যাত্তুন তা গুনছ-বুঅ আহ্‌ লুধিক্য গোজেই দিল। বুড়চ্যা তা গাবুর ঝিরে ডাগিনেই কল—"মা-গুনছ-কুমারী, গরবা-বুঅর গুনছ-বুঅ আহ্‌ লুধিক্য সোম্বরী থৈ দে-গৈ, যা।" লগৎ-তগৎ গুনছ কুমারী মাধা নিঘুরি য়েই তা বাপর হাধত্তুন গুনছ-বুঅ আহ্‌ লুধিক্য লই গেলগৈ।

কুমারদ্বীপ সে জেরে বুড়চ্যালৈ নানান বাবত্যা গবসব দিল। কধায় কধায় তে বুড়চ্যাদাগি ঘরর নানান খবর জানি লল। বুড়চ্যাত্তুন তে জানিল—তারা ঘরবুঅ কধে বানা তিন জন। বুড়চ্যা, বুড়ি আহ্‌ গুনছ কুমারী। নিত্তাগে গুনছকুমারী বুড়চ্যা-বুড়ির সদর ঝি নয়। তারে তারা আদেয় পায় পারা পেইয়নদে। বুড়চ্যা কইয়্যে তারার গুরো গারা কধে কিওজন নেই। সিয়েনে তারার অনসুর মনদ্দুখ। একদিন তারা দ্বি-বুড়চ্যা-বুড়ি জুম ছুলদে ছুলদে গুনছ শাগত এক্ক্য রাঙা দোক্‌দোক্যা গুনছ পেইয়ন। বুড়ি সিবা হাদি পেজৎ গরি আনি বিজোর থবার নাঙে সুন্দুগর উগুরে সোম্বরী থলগৈ। মাত্তর, আহ্‌মক হ্‌বার লাক, একরেত বিদি যেই তা কেল্যা বেন্যা দেঘা যায়দে সুন্দুগর উগুরে দোক্‌দোক্যা রাঙা মিলা-ছঅ এক্ক্য হ্‌াত-ঠেং লাড়ি লাড়ি খারা খর। বুড়চ্যা-বুড়ি ইবা ভগবানর দান আদেয় ধন ভিলি ভাবিনেই সিব্যারে পুঝিলাক—গাবুর-সুন্দর গরিলাক। ইক্কিনে ইব্যাতেই এক্ক্য জামেই পেলে হয়। সালেন তারা দ্বি-বুড়চ্যা-বুড়ি মনসুঘে চোখ হাদি পারিবাক। কধায় কধায় কুমারদ্বীপঅ তারার ঘর-গিরিথির কধা কিঝু বুড়চ্যারে কই শুনেল। আহ্‌ শুনেল নানান দেঝ ভঙনীর কধা। ভালক্ষন সঙ গবসবদি তারা ভাত দেইদেই ঘুমত পলাক।

বেন্যা পোত্যারাজি অক্তত বুড়চ্যা গুনছ কুমারীরে ঘুমত্তুন জাগেই তুলি কল—"মা, গরবা-বুঅরে ভাত রানি দেগৈ। তে বেল উদিবারে আক্কে খেইদেই লর দি পেব।"

গুনছকুমারী ত্বরা-তাঙারি ঘুমত্তুন উদিনেয় হ্‌াত-মুহ্‌ ধোই ভাত রানি দিল। পহ্‌র ফাদি উদিবার আগেই তে গরবা-বুঅরে ভাত খাবেল।

এবারত লর দিবার পালা কুমারদ্বীপর। তে বুড়চ্যাত্তুন তা গুনছবুঅ আহ্‌ লুধিক্য মাগিল। বুড়চ্যা গুনছকুমারীরে ডাগি কল-'মা, গরবা-বুঅর গুনছ-বুঅ আহ্‌ লুধিক্য তোগেই আনি দেগৈ। গুনছ কুমারী গুনছ আহ্‌ লুধিক্য তোগেই চেইনেই ন-পেল। নিত্তাগে বুড়ি রেদোত কন্‌ বেতর্গে গুনছ-বুঅ থৈ দিয়েগৈ পাগানা বিগুন ঝাগাত আহ্‌ লুধিক্য থৈ-

দিয়েগে দারবুঅ কুরত্। পোত্যা আমল্যা ভাত রানদে পাগানা বিগুনঅ লগে গুনছ-বুঅ রানা যেইয়্যে আহ্ লুধিক্য দারবুঅ লগে আঙা যেইয়্যে।

ভালক্ষন ধরি তগা-তগির জেরেঅ গুনছবুঅ আহ্ লুধিক্য পাহ্ নগেল। বুড়চ্যা-বুড়ি দঅ এব্বেরে মুহ চুধো—আহ্মক গুনছকুমারী। গুনছবুঅ পাগানা বিগুনর সমারে রাহ্না যেইয়্যে আহ্ লুধিক্য দারবুঅ ভিলি আগুনত আঙা যেইয়্যে। তগাদে তগাদে হ্রান। জেরে কুমারদ্বীপে কয়দে—"মঅ দরপ্যানি হামাক্কায় মর হ্দেহ্ত পাহ্ পড়িবই পড়িব।" নিত্তাগে যিয়েনি হদাংশিক নেই, তোগেলেঅ সিয়েনি পেবগে কুত্তুন? জেরেন্দি কুমারদ্বীপ বুড়চ্যা-বুড়িরে ডাগিনেই কল—"সালেন মঅ গুনছ-বুঅ আহ্ লুধিক্য আজায় মরে গুনছ কুমারীরে গোজেই দিয়া পড়িব।" বুড়চ্যা-বুড়ি আহ্ কী গরিবাক! শেষমেষ তারা কুমারদ্বীপর হ্াধত গুনছ কুমারীরে গোজেই দিলাক। গুনছ কুমারীরে লঘে নিঁনেয় কুমারদ্বীপ ঘরমুখ্যা লর দিল। যেই ধারাজে তে এধক দিন ধরি ঘর ছাড়িনেই দেঝ ভঙের তার সেই ধারাজ পুরেইয়্যে। এবারত ঘরত ফিরিনেই তা ভোঝউনরে বাহ্ড় গরি পারিবগে তে। ইন্দি গুনছ কুমারীঅ মনে মনে অমগত্য হুঝি। তার মনত আঘে, একদিন এক গণক্যায় তারে গণেইদি কইয়্যে—একদিন যে মরদত্যুঅ এক্ক্য রাঙা দোক্দোক্যা গুনছ হ্াধত গরি তারা ঘরত লুঙিবগি, সিবাই হ্ব তার জীংকানি সমার—তার আওঝর নেক। মাত্তর পয়লা তা জীংকানিত বেগিদো ফারাদঝা আঘে। সত্য মনে থেলে একদিন বেক ফারাদঝা কাদি যেবগে। সিয়েনে তে গুনছবলা কুমারদ্বীপরে দেখ্যে ধরি তাজিম মনে তারে নেক ভিলি গজি লইয়্যে।

কুমারদ্বীপে আহ্ গুনছকুমারী নানান গবসব আহ্ নোনেয়্যা কধা কইকই হ্াদি যাদন কুমারদ্বীপ দাগির ঘরমুক্যা। তারা এক আদাম পার হ্ই এক আদাম, এক বাম ছাড়ি আরেক বাম পার হ্ই যাদন। হ্রান হ্লে জিরাদন। এক সময় তারা এক্কান অঘুর তারুম বনত লুঙিলাক্কৈ। তারুম বনর সেরেদি হ্াদি যাদে যাদে তারা অমগত্য হ্রান হ্লাক। কুমারদ্বীপ কল—"আমা ঘরান আর বেচ দূরত নয়। এই তারুম বনান ফেলেই গেলে পেবংগে এক্কান সঙ-কলক। সিয়ানই আমার আদামর বাম।" গুনছকুমারী কল—"মুই পানিথাঝে আহ্ পেটপড়ায় হ্াদি নপারঙর আর। এত্তুগ জিরেবংগে পারাপাঙ।" কুমারদ্বীপ কল—"হয়, জিরেবংগে। ইত্তুন এক জিরানে ঘরত লুঙিবংগে।" তারা এক্কান পানি রিঝাঙর কুরে এক্কান আড়িমাক্যা গম জাগা তোগেই জিরেবাত্যেই থামিলাক। তারা পথমে রিঝাঙ' নালত্তুন পানি খেলাককৈ। পানিখেই ছাড়িনেই কুমারদ্বীপ গুনছকুমারীরে কয়দে—"পেটপড়ায় দঅ এব্বেরে হ্য়নয় হ্লং। তুই জিরানী জাগানত বোই থাক, মুই কায়-কুরত্তুন কয়েক্ক্য ফল-পাগোর তোগেই আনংগে।" কুমারদ্বীপ কধানি কই গুনছকুমারীরে জিরানীখলাত ফেলেই

যেই ফল তগা গেল।

ইন্দি আল্যড়ত্তুন তারারে দেখ্যে এক্ক্য রেক্ষ্‌ঝী মিলা। তে চায়দে এবারত ভারি যু। কুমারদ্বীপ নেই। গুন্‌ছকুমারী গায় গায় আঘে। ইক্কিনে এক্কান বুদ্ধি গরানা দরকার। সেবেদেন রেক্ষ্‌ঝী গরল কি—তে এক্ক্য ডোল মানেই মিলা সাজিল আহ্ দেঘা দিলগী গুন্‌ছ কুমারী মুজুঙে। তে হ্‌ঝি হ্‌ঝি গুন্‌ছকুমারীরে কলগি—"এধক অঘুর তারুমত গায় গায় তুই কন্না? কুত্তুন তুই এযর?" গুন্‌ছকুমারী তা চিন দিল। আহ্ তা নেক্যই ফল তগাল্লে ভিলি তারে কল। ডোল মিলা সাঝনী রেক্ষ্‌ঝী কল—"সালেন দঅ তুই আমার নুয়ো পাড়াল্যা। মঅ ঘরানঅ কুমারদ্বীপ দাগির আদামত। কায়কি ঘর। মুই মঅ বাপর ঘরত বেড়েবাত্যেই যেইয়ংগে। এই তারুমানর হ্ভলাদি মঅ বাপর ঘর। গম হ্‌ইয়্যে সালেন। এক সমারে যেই পারিবং।" কধানি কধে কধে তে গুন্‌ছকুমারীর কুরে বজিলগি।

তারা দ্বিজনে নানান কধাবাত্তা কওয়া ধরিলাক। এক সময় রেক্ষ্‌ঝী কয়দ্যে—"গুন্‌ছকুমারী, তঅ রূবোরাদিয়্যানি দঅ বারি ডোল। মরে কেনযান সাজে এক্কেনা দেনা পিনিচাঙ"। গুন্‌ছকুমারী সরল মনে তা রূবোরাদিয়্যানি খুলিনেই রেক্ষ্‌ঝীরে পিনিবার দিল। সিয়েনি পিনিনেই রেক্ষ্‌ঝী কল—"আয় দেই, পানিছাভাত রিনি চেইয়োই মরে কেনযান সাজে।"

রিঝাঙর তলেদি ডাঙর এক্ক্য শিলকুয়ো আঘে। তারা দ্ব্যজনে কুয়োপারত গেলাক। আহ্ নিঘুরিনেই পানিছাভাত রিনি চাহ্ ধরিলাক্‌কৈ। রেক্ষ্‌ঝী চায়দে এবারত দঅ যু। তে গুন্‌ছকুমারীরে এক ঠেলায় কুয়োত ফেলেই দিল। গুন্‌ছকুমারী গভীন পানিকুয়োত হানক্ষন সাঝুরীনেই জেরেদি ডুবি গেল। ত্বরাতাঙরী রেক্ষ্‌ঝী গুনছকুমারী জাগানত বোই রল'গি।

হানক্ষন জেরে কুমারদ্বীপ ভালক্ষুন ফলপাগোর নিনেয় ফিরি এলগৈ। তে রেক্ষ্‌ঝীরে দেইনেই কেনযান কেনযান পেল। তে কল—"তরে দঅ কেন্‌যান কেনযান লাগের।। তঅ কেয়্যা রঙানঅ আগত্তুন সুম যেইয়্যে। তরে কালা কালা লাগের।" রেক্ষ্‌ঝী কল—"রোদে রোদে হ্‌াদি এত্তে এত্তে মঅ কেয়্যা রঙান সুম যেইয়্যে। ঘরত গেলে কয়েকদিন জিরেলেগৈ ঠিগ হ্ব।" কুমারদ্বীপঅ রেক্ষ্‌ঝীর কধানদৈ বুঝ পেল।

তারা দ্বিজনে ফল-পাগোর খেইদেই আর' হানক্ষন জিরেনেই ঘর মুক্যা লর দিলাক। কুদ্দুর হ্‌াদিনেই তারা তারুমান পার হ্‌ই গেলাক। আদাম' পথান হানক্ষন হ্‌াদিনেই তারা ঘরত লুঙিলাক্ কৈ। ঘরত লুঙিনেই কুমারদ্বীপ' ভোঝচ্যনে বৌ-বুঅ রিনি চেলাক্‌কি। তারা কলাক—"বৌ-বুঅ সারে পারা। মাত্তর গুন্‌ছ ধক কেয়্যা রঙান নয়দে আয়।" কুমারদ্বীপ কন' উত্তর নঅদি মাধা নিঘুরি রল।

ফল তগানিত্তুন ফিরিনেই তা মোক্যরে দেখ্যেঘি ধরি কুমারদ্বীপর মনানত ফুজুফাজা জন্মেয়্যে। অনসুর তার মনে হয় গুন্ছকুমারী কেনযান য্যেন বদলি যেইয়্যে। কধাবাত্তানি আগসান্যা নয়, চাল-চলন আগবাবত্যা নয়। মেয়্যাদয়্যা গরানাগান সেধক গভীন নয়—সদর নয়। উগুরে উগুরে। সিয়েনে কুমারদ্বীপ অনসুর মন ভার ভার গরি থায়।

ইন্দি গুন্ছকুমারীর ভেচ ধোচ্যা রেক্ষঝী পত্তি মাহ্ঝে-চানে নানা দুরোদুরি আদামত বেড়েবাত্যেই যায় ইত্য-কুদুমর সমারে দেখা গরিবার নাঙ কই। তা নেক্যই যেবার চেলেঅ তারে তে লঘে ন-নেযায়। কিত্যেই ননেযায় পুঝ্যর গরিলেঅ ডোলে উত্তর নঅদে। কালিক কয়দে—"সমারে গেলে অনতিত্যা হব"—পুঝ্যর গরিলে ন-কয়। বানা কয়দে— "জেরেদি কোম।" কুমারদ্বীপঅ অগমান পেই কিচ্ছু আর পুঝ্যর ন-গরে। ইরুক রেক্ষঝী পত্তি সাপ্তায় সাপ্তায় তার কুদুমর ঘরত বেড়েবাত্যেই যায়। তে কুধু যায় কুমারদ্বীপেঅ খবর ন-লয়।

কুমারদ্বীপ অনসুর মনগুমোর গরি থায়। কনঅ কাম তার হ্াধত নউধে। একদিন তে গায় গায় সেই তারুম ঝারানত গেল। তার আন্দাজ গুন্ছকুমারী হলেভ' সেই তারুমানত আটকেই আঘে। তে তারুম বনর পধেদি যাদে যাদে সেই জাগানত লুঙিলগৈ ঘিয়ত জিরেয়্যন, পানি খেইয়্যন। সিয়ত যেই তে রিনি চাহ্দে চাহ্দে দেঘেদে পানি রিঝ্যাঙানর তলেদি আঘেদে শিল্য কুয়োবুঅত এক্ক্যডোল রাঙা দোক্দোক্যা পদ্মফুল। পদ্মফুল্য দেঘা মাত্রই তা পরানান কেনযান জানি চিগুৎ গরি উধিল। তে আরঅ দেহ্ল—ফুল্য রিনি চাহ্নার লগে লগে তামোক্যা এত্তুগ লঙি পড়িল। তার মনে হ্ল—ফুল্যই তারে সালাম জানেল। তে ত্বরা-তাঙরি শিল্যকুয়োবত লামিনেই সাজুরি যেই ফুল্য ছিনি আনিলগৈ। আহ্ ফুল্য চুমি চুমি তাজিম মেয়্যার বুঘত বাযেই বাযেই ঘরত আনিল।

কুমারদ্বীপ ফুল্যরে তা বিছ্যনর শিধানর কুরেদি থলগি। রেক্ষঝী ফুল্য দেইনেই পুঝ্যর গরিল—"এ পদ্মফুল্য কুধু পেলেগৈ?" কুমারদ্বীপ উত্তর দিল—"তঅ বাপদাগি ঘরত্তুন ফিরি এত্তে আমি সেই অজার তারুম ঝাড়ানত যেই জাগানত জিরেয়েই সিয়ত শিল্যকুয়োবুঅত পেইয়ংগে। ভারি ডোল দেইনেই ছিনি আন্যংগে।" রেক্ষঝী মনে মনে কিয়াজ গরিল—ইবা গুন্ছকুমারী হ্ই পারে। জনম বদলি ফুল হ্ইয়্যেদে। তে মুরে মুরে চোঘে চোখ গরি র'ল।

রেক্ষঝী লক্ষ্য গরিল—রেদো সন্তাগত ফুল্যত্তুন পোতপোত্যা সদক বাহ্র হ্য়। সদক বাহ্র হ্লে ফুল্যত তে গবর পানি ছিদি দেগৈ। গবর পানি ছিদি দিল্লেই ফুল্যর সদক্কান মিলেই যায়। তে আরক্কান লক্ষ্য গরিল দশ-বার দিন পরেঅ ফুল্য চিধ্যা নহ্য়। সিয়েনে রেক্ষঝী মনে মনে বিশ্বেচ গরিল—এই ফুল্য হামাক্কায় জনম বদল্যা গুনছকুমারী। তে

আঘাত্যা রাগে একদিন কুমারদ্বীপ নেইদ্যে অক্তত ফুল্যরে ছিনিকুদি দলামজা গরি ঘরর কুরর পানি কুয়োবুঅত ফেলেই দিলগৈ। ফুলর জনমত্তুন গুন্‌ছকুমারী এবারত হ্‌ল এক্ক্য উগোল মাছ। ডাঙর কানফাদা উগোল পানিঘাদ' কুয়োবুঅত অনেঘে তারে দেঘনদৈ। মাত্তর রেক্ষ্মী মাছ্য নদেঘেগৈ। কুমারদ্বীপর ছয়জন ভোঝে যক্‌কেন পানি হজা যান, তারারে উগোল মাছ্যই পানিয়ান পোত্‌পোত্যা গরি পোনেই দে আহ্‌ রেক্ষ্মী পানি হজা গেলে বেঁক পানিয়ান কুলুক গরি দিনেই পানিমূরত মাছ্যই পোল্যেই থায়।

এই উগোল মাছ্যর কধাগান ডাঙর ছয় জালে কুঅকি গরণ। সিয়ান রেক্ষ্মী একদিন শুনিল। তে বুঝি পারিল— সালেন গুন্‌ছকুমারী উগোল মাচ হ্‌ইনেই জন্মেয়্যেদে সেধয়! দেঘা যোক—মুইঅ তারে খেমিদুং নয়। তে সেবেদেন লুই-পুল্যাং নিনেয় একদিন পানিকুয়োবুঅ হ্‌ঝিলগৈ। পেল উগোল মাছ্য। তে সিবারে পেদা সমেত আগুনত ছিগি খেল। মাত্তর কাঙেল' কাদাবুঅ পিঝিরেদি ছেইঅ কুরবোত ফেলেই দিলগৈ। সেই ছেইঅ কূরবুঅত্তুন উদিল এক্ক্য বেল গাছ। দিনে দিনে বেলগাছ্য বাড়ি উদিল। একসময় বেলগাছ্য ডাঙর-দিঘোল হ্‌ই সিয়ত ফুল ফুদিলগি। মাত্তর ধরিল বানা এক্ক্য বেল ফল। বেলগুলো-বুঅ পাগি উদিলে কুমারদ্বীপ সিবা পাড়ি আনি যত্তন গরি শিধ্যানর কুরে এক্কান মাজাত সোম্বরী থল'গি।

কুদুমর ঘরত বেড়েবার ছল ধরি দূরবামত চড়াত যেইয়্যে রেক্ষ্মী। ভালক ভিলোন ধরি তে ঘরত নেই। কমলে ফিরির খবর নেই। ইন্দি কুমারদ্বীপ যেদিন্যা বেলগুলো-বুঅ ছিনি আনি সোম্বরী থৈয়েগি সেদিন্যাত্তুন ধরি ঘরত আহ্‌মক হ্‌বার লাগ এক্কান ঘদনা ঘদা ধরিল। কন্না জানি পত্তি রেদোত ঘর-দুয়োর তেলতেল্যা গরি চুহ্‌ড়িদে, পিলাহাড়িগুন ডোলেই গরি মাজি দে, পানি কুম-কোত্তি ভরন গরি ভরি দে, জাগা জিনিস জাগাত সোম্বরী দে, থালত একজনর অজন ভাত বাড়ি থোই দে আহ্‌ কুমারদ্বীপর ধুদি পেঝত পানর পিক বাজেই দে। একদিন, দ্বি-দিন, তিনদিন যাদে একদিন কুমারদ্বীপ রেদোত চুগি দিবার মনযুক গরিল। তে সে রেদোত ঘুমর ছল দিনেয় বিছ্যনত অলর গরি পড়ি রল। রেদো সম্ভাগত বেগে ঘুমে অলর হলে তে দেঘেদে—শিধ্যানঅ কুরর মাজা উগুরে থোইয়্যা বেলগুলোবুঅত্তুন সদক ছিদি পড়ের—পোতপোত্যা সদক। সদগে গদা ঘরান পহ্‌র হ্‌ই উঠ্যে। কুমারদ্বীপ দেঘং-নদেঘং গরি চেহ্‌ই রল। তে দেঘেদে—এক সময় সেই বেলগুলো-বুঅ ফাদিনেই নিঘিল্ল এক ডোল এক্ক্য দেবকন্যা সান্যা মিলা। আগর গুন্‌ছকুমারীত্তুন বেচ ডোল। মিলাবুঅ বেলগুলো-বুঅত্তুন নিঘিলি মত্তন ঘরান ডোলেই গরি চুহ্‌ড়িল, পিলা-হাড়ি কাজেল, ভাত-তোন রানিল, তে নিজে ভাত খেল, এক্ক্য থালত একজনর অজন ভাত বাড়ি থোই দিল,

কুম-কোত্তিত পানি ভরিল, কালি পিল্যাগুন ডোলেই মাজি থল আহ্ জেরেদি বেক কাম ফুরেলে তার হ্যাদি পেজতবান্যা চিগোন এক্ক্য পান গুলুগত্তুন এক খিলিক পান খেই এত্তুক পান পিক কুমারদ্বীপর ধুদি পেজত বাজেই দিল। সেবেদেন পহ্‌র ফাদি উখে উখে উল্লোফিরি বেলগুলো-বুঅত সোমেলগে। কুমারদ্বীপ বেক দেইনেই আহ্‌মক হ্‌ল। তে ভাবিল—ইবা দেবকন্যা না পরীকন্যা? না তার সেই আগর গুন্‌ছকুমারী? তে মনে মনে ঠিক গরিল—দেবকন্যা বা পরীকন্যা যে-ই হ্‌োক এচ্যা তারে ধরি রাঘেবই রাঘেব। আহ্ পুঝ্যর গরিব তে কন্না? কিত্তেই বা তে ইয়েনি গরে? সেদিন্যা রেদোত তে আগ'সান্যাগরি ঘুম' ছলদি পড়ি রল। অক্ত-মজিম বেলগুলো-বুঅত্তুন সেই মিলাবুঅ সদক ছিদিনেই নিঘিলিল। এক্কানর জেরে এক্কান কাম গরি ফুরেই যককেন তে পান খিলিক্য খেই পান পিক কুমারদ্বীপর ধুদি পেজত বাজেই দিবাত্যেই গেল এমেন সময় কুমারদ্বীপ বিছ্যনত্তুন তাগৎগরি উদিনেই মিলাবুঅর পিনন' পেছ্যত ধরিল। মিলাবুঅ ত্বরা-তাঙরি কয়দে—"কুমার-কুমার, লজেৎ নধরি পেজৎধর।" কুমারদ্বীপ পিনন' পেছ্য ছাড়িনেই যেই হ্যাদি পেছ্যত ধরিল মিলাবুঅ হ্যাদিয়ান খুয়োইনেই ধাভা ধাভা যেই বেলগুলোবুঅত সোমেলগে। সেদিন্যা কুমারদ্বীপ ধরি পেইনেইঅ মিলাবুরে হ্যারেল। জেরর দিন কুমারদ্বীপ ঘুম' ছল ধরি বারচেই রল'। এচ্যা যক্কেন তে মিলাবুঅরে ধরিল মিলাবুঅয় কয়দ্যে—"কুমোর লেজৎ ন ধরি পেজৎ ধর।" এচ্যা কুমার দ্বীপ সিয়ান ন মানিল। তে পিননানত ধরি রল। আহ্ পুঝ্যর গরিল—"তুই কন্না? মরে ভাঙি কঅ?" গুনছকুমারী বেক ভাঙি কল'। সেই তারুমানত রেক্ষঝীলে কিঙিরি দেঘা হ্‌ল, সে জেরে কি হ্‌ল' বেক। বেক শুনিনেই কুমার দ্বীপ কল' উচিৎ শিক্ষা দিম। তে গুনছ কুমারীরে পোল্যেই রাঘেল'। তা দ্বি-একদিন জেরে রেক্ষঝী চড়াত্তুন ফিরি এলেগে কুমার দ্বীপ তারে আজান্দাত আক্রমন গরি কাবি ফেলেল। সেদিন্যাত্তুন ধরি গুনছ কুমোরী আহ্ কুমার দ্বীপ দ্বিজনে সুঘে-শান্দিয়ে সংসার গরা ধরিলাক।

# দেবাবুঅ এধক অজলত কিয়্যা ?

বেগিদো পুরনি দিনর কধা। সেক্কেনে ভিলে দেবাবুঅ এল পিত্থিমীর কায়কি। এত্তুক অজল জাগাত্তুন হ্াত বাভেলে লাগত পায়। সিয়েনে দেবাবুঅ অনসুর ঝড় দিদঅ। মাত্তর সেই হ্াদ' কুরর দেবাবুঅ একদিন আবাদা গরি এঘামার গুজুরী গুজুরী সাতদিন সাত রেত সঙ এমেন অজলত উদিলগৈ যে, কন' মানুঝর সেদাম নেই তারে লাগত পায়। দেবাবুঅ কিত্তেই উদিলগৈ এত্তমান অজলত ? এ পইদ্যানে বুড়ো-বুড়িয়ে এক্কান ডোল পশ্চন কহ্‌ন। পশ্চনান হ্লদে এধোক্যা ঃ

এক গিরিত্থ ঘর বৌ। তে এল অমগত্য আলসী আহ্ হত্তাল। এত্তুক অনতিত্যা হ্লে তার কুত্যেরি উধে। গ্যেল্‌দে আ ঝন্‌ঝনায়। তে বানা খায়-দায় আহ্ গদা দিন্য পুঙ্ পুঙ্ ঘুম যায়। সিয়েনত্যেই কিওজনে এত্তুক কহ্‌বারচেহ্‌লে তে হ্দা জগার পারি কোই উধে— "আয়োচ গরি মুই গড়ি থাঙ্‌গে নি ? মর যে কধক অসুখ—পেটপীড়া, মাধা পীড়া, তুমি খবর পঅ নি ?" এ বাবত্যা আরঅ কধক পীড়া কধা শুনেইদে সিয়ান কহ্‌বার নয়। তার এই হত্তাল স্বভাবত্যেই পারতে ভাগে তারে বেগে জ্বোলেদাক ন-চাহ্‌ন।

বৌ-বুঅর এমেন হ্াভাল দেহ্‌ই একদিন তা শোওরীবুঅ এক্কান বুদ্ধি হাদেল। তা শোওরীবুঅ সেদিন্যা জুমর কামত যেবার আগে তারে এক ডিাঁঙরা ভিজ্যা ধান দেঘেই দি কহ্‌ল—"বৌ-বুঅ ! এচ্যা এ ধানুন রোদত শুগেচ। ধানুন শুগোনা নহ্‌লে বেল্যা পেদত ভাত সোমেদ' নয়।" বৌ-বুঅ তা শোওরীর কথা ঠেলি ন-পারি আলসীর মাধা খেই লারে লারে মাধা লাড়েই য়িঁ পুরেল।

বেক্কুন বাগর কামত গেলেগৈ বৌ-বুঅ তা শোওরী কধা মুজিম ঘরর চানাত্তুন ধানুন ইজোরত তলৈ বিজেই মেলি দিলগৈ। মাত্তর আগাচ্যান মাদির বেগিদো কায়কি হ্নার ফলে হাক্‌কে হাক্‌কে ঝড় দে। সিয়েনে বৌ-বুঅ পড়িল আঘাত্যা পেজালত। ঝড় আনিলে ধানুন ভরায় আহ্ ঝড় থেঘেলে ধানুন ইজোরত নিঘিলায়।

বার বার ধানুন ভরাদে আহ্ নিঘিলাদে বৌ-বুঅ জা-নে-হ্য়-নয়। দেবাবুঅ কিত্তেই জানি সেদিন্যা এধক হেৎ গরের। আল্‌চোনীরে ধুমেবাত্যেই নি কনঅ ? ইন্দি বেচারী বৌ-বুঅ আজের কহ্‌ধে ন-পাহ্‌র। কধক ধানুন নিঘিলেব আহ্ সোম্বরিবঅ। একসময় বৌ-

বুঅত্তুন উধিল অমগত্য কুত্যেরী। কুত্যেরী উধি তে কী গরিল—দেবাবুঅরে গ্যেল দেদে দেদে দিল সোরোনদরা বুঅলৈ কয়েক বারি। সোরোনদরা বারি খেই উদিল দেবাবুঅত্তুন অমগত্য রাগ। রাগ ন-উদিব কিত্যেই? যেই সেই বারি-দ নয়, সোরোনদরা বারি! সোরোনদরা হ্‌লদে বেগত্তুন অসিজি কিনেই ভুদেঅ ডরান। সোরোনদরা দেহ্‌লে ভুদে সাত বাশ ফারক গরি যান। সিয়েনে দেবাবুঅ কী গরিল—সাত দিন সাত রেত গুজুরি গুজুরি আঘাত্যা ঝড় দেদে দেদে দেবা-পেরাক গরি গরি উদিলগৈ অজলত্তুন অজলত। সিয়ান এমেন কারঅ বাপর সাধ্য নেই তা সিধু লুঙিরাললৈ ধরিবার লৈ। বুড়ো-বুড়িয়ে কহ্‌ন-সিয়েনে দেবাবুঅ ইক্কিনে আঘেগৈ এধঁক অজলত। কনদিন তারে আর লাগত পেবার নয়।

# চানানর আঙচ্যা-পূন্নিমা হ্‌য় কিত্তেই?

চান আ বেল—তারা দ্বি-ভেই। চানান ডাঙর—বেলান চিগোন। এক সময় তারা দ্ব্য-জনে এলাক সঙ সঙ দক সদগর অধিকারী। তারার বাপ হ্‌লদে গোজেন। তে দ্বিবা পুয়োরে পালা পালা গরি অনসুর পিখিমীয়ানত পহ্‌র ছিদি দিবেত্যেই দায়িত্ব দিয়্যে। সিয়েনে সে লক্ষেন ন-এল রেত ন-এল দিন। দ্বি-ভেই গাদা পল্লা গরি পিখিমীয়ানরে সদক ছিদি দ্যন। মানুঝর চোঘতঅ ঘুম ভিলি কিচ্ছু ন-এল। অনসুর তারা জাগি থান।

সে সময়ত পিখিমীত 'নরসিং'-নাঙে একজন তজিম গুণ-মন্দর জানিয়্যা বৈদ্য এল। তে একবার অঘুর তারুমত ভঙদে ভঙদে 'বজ-ধারণ লুদি'-নাঙর এক্কান দারু তোগেই শুক পেইয়্যে, যিয়ানদৈ মরা মানয্যরে জিয়েই তুলি পারা যায়। কেয়্যাত এক্‌ক্ষেপ লাগেলে হ্‌য়, সাতদিন্যা মরাঅ জিয়েই উধে। নরসিং দারুআন পেই অমগত্য উচ্য হ্‌ল। তে ভাবিল—এবারত মানুযর মরনান জয় গরা যেবঅ। এ দারুআনদৈ পিখিমীর মানুষ হ্‌দাংশিক মরতাক নয়। তে উচ্য-পুচ্যয় দারুআন লঘে গরি আনি ঘরর মূল থুনিবুঅর সমারে মন্দর দিনেয় বন্ গরি থলগি।

ইন্দি চানানে সে অক্তত আগাঝত্তুন পিখিমীয়ানরে সদক ছিদি দের। তে নরসিং-অর দারু তোগেই পাহ্‌না আহ্‌ দারুআন সোম্বরি থনা—ইয়ানি বেক দেহ্‌ল। তে ভাবিল ঃ নরসিং-অর এ দারুয়ানর গুণে পিখিমীত আর-দঅ মানুষ মরতাক নয়। সিয়ান হলে গোজেনর সিরিখি লামা দঅ থামি যেবগৈ। যিগুন জন্মেবাক সিগুন ন-মরিলে পিখিমীত মানুযে ভরি যেবাক। গোজেনর উদিচ্যে মানুযর ধারাচ কমি যেব—বিশ্বাচ কমি যেব। ইয়ান দঅ হ্‌ই ন-পারে। সিয়েনে তে ভাবিল—নরসিং-অর এ দারুয়ান চুর গরি আনা পড়িবগৈ। তে দারুয়ান চুর গরিবার ভ তগা ধরিল।

ভ তগাদে তগাদে আগাঝত্তুন চানানে দেহ্‌ল নরসিং ঘরত নেই। ঝারত আরঅ দারু তগা যেইয়্যে। তে দেহ্‌ল ইক্কিনেই দারুয়ান চুর গরি আনিবার অক্ত। যেমেন ভাবনা সেমেন কাম। তে চুবে চুবে নরসিং-অর ঘরত লুঙিলগি। সে অক্তত ঘরর উদোনত নরসিং-অর ঝি-বুঅ ঢিঙি-শালত তুয পজ্যের। চানানে চুবে চুবে নরসিং-অর ঘরত সোমেলগৈ। আহ্‌ ঘরানর মুল থুনিত্তুন দারুয়ান ফারক গরি ন পারিল। বেগিদো চেরাষত্যা গরিনেইঅ তে দারুয়ান হুয়োই নিবার চেহ্‌ল। মাত্তর নরসিং-অর মন্দরর তেজে থুনিত্তুন দারুয়ান খুলি ন-পারিল, সেবেদেন কুত্যেরী উধি গদা ঘরান ঘরভিদ্যা সমেত উগুরেই তুলি সিয়ান বুগিনেই

গেলগৈ।

সে অক্কত ঘরর উদোনত এক্যা বটগাঝর ছাভাত নরসিং-অর ঝি-বুঅ ডিঙি শালত বারা পজ্যের। তা কুরে কালা কুগুর-বুঅ তুষ খার। চানানে উদোন সমেত ঘরান আগাঝত তুলি নেযানার ফলে তারাঅ গেলাক্কৈ লঘে গরি। ঈঙিরি তা বাপ গোজেনর সিরিখি হ্ভাল থিধো রাঘানার উদিচ্যে চানানে দারুয়ান চুর গরি নিল। পিত্থিমীর মানুচ্যনে মরণ-জয়ী আনমূল দারুয়ানত্তুন চিরদিনত্যেই বঞ্চিত রই গেলাক।

ইন্দি নরসিং ফিরি এেইনেই চায়য়িদে তা ঘরানর কনঅ চিহ্নঅ নেই। তা মূল ঘরান মাদি হুন্তোক গরি উগুরেই নেযানার ফলে তা ঝি-বোয়্যঅ নেই-হ্লিম্য কালা কুগুরব্যঅ নেই। নরসিং পথম আমক হ্ল। জেরেন্দি তে ধ্যান গরি মেহ্ত পেল যে, চানানে বজধারণ লুদিয়ান চুর গরিবেত্যেই এেই সিয়ান ঘরর থুনিবুঅত্তুন ফারক গরি নি নপারি গদা ঘরান হুন্তোক গরি উগুরেই লই যেইয়্যেগৈ। সে সমারে তা ঝি-বুঅ আহ্ কুগুরবুঅয্য যেইয়্যন্দে। বেক মেহ্ত পেই নরসিং-অর আঘাত্যা অজংচং রাগ উদিল। অমগত্য রাগে তা দ্বি-চোঘত্তুন আগুন নিঘিলের য্যেন। তে সেবেদেন মন্দর জবি জবি চানানরে দিল অভিশাপ। সেই অভিশাপর ফলে চানানর তঅ গেল কমি। বেল সদক উইদ্যা কেয়্যাত পড়িলে তঅ ফুদি য্যেন কেয়্যা পরায়, চানর সদগে আর নপরায়। বরং চানর সদক লাগেদে সুনযুকমাক্যা।

আঘাত্যা তুরবলা অভিশাপর ফলে চানানর দুষমাক্যা শাস্তি হ্লেঅ বুড়চ্যা নরসিং আর ফিরি নপেল তা ঝি-বুঅ আহ্ তা কালা কুগুরবুঅ। মানেইয়্যে নপেলাক চিরদিনত্যেই সেই অমরত্বর দারুয়ান। নরসিং-অর ঝি-বুঅ আহ্ কালা কুগুরবুঅ চির দিনত্যেই থেই গেলাক চানানর বুঘত। পিত্থিমীত তারার আর ফিরানা নহ্ল। সিয়েনে বুড়ো-বুড়িয়ে এঝ তারার নাদিন-পুদিনরে চানানর কিত্যা আঙুল দেঘেই দি কহ্ন—উইয়্যবুঅ রিনি চঅ চানানর বুঘত এঝ' নরসিং-অর ঝি-বুঅ দেঘা যায়, দেঘা যায় কালা কুগুরবুঅ আহ্ ঝুবুর বটগাছ্য। সিধু বজ-ধারণ দারুয়ান আঘে কিনেই তারা ন মরণ—বাজি আঘন চিরদিন। তারা আরঅ কহ্ন—চানানর আঙচ্যা-পূন্নিমা কিত্তেই হ্য় খবর পঅ? নরসিং-অর কালা কুগুরবুঅর যেক্কেনে তা গিরোচ্যরে ঈধোত উধে সেক্কেনে তে চানানরে কামর দে আঘাত্যা গরি। সিয়েনে কুগুরর বিষে চানানে কালা হ্য়। সে লক্কেন চানানর হ্য় আঙচ্যা। আহ্ যেক্কেনে চানানর কুগুরর বিষ কমি যেই গাগলিগম হ্য়, সেক্কেনে চানান হ্য় পোত্পোত্যা। চানানর সেই পোতপোত্যা অক্তগান হ্লদে - পূন্নিমা। তারা কহ্ন—আমি ভিলে আগেদি ঘুম নযেদঙ। মাত্তর যেদিন্যা চানানে নরসিং-অর বজ-ধারণ লুদিয়ান চুর গরি নেযার, সেদিন্যা পিত্থিমীর মান্যো কিওজনে নদেঘন পারা চানানে বেক মানুযর চোগত ঘুম ছিদি দিয়্যে। সিয়েনে সিত্তুন ধরি রেত হ্লে মানুচ্যনর ঘুম এযে আহ্ তারা ঘুম যান।

# রাঞ্জুনীর সিরিখ্খি হ্‌ল কিঙিরি?

বজম্মত্তীর এক্ক্য গরি নোনেয়্যা ঝি। তা নাঙান হ্‌লদে গঙীমা। মুড়োয়-কলগে নাজি বেড়ায়। থাকতে থাকতে তে ডাঙর-দীঘোল হোল—গাবুর-সুন্দর হোল। একদিন আগাঝর দেবেদা দেবারাজর সমারে আবাদা গরি দেঘা হ্‌ল তার। পত্থম দেঘাত তারার কোচ পাপি হোল—মনপাপি হোল। দেঘাহ্‌নার জেরেত্তুন ধরি তারা দ্বিজনর মিলন হ্‌য় চুবে চুবে—কিওজনে খবর নপেইয়্যা গরি।

ইন্দি মা বজম্মত্তী বৈয়ারত্তুন শুনিল গঙীমা আহ্‌ দেবারাজর কোচপাপির কথা। তে মনে মনে জামেই ঠিগ গরি থৈয়্যে দর্যায়ানরে। সিয়েনে তে অমগত্য ঝাদি ঝাদি খবর দিল দর্যারে। বজম্মত্তী তারে জানেল—ম ঝি-বুঅ গঙীরে তদ্যেই বৌ দিম। গঙীমা রে দেহ্‌ই দর্যারঅ অমগত্য মনত পড়িল। তেঅ এক কথায় রাজী হ্‌ল। সিয়েনে অমগত্য ঝাদি ঝাদি মেলা হ্‌ই গেল গঙীমা'র সমারে দর্যার।

ইন্দি আগাচ-দেবেদা দেবারাজ মনদ্দুঘে বেনাল হ্‌ল। তে আর কি গরিব! তে দিনে-রেদে বেয়াল গরি কানিল। তার চোঘ' পানি ঝড়ফুদো সান গরি পড়িলগি পিত্থিমীত। দেবারাজর সেই কানানা হ্‌ল ঝড়দেনা। দেবারাজে কানদে কানদে পিত্থিমী মোক্যা মেল্যা দিল আগুন লুরো। সেই আগুন লুরোউন হ্‌লদে দেবা পেরাক আহ্‌ আগাঝ' বাজ। পিত্থিমীত সিয়েনে সিত্তুন ধরি ঝড় দে—দেবা-পেরাক গরে—আগাঝ' বাজ পড়ে।

গঙী মা'র সমারে দেবারাজর আর মিলন নহ্‌লেঅ দেবারাজে কনদিন পুহ্‌রি নফেলায় গঙী মা'র কথা। সিয়েনে কন কন সময় দেবারাজে গঙীমা'র উদিচ্যে পাধেইদ্যে তারার কোচপাপির ডোল এক্কান নিঝেনী—সাত রঙর সুধোলৈ বানেয়্যা রঙচঙ্যা এক্কান ফুলখাদি। এই ফুল খাদিয়ান হ্‌লদে রাঞ্জুনী। এই ফুলখাদিয়ানর দ্বিমাধা বেঙা গরি গঙীমা'র উদিচ্যে লঙি পড়ে। বারিঝ্যা অক্তত ঝড় দেনার জেরে বা আগে এই ফুলখাদিয়ান আগাঝত্তুন দ্বি-মাধা ধুলিপয্যা গরি দেঘা যায়। সিয়ানরে পিত্থিমীর মানয্যে কনদে রাঞ্জুনী।

## জ্বলন্যা পশচন

এক আদামত আঘে একজন গিরিখ্। তা নাঙ জ্বলন্যা। তার আঘে এক্য মোক। তা নাঙান জ্বলনী। তারার দ্বিজনর সংসার। পুয়ো-ঝি নেই। আদামত ঘনাত্যা কুদুম কধ্যে কিওজন নেই। কাঙারা হকপারা জুম গরিলেঅ দ্বিবা পেট তারার তরি যায়।

একদিন জ্বলন্যা বেন্যা পোত্যা জুম কামত গেল। জুমন ঘরর কুরে। রিনি চেহ্‌লে দেঘা যায়। সিয়েনে লঘে গরি ভাতমজা নিয়্যা ন-পরে—দাবা-ধুন্দো-পানি নিয়্যা ন-পরে। কাম গত্তে গত্তে হ্‌রান হ্‌লে জ্বলন্যা ঘরত জিরায়্যি—দাবা-ধুন্দো খায়্যি।

জ্বলন্যা এক বাগ ধুজেই জিরেবাত্যেই ঘরমোক্যা এল। ঘরর কুরে লুঙিনেই তা নাগত ধুজিলগি চনা চনা সোত্যাবাচ। তে বুঝিল তা মোক্য জ্বলনী কনক্কান সোত্যা তোন রানের। জেরে শুনিল ঝেঁৎ-ঝাঁৎ শব্দ। তে বুঝিল তা মোক্য কি এক্কান তেলৎ ভাঝা গরের। জ্বলন্যা ভারি কিরিমিচ্যা। তে পোল্যেই পোল্যেই ঘরর কুরে লুঙিনেই শুনি রল'গি। ইন্দি জ্বলনী তেল কোরেইয়্যাত বিগুন ভাজা গরের। জ্বলন্যা কানা সেরেদি রিনি চেহ্‌ল জ্বলনী কি গরের। জ্বলনী কদক্কানি বিগুণ কত্তা ভাজা গরিল বেক রিনি চেহ্‌ল। জ্বলনীর বিগুন ভাজা গরানা থুম হ্‌লে জ্বলন্যা ভেদা ন-দি চুবে চুবে ফিরি গেল। জ্বলনীরে কিচ্ছু বুঝিবার ন-দিল।

জ্বলন্যা অক্ত মাক্যা দিবুচ্যা মাধান ঘরত ফিরি এল। তে ঘরত ফিরি এলে জ্বলন্যা জ্বলনী দ্বিজনে ভাত খেবাত্যেই বলাক। জ্বলনী ভাত পৈয়ত জ্বলন্যারে পথমে বানা তিনান বিগুণ ভাজা দিল। সিয়ান দেই জ্বলন্যা ত্বরাতাঙরী কই উদিল ঃ 'ঝেঁৎ-ঝুঁৎ বার / পাদাত কিয়্যা তিন!' জ্বলনী উত্তর দিল ঃ 'খেই চা—হ্ জ্বলন্যা / আর' কিঝু দিম।' জ্বলনী মাত্তর মনে মনে ভারি আমক হ্‌ল—জ্বলন্যা কিঙিরি খবর পেল তে বারআন বানা বিগুন ভাজা গচ্যে! তে ভাবিল—জ্বলন্যা হামাক্কায় গণেই পারে।

সে জেরে একদিন জ্বলন্যা রেদ সন্ত্যাগত ঘুম ন-এযের কিনেই আবাদা গরি গীত গা ধরিল। তা গীত্য হ্‌লদে ঃ 'কুরের লে কুরের / ফেলার লে ফেলার / পিঝে ফিরি চাহ্‌র।' গীত্যর কন' আগা নেই—গড়া নেই। মনে কর গীত গাত্তে আয়। ইন্দি তা গীত্য শুনিলাক এক দাঘি চুরে। জ্বলন্যা ঘরর কুরে এক্য থাগৈয়্যা মান্যর ঘরত চুর গরিবাত্যেই গাত কুরতন তারা সে অক্তত। তারার একদাগিয়ে মাদি কুরন একদাগিয়ে মাদি ফেলান আ তাগৎ তাগৎ

পিজে ফিরি চাহ্‌ন। তারা জ্বলন্যার গীত্য শুনিনেই তত্ত্ব হ্‌লাক—অমগত্য ডরেই গেলাক। তারা জ্বলন্যা ইধু এ্যই সালাম গরি পলাক্‌কি। জ্বলন্যা অবস্থাআন বুঝিল। তে কল ঃ তমারে মুই মাপ দিলুং। মাত্তর এবারত্তুন ধরি চুর ন-গরিবা। আ তমা তাগল-কদালানি ফেলেই যেই পেবা। চুরুনে হাম খেলাক। আ তারার তাগল কদালানি্‌ জ্বলন্যারে দি-গেলাক।

বেন্যা পোত্যা কধানি ফগদাঙ হ্‌ল। বেগে মনে গরিলাক জ্বলন্যা হামাক্কায় গণেই পারে। জ্বলনীঅ বিগুন ভাজার কধান বেগরে কই শুনেল। তারার কিয়াচ্যান আর' দড়মড় হ্‌ল। সেদিন্যাত্তুন ধরি চৌকিত্যা জ্বলন্যা একজন পয়নাঙী গণেয়্যা ভিলি কধান ছিদি গেল।

ইন্দি একদিন রাজঘরত রাণীর হীরার আন্ধিক্য হ্‌ল চুর। কন্‌না চুর গচ্যে খবর নেই। রাজা ভাবিল—গণক্যালৈ গণা পড়িব। তে মন্ত্রীরে ডাগিনেই কল—একজন কাবিল গণক্যা তোগেই আন। মন্ত্রী সিবেই সান্ধারী দিনেই গণক্যা তগা ধরিল। জেরেন্দি তে একজনত্তুন শুনিল এক আদামত জ্বলন্যা নাঙে একজন পয়নাঙী গণক্যা আঘে। আঘাত্যা গণেই পারে। মন্ত্রী রাজারে খবরান কলগৈ। রাজা শুনিনেই তক্কানত সিবেই পাধেল জ্বলন্যারে অনিবাত্যেই।

জ্বলন্যা ঘরত রাজার সিবেইউন যেই যককেন রাজার এত্তেলার কধা শুনেলাককৈ জ্বলন্যা-দ বেকুব। তা মুয়ত্তুন কধা বাহ্‌র ন-হ্‌য়। চলদে চলদে এত্তমান হ্‌লদে! এবারত হামাক্কায় পরান যেব। তে আর কী গরিব। রাজ হুগুমে সিবেইউনর সমারে গির্‌গিরাদে গির্‌গিরাদে লুঙিলগি। রাজায় জ্বলন্যারে কল ঃ রাণীর হীরার আন্ধিক্য হারেয়্যে। শুন্যঙ তুই ভিলে একজন কাবিল গণক্যা। গণেইদি রাণীর আন্ধিক্য বাহ্‌র গরি দ্যা পড়িব।

রাজার হুগুম শুনিনেই জ্বলন্যা মনে মনে ভাবিল - মরণ যক্‌কেন ঘান্দা দুয়োরত লুঙ্যেগি, ডরেইনে লাভ নেই। তে হিয়্যা দড় গরি রাজারে কল ঃ মহারাজ চিদ্যা ন-গরিচ আন্ধিক্য মুই বাহ্‌র গরি দিম। মাত্তর মরে একরেত সময় দিয়্যা পড়িব। জ্বলন্যা কধায় রাজা হুঝি হ্‌ল। তে জ্বলন্যারে এক রেদোর সময় দিল।

জ্বলন্যারে রাজার গরবা ঘরত থলাককৈ। রেদোত জ্বলন্যা মনে মনে ভাবিল কী হ্‌ই পারে - কিঙিরি তে গণেই দিব। ইন্দি রাজঘরর যে দাসীবুঅ রাণীর হীরার আন্ধিক্য চুর গচ্যে তা মনত লাগিল বিড়বিড়ি। এধক পয়নাঙী গণক্যা। ঠিক ঠিক গণেই দিলে-দ মুই শেষ। তে থোরি থেই ন-পারি চুবে চুবে জ্বলন্যা আগেদে ঘরানর কুরে থিয়েলগি জ্বলন্যা কি গরের রিনি চেবাত্যেই।

ইন্দি জ্বলন্যা-দ ভাবদে ভাবদে অদ্ধ পাগল সান হ্‌ইয়্যে। রাজঘরত নরম ফুলর বিছ্যনত ঘুমত পড়িনেইঅ মনত শান্দি নেই-সুখ নেই। এযেত্তে কেল্যা পরাণ যেব সিয়ান তে ডোলে গরি মেহ্‌ত পার। তে মনে মনে নানান কধা ভাবের আ কবাল বিন্দেয় বিন্দেয় মুয়েদি নানান

ফুলুফালা ভায মাদের। এন্ সময় জ্বলন্যা দেল—জ্বলন্দি চেরাক্য কুরে এক্য ফিরিঙ ইন্দি-উন্দি উড়ের। জ্বলন্যার সিন্দি মন গেল। তে ফিরিঙ্যরে উদিচ্য গরি বিড়বিড়েই কই উদিল—ফিরিঙি আর বেচ দেরী নেই, তর হামাক্কায় পরাণান যেব। পোল্যেই শুনি আঘেগিদে দাসীবুঅ নাঙান হ্লদে 'ফিরিঙি'। জ্বলন্যার কধান শুনিনেই তার বুক গির্‌গিরেই উদিল। গণক্যা ঘেঘেচ্যা দেই মুই চুর গচ্যঙ ভিলি খবর পেইয়্যেদে। ডরে তে কানি উদিল। নিজর পরাণ বাজেবাত্যেই তে গণক্যারে কোজলী গরি ডাগিল। জ্বলন্যা দুয়োরান খুলি দিল। রাজার দাসী ফিরিঙি জ্বলন্যারে দ্বিয়ান ঠেঙত আজা গরি ধরি পরাণ ভিক্ষা চেহ্‌ল আ আন্ধিক্য গজেই দিল। জ্বলন্যা-দ আমক! জেরেন্দি তে ফিরিঙিরে কল—তরে বাজেবার এক্কান বুদ্ধি আঘে। তুই আন্ধিক্য রাজঘরর পিজিরেদি ছেই কুরর পঝিম কিত্যাদি লুগেই থগে। মুই কেল্যা বেন্যা সিত্তুন আন্ধিক্য নিঘিলেই দিম। স্নালেন তুই বাজিবে। ফিরিঙি জ্বলন্যা কধা মুজিম কাম গরিল। জেরেন্দি জ্বলন্যা গদা রেত্য মনর সুঘে ঘুম গেল।

বেন্যা পোত্যা জ্বলন্যা ঘুমত্তুন উদিল। তে তরাতাঙরি রাজারে যেই কলগে - মহারাজ্য রেদোত মুই ডোলে গরি গণেই আন্ধিক্য কুধু আঘে সুক পেইয়ঙ। তে রাজারে জাগান দেঘেই দিল। কধামুজিম বাজার সিবেই সান্ধারী সমেত রাজা রাজঘরর পিজিরেদি গেল আ আন্ধিক্য ছেই কুরর পঝিমমোক্য গরি তগা বাজেই দিল। সিবেইউনে এত্তুক তোগেই রাণীর হীরার আন্ধিক্য পেলাক। আন্ধিক্য পেই রাজা-রাণী বেগে হুঝি হলাক। হুঝি হ্ই রাজা জ্বলন্যারে বেগিদো তেঙা-পয়ঝ্যা, ধন-দৌলত পুরস্কার দিল। পুরস্কারানি লৈ জ্বলন্যা হুঝি মনে ঘরমোক্যা ফিরি গেল। ইন্দি ফিরিঙিঅ পরানে বাজিল।

# সুদোত্তুবি আহ্ ভান্য বিলেই

এখে এক্ক্য এল ভান্য বিলেই আ এল এক্ক্য সুদোত্তুবি। কী জানি কিত্তেই, — একদিন তে যাজিনেই 'বন্' পাদেলগি সুদোত্তুবির সমারে! মাত্তর হ্জার হ্োক, বিলেই হ্লাক্কে বাঘর মৈঝাঙা। মিত্তর হ্লেঅ সুদোত্তুবিবো সিয়েনে হি্ঝেব গরি চলে অনসুর। ঢেলায় ঢেলায়, পাদায় পাদায়, উড়ি উড়ি ভঙি ভঙি ফারক গরি থায়। নখ থেইনেইঅ যিগুনে নখ লুগেই থান, সিগুনরে কী বিশ্বেচ? কী জানি কক্কেনে 'ভরাৎ' গরি ঝাভায়?

এযান গরি দিনুন বিদি যাদন।

থাগত্তে থাগত্তে এক সময় সুদোত্তুবিবোর বডা পড়িবার অক্ত হ্ল। আ তে হিজিচ্যাগরি বাহ্ বানিবেত্যেই লাগি গেল আড়িমাক্যা ঝুবর আল্যড়ত।

বিলেইবো মাত্তর খবর-বাত্তা লয়। তে মাঝে মধ্যে ঝুবর তলাত এেই খুজ-খবর নেযায়,—পুঝ্যর গরে সুদোত্তুবিরে—"বন্! ত ঘর বানানি হ্ল কুদ্দুর?"

সুদোত্তুবিবো কয় বুদ্ধি গরি "এই-দ বানা দ্বি-এক কথা ফেজাকজা থুভেয়্যঙ্গে আয়।"

ইন্দি মাত্তর সুদোত্তুবিবো ঘর বানানা সারা গরি এযের। কয়বো দিন জেরে আরঅ লুঙিলুগি ভান্য বিলেইবো। তে পুঝোর গরিলগি সুদোত্তুবিরে—"বন্ ঘর হ্ল কুদ্দুর?"

"বন্ এঝ তে ঘরানত কেদাকতুক দ্যঙগে" জুয়োব ফিরেল সুদোত্তুবিবো। নিত্তাগে মাত্তর ঘরান তে কমলে সারা গরি সিয়ত বডাঅ পাড়চ্যে দ্বিবা।

আরঅ কয়দিন জেরে তত্ব-তালাবি নিবেত্তেই এেল হ্লা বিলেইবো, —"বন্! ত ঘর হ্ল কুদ্দুর"

"এই-দ বানা সারা হ্লদে"—জুয়োব দিল সুদোত্তুবিবো। আঝলে সেলক্কেন সুদোত্তুবিবোর বডাগুণ ফুদেনেই ছঅ নিঘিল্যন।

আরঅ কয়বো দিন যেই আবার ভেদা দিলগি হ্লাবো,—"বন্! ত ঘর হ্ল কুদ্দুর?"

সুদোত্তুবি কলঅ,—"বডা পাড়চ্যঙ-দ বন্! সিগুন ইক্কিনে উম দ্যঙত্তে আয়।"

ইন্দি সুদেত্তুবির ছঅগুণ মাত্তর বেগিদো ডাঙর-দীঘোল হ্ইয়ন আহ্ সঙফোর হ্ই এত্তুক উড়না শিখ্যন। আরঅ কয়েকদিনর ভিদিরে ছঅগুণ যক্কেন ডোলে গরি উড়না শিঘিলাক সক্কেন আরঅ খবর নিবেত্যেই এেল হ্লা বিলেইবো,—"বন্! ত ঘর হ্ল

কুদ্দুর"?

সুদোত্তুবিবো এবারত বলপেয়্যা গরি কলঅ,—"ভারি সুখবর বন্! ভারি ডোল দ্বিবা ছঅ হইয়ন মর।"

যেই না কধান কলঅ, হ্লা বিলেইবো সেবেদেন দুদ্দুরেই একফাল মারি উদিলগে গাছ্যত। আহ্ ঝাবেলগে সুদোত্তুবিবোর বাহ্বোত 'ভরাৎ' গরি। মাত্তর ঝাবেলেঅ কি হ্বঅ? ছঅগুণ সে আক্কেই 'ফুডুৎ ফুডুৎ' গরি উড়িনেই পোল্যেই গেলাক্কে যে যিন্দি পারে।

হ্লা বিলেইবোর লাজপানাদেই সুদোত্তুবিবো উচ্যায় উভোলফাল! কুরে এল এক্য কাদাবলা বিগুন গাঝর ঝুপ। তে সেই ঝুপ্যর উগুরে তিড়িং তিড়িং নাজা ধরিল আ হুঝি গঙত গীত গা ধরিল,—

"গাঝত উধি দুখ পেলঅ
মঅ বনে-দ লাজ পেলঅ
ইঁ-হিঁঃ ইঁ - হিঁঃ যক্-রে যক!
যক্-রে যক্!!"

সুদোত্তুবিবো অমগত্য উচ্যায় গীদর তালে তালে ডুয়ো লারি লারি পুন ধুলেই ধুলেই কালিক নাজের আহ্ নাজের। নাজদে নাজদে আবাদা গরি 'ভুরুৎ' গরি তার পুনত সোমেলগে এক্য কাদা। পুনত কাদা সমানার লগে লগে থামি গেল নাচ। শুলোনি যন্ত্রনায় সুদোত্তুবিবো উড়ি গেল দির্মিচ থারেই নপারি। উড়ি যাদে যাদে তে লুঙিলগে নাবিত্য ঘরত। সুদোত্তুবিবো কোজলি গরি কলঅগে নাবিত্যরে,—

"নাবিত ভেইয়্যা সারচ্
ম পুনঅ কাদাবোনি
খুয়োই দি পারচ্?"

তারে দেই নাবিদ্যা মুপিচ্যেনেই কলঅ,—"আরে, পাগল সুদোত্তুবি! এ্যাই এত্তুকগরি কেয়্যান তর—খুরান বাজেই দিলে দ টিগ্‌টিগেই মরি যেবে! যাগে-যাগে, ইত্তুন যাগে।"

"কী? এধক হেলাফেলা! কেয়্যা চিগোন ভিলি চোঘত এত্তুগ' ন-লাগে। এধক অপমান!"—সুদোত্তুবিবো অমগত্য রাগে আ অগমানে ভুদ্‌ভুদেই ভুদ্‌ভুদেই সিত্তুন উড়ি গেলগে। মাত্তর যেবার আগে নাবিদ্যারে দোমি গেল - "চিগোন ভিলি চোঘত ন-লাগেদে; দেঘা যোক্, মুই তরে একদিন দেঘেই দিম!"

এক কিত্তেদি কাদার শুলোনি অন্যকিত্তেদি অগমান। সুদোত্তুবিবো গঙ্দি গেল উন্দুরবো ইধু। তে তারে কলঅগে,—

"উন্দুর ভেইয়্যা সারচ্
নাবিদ্যা সচ-পদরানি
কামেড়েইদি পারচ?"

"ও-মারে-মা! সিয়েনি কী কধা সুদোত্তুবি ভেইয়্যা"—উন্দুরবো তা কধানি উড়েইদি কলঅ,—"কিঙিরি সিয়ান মুই পারিম? নাবিদ্যা তা সচ-পদরানি থয় টাঙেই টাঙেই লাগত নপেইয়্যা জাগাত। মুই কিঙিরি স্যা সিয়েনি কামেড়েই দিম?"

উন্দুচ্যার জুয়োব শুনিনেই সুদোত্তুবির রাগ উদিল চঙ্গা গরি। তে রাগে-মাগে কোই উদিল,—"কিঙিরি কামেড়েই দিম! বুঝিবে জেরেদি। এধক অক্ঘিন্য। চিগোন কেয়্যা ভিলি চোঘত ন-লাগেদে—"

এবারত সুদোত্তুবি উড়ি গেল ভজা বিলেইবো ইধু। তা মুজুঙে যেই তে কলঅগে,—

"বিলেই ভেইয়্যা সারচ্
উন্দুচ্যারে নি তুই
কামেড়েই পারচ্?"

হাত্তানি লিয়েই লিয়েই বিলেইবো কলঅ গম্ভীর হ্ই,—"তে থায় অনসুর, গাদঅ ভিদিরে পোল্যেনেই। মুই তারে লাগত পেম কিঙিরি?"

"এতে-অ দেঘঙত্তে তারা সান্যা" সুদোত্তুবিবো ভাবিল মনে মনে। এবারত তে আরঅ বেচ অগমান পেই লুঙিলগৈ কুগুরবোর ইধু,—

"কুগুর ভেইয়্যা সারচ্
বিলেইবোরে নি
কামেড়েই পারচ্"?

"তে থায় পোল্যেই পোল্যেই। কাঙ্ কাঙ্ গরি তা কুরে গেলে তে এগই ধাভায় গাঝত উধি বোই থায়্যে। মুই তারে ধরিম কিঙিরি?"—কোই উদিল কুগুরবো।

"এদেঅ-দ চাঙত্তে এগই ভ। বেক বিজিত্যা কধা।" মনে মনে মেহ্ত গরিল সুদোত্তুবিবো। মাত্তর ভাবিল—"উজু আঙুলে ঘি নউধে। কধায় কহ্নদে - যেমেন কুগুর সেমেন মুগোর। যাঙর সালেন সেই মুগোরবো ইধু। নাগরচান, এত্তুক জেরে ডোলে গরি টের পেবে।" কধানি ভাবি মত্তন তে লুঙিলগৈ মুগোরবো ইধু—

"মুগোর ভেইয়্যা সারচ্
কুগুরবো রে নি তুই
মুগুরেই পারচ্?"

মুগোরবো এত্তুক নোনেয়্যা গরি সুদোত্তুবিরে কলঅ-"বুঝিচ্ ভেইধন! মুই-দ আর হ্‌াধি নপারঙ তমা সান্যা। কিওজনে মরে ধরিনেই ন-মারিলেগৈ কুগুরবো মুগুরো যেব কিঙিরি? তুই এত্তুক মূরত পড়ি ডোলে গরি ভাবি চাহ্।"

"উঁ-হুঁ, উঁ-হু! এ লুগিয়্যা-দ আলসি হুমঘর সেধয়! কধানি নরম হ্‌লে কি হ্‌ভ? পেদঅ ভিদিরে সাত্তান চাহ্‌রি। মাত্তর এতারে সাজা দিম কিঙিরি? হামাক্কায় এক্কান ভ গরা পড়িব"— ভাবিল সুদোত্তুবিবো। আঘাত্যা রাগে তে গজাঙ মারি সিত্তুন যেই লুঙিলগৈ আগুনানর ইধু।

সিধু যেই তে কলঅগৈ—

"আগুন-ভেইয়্যা সারচ্!
মুগোরবোরে নি
পুড়ি ফেলেই পারচ্?"

আগুনানে কলঅ—"হামাক্কায় পারঙ! তারে পুড়ি ফেলাদে কদক্ষণ? মাত্তর কধা হ্‌লদে কি, কিওজনে তারে আগুনত নদিলেগি' মুই তারে পুড়ি ফেলেম কিঙিরি?"

বার বার ধুচ খাদে খাদে সুদোত্তুবিবো হ্‌রান হ্‌লঅ। পত্তি জাগাত নাফল হ্‌লঅ তে। কোজলি গরি বুঝেনেই কলেঅ কনঅ কাম ন-হ্‌য়। উজু গরি কলেঅ তারা কিত্তেই জানি বেঙা গরি শুনন। তে ভাবিল-গদা দুনিয়ার বেগে পারাপ্যাঙ তারলৈ চালাকী গরতন দে। ত্যো তে হে্‌ভা নদি এবারত গেল পানিয়ানর ইধু। তা ইধু যেই তে কলঅগৈ—

"পানি ভেইয়্যা সারচ্!
আগুনান নি
মারেই ফেলেই পারচ্?"

সুদোত্তুবির কধা শুনি পানিয়ানে উঘুদো হ্‌াঝি হ্‌াঝি গলি পড়ের। তে কয়দে-"শুন্ ভেইয়্যা ম কধান! মুই আগুন মারেই ন পারিলে আহ্ কন্না পাড়িব? মাত্তর কধান হ্‌লদে কন্না মরে আগুনানর ইধু ছিদি দিবগৈ? একজনে তা ইধু মরে লৈ গেলে দঅ হয়।"

তা কধার ছিরি শুনিনেই সুদোত্তুবির যেন বুক জ্বলি যায়। বেক ফন্দির কধা। একজনে লৈ গেলে তে হ্‌য়, নলেন ন হ্‌য়। কধাবাত্তার এক্কান ধুযি আঘে? ইয়েনি কিধোক্যান গা-সরয্যা কধা। কালিক পিঠ বাজেবার বুদ্ধি। রাগে অজংচং হ্‌ই এবারত তে গেল য়েইত্য ইধু—

"য়েইথ্ ভেইয়্যা সারচ্!
পানিয়ান নি

পি খেই পারচ্?”

চোখ মেহ্লে মেহ্লে গরি হানক্ষন তা মোক্যা রিণি চেহ্ই য়েইত্য কলঅ—“কী কধা কহ্ত্তে তুই? ভারি সহ্চ পেইয়চ্যে? কঙত্তে কত্তমান পানি দেখ্যচ? পানি খা পড়িব! পানি খেই পেট ফুলিনেই শেষমেষ মরি যেদুঙ অ্যায়হ্অ? যা যা পাগল সুদোত্তুবি। কান-হেলেত্যা নগরিচ। মর মেহ্লা কাম পড়ি আঘে।” তারে এক গবান দিলঅ।

এবারত সুদোত্তুবির জেচ্যেৎ গরি রাগ উদিল। রাগে তে গিরগিরার। ইন্দি কাদাবোর শুলোনি, সেত্তুনঅ বেহুদো অগধা শুননা। রাগে তার চোঘেদি আগুন ধার। মাত্তর এত্তুমো য়েইদরে তে কী গরি পারে। তে চিদ্যাগরা ধরিল। আবাদা গরি তার ঈধোত উদিল তার মঝাগুণর কধা। মঝাগুণ। হ্য় মঝাগুণে ত্যে কালকাদা পুরেইদি পারিবাক্কে এই ঘুদুমো য়েইত্যরে। তে আর দেরি নগরি উড়ি গেল মঝাগুণঅ ইধু। তারা ইধু যেই তে কলঅগে—

“মঝা ভেইলক সারঅ!
য়েইত্যরে নি
গুজুরেই পারঅ?”

“ওমা! সিয়ান কি কধা?”—মঝাগুণে বেক্কুনে সোজেই উদিলাক। “তুই হ্লে দে আমা বন্। তর বিপদত আমি আক্যই নযেই কী গরিবং? যেই যেই ইক্ষুনু যেই-দেঘেই দেঘি কুধু আঘে বেআক্কল্যা য়েইত্য? তারে ইক্কিনে গেপ গরিবংগৈ।”

কইমত্তন ঝাগে ঝাক মঝা উড়ি যা ধরিলাক সুদোত্তুবির সমারে। ঝাগে ঝাক যাদন আ যাদন। অফুরন্দি-অগন্দি। কালা ধুমো সান মঝা ঝাক ঝাভেই ধরিলাক্কৈ য়েইত্যরে। হ্‌ইত্যর নাগে কানে সোমেলাক মঝাগুণ। নরম জাগা চেহ্ই চেহ্ই তারা কামাড়া ধরিলাক য়েইত্যরে। মঝা কামড়ে য়েইত্য পাগল সান হ্ই উদিল। তা কেয়্যাগান সির্সিরার। বেয়াল অনতিত্যা পাহ্র। য়েইত্য সোত্পোত্যা হ্ই উদিল। তে ঝাড় জঙল, গাঝ-বাশ মলা ধরিল। ফাইল্যা ধরিল। দুব-দাব গরা ধরিল। তার মঝা তোচ্যা সহ্য ন হ্র। চৌকিত্যা লাঘে লাখ মঝা সজাদন। মঝার আল্যরে য়েইত্যরে দেঘা ন-যায়। শেঝে আর সহ্য গরি ন পারি হ্‌ইত্য গুজুরো ধরিল—ফ্রেং-ফ্রেং। তে মঝাগুণর আক্রমনত্তুন বাজিবেত্যেই দুমুড়ি গেল পানিয়ানর কুরে। তে পানিয়ান চুঝি খা ধরিল।

য়েইত্য চুঝি খাহ্র দেই পানিয়ানে কোজলি গরা ধরিল। “দোই দ্যঙর তরে, মরে চুঝি নঘেচ-মুই ইক্কিনে আগুনান মারিমবৈ।” পানিয়ানর ডরে আগুনানে গেল মুগোররে পুড়ি ফেলেবাত্যেই। মুগোরবো গেল কুগুরবো পিদিবেত্যেই। সেজেরে কুগুরবো গেল বিলেইবো কামেরেবাত্যেই। —বিলেইবো গেল উন্দুরবো মারিবেত্যেই। ডরে উন্দুরবো

গেল নাবিদ্যার দরপ-ভেনানি কামেড়েই দিবেত্যেই। বেগ' জেরে বিপদ বুঝি নাবিদ্যা সুদোত্তুবিরে কয়দ্যে—"আয় সুদোত্তুবি ভেইয়্যা আয়, ত পুনঅ কাদাবো খুয়োই দ্যঙ।" এবারত সুদোত্তুবি হুঝি হ্‌ল। তে উচ্য-পুচ্যয় উড়ি যেই লুজুরুক গরি মুজুঙে থিয়েলগৈ নাবিদ্যার।

এবার নাবিত্যা তার চিম্‌চিম্যা ধার খুরান বাক্সুত্তুন নিঘেলেল। এক হ্‌াধে তে খুরান ধরি সুদোত্তুবিরে কলঅ—"কই, পুনান আলক গর ত পুনঅ কাদাবো খুয়োই দ্যঙ।" সুদোত্তুবি পুনান আলগ গরি থেলঅ। মাত্তর, যেই নাবিদ্যা তা খুরান সুদোত্তুবির পুনানত বাজেই দিল ভেরেৎ গরি সুদোত্তুবির পুনান গেল কাবা। সুদোত্তুবি টিক্‌টিগেদে টিক্‌টিগেদে গেল মরি। কিথা হ্‌ল থুম বেগে য ঘুম।

# কঅ্বী-ধঅ্বী

এখে—এক আদামত এলাক এক বুচ্যা আহ্ বুড়ি। বুচ্যা-বুড়ি পত্তিদিন জুমত যান। ঘরত থায় তারা ঝি-বুঁয়ো কঅ্বী। অন্যদিনর সান সেদিন্যাঅ বুচ্যা-বুড়ি জুমত গেলাক। কঅ্বী র'ল ঘরত। বুচ্যা-বুড়ি জুমত যাদে ভাত মজা, তোন মজা আহ্ পানি কোত্তি এক্ক্য লঘে গরি নিলাক। মাত্তর সেক্কেনে আঘাত্যা হরান' দিন। মাদি-পানি শুঘেই যেইয়্যে। এক্কেনা কাম গরিলে পানি থাঝে ধরে। দিবুচ্যা ভাত খেবার অক্তত তারার কোত্তি পানিয়ান ফুরেই গেল।

বিয়েল দিবোরত কাম গরতে বুড়ি পানিথাঝে হ্রান হ্ল। তে জুমত কাম গরতে গরতে বুচ্যারে কহ্ল—'যেই বুচ্যা পানি খেইয়াই।' বুচ্যা কহ্ল—"বাক্ক্য ধুজোক।" হানক্ষন জেরে বুড়ি আর' কহ্ল—"যেই বুচ্যা পানি খেইয়াই।" বুচ্যা কহ্ল—"বাক্ক্য ধুজোক।" আর' হানক্ষন জেরে বুড়ি আর' কহ্ল সেই এগই কধা। বুচ্যা সেই আগ' সান্যা উত্তর দিল। ইন্দি বুড়ি তদা পানি শুঘেই আরথেই নপারের। তে কাম এভা দিল আহ্ মুড়োলামন্যা পেরা মোক্যা লর দিল। বাধ্য হই বুচ্যাঅ কাম এভাদি বুড়ির পুনে পুনে যা ধরিল।

তারা মুড়ো লামিনেই কিজিং বেই লুঙিলাক্কে এক্কান ডাঙর পেরাত। মাত্তর সিধুঅ পানি নেই। হরানে পেরা পানি শুঘেই যেইয়ে। তারা ইয়ত্তুন সিয়ত, সিয়ত্তুন ইয়ত পানি তগা ধরিলাক। ইন্দি বুড়ি আর হাধি নপারের। বুচ্যা কয়দে—"বুড়ি হানক্ষন থাক, এত্তুক গরি গেলে হামাক্কায় পানি পেবংগৈ।" ভালক্ষন ধরি পানি তগাদে তগাদে তারা এক্কান ভেক্ভেক্যা জাগাত লুঙিলাক্কে। বুচ্যা কয়দে—"এ জাগান এত্তুক ভেক্ভেক্যা আঘে। ডোলেগরি তোগেলে হ্লে ইয়ত পানি পেই পারি।" তারা তগাদে তগাদে দেল্লাক সিয়ত হ্রিঙর হুচ আহ্ চঙরা হুচ। হুচ্চুনত এত্তুক এত্তুক পানি জমি আঘে। মাত্তর পানিয়ানি কুলুক। মনে হয় এত্তুক আগে ইয়ত-হ্রিং-চঙরা চড়ি যেইয়ন। পানি দেহ্ই বুড়ি উচ্য হ্ল। বুচ্যা বুড়িরে কয়দে—"বুড়ি তুই চঙরা হুজত্তুন খা, আহ্ মুই হ্রিঙর হুজত্তুন খাং।" বুড়ি কন' উত্তর ন-দি হ্াধ' আজুল গরি চঙরা হুজত্তুন পাগুলং পাগুলং পানি খা ধরিল। ইন্দি বুচ্যা পানিয়ান পোনেবাত্যেই বারচেই র'ল।

বুড়ির এমেন পানি থাচ গরেত্তে যে, তা পানিয়ান হাক্কেনেই খেই ফুরেল্। তে বুচ্যা কুরে য়েই বুচ্যাত্তুন পানি মাঘা ধরিল—"বুচ্যা মরে এক্কেনা পানি দে।" বুচ্যা কয়দে—"পানিয়ান এত্তুক পনোক।" বুড়ির মাত্তর ধর্য্য নেই। তে বুচ্যাত্তুন বার বার পানি মাঘা

ধরিল। বুচ্যার সেই এগই কধা--"পানিয়ান এত্তুক পনোক।" বুড়ির সে কধায় মানামানি নেই, তে বার বার বুচ্যাত্তুন পানি মাঘা ধরিল। বুড়ির এই অবস্থা দেই ব্যুচ্যাত্তুন রাগ উদিল। তে রাগ' মাধাৎ বুড়িরে ঝাযি মারি কহ্ল—"দু-উ-র্"। আহ্মক হ্বার লাকগ্, বুচ্যা 'দু-উ-র্' কই মত্তন বুড়ি দুঢ় হ্ল!

বুচ্যা কধায় দুঢ় হ্ই বুড়ি হ্াত-ঠেঙ্ বাহ্র গরি পেরা লামনি হ্াদি গেল। চেই থাগত্তে থাগত্তে পেরার নিবিলি ঝুব' সেরে যেই সোমেলগৈ। বুচ্যা আহ্মক হ্ই কমরত হ্াত দি চেই র'ল। কি গরিব তে মেহ্ত ন পেল।

বুচ্যা দিক-কাবুলো হ্ই হানক্ষন আহ্মক গরি থিয়েই থেই জেরেদি দুঢ়বুয়ো লোড়েই চেহ্লগৈ। মাত্তর তারে তে কুধু পেবগৈ? ভেদ্ভেদির নিবিলি ঝারত দুঢ় বুয়ো সোম্যেগৈ দ্যে বুচ্যা তোগেনেইঅ তারে ন পেল। জেরেদি বুচ্যা কি গরিব, মু-কালা হ্ই চোঘ' পানি চেরাং চেরাং গরি তে ঘরত ফিরি এল।

ঘরত লুঙি মত্তন কঅ্বী তা বাপরে পুঝ্যর গরিল—"বাআ, মা কই?" বুচ্যা চোঘ পানি চেরাং চেরাং গরি জুয়োব দিল—"তঅ্ মা ফিরিং তোগেই আনেত্তে, হাক্কে লুঙিবুগি।" ফিরিঙর কধা শুনি কঅ্বী হুঝি হ্ল। মাত্তর হানক্ষন জেরে তে আর' পুঝ্যর গরিল—"বাআ, মা কই?" বুচ্যা এবারত কহ্ল—"তঅ্ মা মাছ-কাঙারা হ্িঝি আনেত্তে, হাক্কে লুঙিবগি।" সে জেরে কঅ্বী যক্কেন তা মা'র কধা পুঝ্যর গরিল বুচ্যার আর কহ্বার নেই—তে কি কহ্ব, কি কধা কইনেই বুঝেব ভ ন-পেল। সেবেদেন বুচ্যা কানি কানি সত্য কধান কহ্ল—"ও-ঝি, তমা দুঢ় হ্ইয়্যে-গৈ। পানি খাদে খাদে অগমান উধি মুই তারে 'দুঢ়' কইয়্যঙ তে দুঢ় হ্ইয়্যে গৈ।" বুচ্যা বেক কধানি তা ঝি-বুয়ো কঅ্বীরে ভাঙি কহ্ল।

বেক শুনিনেই কঅ্বী আর' বেচ কানানা ধরিল। তে কিজাক কিজাক কানি কানি ধুন্ধুক খেল। তে কহ্ল—"ও-বাহ্,এবারত মরে কন্না মেয়্যা গরিব, কন্না মরে নখেই নখেই খাবেব, কন্না পশ্চন কই দিব, কন্না আজা গরি ঘুম যেব!" বুচ্যা কানি কানি কহ্ল—"ও-ঝি, মুই তরে মেয়্যা গরিম, নখেই নখেই খাবেম, পশ্চন কই দিম, আজা গরি ঘুম নেযেম। নকানিচ ঝি—তুই ন কানিচ।" এধোক্যান আর' নানান কধা কই বুচ্যা তা ঝি-বুয়োরে বুঝেবার চেহ্ল। মাত্তর গুরো-মুরো ননেয়্যা নাগর মিলাপুয়ো, এঝ মা'র বুক তগায়, মা'র হাদি পেজোর ছাভাত থেদ' চায়। সিয়েনে কন' কধায় তে বুঝ ন পায়। তে কালিক গুজুর গুজুর কাহ্নে—ইনেয়্-বিনেয়্ ধুন্ধুক খায়।

কঅবী গদা রেত্য তা বাপর বুক্যত সোমেই থেঘেই থেঘেই গুজুর গুজুর কানিল। তা সমারে তা বাপেঅ ধের্ধেরেই কানিল। বুড়িত্যেই যেদক তার মনদ্দুখ সিত্তুন বেচ মনদ্দুখ

তা ঝিবুয়ো কঅ্বীত্যেই। চিগোন মিলাদছঅ, মা এড়িনেই কিঙিরি থেব! তার ডাগ' কধা এক্কান ঈধোত উদিল ঃ—

"বাপ আঘে মা নেই খুত্যা তেঙেরা
মা আঘে বাপ নেই কেয়্যা থধরা
মা নেই বাপ নেই পরা-বান্দারা
মা আঘে বাপ আঘে নারেং কমলা।"

এধক দিন তা ঝিবুয়ো এল নারেং কমলা। আহ্ ইক্কিনে আবাদা গরি হ্‌ল খুত্যা তেঙেরা। বাপ্য কামেয়্যত্যেই, গিরিখি দুখ কামত্যেই বাহ্‌রে-উরে গেলে মা-মরা ছঅ ভিলি তারে উতে হ্‌লে জোলেব'—এতে হ্‌লে মারিব' সিয়েনে খুত্যা তেঙেরা।

বেন্যা পহ্‌র হ্‌ইনেই বুচ্যা আর জুম' কামত নগেল। তে দিন্য তা ঝি বুয়োরে রাঘেই রাঘেই থেল। ঝি বুয়োই যিয়ান মাঘে সিয়ান তে দ্যে, যিয়ান কয় সিয়ান গরি দ্যে। ত্যো বুচ্যা তা ঝিবুয়োরে বুঝ গরি নপারে। হাক্ষে হাক্ষে কঅ্বী তা মা-রে ঈধোত তুলে আহ্ কানে।

ইধোক্যা গরি দ্বি-বাপ ঝি-এ লুদুপুদু হ্‌ই কয়েকদিন বিদি গেল। মাত্তর মা'র উনো কি পুরেই দি পারেনি। বুচ্যা সেবেদেন মনে মনে ঠিক গরিল—তার হামাক্কায় এক্ক্য রানি মিলা ঘর ধরা পড়িব। সিয়েনে তা ঝিবুয়োরে তে বুঝেইনেই কহ্‌ল—"মাহ্ তুই ঘরত থাক বুঝঅ। মুই কামেই গরিবেত্যেই তঙ-কুলো বেজা যেম। কামেই ন গরিলে কি ভাত খেবং—কিঙিরি বাজিবং।" ডোলেই বুঝেই কইনেয় তা ঝিবুয়ো মানিল। সেবেদে বুচ্যা তঙ-কুলো যুক্যলেই আদাম দিঘোলী তঙ-কুলো বেজা লামিল'। মাত্তর যেবার আঘে ঘুরর কুরর কঅ্বীর এক্ক্য মোইঝাঙ্যারে কই গেল কঅ্বীরে এত্তুক রিনি চেবাত্যেই—পেট পুরিলে ভাত খাবেবাত্যেই।

বুচ্যা তঙ-কুলো বুগিনেই আদাম দিঘোলী ভঙা ধরিল। তে পত্তি ঘররে ডাগি কহ্‌ল ঃ

"আধালত কাদালী, মাধালত তালা
তঙ-কুলো লহ্‌বানি মা-বোন পাড়া।"

শুনিনেই নানান ঘরত্তুন ডাগি কহ্‌লাক—

"ওহ্-আমুল নে নিমূল?"

বুচ্যা ডাগি কয় ঃ

"আমুল—আমুল।"

আদাম্যা ঘরত্তুন সেবেদেন কহ্‌লাক—"আমুল হ্‌লে লদং নয়—আমুল হ্‌লে লদং

নয়।”

বুচ্যা ত্যো ভঙি ভঙি বেড়ায় আহ্ ডাগি কয় ঃ

“আধালত কাদালী, মাধালত তালা
তঙ-কুলো লহ্‌বানি মা-বোন পাড়া।”

মাত্তর ‘আমুল’ কিনেয় কিওজনে ন-লন। বুচ্যা ত্যো ভঙানা হে্‌ভা ন-দ্যে।

বুচ্যা ভঙদে ভঙদে দূরর এক্কান আদামত লুঙিলগৈ। সিধু যেই তে আর’ ডাগি কুঅ ধরিলঃ

“ আধালত কাদালী, মাধালত তালা -
তঙ-কুলো লহ্‌বানি মা-বোন পাড়া।”

শুনিনেই এক্কান ঘরত্তুন এক্ক্য মিলায় ডাগি কহ্‌ল—

“আমুল নে নিমূল ?”

বুচ্যা জুয়োব দিল ঃ “ওহ্ আমুল—আমুল”। আমুল ভিলি শুনিনেই মিলাবুয়োই কহ্‌ল—“আমুল হ্‌লে লবং লবং। তঙ-কুলোনি নিনেয় তুই ইধু আয়।” মিলাবুয়োই ডাগের কিনেয় বুচ্যা সে ঘরানত গেল। চায়্যইদে ঘরানত্তুন ডাগি কধা কত্তে মিলাবুয়ো এক্ক্য রানি মিলা। বুচ্যা সে ঘরানত যেই তা তঙ-কুলো বগিবুয়ো লামেলগৈ।

বুচ্যা চায়দ্যে মিলাবুয়ো আধবয়স্যা। তার এক্ক্য ঝি আঘে। নেক নেই মিলাবুয়োর। রানি মিলা। বুচ্যা মনে মনে ভাবিল—রাজী হ্‌লে এ মিলাবুয়ো ঘরধরা যায়। সিয়েনে তে মিলাবুয়োলৈ ঘুন্‌ঝি-মুন্‌ঝি গরি কধা কুঅ ধরিল। মিলাবুয়োঅ ভারি ঝাংঝাঙ্যা। পত্তি কধায় তেঅ টানা লঘে পচ্যরান দিজানে। মিলাবুয়োরে বুচ্যার মনত পহ্‌ল। বুচ্যা দেহ্‌ল রানি মিলাবুয়োর এক্ক্য চিগোন ঝি আঘে। নাঙান তার ধঅ্‌বী। কঅ্‌বীলৈ প্রায় সঙ্‌বয়চ্যা। বুচ্যা ভাবিল-বুড়িরে ঘর ধরিলে কঅ্‌বীলৈ ধঅ্‌বী একসমারে থেই পারিবাক। সিয়েনে বুড়িলৈ তে এত্তুক-আত্তুক বিগিদি-কিরিমিরি গরা ধরিল। আর ইন্দি বুড়ি, তে দঅ তগাত্তে সিয়ান। ভ-ভাক্কায় পেলে এক্কা রানা মরদরে ঘর ধরানা।

যেহোক, বুচ্যা বুড়িত্তুন তঙ-কুলো বেজিল। তঙ-কুলো আজায় তে বুচ্যারে এক্ক্য কাল্যঙত চোল, ধান আহ্ একগোদেল আলু-কুজু ভোরেই দিল। আহ্ কহ্‌ল—“বুচ্যা এচ্যা আমা ঘরত ভাত খেই যেচ্।”বুচ্যা কহ্‌ল—“না-না, ঘরত ফিরি যেম। ঝিবুয়ো গায় গায় আঘে—তে কানিব।” বুড়ি কহ্‌ল—“সিয়নদৈ কি হ্‌ব, পাড়াল্যাগুনে তারে রিনি চেহ্‌বাক। তুই ভাত খেই-দেই বেল্যামাধান ঘরত ফিরি যেচ্চাই।” বুড়ির কধায় বুচ্যা রাজী হ্‌ল। তে কহ্‌ল—“ঠিগ্ আঘে, এধক কোজলি গরর যঘন ভাত খেই-দেই ব্যেলা তে ফিরিম আয়”।

বুড়ি বুচ্যারে ভাত খাবেবাত্যেই ভাত পা'ত দিল। তে আলু-কুজু তোন রানিল। ভাত সাহ্রা হ্'লেগি তারা বুচ্যা সামেত একলগে ভাত খেলাক। ভাত খেই-দেই দিবুচ্যা মাধান বুচ্যা এত্তুক এত্তুক চোঘ বিয মারিল।

বেল্যা মাধান বেলজুরো পড়ি এলেঘি বুচ্যা ঘরত ফিরিবেত্যেই যুক্যল্ল। তে তা বুগিবুয়ো লাভাক্কান মাধাত দি বুড়িরে কহ্ল—"মরে বুগিবুয়ো এত্তুক বুগেই দেনা।" বুড়ি পিঝেদি যেই বুগিবুয়ো কাজাৎ ধরি বুগেই দেত্তে সান গরি বুগিবুয়ো চাবি থেল। বুচ্যা গঙ্ হিজি উধিবার চায় উধি ন পারে। বুড়ি বগিবুয়ো চাবি থায়। বার বার বুচ্যা জঘা চেহ্ল। মাত্তর বুগিবুয়োলৈ উধি নপারিল। জেরেদি বুড়ি কহ্ল—"রেত হ্ই এযের, বুগিবুয়োলৈ বুচ্যা এচ্যা ঘরত ন লুঙিবেগৈ। এচ্যা রেত্য ইধু থাক। কেল্যা মুই তরে ঘরত বারেই দিম্বোই।" বুচ্যা কহ্ল—"না-না, ঘরত গায় গায় ঝি-বুয়ো আঘে। মুই ঘরত ন ফিরিলে তে কানিব।" বুড়ি কহ্ল—"তারে আদাম্যা-পাড়াল্যায় রিনি চেহ্বাক। এক রেদোত্যেই কি হ্ব।" বুড়ি বার বার কোজলি গরানায় বুচ্যা জেরেদি এক রেদোত্যেই সিধু থেবার রাজী হ্ল।

বুচ্যা থেবাত্যেই রাজী হ্নায় ইন্দি বুড়ি দঅ মনে মনে অমগত্য হুঝি। তে বেল্যা ভাত রানিল। বেলেত্যা ঝাদি ঝাদি ভাত খেই-দেই বুড়ি বুচ্যার ঘুম যেবার জাগা গরি দিল।

বুড়ির ঘরান চিগোন-চাগোন। পায়ক্কো বাহ্ঝা কহ্লেঅ চলে। সিয়েনে কায়কি গরি তারার থেবার জাগা গরিল। ইন্দি এক বুদ্ধি তে গরিল। তা ঝিবুয়োরে তে শিঘেই দিল-বুচ্যা ঘুম গেলে বুচ্যার হ্যধে-ঠেঙে আহ্ বুড়ির হ্যধে-ঠেঙে তে য্যেন রাঙা-কালা সুধো বানি দে। তেম্মাং মুজিম বুচ্যা ঘুম গেলে রেদোত জুহ্চ গরি বুড়ি ঝিবুয়ো বুচ্যার হ্যধে-ঠেঙে আহ্ তা মা'র হ্যধে ঠেঙে রাঙা-কালা সুধো বানি দিল।

বেন্যা পহ্র হ্লে বুচ্যা যঘন ঘুমত্তুন জাগিল তে দেঘেদে তা' হ্যধে-ঠেঙে রাঙা-কালা সুধো বান্যা। ইয়ান দেই তে আহ্মক হ্ল। ইন্দি বুড়ি ঘুমত্তুন উধিনেই আহ্মক হ্বার ছল গরি কহ্ল—"মঅ হ্যধে-ঠেঙে ইয়ানি কি রাঙা-কালা সুধো?" বুচ্যা চায়দ্যে হ্য় বুড়ির হ্যধে-ঠেঙেঅ রাঙা-কালা সুধো! বুড়ি সেবেদেন বুচ্যারে কহ্ল—"বুচ্যা-রে-বুচ্যা, ইয়ান হামাক্কায় ভগবানর করম। আমা দ্বিজনর 'বর্মা ঘরর কলম' আঘে ভিলি ভগবানে রেদোত আমা হ্যধে-ঠেঙে এই রাঙা-কালা সুধোনি বানি দিয়্যে-দে।" বুড়ির কধানি বুচ্যা বিশ্বাস গেল। হ্বদে হ্লে ইয়ান ভগবানর করম। বুচ্যা বুড়ির কধায় মাধা তিগুৎ তিগুৎ গরিল।

বুচ্যারে নরম নরম পেই বুড়ি কহ্ল—"বুচ্যা, বর্মা ঘরর কলম আঘে যঘন সালেন দ্বিজনে এচ্যাই চুমুলং গরিবংগে।" বুচ্যা কহ্ল—"আহ্ গরিবং আয়্।" এমেন সময় হ্যমত্তলে কুরো লুরোত্তুন রাত্যল্যা ডাক কারি উদিল—

"কক্করেই—কক্, কক্করেই—কক্—
বুড়ি ঝিবুয়োই বুচ্যা বুড়ি হ্যাধে-ঠেঙে
রাঙা-কালা সুধো বানি দিয়্যেদে রেই যক্।"

শুনিনেই বুড়ি জগার পারি উদিল—"মরার কুরোবুয়ো, ন-হ্ইয়্যে-নহ্ইয়্যে গরি কখে। ম ঝিবুয়ো রেত্য পুভুং পুভুং ঘুম যাদে দুনিয়া-সংসার খবর ন পায় আহ্ মিঝ্যা মিঝ্যা বন্নাম গরত্তে। তরে এচ্যা কাবি খেম।" কধান কইমত্তন বুড়ি হ্যামত্তলে লামিনেই রাদা কুরো-বুয়ো নিয়্যক নিয়্যক্ গরি ধরি আনিলগৈ। আহ্ কুরো শিরে বুয়ো সাঙু শিরাৎ তুলি এক কুবে ছিনেল। সেবেদন কহ্ল—"মরার কুরোবুয়ো এবারত কেনযান পাহ্চ।" সে জেরে বুড়ি লগৎ-তগৎ হ্যামত্তলে লামিনেই কুরো লুরোত্তুন তিন্য কুরো ছঅ ধরি আনিলগৈ। ইন্দি বুচ্যারে কহ্ল—"বুচ্যা হানক্ষণ বারচেই থাক, মুই আদামর চুমুলঙর অঝাবুয়ো ডাগি আনংগৈ। অঝাবুয়ো এলেই চুমুলং গরিবং।" বুচ্যা মাধা তিগুৎ-তিগুৎ গরিল।

বুড়ি হনিজেচ্যা গরি আদামর অঝাবুয়ো ঘরত গেল। অঝাবুয়ো ঘরত এল। তেঅ বুড়ির কধায় মদ-ভাং খেই পেবার আঝায় লগৎ-তগৎ বুড়ির সমারে এল। বুড়ি অঝাবুয়োরে লই ঘরত ফিরি এত্তে কয়েক জন আদাম্যা ডাগি আনিল। বেগে থুভেলেগি বুচ্যা-বুড়ির তিন্য কুরো ছঅলৈ চুমুলং হ্ল।

মেজবান সির যানার জেরে বুড়ি বুচ্যারে কহ্ল—"বুচ্যা! ম'ঘরৎ হ্লে থেদং, ত'ঘরত হ্লে থেদং। সালেন এক্কান কাম গরিলে কি হ্য়, তুই আর ঘরত ফিরি নযেচ - ইধু থাক্। ত' ঝিবুয়োরে ম'ঝিবুয়ো ধঅ্বী ডাগি আনিবগৈ আয়্।" বুড়ির কধায় বুচ্যা রাজী হ্ল।

বুড়ি সেবেদেন তা ঝিবুয়ো ধঅ্বীরে কহ্ল—"যা-ধঅবী, ত ভোন্য কঅবীরে ডাগি আন্দে।" তা মা'র কধায় ধঅ্বী কঅ্বীদাগি ঘরমোক্যা গেল। যাদে যাদে তে ঘর কুরে লুঙিনেই লাঙেল' মাধাত্তুন ডাগি কহ্ল—"ও-বেই কঅ্বী! এধে ভিলে আমা ঘরত এধে। ত বাবে মাহ্মারে লইয়্যেগৈ। তুইঅ ভিলে আমা ঘরত পরং এধে।" কঅ্বী ঘরত্তুন ধঅ্বী কধানি শুনিল। তে কহ্ল—"ওহ্, তুই কন্না? ত নাঙান কি?" ধঅবী কহল—"নাঙান ধঅ্বী। ত বারে মাহ্রে লইয়্যেগৈ। সিয়েনে ভিলে তুই আমা ঘরত পরং এধে।" শুনিনেই কঅ্বী যুক্কুলেই যাক্কালেই এল। আহ্ কঅ্বী সমারে ধঅবী ঘরত দ্বিজনে গেলাক।

কঅ্বীরে দেইনেই বুড়ির মনে মনে পিঝুম উদিল। তে দেলদে—কঅ্বী রাঙা-চাঙা, কির্ব্যা গরে পারা তার সানশিক্যা। ধঅ্বীত্তুন বেচ ডোল। ধঅ্বী হ্লদে কালা-মালা। রিনি চেহ্লে কুত্যারী মুহ্ ভিলি মনে হ্য়। কঅ্বী মুজুঙে ধঅ্বী পুরোপুরি নাহান্দার ধক। ত্যো মাত্তর বুড়ি কঅ্বীরে দেই মনর পিছুম ভাবআন লুগেনেই কহ্ল—"কঅ্বী, এচ্যাত্তুন ধরি

তুমি ত-বাপ সমেত ইধু থেবা। ধঅ্বী তর গুরোভোন। তারে তুই মেয়্যা গরিবে—নখেই নখেই খাবেবে আহ্ ত-সমারে লই বেড়েবে।" বুড়ির কথায় কঅ্বী য়িঁ পুরেল। কঅ্বী বাপ্য বুচ্যাঅ কহ্‌ল"-ঝি! তুই অনসুর ত মারে তগাচ্। ইবা তর নুয়ো মা। তা কধা তুই মানিবে। আহ্ ধঅ্বীরে তুই গুরোভোন' সান্যা মেয়্যা গরিবে।" এবারঅ কঅ্বী য়িঁ পুরেল।

সেদিন্যাত্তুন ধরি কঅ্বী আহ্ তা বাপ ধঅ্বী-দাগি ঘরত থা ধরিলাক। মাত্তর কয়েকদিন বিদি যাদে ন-যাদেই বুড়ি তার আঝল হ্যাচ্যেক্কান নিঘিলেল। তে হ্‌ইয়্যানৎ-নইয়্যানৎ কঅ্বীরে পের্‌পেরা ধরিল—অগধা কুঅ ধরিল। কঅ্বী কিচ্ছু জুয়োব নদিনেই অলর গরি শুনি থায়। ইঙ্গিরি সহ্য গরি থাগত্তে থাগত্তে জেরেদি বুড়ি কনক্কান ভ'তুলিনেই কঅ্বীরে মারে—ভাত খেবাত্যেই নদে। বুচ্যা বুড়ির ডরে অলর গরি থেই পায়। তে এক্কেনা মাদিদঅ গেলে বুড়ি হ্‌দা-জগার পারি উধে। সিয়েনে বুচ্যা আহ্ কি গরিব'। তে তা ঝিবুয়োরে গায় গায় পেলে কালিক বুঝ্যায়। তে কয়—"ও-ঝি! ইয়েনি তর কবালত আঘে, সেত্যেই এধোক্যান হ্‌ইয়্যে দে। নলেন ত-মাহ্ মর এক কধায় দূঢ় নহ্‌লুন। তুই ভগবানরে সুরণ গরি সহ্য গরি থাক। জনমান একধগে ন যায়। রেদোর পরে দিন যেমেন আঘে, দূঘর পরেঅ সুখ আঘে।" তা বাপর কধানি শুনিনেয় কঅ্বী মুয়েদি কিছু ন কয়। বানা য়িঁ পুরয়। আহ্ মনে মনে ভগবানরে সুরণ গরে।

গায় গায় থেলে কঅ্বীর অনসুর তা মা'রে ঈধোৎ তুলে মনে মনে। তে ভাবে তা মাহ্ হ্‌লে কন গাঙত ইক্ষিনে চড়েল্লে দূঢ় হ্‌ইনেই! তে কামত্তুন এক্কেনা আজের পেলে ঘর' কুরর গাঙ পারত যায় কন' দূঢ় সান্যা গরি তা মা-রে তে দেঘেনি।

একদিন আহ্মক গরি কঅ্বী গাঙ' পারত বোই আঘে আহ্ একরিনি গরি গাঙানর কিত্যা চেহ্‌ই আঘে। এমন সময় তে দেহ্‌ল-ডাঙর এক্ক্য পান্যা দুর গাঙানত ভাজি উদিল। দূঢ়বুয়ো দেই কঅ্বী ধাভা ধাভা গাঙ' পার সঙ গেল। আহ্ ইন্দি দূঢ়বুয়ো ভাজি ভাজি হ্যাধে ঠেঙে সাজুরী সাজুরী পারমোক্যা এল। জেরেদি দূঢ়বুয়ো এক্কুক পার' উগুরে উদিলগি। কঅ্বী চিনিল—ইবা তা মাহ্। তে দূঢ় বুয়োরে আজা গরি ধরিল। আহ্ চোঘ' পানি ধেরধেরেই কানা ধরিল। দূঢ়বুয়ো তা শিরাবুয়ো বাহ্‌র গরিনেই ধঅ্বীরে মেয়্যা গরিল। ভালক্ষণ সঙ দ্বি-মায় ঝি-এ মেয়্যা গরাগরি গরিলাক। জেরেদি তা ঝিবুয়োরে ভালুক্কুন বডা পাড়ি দিগেল। কঅবী দূঢ় বডাগুন কাবড়' সেরে গরি ঘরত আনি লুগেই থলগি। কিওজন ঘরত ন থেলে সিগুন তে চুর গরি হলা গরি খায়। ইঙিরি কয়েকদিন পরপর তারার দি-মায় ঝির দেঘা হ্য়। পত্তিবারত দূঢ়বুয়ো তা ঝিবুয়োরে বডা পাড়ি দি যায়। পত্তি দিন বডা খাদে খাদে কঅ্বী কয়েকদিনেই পোত্‌পোত্যা হ্‌ই উদিল।

কঅ্‌বীর এই ভরন্দি কেয়্যা আহ্‌ পোত্‌পোত্যা মুহ্‌ বুড়ির চোঘত প'ল। তে ভাবিল কঅ্‌বীরে মুই পত্তিদিন আধাপেদা গরি ভাত দ্যঙ, ত্যো তে এধক ভরন্দি কেয়্যা আহ্‌ পোত্‌পোত্যা কিঙিরি থায়? ইয়ানর পিঝেদি নিশ্চয় কনক্কান গুমোর আঘে! সিয়েনে বুড়ি কঅ্‌বীরে চোখ দিয়্যা ধরিল সেদিন্যাত্তুন ধরি।

একদিন দিবুচ্যা মাধান ভাত খেইদেই ভাতঘুমে বেঘে অলর হলে কঅ্‌বী জুহ্‌চ্‌ গরি উধি গাঙ'মোক্যা যা ধরিল। বুড়িঅ জুহ্‌চ্‌ জুহ্‌চ্‌ গরি কঅ্‌বীর পিঝে পিঝে ন দেঘে পারা গরি গেল। বুড়ি দেঘিল' গৈ—কঅ্‌বী যেই গাঙ' পারত লুঙ্যেগি লগৎ-তগৎ পানিত্তুন এক্ক্য ডাঙর পান্যাদূঢ় ভাঝাদি উদিল আহ্‌ পেরপেরেই সাজুরি য়েই গাঙ' পারত কঅ্‌বী ইধু লুঙিলগি। দূঢ়বুয়োলৈ কঅবী হানক্ষণ আজাআচ্যা হ্‌লাক। কঅ্‌বী ভারিগরি কানিল জেরেদি দূঢ়বুয়ো কয়েক্ক্য বডা গাঙ পারত পারি দিগেল। কঅ্‌বী বডাগুণ নিনেয় ঘরমোক্যা ফিরা ধরিল আহ্‌ ইন্দি দূঢ়বুয়ো পানিত ডুবিলগৈ। কঅ্‌বীরে ফিরি এযেত্তে দেই বুড়ি ধাভা ধাভা ঘরত ফিরি এল। আহ্‌ তে নয়দ্যে ধক গরি তা বিছ্যনত পড়ি রল' গি।

বিছ্যনত পড়িনেই বুড়ি মনে মনে ভাবিল—দূঢ়বুয়ো সালেন কঅ্‌বীর মা'বুয়ো। আগেদি তে বুচ্যাত্তুন শুইন্যে কিঙিরি কঅ্‌বী মা'বুয়ো দূঢ় হ্‌ই যেইয়্যে। ভালক্ষণ সঙ ভাবিনেই বুড়ি এক্কান বুদ্ধি জোরেল কিঙিরি এই কঅ্‌বী মা' বুয়ো দূঢ়বুয়ো মারেই ফেলা যায়। সেবেদেন তে কি গরিল—তা বিছ্যনর তলে কিঝু চাড়ভাঙা থল গি। বিছ্যনত পড়িনেই এত্তুক চাত্তেলে য়্যেন কড়্‌মড়্‌ গরি উধে। সেই মুজিম বুড়ি বেক যুক্যাল গরিনেই অসুঘর ছল ধরি বিছ্যনত পড়ি রল। আহ্‌ হধা-মাধু-মাধু গরি কঙা ধরিল।

বুড়িরে কঙাত্তে দেই বুচ্যা পুঝ্যর গরিলগি—"আহ্‌ তর কি হ্‌ইয়্যে? কিত্যেই এধক কঙর?" বুড়ি কঙেই কঙেই কহ্‌ল—"নকোহ্‌চ্‌ বুচ্যা, মর পুরোনি হাড়ভাঙ্গা-চাড়ভাঙা পীড়া উঠ্যেদে। এত্তুক চাত্যেলে হ্‌াড়ুন কড়মড় গরন। হাক্কে মরিম।" শুনিনেই বুচ্যা সোত্‌পেত্যা হ্‌ই উদিল। তে চায়দ্যে হ্‌য় হ্‌াড়ুন কড়মড় গরন। আঘাত্যা পীড়া। তে বুড়িরে কহ্‌ল—"সালেন ইক্কিনে কি গরা যায়?" বুড়ি কহ্‌ল—কেল্যা বেন্যা আদামর বৈদ্যায়ারে ডাগি আনিচ্চাই। বৈদ্যায়া দারু দিলেগি গম হ্‌োম।" বুচ্যা বুড়ির কধায় য়িঁ পুরেল।

ইন্দি বুড়ি বেন্যা পোত্যাআমল্যা উধি খুয়োত্তলে তলে গেল বৈদ্যবুয়ো ঘরত। তে বৈদ্যবুয়োরে যেই কয়েক্ক্য তেঙা দিনেয় কলগৈ—"বেদ্যায়্যা তুই কহ্‌বেদে দূঢ় হ্‌েরা খেলে পীড়ান গম হ্‌ব" এই কধান কই বুড়ি ফিরি এলগৈ। আহ্‌ বিছ্যনত আগ' সান্যা গরি পড়ি রল' গি।

বেন্যা বুচ্যা ঘুমত্তুন উধিনেই হ্‌াত-মুহ্‌ ধোই ক্ষেন-লক্ষ্মণ চেই যাত্রা গরি বৈদ্যায়্যা

ঘরমোক্যা লর দিল। বৈদ্যায়্যা ইধু লুঙিনেই তে বৈদ্যায়্যারে এক সালাম দিনেয় কহ্লগে—"ম মোক্কার হাড়ভাঙা-চাড়ভাঙা পীড়া উঠ্যেদ্যে। এক্কেনা যেই পেবেদে।" বৈদ্যায়্যা এককধায় রাজী হ্ল। তে বুচ্যা লঘে এল।

বৈদ্যায়্যা লুঙিনেই পীড়ুল্যাবুয়ো চেহ্লগি। হানক্ষণ ধরি-পাগি চেহ্ইনেই তে কহ্ল—"কিচ্ছু নয়—কিচ্ছু নয়, দূঢ় হে্রা খেলে পীড়ান গম হ্ব।" এ বারত বুচ্যার হ্ল কালকাদা। কুধু পেবগৈ দূঢ়। ধরা হ্ব কিঙিরি। সেবেদেন তে চেই বুনিল, তেরা বুনিল, বড়শি থুভেল। বেক যুক্যল গরিনেই বুচ্যা গেল গাঙত। তে গাঙানত চেই পাদিল গৈ। তেরা পাদিল গৈ। বড়শি পাদিলগৈ। ইয়েনি দেহ্ই কঅ্বী বুঝিল—তা মা'রে ধরিবার বুদ্ধি গরা হ্ত্তে। তে কানি কানি গাঙ' পারত যেই লুঙিলগৈ। আহ্ কানি কানি কহ্লগে—

"মা, আঘেরেদি গেলে চেইয়ৎ বাজিবে,
হে্দেদি গেলে তেরাৎ বাজিবে,
পারেদি গেলে বড়শিত বাজিবে,
মা, তুই কালিক মধ্যে মধ্যে থাক।"

পানি মূরত্তুন দূঢ়বুয়ো তা ঝিবুয়োর কধানি শুনিল। সিয়েনে তে আঘেরেদিঅ নগেল, হে্দেদিঅ ন গেল, দ্বি-পারর কন' কিত্যেদি নগেল—তে মধ্যে মধ্যে র'ল।

চেই, বড়শি, তেরা পাদিনেইঅ দূঢ়বুয়ো কন'ভ-ভাক্কায় ধরা নপড়িল। সিয়েনে বুড়ি সোতপোত্যা হ্ই কহ্ল—"বুচ্যা আদাম্যাগুনত্তুন এক্কান উড়বুয়ো জাল তোগেই আন্দোই।" বুড়ির কধায় বুচ্যা আদাম্যাগুনত্তুন এক্কান জাল তোগেই আনিলগৈ। গাঙর মধ্যে তে জাল মারি মারি জেরেদি এ দূঢ়বুয়ো জালত বাজেল। আহ্ দূঢ়বুয়োরে পারত তুলিল।

দূঢ়বুয়ো জালত বাজিনেই বুড়ি অমগত্যা হুঝি। ইন্দি কঅ্বী দঅ্ চোঘ' পানি চেরাং চেরাং। দূঢ় হ্ইনেইঅ তা মা'র পরান ন বাজের। মনে মনে তে বুড়িরে আঘাত্যা গ্যেল দিল। আহ্ বুড়ি মনে মনে ভাবিল—এধক দিন কঅ্বী দূঢ়' বড়া খেই খেই তেল গলং গলং হ্ইয়্যে। এবারত দূঢ়বুয়ো মরি গেলে কুত্তুন বডা খেব?

কঅ্বীরে চোঘ' পানি চেরাং চেরাং দেই বুড়ি সোর্জি গরি কঅ্বীরে কহ্ল—"কঅ্বী, দূঢ়বুয়ো পুড়লৈ যাহ্। পুড়িপাড়ি ইবা রানিচ্।" কঅ্বী আর কি গরিব! মনে নক্হলেঅ্ তে বলে বলে দূঢ়বুয়ো অলোনশালত পুড়িবেত্যেই গেল। তে অলোনশালর ধাগৎ বজিনেই দূঢ়বুয়ো আজা গরিনেই কানি কানি ধুন্ধুক খেল। তে কহ্ল—

"ওঃ-মাহ্, মুই তরে কুন্দি গরি পুড়িম?
বুঘেদি মরে তুই তর বুঘর দুধ

খাবেইয়্যচ,
ঢাগেদি মরে তুই করথ্ গরি
বেড়েইয়্যচ,
পিঝেদি মরে পিধিত বুগি লোই
বেড়েইয়্যচ,
ওঃ-মাহ্, মুই তরে কুন্দি গরি পুড়িম।”

দূঢ়বুয়ো কন’ কধা কই ন পারে। বানা চোখ মেহ্‌লে মেহ্‌লে গরি চেহ্‌ই থায়। ভালক্ষণ সঙ দূঢ়বুয়ো আহ্ কঅ্‌বী চাহ্‌চি গরি রলাক। জেরেদি দূঢ়বুয়ো কঅ্‌বী হ্‌াধত্তুন সোরেই যেই তে নিজে নিজে অলোনশালর আগুনত ঝাম দিলগৈ।

কঅ্‌বী কানি কানি দূঢ়বুয়ো পুড়িল। পুড়ি ফুরেই পানিঘাদত যেই গম গরিলগৈ। জেরেদি বুড়ির কধায় মনে নকহ্‌লেঅ দূঢ়বুয়ো হ্‌েরান রানা ধরিল। রান্দে রান্দে দূঢ়বুয়ো হ্‌েরান ভভক্-ভক্ উদুরার। কঅ্‌বী শুনের উদুরেত্তে রঅবুয়ো যেন কহ্‌র—

“বুড়ি মাধা খেম্—বুড়ি মাধা খেম্”।

দূঢ়বুয়ো হ্‌েরান সিজিলে কঅ্‌বী হ্‌েরান ওলেই থল। ভাত খেবার অক্তত বুড়ি দূঢ়বুয়ো হ্‌েরান সুয়োৎ সুয়োৎ গরি খেল। সে সমারে খেল ধঅ্‌বী। কঅ্‌বীরে দূঢ় হ্‌েরা দিয়্যা হ্‌লেঅ তে নখেল। তা সমারে বুচ্যাঅ নখেল। তে কহ্‌ল—“মুই দূঢ় হ্‌েরা ন খাং।”

কঅ্‌বী তারে দিয়্যা তোনান পিজিরেদি ছেইঅ কুরবুয়োত ফেলেই দিলগৈ। মনদ্দুঘে তে রেত্যুঅ কানি কানি রহ্‌ল। বেন্যা পোত্যা উধিনেই পিঝিরেদি রিনি চেহ্‌ই তে দেহ্‌ল—যিয়্যৎ তে দূঢ়বুয়ো হ্‌েরান ফেলেই দিয়্যে রেদে রেদে সিয়ৎ এক্কান কুড়ু শাক উঠ্যে।

কঅ্‌বী ধাভা ধাভা যেই কুড়ু শাক্কান নোনেই গরি পুছ্যেলগৈ। তে এক্ক্য পিলা আনিনেই শাক্কানত পানি ঢালি দিল। শাক্কানে পানি পেই যেন আর পোতপোত্যা হ্‌ই উদিল। থাক্কে থাক্কে তে বেয়াল পাদা মেলাহ্ ধরিল। কঅ্‌বী বুঝিল এইকুড়ু শাক্কান হামাক্কায় তা মাহ্। দূঢ়ত্তুন জনম বদলি ইক্কিনে কুড়ুশাক হ্‌ইয়্যেদে। সিয়েনে তে বেগিদো মেয়্যা গরি কুড়ু শাক্কানরে বেন্যা বেল্যা পানি দে।

চেহ্‌ই থাক্কে থাক্কে কুড়ু শাক্কান বাড়ি উদিল। আগাত্তুন আগা নিঘিলি কুড়ু শাক্কান ঘরর চালত উদিলগৈ। কয়েকদিনর মধ্যে কুড়ু শাক্কান ঘরর সাহ্‌যি সমেত গদা চালান ছাভিল। কুড়ু শাক্কান কয়েক দিনের মধ্যে এত্তমান বাড়ি উদানায় বুড়ি আহ্ বুচ্যা দ্যজনে আহ্‌মক হ্‌লাক!

কুড়ু শাক্কানত এক সময় বেয়াল গরি ফুল ফুদিলাক। ফুলত্তুন কুজি কুজি গুলো হ্‌লাক।

কালিক বেক্কুন পজি পজি গেলাক। সিত্তুন মাত্তর এক্ক্য গরি কুড়ুগুলো হ্ল। হ্ল দঅ হ্ল, সিবা সাহ্যিয়্যানর উজু উজু। ঘরত সমাদে নিঘিল্দে ধুচ খেব' পারা। মাত্তর কিওজনে ধুচ্ ন খান। ধুচ্ খায়দ্যে বানা বুড়ি। কুড়ুগুলো বুয়ো বুড়িরে ঘরত্তুন নিঘিলদে একবার লাধি দে, সমাদে একবার লাধি দে। বুড়িত্তুন উদে রাগ। তে ঝন্ঝনেই উদে—"ইবা কিধোক্ক্যান মরার কুড়ুগুলো? ঘরত্তুন নিঘিলদে একবার ধুচ খাং—সমাদে একবার ধুচ খাং। ইবা এক্কেনা খেবার অক্ত হ্োক, রানি খেদুং মাহ্লে!"

এক সময় কুড়ুগুলোবুয়ো অক্ত হ্ল। বুড়ি কুড়ুগুলোবুয়ো পারি আনিলগৈ। কাবি কুবি সিবা রানিল। মাত্তর রানিবার অক্তত যক্কে উদুরোর বুড়ি শুনিল—কুড়ুগুলো তোনানে উদুরদে কহ্র "বুড়ি মাধা খেম—বুড়ি মাধা খেম।" বুড়ি রাগ উদিনেই বেক কুড়ুগুলো তোনান পিজিরেদি ঢালি ফেলেই দিলগৈ।

পিজিরেদি ফেলেইদ্যা কুড়ুগুলো তোনানত্তুন এবারত উদিল এক্ক্য বেলগুলো চারা। কঅ্বী বেলগুলো চারাবুয়ো দেহ্ই হুঝি হ্ল মনে মনে। তে বুঝিল তা মাহ্ ইক্কিনে কুড়ু শাগত্তুন বেলগুলো গাছ হ্ইয়্যেগৈ। সিয়েনে কঅ্বী দিনপত্তি বেলগুলো চারাবুয়োত পানি দেগৈ। চারাবুয়ো পত্তিদিন ডাঙরত্তুন ডাঙর হ্র, দিঘোলত্তুন দিঘোল হ্র।

ইন্দি এধকদিনে কঅ্বী ডাঙর-দিঘোল হ্ইয়্যে। কেয়াৎ রং ফুদি উঠ্যে। তারে দেহ্লে বুড়ির পিঝুম উধ্যে। কিত্যেই, তা ঝিবুয়ো ধঅ্বী বেচ্ বেচ্ খেলেয়্য এঝ ফেঝেরা হ্ই আঘে। ধঘে-ধাঘেয়্য তে বেয়াল ঊনো কঅ্বীত্তুন। কেয়্যা রঙান্য তার কালা। রিনি চেহ্লে দেবেদা ধক। সিয়েনে কঅ্বীরে রিনি চেহ্লে বুড়ির পিঝুম উধে।

সেবেদেন বুড়ি মনে মনে ভাবিল— এই কঅ্বীরে কিঙিরি মারেই ফেলা যায়! তে এক্কান বুদ্ধি তুলিল তে আর' আগর সান্যাগরি চাড়ভাঙা পিধিত্তলে দি অসুঘর ছল ধরি পড়ি রহ্ল আহ্ বুচ্যারে কহ্ল—"বুচ্যা মর আগর হাড়ভাঙা-চাড়ভাঙা পীড়াগান আর' ভাজা দিয়্যে। তুই বৈদ্যবুয়ো ডাগি আন্দে।" বুচ্যা সোত্পোত্যা হ্ই বৈদ্যায়্যা ইধু গেল। বৈদ্যায়্যা-রে ডাগি আনিলগৈ। বুড়ি মাত্তর সে আক্কে বৈদ্যায়্যা লৈ দেঘাগরি তে কি কহ্বগি সিয়ান জানেই দিয়্যে। সিয়েনে বৈদ্যায়্যা য়েই বুড়িরে ধরি - ধারি চেহ্ই কহ্লগি—"এবারত পীড়াগান গারু হ্ইয়্যে, সিয়েনে বাঘর দুধ লাগিব। মাত্তর বুড়ির ডাঙর ঝিবুয়ো বাঘর দুধ্তান আনি পেবগৈ। ইয়ান খাবেলে তে পীড়াগান গম হ্ব' দে।"

বৈদ্যায়্যার কধায় কঅ্বী বাঘর দুধ অনি পায়য়ৈ। কঅ্বী আর কি গরিব! গেলেয়্য বিপদ-নগেলেয়্য বিপদ। যে হোক্, ভগবানরে মনে মনে এক সালামদি কঅ্বী বাঘর দুধ তগা গেল। কঅ্বী ঝাড়র মোক্যা যাদে যাদে এক সময় মাদিত দেহ্লগৈ বাঘর হুচ। তে হুচ্

কঅবী বেলগুলোবুয়ো নখেল। খেব বা কিঙিরি? তে ভাবে ইবা দঅ তা কথা। সিয়েনে তে বেল্যা ঘুমত পড়তে বেলগুলোবুয়ো আজা গরি ঘুম গেল। ঘু স্ববনে দেহ্ল তা মা'র সমারে তে ঘুম য়ার। মাত্তর ঘুমত স্ববনত তা মা তারে ক ঝি! তর দূঘর দিন আর বেচ দেরী নেই। তুই এ রেজ্যর রাজঘরত বৌ যেবে তরে লবগৈ।" কঅবী পুঝ্যর গরিল—"মা, ম-সান্যা আকবল্যো মিলারে রাজ আহ্ কিত্ত্যেই লবগৈ। সিয়ান কি সম্ভব নি?" তা মা কহ্ল—"লঅবার সান এ তুলো পড়িব।" তে কহ্ল—"ও-ঝি! মনদি শুনিচ সালেন। কেল্যা বেন্যাপো উদিলে তুই দেহ্বে মুই অর্থাৎ বেলগুলো গাছ্য শিঙোর সমেত হো্জরি পড়চ্যো তুই মনদ্দুখ নআনিচ। আঝলে মুই জনম বদলি রাজ্ঘরর সিংঘদুয়োরত বটগা দিমবৈ। মান্যে্য চেই থাক্কে থাক্কে এই বট গাছ্য বাড়ি উদিব। বাড়ি উখে সময় এমেন হ্ব রাজঘরর গত্তাল সিংঘ দুয়োরান নাদা যেব। রাজঘরত্তুন ইনি বাহ্র হ্ই ন পারিবাক আহ্ বাহ্রত্তুনঅ কিওজন রাজঘরর ভিদিরে সোমেই ন এই হা্ভাল দেই রাজায় ধুল পিদি গাছ কারিয়্যা থুভেব। মাত্তর তারা কিওজন খুড়োল ফুদেই ন পারিবাক। পত্তি কুবত তারার খুড়োল বোদি যেব—ভাঙি যে রাজা সমেত যক্কেন বেগে তত্ত হ্বাক—এবারত কী গরা যায় মেহ্ত নপেবাক তুই যেবে। রাজার মুজুঙে যেই কহ্বেগৈ—"মুই বটগাছ্য সোরেই দিম। মাত্তর যিয়ান চাঙ রাজার সিয়ান মরে দ্যা পড়িব।" রাজা লগৎ-তগৎ রাজী হ্ব। সে মরে অত্থাৎ বটগাছ্যরে এক সালাম দি এত্তুক গরি ঠেলা দিবেগৈ। লগৎ-তগ গরি শিঙোর-পাঙোরে উগুরি উধি অজল আগাচ বেই স্বগর্ত যেম্বোই। মুই রাজারে কহ্বে যুবরাজলৈ তর যেন মেলা হ্য়। পথম রাজা চক্ক-ভক্ক হ্ই উদিলে ভাব-সাব দেই জেরেদি রাজী হ্ব। মাত্তর রাজঘরত যেবার অক্তৎ তুই বাঘো রাদি, সনার অলংকার আহ্ কাবরানি পিনি যেবে। সিয়েনি পিন্যা গরি দেহ্লে গায় গায় মোহিত হ্ব। রাজায় সেবেদেন লগালক তঅ বাপরে ডাগেই আনি র তর চুমুলং গরি দিব।

তা মা এই কধানি কই ফুরেই মত্তন আবাদা গরি কঅবীর ঘুম ভাঙিল সেক্কে ফদাং-তাং পহর হইয়্যে। কঅবী বিছ্যনত পোচ্যা বাদে রেদো স্ববনা

কঅবী বেলগুলোবুয়ো নখেল। খেব বা কিঙিরি? তে ভাবে ইবা দঅ তা মা'র হে্‌ড়া কথা। সিয়েনে তে বেল্যা ঘুমত পড়তে বেলগুলোবুয়ো আজা গরি ঘুম গেল। ঘুম যেই তে স্ববনে দেহ্‌ল তা মা'র সমারে তে ঘুম য়ার। মাত্তর ঘুমত স্ববনত তা মা তারে কহ্‌ল—"ও-ঝি! তর দুঘর দিন আর বেচ দেরী নেই। তুই এ রেজ্যর রাজঘরত বৌ যেবে। যুবরাজে তরে লবগৈ।" কঅবী পুঝ্যর গরিল—"মা, ম-সান্যা আকবল্যো মিলারে রাজপুত্র কিঙিরি আহ্ কিত্ত্যেই লবগৈ। সিয়ান কি সম্ভব নি?" তা মা কহ্‌ল—"লঅবার সান এক্কান আড়ি তুলো পড়িব।" তে কহ্‌ল—"ও-ঝি! মনদি শুনিচ সালেন। কেল্যা বেন্যাপোত্যা ঘুমত্তুন উদিলে তুই দেহ্‌বে মুই অর্থাৎ বেলগুলো গাছ্য শিঙোর সমেত হে্‌জরি পড়চ্যে। সিয়ান্দ্যই তুই মনদ্দুখ নআনিচ। আঝলে মুই জনম বদলি রাজ্‌ঘরর সিংঘদুয়োরত বটগাছ হ্‌ই ভেদা দিমবৈ। মান্‌য্যে চেই থাক্‌কে থাক্‌কে এই বট গাছ্য বাড়ি উদিব। বাড়ি উত্থে উত্থে এক সময় এমেন হ্‌ব রাজঘরর গত্তাল সিংঘ দুয়োরান নাদা যেব। রাজঘরত্তুন ইন্দি কিওজনে বাহ্‌র হ্‌ই ন পারিবাক আহ্ বাহ্‌রত্তুনঅ কিওজন রাজঘরর ভিদিরে সোমেই ন পারিবাক। এই হ্‌ভাল দেই রাজায় ধুল পিদি গাছ কারিয়্যা থুভেব। মাত্তর তারা কিওজন বট গাছ্যত খুড়োল ফুদেই ন পারিবাক। পত্তি কুবত তারার খুড়োল বোদি যেব—ভাঙি যেব। এ অক্তৎ রাজা সমেত যক্কেন বেগে তত্ত্ব হ্‌বাক—এবারত কী গরা যায় মেহ্‌ত নপেবাক, সে অক্তৎ তুই যেবে। রাজার মুজুঙে যেই কহ্‌বেগৈ—"মুই বটগাছ্য সোরেই দিম। মাত্তর মুই রাজাত্তুন যিয়ান চাঙ রাজার সিয়ান মরে দ্যা পড়িব।" রাজা লগৎ-তগৎ রাজী হ্‌ব। সেবেদেন তুই মরে অত্থাৎ বটগাছ্যরে এক সালাম দি এত্তুক গরি ঠেলা দিবেগৈ। লগৎ-তগৎ মুই ভুজুৎ গরি শিঙোর-পাঙোরে উগুরি উধি অজল আগাচ বেই স্বগর্ত যেম্বোই। মুই গেলেগৈ তুই রাজারে কহ্‌বে যুবরাজলৈ তর যেন মেলা হ্‌য়। পত্থম রাজা চক্ক-ভক্ক হ্‌ই উদিলেঅ যুবরাজর ভাব-সাব দেই জেরেদি রাজী হ্‌ব। মাত্তর রাজঘরত যেবার অক্তৎ তুই বাঘোনী দ্যা রুবো-রাদি, সনার অলংকার আহ্ কাবরানি পিনি যেবে। সিয়েনি পিন্যা গরি দেহ্‌লে রাজকুমারে গায় গায় মোহিত হ্‌ব। রাজায় সেবেদেন লগালক তঅ বাপরে ডাগেই আনি রাজকুমারলৈ তর চুমুলং গরি দিব।

তা মা এই কথানি কই ফুরেই মত্তন আবাদা গরি কঅবীর ঘুম ভাঙিল। তে চায়দে সেক্কে ফদাং-তাং পহ্‌র হ্‌ইয়্যে। কঅবী বিছ্যনত পোচ্যা বাদে রেদো স্ববনান মনে মনে ভাবিল। চাহ্‌য়দে স্ববনর বেক কথানি তার পরাক পরাক গরি ঈধোৎ আঘে। তে মন হুঝিরে আজা গোচ্যা বেলগুলোবুয়ো বার বার চুমিল। সে জেরে উদিনেই ফুগুদিকানা খুলি চেহ্‌লগৈ বেলগাছ্য জেচ্যেৎ গরি উগুরি পোচ্যে নেনা? চায়দে হ্‌য়—জেচ্যেৎ গরি উগুরি পোচ্যে।

ইন্দি স্ববনর ধগে ধগে রাজঘরর সিংঘ দুয়োরত এক্কুই রেদে এক্ক্যা বটগাছ উঠ্যে। আহ্‌মক হ্‌বার লাক বেঘে দেহ্‌লাক চেহ্‌ই থাক্‌কে থাককে বটগাছ্য বাড়ি উধের—ডাঙরত্তুন ডাঙর হ্‌র। হাক্কনর মধ্যে বটগাছ্য ডাঙর হ্‌ই গদা সিংঘ দুয়োরান নাদি দিল। বানা সিয়ান নয়, বটগাছ্য অজার হ্‌ধে হ্‌ধে শিঙর বেই যাদে যাদে রাজঘরর দেবাল ফাদেই দিয়্যা ধরিল।

এই আচনক ঘদনা দেই রাজা মন্ত্রী-সেনাপতি বেগরে ডাগেল। হানক্কন তেন্মাং গরি তারা ঠিক গরিলাক—ঢুল পিদি রেজ্যর কাবিল গাছ কারিয়্যাগুনরে ডাগা হ্যোক। যিগুনে বট গাছ্য কাবি দি পারিবাক তারারে বেয়াল পুরস্কার দিয়্যা হ্‌ব। রাজার হ্‌জানি মুজিম চৌকিত্যা রাজার ঢুলিগুনে ঢুল পিদি দ্যা ধরিলাক আহ্‌ রেগরে পুরস্কারর কধা কোই বটগাছ্য কাবিবার ডাগনি দিলাক।

রাজার ঢুল পিদানা শুনি ত্বরা-তাঙরি চৌকিত্যাত্তুন গাছ কাবিয়্যা এলাক তপ্‌পে তপ্‌পে। তারা বট গাছ্য জনে জনে কাবি চেহ্‌লাক্কে। মাত্তর আহ্‌মক হ্‌বার লাক বট গাছ্য কন ভঅ-ভাক্কায় কাবা নযায়। তারার খুড়োলানি বোদি যায়, নলেন ভাঙি যায়। এই অবরূপ ঘদনায় রাজা সমেত বেগে যক্কেন আহ্‌মগর উগুরে চোদু সক্কেন কঅবী বাঘনী দিয়্যা রূবোরাদি, সনা অলংকার আহ্‌ সাহ্‌জ কাবর উড়ি-পিনি লুঙিলগৈ রাজঘরত। সান্ধারীরে কোই তে রাজঘরর ভিদিরে সোমেলগৈ। আহ্‌ রাজার মুজুঙে যেই রাজারে এক সালাম জানেই ক'লগৈ—"মহারাজ, খামাক্কায় তুই ক'লে মুই বটগাছ্য কাবিনেই হ্যোক, উগুরেই হ্যোক সোরেই দি পারিম।" মহারাজে ক'ল—"জেচ্যেৎ কহ্‌চ, তুই পারিবে? কঅবী ক'ল—"মহারাজ মুই কধা দ্যঙর মুই হামাক্কায় পারিম। মাত্তর এক্কান কধা আঘে। মহারাজ মুই বটগাছ্য সেরেই দি পারিলে মুই যিয়ান চাহ্‌ঙ সিয়ান মরে দিপেবে।" মহারাজে এই বিপদর অক্তৎ ভারি কিচ্ছু নভাবি ক'ল—"হ্‌য় তুই যিয়ান চাহ্‌চ সিয়ান পেবে।"

সেবেদন কঅবী মনে মনে হুঝি হ্‌ই বটগাছ্য গরাৎ গেল। বটগাছ্যরে একসালাম দি হাত্তান্দে এত্তুক ঠেলি দিল। লগৎ-তগৎ বটগাছ্য শিঙর সমেত উগুরি উদি আগাজর মোক্যা উদিলগৈ। কঅবী চোঘপানিচেরাং চেরাং গরি হাতজুড় গরি চেহ্‌ই র'ল। হাক্কনর মধ্যে বটগাছ্য আগাজৎ মিলেই গেলগৈ।

এই ঘদনান দেই বেগে আর' বেচ আহ্‌মক হ্‌লাক। তারা ভাবিলাক ইবা হামাক্কায় দেবকন্যা। রাজায় আহ্‌মক হ্‌ই পুঝ্যর গরিল—" মাদুঙী, তুই কন্না? কুত্তুন এচ্যস? কুধু তর ঘর?" কঅবী তার চিন দিল। সে জেরে কহ্‌ল—"মহারাজ, এবারত তঅ হামহানান পালেই পারচ।" রাজা সোত্‌পোত্যা হ্‌ই ক'ল—"মাদুঙী, ম-ত্তুন তুই কী চাহ্‌চ মাগি

পারচ।” কঅবী তা মায় কইয়েদে ধঘে ধঘে কহ্ল—“মুই চাঙ যুবরাজর সমারে মর মেলা-হোক।” কধান শুনিনেই মহারাজে চুপ হ্ল। কী কহ্ব তে ভাবি নপার। এন সময় যুবরাজ পিঝেত্তুন মুজুঙে এই কহ্লগি—“মহারাজে রাজী হ্লে মুই কঅবীরে জীংকানি সমার বানেই পারঙ।”

মহারাজে চাহ্য়দে যুবরাজেঅ যক্ষেন রাজী সালেন মর উগুদো তুলি লাভ কি! আহ্ সানে শিক্যার মিলাবুয়ো তজিমপুরো। যুবরাজচৈ সাজিব। সেবেদেন মহারাজেঅ রাজী হ্ল। তে মাধা তিঘুৎ-তিঘুৎ গরি কহ্ল—“মর কন” মানা নেই। মেলা হ্ব।” সেবেদেন মহারাজা সিবেইউনরে বুচ্যারে অর্থাৎ কঅবী বাপ্যরে ডাগেই আনেবার কহ্ল। রাজার হুগুমে বুচ্যা এল। সে লঘে বুড়ী আহ্ ধঅবী এল। গম হেন-লক্ষন চেহ্ই ঢুলে-ডগরে যুবরাজর সমারে কঅবীর মেলা হ্ল।

কঅবীলৈ যুবরাজর মেলা হ্নায় কঅবী দঅ অমগত্য হুঝি। তে মনে মনে ভাবিল এবারত্তুন ধরি তার দুঘ’ সাধা শেঝ। স্বর্গবাসী তা মারে তে মনে মনে ভজমান জানেল। তাদ্যেই এই রাজসুখ। মাত্তর তে ইয়ান খবর ন পায় তা কবালত আর’ আঘাত্যা দুঘ আঘে।

ভালকদিন ধরি রাজঘরত থাক্কে থাক্কে একদিন কঅবীর তা বাপরে ঈধোদ উদিল। তে ভাবিল—তারে ন দেহ্ই তা বাপে হ্লে ছদফদার। সিয়েনে তে একদিন রাজকুমাররে কহ্ল—“কুমোর, ভালকদিন হ্ল বাবারে নদেঘঙর। মনে মনে ভারি বাবারে চিৎপুরের। যেইনা একদিন বাবাদাগিরে রিনি চেহ্ইয়েঁ।” রাজকুমারে কহ্ল—“হ্য়দঅ ভালকদিন হ্লঘি। ত বাপে হ্লে তদ্যেই সোত্পোত্যা হ্ইয়্যে। মাত্তর মুইদঅ তাঙত্তুং নয়। বেগিদো কাম পড়ি আঘে। সিয়েনে কঙত্তে তুই একবার যা। কয়েকদিন থেই ফিরি এচ্যই।”

কঅবী বেড়ানত যেবাত্যেই রাজকুমাররে ভারি গরি কোজলি গরিল। মাত্তর কামত্যেই রাজকুমার রাজী নহ্ল। সিয়েনে কঅবী কয়েকজন সান্ধারী সমারে নিনেয় ঘড়ার রথত চড়ি তা বাপর ঘরত গেল।

কঅবীরে আবাদা গরি দেঘিনেই বুচ্যা অমগত্য হুঝি হ্ল। তে তা ঝি-বুয়োরে আজা গরি ধরিলগি। কঅবী রাজঘরত্তুন তা বাপ, তা সাদাঙা মা আহ্ ধঅবীত্যেই কাবর-চুরোব আহ্ নানান খেবার দরপ নিদিয়্যে। সিয়েনি পেই তারা পত্তিজনে অমগত্য হুঝি হ্লাক।

বুড়ি মাত্তর উগুরে উগুরে হুঝির ভাব দেঘেলেইঅ ভিদিরে ভিদিরে তার কুত্যেরী ভূদিবো ডাঙরত্তুন ডাঙর হ্ধে হ্ধে ফাদি যাঙ যাঙ। কঅবীর এই অতালিয়া সুখ দেহ্ই তে মুরে মুরে দাত কিমিরি খায়। তে মনে মনে শল্লা গরে কিঙিরি কঅবীরে আর’ অনতিত্যাত ফেলা যায়। অনসুর ভাবদে ভাবদে তে এক্কান কুবুদ্ধি জোরেল। আহ্ সিয়ান তা ঝি ধঅবীরে

কানে কানে শুনেল।

একদিন দিবুচ্যা মাধান। কঅবীলৈ সিংগবাত বোই আঘন। বুড়ি পিজোরত কাম গরের। বুচ্যা এক্কান কামে ঘরত্তুন নিঘিল্যে। সান্ধারীগুনে কায়কুরে কুধু ভঙদন্দে। এমেন সময় ধঅবী কঅবীরে কহ্‌ল—"কঅবী বেই, ত রুবো-রাদি আহ্ সনার অলংকারানি-লৈ তরে ভারি সাজে। ইয়েনি মরে একবার পিনি চেহ্‌বার দেহ্‌না। মরেকেন্‌য়ান সাজে চেহ্‌দুঙ মাহ্‌লে।" কঅবী উজু মনে তার বেক রুবো-রাদি আহ্ সনার অলংকারানি ধঅবীরে এক্কান এক্কান গরি কেয়্যাত্তুন খুলি খুলি দিল। ধঅবী উচ্য-পুচ্যয় এক্কান এক্কান পিনা ধরিল। বেক্কানি পিনি ফুরেই ধঅবী কহ্‌ল মরেঅ দঅ কম নসাজে। কী কহ্‌চ বেই? কঅবী কহ্‌ল—"হ্‌য় হ্‌য়, ইয়েনি পিন্যা দেহ্‌লে রাজকুমারে তরেঅ মুই ভিলি ভুল গরিব।" কঅবী কধানি শুনিনেই ধঅবী হি-হি গরি হ্‌াঝি উদিল।

কঅবী দঅ সরল মনে চোলী চোলী একধানি কইয়্যে। ধঅবী সিয়ান্দে এক্কান কুবুন্দি খেলিল। তে কঅবী নদেঘে পারা গরি হ্‌াধর সনার আন্ধিক্য খুলি নেই কানা সেরেদি ফুক্ গরি হ্‌ামত্তলে ফেলেই দিল। আহ্ ত্বরা-তাঙরি কোই উদিল—"বেই-বেই, 'হ্‌াধ' সনা-আন্ধিক্য দেই মাদিত পড়িলগৈ দ্যে!" কঅবী রিনি চাহ্‌য়দে হ্‌য় আন্ধিক্য হ্‌ামত্তলে পর্যেগৈ। তে কঅল—"ধঅবী আন্ধিক্য পেদেই আনি দ্যেগৈ।" ধঅবী নোনেয়্যা গরি কহ্‌ল—"বেই তুই পেদেই আন্দে না—রুবোরাদি পিন্যা গরি মুই মাদিত নলামিমবৈ। কঅবী আহ্ কন উজোর-আপত্তি নগরি আন্ধিক্য পেদেই আনিবেত্যেই মাদিত লামিলগৈ। এন্ সময় ধঅবী কী গরিল হিঁজিচ্যা গরি পিজোরত যেই ভভক্-ভভক্ উদুরোত্তে এক্ক্য গরম পানি পিলা আনি হ্‌ামত্তলে কঅবীরে তাগি ভরাৎ গরি ঢালি দিলগি। গরম পানি কেয়াৎ পড়ি কঅবী কিজেক কারি উদিল। তে চন্দুল হ্‌ই মাদিত গোচ্যেই পহ্‌ল। কিজেক শুনিনেই বুড়ি পিজোরবত্তুন ধাভাএই রিনি চেহ্‌লগি। কঅবীর অবস্থা দেহ্‌ই তার ইয়্যা ইয়্যা হ্‌ল। কঅবী মরি গেলে এক্কান অনতিত্যা হ্‌ব। জ্বালেলে সান্ধারীগুনে দেবাক্কি। গারেলেঅ চিহ্ন থেব। জেরেদি রাজকুমারর সন্দেহ হ্‌লে হ্‌লেভ গোরবুঅ কুরি চেহ্‌বগি। সিয়েনে তে কঅবীরে কহ্‌ল—"এই মোগোধীরে পে্খ বানেই থবংগে।" তে হিজিচ্যা গরি ফুরবারেঙ্ও খুলিনেই এক্ক্য তাবিৎ আনিলগৈ। আহ্ সিবা মরং মরং কঅবী গত্তনাৎ পিনেই দিলগৈ। তাবিত্য পিনেই দেনার সমারে সমারে কঅবী ডোল এক্ক্য হ্‌োলত্যা পেখ হ্‌ল। বুড়ি পেখ্যরে এক্ক্য পিঞ্জুরোত ভোরেই থলঅ।

এবারত বুড়ি আহ্ ধঅবী অমগত্য হ্‌ঝি। বুড়ি কহ্‌ল ইক্কিনেই তুই বুচ্যা ফিরিবের আগে রাজ ঘরত যাগৈ। তঅ কেয়্যা রঙানর পইদ্যানে রাজকুমারে পুঝ্যর গরিলে তুই

কহ্বে—"ঘরত যেই রাহ্না-বাহ্ড়া আহ্ ঘরঅ কাম গরানায় কেয়্যা রঙান কাল্যা হ্ইয়্যে। কয়েকদিনে আগ' রঙান ফিরি এব।"

তারা কধানি ফুরং-ন-ফুরং সান্ধারীগুন ভঙিভাঙি ফিরি এলাক্কে। ধঅবী কঅবীর সান্যা রঅ মেলি কহ্ল—"সান্ধারীগুন, ইক্কিনে রাজঘরত ফিরি যেবংগৈ।" সান্ধারীগুন হ্জানি মুজিম ঘড়া রথান পাদেলাক্কি। ধঅবী কঅবীর সান্যা গরি লুজুরুক লুজুরুক হুচ বাড়েই তার নিজর দরপভেন আহ্ হ্লেত্যা পেখ্যর পিঞ্জুরোবুঅ লৈ রথত উদিলগি। ইঙিরি কঅবী সাজিনেই ধঅবী রাজঘরত লুঙিলগৈ।

তা মোক্যরে দেহ্ই রাজকুমারে চক্কভক্ক হ্ল। মুয়ো কিত্যা রিনি চেহ্ই তে কহ্ল—"আহ্ তরে কি কিধোক্যান দেঘঙর। তঅ ধক্কান, কেয়্যা রঙান বদলী যেইয়্যে। কিয়্যা সেধোক্যান হ্ল। কঅবী সান রঅ মেলি ধঅবী কহ্ল—"কুমোর, ঘরত যেই ঘরঅ কাম গচ্যংগৈ দঅ সিয়েনে কেয়্যা রঙান কালামাক্যা হ্ইয়্যে। আহ্ ধক্কানর কধা কহ্ত্তে? সিধু যেইয়ং ধরি কালিক কালিক তঅ কধা মর ঈধোদ উধে। ডোলে ভাত খেই নপারঙ। এত্তুক হেঙেদ্যা হ্ই বেধক দেঘত্তে আয়।" সে কধানিলৈ রাজকুমারে বুঝ পেল। তে সে কধা নতুলি কহ্ল—"সিয়ান যেহ্োক, আহ্ এই হ্লেত্যা পেখ্য কিত্যেই আন্যচ্ছে?" ধঅবী কহ্ল—"ইবা মাহ্মা মরে দিয়্যেদে। ইবা শিখ কাড়িব-জেরেদি কধা কহ্ব।" রাজকুমারে চায়দে পেখ্য তারে চোখ মেহ্লে মেহ্লে এক রিনি চেহ্ই আঘে।

কয়েকদিন যাদে নযদে পেখ্যর কিত্যা যুবরাজর মেয়্যা ফুদিল। হ্লেত্যা রঙর চিগোন-চাগোন তেল-তেল্যা পেখ্য বেন্যা-বেল্যা কেরকেরায়—গীত গেই শুনোয় আহ্ এক্কান দ্বিয়ান কধা কয়। সেরে সেরে যুবরাজে পেখ্যরে হ্ধতলৈ বাগানত ভঙেগৈ।

একদিন যুবরাজে ধঅবীরে কয়দে—তুই দঅ তঅ বাপর ঘরত্তুন এচ্যচ্ছই ধরি বুনোকাদা পুহ্রি ফেল্যচ্ছে। তঅ হাদিয়ান দঅ এঝ আধা-ঘভা গরি আঘে। ধঅবী কধান শুনিনেই কহ্ল—"বুনিম আয়। আহ্ সিয়ান কি আগাত্যা কাম।" নিত্তাগে ধঅবী বুনো-কাদাত সেধক কাবিল নয়। ফুল কহ্ধে তুলি নজানে। যুবরাজর কধায় তে কঅবীর আদ্ধান্যা গরি বুন্যা হাদিয়ান দগোনত্তুন পাড়ি আনিলগৈ। আহ্ সিয়ান পাদেই বুনো ধরিল। তে বিগুনবিজি ফুল্যত হ্াত দিল।

হ্াত দিলে কী হ্ব বুনি দঅ নজানে। সুধোনি হাক্কে ইয়ান তুলে উভন তুলে। তুলদে তুলদে অদ্ধেগত খুয়োই ফেলায়। একমনে যুবরাজে তারে চেহ্ই আঘে। আহ্ মনে মনে ভাবে—আগে দঅ কাবিল গরি ফুল তুলে ইক্কিনে কিয়া ন জানে? কিত্তেই? এমেন সময় পিঞ্জুরো ভিদিরেত্তুন পেখ্য গেই উদিল ঃ

"এ-যু ফারি উ-যু তুল
চোখ হাদিনেই বিগুন বিজি
ফুল্য তুল।"

পেখ্যর কধান শুনিনেই ধঅবী পেখ্যরে চোখপিজি চেহ্‌ল আহ্ কহ্‌ল—"মরার পেখ্য, ভারি হ্ইয়্যচ্ছে মরে শিঘেই দ্যত্তে? মুই কি ফুল তুলি নজানং নাহি?"

মুয়েদি একধান কহ্‌লেঅ ধঅবী পেখ্য কধা ধগেধগে যু তুলি বুনিল। যুবরাজে সিয়ান রিনিল। তে মনে মনে ভাবিল—মঅ মোক্য দঅ আগে তজিম কাবিল মিলা সান বুনোকাদা জানিদঅ। ইক্মিনে কিয়্যা এধাক্যান হ্‌ল? তার এত্তুক সন্দেহ জাগিল। তে ঈধোত তুলিল এতে তা বাপর ঘরত্তুন ফিরি এচ্যেগৈ ধরি তার কধা-বাত্তা, চাল-চলন, আক্কল-হাচ্যেক বেয়াল বদলি যেইয়্যে। কিত্যেই এধোক্যান হ্‌ল? তে মনে মনে ভাবা ধরিল। মাত্তর কনঅ উদো নপেল।

একদিন্যা তা মোক্য ঘরত নেইদে অক্তৎ যুবরাজে পেখ্যরে পিঞ্জোরত্তুন নিঘেলেই গাধেই দিয়্যা ধরিল। ফোরানি মেলি মেলি গাধেই দেদে তে আবাধা গরি পেখ্যর গত্তনাৎ এক্য তাবিৎ দেহ্‌ল। তে ভাবিল পেখ্যর গত্তনাৎ ইবা কি তাবিৎ? কন্না তারে পিনেই দিল। যুবরাজে ধরিনেই তাবিত্য খুলি দিল। তাবিত্য খুলি দেনার সমারে সমারে আহ্‌মক হ্বাক লাক পেখ্য কঅবী হ্ই উদিল। যুবরাজে দঅ আহ্‌মগর উগুরে চোদু। তে কঅবীরে পুঝ্যর গরিল ইয়ান কিঙিরি হ্‌ল? কঅবী তারে গড়াত্তুন ধরি বেক ভাঙি কহ্‌ল। যুবরাজে বেক বুঝিনেই কহ্‌ল—"ঠিক আঘে তুই পোলেই থাক। ভেদা নদিচ। মুই এক্কান কাম গরিদুঙ মাহ্‌লে।" তে কধান কোই ফুরং নফুরং ধঅবী এযেত্তে দেঘা গেল। কঅবী তেম্মাং মুজিম পোল্যেই রহ্‌ল।

ধঅবী এই মত্তন পিঞ্জুরোবুঅ রিনি চায়দে পেখ্য নেই। তে পুঝ্যর গরিল—"পেখ্য কুধু গেল?" যুবরাজে কহ্‌ল—"পেখ্য ধেই যেইয়্যেগৈ।" শুনিনেই ধঅবী এত্তুক আহ্‌মক হ্‌ল। যুবরাজেঅ তে নয়দে সান গরি অলর গরি রহ্‌ল।

সেদিন্যা রেদোত খেইদেই যুবরাজ আহ্ ধঅবী ঘুমত পড়িলাক। ধঅবী ঘুমত পড়ি মত্তন ঘুম গেল। আহ্ যুবরাজে ঘুম নযেই ঘুম ছল ধরি রহ্‌ল। ধঅবী গভীন ঘুমত ডুবি গেলে যুবরাজে জুচ্ জুচ্ গরি উদিনেই শক্ত লুয়োর তারলৈ ধঅবীর গত্তনাৎ তাবিত্য বানি দিল। লগৎ-তগৎ ধঅবী হ্োলত্যা পেখ হ্ই উদিল। যুবরাজে পেখ্যরে ধরি পিঞ্জোরবুঅত ভোরেই দিল। ইন্দি লগে লগে কঅবী ভেদা দিল।

জেরর দিন যুবরাজে কঅবীরে কয়দে কেল্যা যেই তমা ঘরত। তঅ সাদাঙা মা-

বুয়োরে পেখ্য দেঘেবংগে। কধা মুজিম তা জেরর দিন তারা বুচ্যা-বুড়িদাগি ঘরত গেলাক। লঘে গরি নিলাক হ্যেলত্য পেখ্য। তারা ঘরত লুঙিলেগৈ তারারে দেহ্ইই বুড়ি পয়লা হানক্ষন থধভঅ গরি থেই জেরেদি পেখ্যরে দেহ্ই ভেঁএ গরি কানি উদিল। তে বুক চাবেরেই চাবেরেই কানানা ধরিল। ইয়ান দেহ্ই বুচ্যা পুঝ্যর গরিল—"ও-বুড়ি কিত্তেই কানর?" বুড়ি ডরে কিচ্ছু কধঅ ন চায়। জেরেদি যুবরাজে দম্হম্ লাগেই পুঝ্যর গত্তে গত্তে তার কুকর্মর কধানি ভাঙি কহ্ল। শুনিনেই যুবরাজে সান্ধারীগুনরে কহ্ল—"এতারে ধরি নিনেয় কাবি ফেলগৈ।" যুবরাজর কধায় সান্ধারীগুনে বুড়িবে ধরি নিনেয় কাবি ফেল্লাকৈ। যুবরাজে পেখ্যরে পিঞ্জোরত্তুন ছাড়ি দিল। পেখ্য ডুয়ো মেলি উড়ি গেলগৈ। সে জেরে যুবরাজ আহ্ কহ্বী রাজঘরত ফিরি এলাক। সেদিন্যাত্তুন ধরি কঅবীর দুখ্যা জীংকানি থুম হ্ই সুঘর জীংকানি ফাং হ্ল। থুম।

# সত্যডাল-আনন্দকুমোর

এক আদামত থায় এক গরীব-দুখ্যা বৈদ্য। তার আঘে এক্ক্যা মোক। মেলা তারার ভালক বঝর আগে হ্‌লেঅ এঝঅ গুরোগারা নহ্‌ন। সিয়েনে তারার সংসারত বানা তারা দ্বিজন। বৈদ্যেয়্যা ঘরে ঘরে আদামে আদামে বৈদ্যালী গরিনেয় কনমত্যা তারা দ্বিবা পেট তরান।

বৈদ্যেয়্যা এত্তুক নিমোন্যা মোক্যা। সিয়েনে তারে বেদমা কুঅ নযায়। নিত্তাগে বেভুলো মোক্যা। বৈদ্যালী ঠিকঠাক গরিলেঅ ঘরর পাচকামত কাবিল নয়। এক্কান গরতে অন্যক্কান গরে। এক কিত্যেদি লর দিলে অন্য কিত্যেদি লুঙেগৈ।

একদিন্যা বৈদ্যেয়্যা বৈদ্যালী কামে এক আদামর মোক্যা যার। যাদে যাদে তে বামভুল হ্‌ই লুঙিলগৈ জুদো এক বামত। চৌকিত্যা রিনি নচেহ্‌ই একমনে হ্‌াধি যাদে যাদে তার এই অবস্থা হ্‌ইয়্যে। অচিন পধে হ্‌াধি যাদে যাদে তার আবাধা গরি আক্কল হ্‌ল ইয়ান দঅ তা পথান নয়। দিক-কাবুলো হ্‌ই তে পথমে ভাবিল—তে ঘরত ফিরি যেবগৈ। জেরেদি ভাবিল—নাহ্‌, এত্তুক মুজুঙ্যা যেই চাঙ্‌ না, হ্‌লেভ' আঝল পথান তোগেই পেস্বেই। ইয়ান ভাবিনেয় তে মুজুঙ্যা হ্‌াধি যাদে যাদে আবাধা গরি তে পধত কয়েক্ক্য তেঙা পেল। বৈদ্যেয়া হুঝি হ্‌ই সিগুন পেদেই ললঅ আর কুদ্দুর মুজুঙ্যা যাদে যাদে তে পেলগৈ কয়েক্ক্য সনা মোহ্‌র। বৈদ্যেয়্যা নাজুক-কাজুক হ্‌ই সিগুনঅ পেদেই ললঅ। সে জেরে আর' কুদ্দুর যেই তে পেলগৈ এক গোদেল হীরে-মানেক। বৈদ্যেয়্যা দঅ হুঝিয়ে উলমত্য এধক হীরে-মানেক তে কিঙিরি লবঅ! যেহোক্‌, সিয়েনি তে ভূদি গরি ললঅ। তে ভাবিল—মুজুঙেদি আরঅ কি আঘে যেই চাঙনা। তে ভুদিবো জিনং নজিনং গরি মুজুঙ্যা যা ধরিল। কুদ্দুর যেই তে দেহ্‌লগৈ ডোল এক্কান রাজপুরী। মণি-মানেগে সাজেইয়্যা। তে রাজপুরীর মুজুঙে গেল। মুজুঙে লুঙিনেই তে দেহ্‌লগৈ পুরীয়ানর সিংগদুয়োরত থিয়েই আঘে অবরূপ এক্ক্য ডোলমিলা। দেঘদে পুরীমিলা সান্যা।

বৈদ্যেয়্যা রে দেহ্‌ই মিলাবুয়ো দ্বিহ্‌াত বাভেই ডাগিল—"আয়-আয় বৈদ্যেয়্যা আয়। ভালক বঝর ধরি তরেই মুই বারচেই আঘংগে।" কধানি শুনিনেই বৈদ্যেয়্যা চক্ক-ভক্ক হ্‌ল। তে ভাবিল—এই ডোল মিলাবুয়ো মরে কিঙিরি চিনে! সিয়েনে তে পুঝ্যর গরিল—"তুই কন্না? মুই দঅ তরে নচিনং। আহ্‌ মরে কিত্যেই বারচেই আগচ্চ্যে?" মিলাবুয়ো হ্‌াঝি হ্‌াঝি

কহ্‌ল—"আঁ-বৈদ্যেয়্যা তুই মরে নচিনর? মুইঁদ্যে তর মোক। চিগোনঅ লক্ষেন আমা বাপ-মায় তরলৈ মর মেলা গরি দ্যান দ্যে। মর দঅ এঝঅ পরাক পরাক গরি ঈধোত আঘে। তর কিয়্যা ঈধোত নেই। মর ঈধোত আঘে কিনেয় তরে এঝঅ সঙ বারচেই আঘং এগামনে ডেনবাঙ ন হ্‌লেই। মুই খবর পাঙ একদিন তুই হামাক্কায় এবে। এচ্যা মর ভালক বঝরর্‌ বারচেই থানা সাথক হ্‌ল।" মিলাবুয়ো কধানি কোই হ্‌ধত ধরি বৈদ্যেয়্যারে রাজপুরীত ভোরেলগৈ আহ্‌ বোজেলগৈ সনার কাদিরাত।

বোজিনেই বৈদ্যেয়্যা কহ্‌ল—"হ্‌ই পারে তরলৈ মর গুরোলক্কে মেলা হ্‌ইয়্যে। হ্‌লেভঅ মুই পুহ্‌রি ফেল্যাংগৈ। মাত্তর মর দঅ এক্ক্য মোক আঘে।" বৈদ্যেয়্যার কধান থুম হ্‌ধে নহ্‌ধে মিলাবুয়ো কহ্‌ল—"থোক্‌ না আরক্ক্য মোক। সিয়েন্দৈ কি হ্‌ল। অনেঘর কি দ্বিবা-তিন্নো মোক ন-থাননি? তারে ইধু আনিবেগৈ। আমি দ্বি-ভোনে থেবঙ। মুই তারে গুরো ভোনর সান গরি রিনি চেহ্‌ম—মেয়্যা গরিম। সিয়ান দঅ আরঅ গম হ্‌ব।" মিলাবুয়োর কধানি বৈদ্যেয়্যার গম লাগিল। এধক ডোল, পুরীমিলা সান্যা রূপ-রঙ। তার মনানঅ গম। নিশ্চয়ই এতে সত্য কধাই কহ্‌র। মর ঘরর মোক্যরে ইধু আনিলে গৈ দঅ গমই হ্‌ব। সিয়েনে তে কহ্‌ল—"ঠিক আঘে মঅ মোক্য মুই ইধু আনিস্বোই আয়্‌। ইধু তুমি দ্বিভোনে এক সমারে থেবা। মিলাবুয়ো কহ্‌ল—"গম হ্‌বদে স্যা গম হ্‌বদে। এই রাজপুরীত অতালিয়া ধন-সম্পদ। আমি কয়েক জনমেঅ খেইন-ফুরেবং—ভোক গরি ন-ফুরেবং।" তে আরঅ কহ্‌ল—"খবর পাহ্‌চ বৈদ্যেয়া, একদিন এ রেজ্যত আঘাত্যা এক বৎপীড়া দেখা দিয়্যে। বেগিদো মানুচ বৎপীড়াত পড়ি মরি যেইয়ন। যিগুনে ধেই যেইয়ন সিগুনে পরানে বাচ্যান। বাবাদাগি ধেই নযান তারা মোচ্যন। আমা ঘরত্তুন বানা মুই বাচ্যংগৈ। মর কবাল ভালা তুই লুঙ্যচ্ছি। ইক্কিনে কনঅ চিদ্যা নেই এবারত তুই তঅ মোক্য ইধু আন্দৈ। আমি তিনজনে সুঘে-শান্দিয়ে জীংকানি গোঙেবং। দ্বিভোনে কধা-বাত্তায় ধরাধোচ্যা গরি গিরিখি চালেবং।"

এই ডোল মিলাবুয়ো আঝলে এক্ক্য রেক্ষঝী মিলা। বৈদ্যেয়্যা মাত্তর নচিনিল। তে তা কধানি বেক্কানি জেচ্যেৎ ভিলি মনে গরিল। সিয়েনে বৈদেয়্যা মিলাবুয়োর কধায় রাজী হ্‌ই কয়েকদিন জেরে তা মোক্যরে হঝা গেল তা আগ' ঘরত। মাত্তর হঝা যেবার আক্কে রেক্ষঝী মিলাবুয়ো তারে তিন সত্য খাবেল যেন তে হামাক্কায় ফিরি এযেগৈ।

বৈদ্যেয়্যা ঘরত ফিরিল। ঘরত ফিরিনেই তে তার বেক হ্‌লবিধানর কধা তা মোক্যরে ভাঙি কহ্‌লগি। কহ্‌লগি তার পধ হ্‌রানির কধা, পধে পধে তেঙা, সনারুবো আহ্‌ মণি-মাণিক্য পাহ্‌নার কধা। আহ্‌ হামাক্কায় সেই পরীমিলা সান্যা ডোল মিলাবুয়োর কধা। তে কহ্‌ল—"গুরো লক্ষেন আমা মা-বাবে তারলৈ যক্ষেন মেলা গরিদ্যন, সিয়ান দঅ ইক্কিনে

পালন গরা পড়িব। তেঅ ভালক বঝর ধরি মরে ধারাচ গরি গরি বেচারী বারচেই আঘে। ইক্কিনে লাগত পাহ্‌পি হ্‌ই মুই দঅ মুহ্‌ ফিরেই থেই নপারং। সিয়েনে কঙত্তে—"যেই, সিধু যেই, সিধু সুখে-শান্দিয়ে থেই পারিবং। ভাত-কাবরর কনঅ চিদ্যা নেই, তেঙা-পয়ঝ্যা ধন-সম্পদর চিদ্যা নেই। তুমি বড় ভোন আহ্‌ গুরো ভোনঅ সান্যা গরি থেই পারিবা।" এ ধোক্যান নানান কধা কোই বৈদ্যেয়্যা তা মোক্যরে বুঝেল। বেক শুনিনেই তা মোক্যই কহ্‌ল—"বানা ধন-সম্পত্তি, খেবার-দেবার থেলে হয়নি। মানুঝর চিৎ-জুরোয়দ্যে আদাম্যা-পাড়াল্যার মিলনসিরিত, মেয়্যা-দয়্যাত, উধোনী-বজানিত। মানুঝর বলাবলে মানুঝ বাজি থান। তুই কহ্‌লেদে সিধু ভিলে মানুজর রঅ-বাধাচ নেই। চিকচিক্যা গরি সদর তিনজনে কিঙিরি মনসুঘে থেবং?" বৈদ্যেয়্যা কহ্‌ল—"ইক্কিনে মানুঝ-জন নথেলেঅ লাহ্‌রে লাহ্‌রে গরি হামাক্কায় মানুঝ ভরিবাক্কি সিধু। গোজেনর বানেইয়্যা সিরখিবাম খালি পড়ি থায়নি। পয়লা পয়লা হ্‌লেভ' তর মর গম লাগি ন পারে, জেরেদি চিৎ-ভরিব স্যা?" এ ধোক্যান নানান কধা কোই বৈদ্যেয়্যা তা মোক্যরে বুঝেল। শেঝমেঝ তা মোক্য যেবাত্যেই রাজী হ্‌ল। আহ্‌ তেম্মাং মুজিম তারা তা কেল্যা জায়-যুক্যলে রাজপুরীত ফিরি গেলাক।

বৈদ্যেয়্যা আহ্‌ তা মোক্য ফিরি এচ্যন দেহ্‌ই ডোল মিলাবুয়ো অর্থাৎ রেক্ষঝী ভারি হুঝি হ্‌ল। তার মনে মনে জুদো বুদ্ধি থেলেঅ বাহ্‌রেদি নিজরে গম দেঘেল। তে পয়লা পয়লা মানেই মিলাবুয়োরে এমন গম ব্যবহার দেঘেল বন্নাম গরিবার কন ভঅ নেই। তে মানেই মিলাবুয়োরে কহ্‌ল—"তরত্তুন আগে বৈদ্যেয়্যালৈ মর মেলা হ্‌ইয়্যে, সেই চিগোন লক্ষেন। সিয়েনে মুই তর বড়ভোন তুই মর গুরোভোন। মুই তরে সদর গুরোভোনঅ ধোক্যান গরি পালেম—তুই চিদ্যা নগরিচ।" মানেই মিলাবুয়োই রেক্ষঝীর এই কধানিলৈ বুক বানিল। ভাবিল—মিলাবুয়ো দঅ গম আঘে। মনানঅ অঝার। মাত্তর তে খবর নপায় ইবা আঝলে রেক্ষঝী মিলা—মুহ্‌ন মিধ্যা অন্তরত তিদ্যা।

যেহোক্‌ সেদিন্যাত্তুন ধরি তারার তিনজনর সংসার আরম্ভ হ্‌ল। দেঘদে দঅ সুঘর সংসার। খেবার-দেবার চিদ্যা নেই—ভাত-কাবরর রাথ নেই। তজিম ভারণ-ভত্তি রাজপুরী। চোলঅ জাগাত চোল, ধানঅ জাগাৎ ধান। ধন-সম্পদর কনঅ ঊনো নেই। কালিক তারা তিনজন বাদে অন্য কিওজন নেই। নেই মানুঝর রঅ-বাধাচ। মানুঝর কলঅ কালা। তিনজনে কধক আর কধা কহ্‌বাক, গব-সব দিবাক, বিগিদি-কিরিমিরি গরিবাক। সিয়েনে বৈদ্যেয়্যা বেন্যা-বেল্যা শিগ্যারে যায়। শিগ্যার গরি হরিং-চঙরা মারি আনেগৈ।

মাত্তর বৈদ্যেয়্যা হরিং বা চঙরা মারি আনিলে গৈঅ তিনজনে এক্ক্য চঙরা তিনদিনে খেই ফুরন। বৈদ্যেয়্যা আহ্‌ মানেই মিলাবুয়ো সিয়ান্দে আহ্‌মক হ্‌ন। এ পইদ্যানে ছলধচ্যা

রেক্ষঝী কয়দ্যে—"ও-বৈদ্যেয়্যা, নিত্তাগে এ বামর শিগ্যারর হেড়ানির বরগদ নেইদ্যে ভিলে। শিগ্যারর হেড়ানি ডেনে ভিলে চোঘ পাদান্দে।" বৈদ্যেয়্যা এ কধান্দে বুঝ পায়। আহ্ মানেই মিলাবুয়ো আহ্মক হ্ইনেই ভাবে।

এধোক্যান গরি তারার দিন বিদি যার। থাক্কে থাক্কে একদিন দ্ব্য-সুদিন গুরো পেদত বাজেলাক। গাভার হ্লাক। দেঘা যায় এ অক্তৎ বেঝ তোনে বরগদ পাহ্ ন যায়। এক্য হ্রিং বা এক্য চঙরা একদিনে শেঝ। ইয়ান্দে মানেই মিলাবুয়োর মনে মনে রেক্ষঝীরে সন্দেহ হ্ল। মাত্তর প্রমাণ নেই, কিচ্ছু কোই নপারে।

একসময় দ্ব্য-সুদিনে পুঅ ফুদোং ফুদোং হ্লাক। দ্ব্যজনর মাস-চান পুরেই এ্যাইচ্যে। দেঘা গেল পথম রেক্ষঝী পুঅ ফুদেল। তারা তা নাঙান রাঘেই দিলাক 'সত্যডাল'। তা কয়েকদিন জেরে ফুদেল মানেই মিলেবুয়ো। তা সিবাঅ মরদ পুঅ। তা নাঙান রাঘেই দিলাক 'আনন্দকুমোর'।

দ্বি-সুদিনর দ্বিবা পুঅ। সিগুন ডাঙর-দিঘোল হ্য়া ধরিলাক। পয়লা দলক দ্যন—জেরেদি হ্াধি বেড়ান—খারা হন। এই সময় একদিন বৈদ্যেয়্যা শিগ্যারে যেই এক্য ডাঙর চঙরা মারি আইন্যে। তারা চঙরাবুয়ো কুদি-কাদি রানিলাক। একলগে মিলি এক সাহ্চ খেই বাদবাগীয়ান জেরে খেবাত্যেই থলাক। সেদিন্যা মাত্তর মানেই মিলাবুয়ো এগেম গরিল—রান্যা তোনানি কুধু যায় এচ্যা চুগি দিম। তে রেদোত ঘুম নযেই পোল্যেই রহ্ল। রেদো সন্তাগৎ চায়দে রেক্ষঝী জুহ্চ জুহ্চ গরি উদিনেই তোন পিলাবুয়োত্তুন তোনানি খারলে। সে অক্তৎ রেক্ষঝী তা মানেই মিলা ছলঙান ছাড়ি রেক্ষঝী রূপ ধোচ্যে। তার বিরাট কেয়্যা, ডাঙর ডাঙর জ্বোল্জ্বোল্যা চোঘ, দিঘোল দিঘোল হ্াত, লাম্বা লাম্বা নখ। জ্বিল নিঘিলেই আজুলগরি তোন পিলাত্তুন তোনানি খার। ইয়ান দেহ্ই মানেই মিলাবুয়োর দঅ কেইয়্যা থধরা। তে গির্গিরাদে গির্গিরাদে ধেই যাহ্ত্তে ধুচ খেল টাঙ্যা টাঙ্যা এক্য জুর্গোত। জুর্গোত্তুন থান্দ্রাং থান্দ্রাং পড়ি গেলাক থাল-কদরা। মানেই মিলাবুয়ো সেকিত্যা রিনি নচেহ্ই ধাভা এল তা বিছ্যনত। কাবড়-মুহ্ তিংতিঙ্যা গরি পড়িলগি। রেক্ষঝী মাত্তর তারে নদেঘে। তে ভাবিল—ইবা খামাক্কায় বৈদ্যেয়্যা হ্বদে। ধরা খেইয়্যে যক্ষেন তে মনে মনে তারে তাগি রহ্ল।

তা কেল্যা বেন্যা পহ্র হ্ল। মানেই মিলাবুয়ো তে কিচ্ছু খবর ন পায়দ্যে সান গরি রহল। আহ্ বৈদ্যেয়্যা অন্যদিনর ধগে বেন্যা মাধান শিগ্যার গরা গেল। তে শিগ্যারে যানার এত্তুক জেরে রেক্ষঝী কহ্ল—"ঘরত বোই থেবার গম নলাগের। মুইঅ তোন তগা যেমবে।" একধান কোই তেঅ ঘরত্তুন নিঘিলিল।

দ্বিবুচ্যা মাধান রেক্ষঝী ফিরিলগৈ, মাত্তর বৈদ্যেয়্যা ন-ফিরিল। বেল ডুবিলগৈ ত্যো নফিরিল। ইন্দি মানেই মিলাবুয়ো সোতপোত্যা হ্‌ই উদিল। তারে দেহ্‌ই রেক্ষঝী কয়দ্যে—“চিদ্যা নগরিচ, আহ্ কুধু যেব। হ্‌লেভ হ্‌রিং-চঙৱা খাপ্‌দি আঘেদে। অক্ত এলে তে ফিরিব।” বারচেই থাক্‌কে থাক্‌কে রেত ভালদ্দুর হ্‌ল ত্যো বৈদ্যেয়্যা নফিরিল। ইন্দি মানেই মিলাবুয়োর ঘুম নেই। তে কিয়াজ গরিল—রেক্ষঝী হামাক্কায় তারে ধরি খেইয়্যেগৈ।

সেদিন্যাত্তুন ধরি মানেই মিলাবুয়োর আর পরানত পানি নেই। তে কালিক ভাবে রেক্ষঝী তারেঅ কমলে জানি ধরি খায়। সেক্ষেনে আনন্দকুমোর এত্তুক মানেইভাষ বুঝে পারা হ্‌ইয়্যে। একদিন তা মা তারে কুরে ডাগিনেই চুবে চুবে বেক কধানি ভাঙি কহ্‌ল। মানেই মিলাবুঅ কহ্‌ল—“তঅ বাবর সান গরি তঅ মুঝি মরেঅ কমলে ধরি খায় ঠিক নেই। মরে হামাক্কায় খেলে তুই ইধু নথেচ, তরেঅ জেরেন্দি ধরি খেব। পুত তুই ইত্তুন ধেই যেচ্চোই। অন্য রেজ্যত যেই পরান বাজেচ্চোই। ইধু থেলে মরিবে।” একধানি ক্যোই তে তা বুঘত্তুন এক কদরা দুধ বাহ্‌র গরি সিয়ান মন্দর পড়ি দিল। আহ্ কহ্‌ল—“ও-পুত, ইয়ান তুই চোঘেচোখ গরি থেবে। তুই দেহ্‌বে দুধতান যক্ষেন হ্যোলত্যা হ্‌ইয়্যে তুই বুঝিবে রেক্ষঝী মরে খেবরাত্যেই লরার। আর যককেনে মেন্‌মেন কালা হ্‌ব সক্‌কেন মঅ পরানান নেই। সেদিন্যাত্তুন ধরি আনন্দকুমোরর হোল্যাত ডিব্বাৎ ভরেইয়্যা গরি দুধঅ কদরা এক্ক্য থায়। তে তা বড়ভেই সত্যডাল লৈ খারা খদে খদে এককিত্যাদি হাক্কে হাক্কে যেই চুরগরি ডিব্বাবুয়ো খুলি খুলি চাহ্‌য়ৈ। সত্যডালে সিয়ান লক্ষ্য গচ্যে। তে আনন্দ কুমোররে পুঝ্যর গরে—“তুই হাক্কে হাক্কে চুর গরি কি রিনি চাহ্‌চৈ?” আনন্দ কুমোরে কহ্‌ধ নচায়। বার বার সত্যডালে পুঝ্যর গরতে গরতে জেরেদি আনন্দকুমোরে বেক ভাঙি কহ্‌ল। সিত্তুন ধরি দ্বিজনে পালা পালা গরি দুধঅ কদরাবুয়ো রিনি চাহ্‌ন্দে তারা।

ইঙিরি বার বার রিনি চাহ্‌দে চাহ্‌দে তারা দেহ্‌লাক—সত্য সত্য গরি দুধতান হ্যোলত্যা হ্‌ইয়্যে। আনন্দকুমোরে মুহ্ কালা হ্‌ই কহ্‌ল—হামাক্কায় তঅ মা মঅ মামাহ্ রে খেবাত্যেই ধোচ্যে। সে জেরে তারা দেহ্‌লাক দুধতান দোক-দোক্যা রাঙা হ্‌ইয়্যে। আনন্দকুমোরে কানি উধি কহ্‌ল—তঅ মা এবারত মামাহ্ রে খাহ্‌র। সে জেরে দুধতান মেন্ মেন্ কালা হ্‌ইয়্যে। আনন্দকুমোরে “মামাহ্ শেঝ হ্‌ইয়্যে—মামাহ্ শেঝ হ্‌ইয়্যে” কোই দিয়্যা ধরিল দুমুড়। সত্যডালেঅ তা পুনে পুনে দিল দুমুড়। তে কহ্‌ল—“ও-ভেই, নধেচ নধেচ, মুই আঘং, মুই তরে রখ্যা গরিম।” আনন্দ কুমোর কনঅ কধা নশুনে। তে দুমুড় দেত্তে দের। সত্যডালে জগার পারি পারি কহ্‌ল—“ও-ভেই আনন্দকুমোর, মুই তরে তিন সত্য দ্যাঙর, মুই তরে হামাক্কায় মামাহ্‌ত্তুন রখ্যা গরিম। দরকার হ্‌লে মুই নিজ হাধে মামাহ্‌রে কাবিম।

ত্যো তরে মুই বাজেম। মরে তুই বিশ্চেচ গর।”

সত্যডালর একধানি শুনিনেই আনন্দকুমোরে থামিল। সত্যডালে আনন্দকুমোররে আজাগরি ধরিলগৈ। সে জেরে তারা তেম্মাং গরিলাক—তারা চুবে চুবে যেঁই তা মাহ্ দাগিরে চেহ্বাক্কে। যনি ঘদনা সত্য হয় সালেন রেক্ষঝীরে মারিবার বুদ্ধি এক্কান জোরেবাক। সে জেরে সত্যডাললেঁ আনন্দকুমোর দ্বি-ভেইয়্যে তম্মাং গরিলাক—রেক্ষঝীরে কিঙিরি মারিবাক! সত্যডালে কহ্ল—“মামাহ্ মুজুঙে তুই ভেদা নদিচ্ছে। তুই কায়কুরে পোল্যেই থেচ। মুই গায় গায় মামাহ্ মুজুঙে যেম আহ্ তারে নোনেয়্যা গরি কোম্বোই মাহ্ তর কয়ব্য দাঁত আঘন মরে দেঘানা, মুই গণি চাঙ। সে আক্কে মুই চুচ্যাং এক্ক্য তাক্য আগুনত দিযেম। মামাহ্ যক্কেন হা-গরি তা দাঁত্তুন দেঘেব আহ্ মুই গণা ধরিম তুই ধাভা ধাভা যেই মরে রাঙা দোক্দোক্যা তাক্য বুয়ো দিবেগৈ। মুই লগৎ-তগৎ তা মুহৎ তাক্যবুয়ো ভিন্দেই দিম।”

এই ধগে তেম্মাং গরি তারা দ্বিজনে লিয়ং লিয়ং গরি ঘরত গেলাক। তারা দেঘন্দেদে রেক্ষঝী অর্থাৎ সত্যডাল’ মা-বুয়ো চোন্দুল গরি সিংগবাত পড়ি আঘে। ঘরর পিঝেদি আনন্দকুমোরে পোল্যেল’ আহ্ সত্যডালে চুচ্যাং এক্ক্য তাক্য আগুনত গুজেইদি তা মা’র কুরে গেল। তে তা মা ধাগত বোজিনেই কহ্লগৈ—“মাহ্, ইয়ত কি পড়ি আগচ। ভাত খেইদেই জিরত্তে নেনা?” তা মা’য় কহ্ল—“হয় পুত, এত্তুক কাঙেল টানঙত্তে। আহ্ তুই কুত্তুন এলে গৈ?” সত্যডালে কহ্ল—“খারা খৈয়্যঙ্গৈ মা।” রেক্ষঝী কহ্ল—“আহ্ আনন্দ কুমোরে কুধু গেল?” সত্যডালে কহ্ল—“কিওবারে, কুধু খারা খরলৈ।” সে জেরে সত্যডালে তা মা-রে নোনেইয়্যা গরি কহ্ল—“মাহ্, তর কয়ব্য দাঁত আঘন?” তা মা কহ্ল—“বত্রিশউয়ো”। সত্যডালে কহ্ল—“হয়নি স্যা। গাল মাদত্তে নয় নেই?” তা মা’য় কহ্ল—“বিশ্চেচ ন-গরচ্চ্যে? রিনি চাহ্ সালেন” এ কধান কইন্যে তা মা হা গরি দেঘেল। সত্যডালে আনন্দকুমোরে শুনে পারা গরি—এক, দুই তিন চের...গণা ধরিল। ইয়ান শুনিনেই আনন্দকুমোরে আগুনে দোক্দোক্যা চুচ্যাং তাক্যবুয়ো আনি সত্যডালর হাধত দিলগি। তাক্যবুয়ো পাহ্নার সমারে সমারে সত্যডালে সিব্যালৈ রেক্ষঝীর মুহত ভিন্দেল।” ও-মা-হদা” গরতে গরতে হাক্ষনর মধ্যে রেক্ষঝী মরি গেল। রেক্ষঝী মরানার জেরে তারা দ্বিভেইয়্যে তেম্মাং গরিলাক এই নিরাল রাজপুরীত তারা নথেবাক—তারা দেঝ ভঙা লামিবাক। তেম্মাং মুজিম তারা দ্বিজনে দ্বিবা বেড়াচ্যা ভূদি লোই দেঝ-ভঙানীর উদিচ্যে লর দিলাক। সমারে নিলাক দ্বিজনে দ্বিয়ান ধামা।

তারা দ্বিজনে বেগিদো ঝাড়-জঙল, মুড়ো-কলক, গাঙ-ঢেভা কথাদি ভালদ্দূরত লুঙিলাক্কে এক্কান নিরাল আদামত। তারা দেহ্লাক—আদামান পাপাচ্যা ডোল ডোল ঘরবাড়ী,

বাগান-বারিজ্যা, ক্ষেত-খামার। পত্তি ঘরত মানুঝঅ আঘন। মাত্তর তারার মুহ্‌ৎ কন' রঅশব্দ নেই—বেগে মন মরা মন মরা। তারা ইয়েনি দেহ্‌ই আহ্‌মক হ্‌লাক। সেবেদেন তারা এক্কান ডোল সানশিক্যা ঘরত উদিলাক্কে। গিরিখে তারারে বোজিবার দিলাক—খেবার পানি দিলাক। কালিক মুহ্‌য়েদি কধা নেই। মনানি যেন বেগর গুমোর গুমোর। তারা পানি খেইদেই গিরিখরে পুঝ্যর গরিলাক—"আহ্ কি হ্‌ইয়্যে নাহি? কিয়্যা বেগে গুমোর গুমোর, মুহ্‌য়্যেদি কন' কধা নেই।" ঘরবুয়োগুনে পত্থম পত্থম কহ্‌ধাক নচাহ্‌ন। জেরেদি পুঝ্যর গরতে গরতে আ্ঝল কধাগান কহ্‌লাক। তারা জানেলাক—"এ রেজ্যত আবাধা গরি কুখুন জানি এক্ক্যা অজংচং রেক্ষস মিলা লুঙ্যেগি। তে এগে এগে আদাম্যাগুনরে খাহ্ ধরিল। বে-ভঅ দেঘিনেই বেক আদাম্যাগুনে রাজার ইধু গেলাক। রেক্ষঝীঅ রাজার ইধু লুঙিলগৈ। বেক অবস্থা দেহ্‌ই রাজায় রেক্ষঝীলৈ চুক্তি গরি ইয়ান ঠিক গরিল পত্তিদিন দ্বিজনরে রেক্ষঝী খেবগৈ। সেই মুজিম পত্তিদিন কনঅ এক ঘরত্তুন দ্বিজন রেক্ষঝীর মানেক ঘরানত যা পড়ে। এচ্যা আমার পালা। আমা ঘরত্তুন এচ্যা রেদোত দ্বিজন সেই মানেক ঘরানত যেবার কধা। মাত্তর কন্না যেব? পরানর মেয়্যা বেগর আঘে। আহ্ নগেলেয়্য বিপদ! আমি কী গরিবং খবর নপের। সিয়েনে বেগে আহ্‌মক আহ্‌মক হ্‌ই আঘন।" বেক কধানি শুনিনেই সত্যডালে কহ্‌ল—"চিদ্যা ন গচ্ছ্য, এচ্যা মানেক ঘরত আমি দ্বিভেই থেবংগৈ। তমার যা নপড়িব।" গিরিখয় কহ্‌লাক—"সিয়েন কিঙিরি হ্‌ব। তুমি দঅ আমার গরবা। গরবা মাত্রই ভগবান। জানি শুনি তমারে কিঙিরি আমি সিধু দিপাধেবং?" সত্যডাল আহ্ আনন্দকুমোর দ্ব্যজনে সঙগরি কহ্‌লাক—"সিয়েনত্যেই তুমি নভাপ্য। আমার কিচ্ছু হ্‌ধ নয়। এ আগেদিঅ আমি দ্বিভেইয়্যে এক্ক্য রেক্ষস মারি এচ্যেই।" ত্যো ঘরবুয়ো গুনে নমানন। গরবারে কিঙিরি মরনর মুহ্‌ৎ দিপাধেব। দ্বিভেইয়্যে বেগিদো কোজলি গরতে গরতে ঘরবুয়োগুনে জেরেদি রাজী হ্‌লাক। সেবেদেন মিলাগুনে ত্বরা-তাঙরি তারাত্যেই ভাত রানি দিলাক। দ্বিভেইয়্যে ভাত খেইদেই বেলেত্যামাধান রেক্ষঝীর মানেক ঘরানত থেবাত্যেই গেলাক।

ঘরানত লুঙিনেই সত্যডালে কহ্‌ল—"গুরোভেই দ্ব্যজনে সঙগরি ঘুমমারি লাভ নেই। আমি পালা পালা গরি একভেইয়্যে জাগিথেবং আহ্ এক ভেইয়্যে ঘুম যেবং।" এমেন সময় মানেক ঘরত রেক্ষঝী এল। তে পুঝ্যর গরিলগি—"মানেক ঘরত কন্না জাগে ও" সত্যডালে জুয়্যোব দিল—

"আনন্দকুমোরর ভেই সত্যডাল জাগে।"

রেক্ষঝী জগার পাড়ি উদি কহ্‌ল—"সেই কবাল-পড়া নেই! এঝ আগেদে তে।" তে দুমুড়ি গেল-গৈ। এধোক্যান গরি আর' এক-দ্বিক্ষেপ রেক্ষঝী এল' আহ্ সত্যডালর নাঙশুনি

ধেই গেলগে। ইঙিরি রেত সম্ভাক হ্লেগি সত্যডালে আনন্দকুমোররে জাগেই তুলি তে ঘুমত পহ্ল। মাত্তর তে বুঝেই দিল ডোগরেই ডোগরেই যে—হদাং শিক তে যেন আনন্দকুমার জাগে ন কয়। কুঅ পড়িব সত্যডাল জাগে।

হানক্ষণ জেরে রেক্ষঝী আর' এল। তে জগার পারি কহ্লগি—"মানেক ঘরত কন্না জাগে?" সত্যডালে শিঘেইদ্যা মুজিম আনন্দকুমোরে কহ্ল—"আনন্দকুমোরর ভেই সত্যডাল জাগে।" শুনিনেই রেক্ষঝী হদা-জগার পারি দুমুড়ি গেলগে। আর' হানক্ষণ জেরে রেক্ষঝী উল্ল্যাফিরি এলগৈ। তে আগ' সান্যা গরি ডাগি কলগি—"মানেক ঘরত কন্না জাগে?" রেক্ষঝীর রঅ শুনিনেই আনন্দকুমোর ভাবিল—"সত্যডাল জাগে কহ্লে রেক্ষঝী কিত্যেই ধেই যায়? আনন্দকুমোর জাগে কহ্লে কী হ্ই পারে! পরীক্ষা চাঙ্না।" ইয়ান ভাবি নেই এবারত তে কহ্ল—"সত্যডালর ভেই আনন্দকুমোর জাগে।" রেক্ষঝী ইয়ান শুনিনেই এক্ক্য হিয়েংশিক দি-উদিল। সেবেদেন তে মানেক ঘরান আক্রমণ গরা ধরিল। তে লাধিৎ মানেক ঘরর দুয়োরান ভাঙিল। আহ্ কিজাক সারি সারি ঘরর ভিদিরে সোমেলগি। আনন্দকুমোর তা কিরিচ্যান দ্বি-হ্াধে জাবেদেই ধরিল। ইন্দি সত্যডালে ঘুমে ঘুমে রেক্ষঝীর কিজাক শুনি জাগি উদিল। তে চোখমেলি রিনি চায়দ্যে রেক্ষঝী দ্বিয়ান হ্াত বাভেই মানেক ঘরত সমাল্লি। ইয়ান দেহ্ই তে পোচ্যাতুন ভুজুৎ গরি উধি কিরিচ্যান ধরি রেক্ষঝীরে দিল এক কুব্। এক্কুই কুবে রেক্ষঝীর এক্কান হ্াত কাবা গেল। সে জেরে সত্যডালে আরেক কুবে রেক্ষঝীর অন্য এক্কান হ্াত কাবি দিল। হ্াত দ্বিয়ান কাবা যেইনেইঅ রেক্ষঝী হ্া-গরি মুজুঙ্যে এযের তারারে গিলিবেত্যেই। এবারত সত্যডালে গত্তনাবুয়ো কাবি দিল। রেক্ষঝীরে সত্যডালে কাবিনেই দ্বিজনে নিচিদ্যা হ্লাক। সেবেদেন সত্যডালে আনন্দকুমোররে কহ্ল—"রেত এঝ' ভালদ্দুর আঘে—এক লেজাৎদরে ঘুম যেই।" ইয়ান কইনেই সত্যডালে আনন্দকুমোররে আজা গরি ঘুমৎ পড়িল। দ্বিভেইয়্যে নিচিদ্যা গরি পুং-পুং ঘুম যা ধরিলাক।

এক সময় রাদা ডাক কাড়ি রেত্য পহ্র হ্ল। ফদাংতাং পহ্র। আদাম্যা মান্যে ঘুমত্তুন জাক্যন। তারা বেন্যা পহ্র হ্ইনেই অন্যদিনর সান্যা গরি যার যে কামত যা ধরিলাক। সেদিন্যা সে আদামর কন' এক ঘরর দ্বিভেই বাগত্অ কামত যাদন। তারা মানেক ঘরর কুরেদি গরি যাদে যাদে দেহ্লাক—মানেক ঘরর দুয়োরান ভাঙা। আহ্ এই মানেক ঘরর দুয়েরান কন্না ভাঙিল! তারা আহ্মক হ্ই লিয়ং লিয়ং গরি কুরে যেই রিনি চেহ্লাক্কে। দেঘন্দে বিরাট কেইয়্যা রেক্ষঝী চোন্দুল গরি পড়ি আঘে। তারা ডোরেই ডোরেই রিনি চেহ্লাক। চাহ্ন্দে রেক্ষঝীর হ্াত দ্বিয়ান কাবা—গত্তনাবুয়ো কাবা। তারা আহ্মগর উগুরে চোদু হ্ই ভাবিলাক—রেক্ষঝীরে কন্না মারিল? মাত্তর তারা রেক্ষজীর কেয়্যানর আন্দ্যালে

ঘুম যাদন্দে সাত্যডাল আহ্ আনন্দ কুমোররে নদেহ্লাক। বেগিদো ভাবিনেই তারা উদো নপেলাক নিত্তাগে রেক্ষঝীরে কন্না মারিল! সেবেদেন লগৎ-তগৎ তারা এক্কান বুদ্ধি জোরেলাক। যেই কাবোক তারাই রাজার ইধু যেই নানু হোলেবাক্কে। কিত্যেই তারার ঈধোৎ উদিল—একদিন রাজায় ঢুল পিদি রেজ্যৎ জানেই দিয়্যে, যে এই রেক্ষঝীরে মারি দিব তারে রাজায় অতালিয়া তেঙা-পয়ঝা, সনা-দানা আহ্ ধন-দৌলত দিব। সিয়েনে তারা ধন-দৌলত পেবার ধারাজে রেক্ষঝীর নাক-কান কাবিনেই সিয়েনি বুগিনেই রাজঘরত লুঙিলাক্কে। তারা রাজারে যেই কহ্লাক্কে—তারাই দ্বিভইয়্যে গেললে রেদোত রেক্ষঝীরে কাবিনেই মারেই ফেল্যন। প্রমাণ মুজিম রেক্ষঝীর নাক-কান তারা রাজারে দেঘেলাক্কে।

দেঘিনেই রাজায় পত্থমে ভারি উচ্য হ্ল। মাত্তর তারা দ্বিভেইয়র কিত্যা রিনি চেহ্ই রাজার এত্তুক সন্দেহ হ্ল। তে ভাবিল—"হ্য়নি ইগুনে রেক্ষস মারি পারিবাক্কে! সেবেদেন রাজায় মন্ত্রী-সেনাপতিরে ডাগেনেই তারার মুজুঙে দ্বিভেইয়রে কহ্ল—"বানা নাক-কান দেহ্লে নহ্ব, আমি বেক্কুণে যেই রেক্ষঝীরে চেবংগে।" কধা মুজিম মন্ত্রী-সেনাপতি সমেত মানেক ঘরর উদিচ্যে রাজায় লর দিল। সিধু লুঙিনেই চাহ্ন্দেদে হ্য় রেক্ষঝীর মরা কেইয়্যান মানেক ঘরর দুয়োরত চোন্দুল গরি আঘে। রেক্ষঝী মরি গেলেঅ এই দ্বি-ভেইয়্যে রেক্ষঝীরে মারচ্যন ভিলি রাজার বিশ্বেচ নহ্ল। সেবেদেন তে মন্ত্রীরে কহ্ল—"মন্ত্রী!" গেললে রেদোত কন ঘরত্তুন মানেকঘর চুগি থেবার পালা এল?" মন্ত্রী নিত্তিরিনি চেই গিরিবুয়োর নাঙান কহ্ল। রাজায় সেবেদেন হুগুম দিল—"ইক্কিনে ইধু সেই গিরি বুয়োরে এত্তেলা পাধেই ডাগি আনা হোক।" রাজার হুগুমে সিবেই গেলাক সেই গিরিবুয়োর ঘরত। রাজার হুগুম শুনিনেই গিরিবুয়ো গির্গিরাদে গির্গিরাদে লুঙিলগি। রাজায় তারে পুজ্যর গরিল—"তুই কঅ কেল্যা রেদোত মানেক ঘর চুগিদ্যা তমা ঘরত্তুন কন্না এইস্যে?" গিরিবুয়ো ফভাদে ফভাদে সেই দ্বিবা ঢামা ধচ্যা গাবুচ্যাপুয়োর কধা জানেল। তে কহ্ল-"মুই বেগিদো মানা গরানা সত্বেঅ তারা মানেক ঘর চুগিদ্যা এচ্যন। রাজানানু, মর কন দুষ নেই।" শুনিনেই রাজায় সিবেইউনরে হুগুম দিল—"সেই দ্বিবা গাবুচ্যা পুয়োরে তগঅ। তারা হ্যামাক্কায় মানেক ঘরত বা তার কায়কুরে থেবাক।" রাজার হুগুমে সিভেইউনে রেক্ষঝীরে পার হ্ই যেই যক্কেন ভিদিরে সোমেলাক্কে তারা দেঘন্দে দ্বিবা ভরণ-বিরোন ডোল গাবুচ্যা পুয়ো ধামা সিধেনদি আজা-আচ্যা গরি ঘুম যাদন। সিবেইউনে দ্বিভেইয়্যরে জাগেই তুলি রাজার ইধু আনিলাক। রেক্ষঝীরে কন্না মারচ্যে একধান রাজায় পুঝ্যর গরতেই তারা দ্বিভেইয়্যে বেক ঘদনান ভাঙি কহ্লাক। আহ্ নিজর পরিচয় দিনেয় তারা কহ্লাক আমি জ্ঞান কামেবাত্যেই দ্বিভেইয়্যে দেঝ ভঙির। বেক শুনিনেই রাজায় অমগত্য হুঝি হ্ল। তারা দ্বি-

ভেইয়্যরে রাজঘরত আনি ডাঙর ভেই সত্যডালর সমারে রাজকন্যার মেলা গরি দিলগি। আহ্ আনন্দকুমোররে রাজবাড়ীর শান্তিরক্ষ্যা আহ্ তত্ত্ব-তালাবির দায়িত্ব দিয়্যা হ্‌ল।

রাজবাড়ীত থিধ্যাবী হ্‌নার জেরে দ্বিভেইয়্যে অর্থাৎ সত্যডাল লৈ আনন্দকুমোর সুঘে-শান্দিয়ে দিন কাদাদন। সত্যডাল রাজার জামেই হ্‌ি[illegible]ব রেজ্যর ভালেদর কামত লেবেদই থায় আর আনন্দকুমোর রাজবাড়ীর নানান সুবিধা অসুবিধা পইদ্যানে তত্ত্ব-তালাবী নেযায়। ইঙিরি তারা দ্বি-ভেইয়্যে গমে-ডালে দিন কাদাদন।

মাত্তর বঝর বিদি যাদে ন-যাদে লাগিল এক্কান জাগুলুক। এই জাগুলুগত্যেই সত্যডাল আহ আনন্দকুমোরর ফারক হ্‌বার সান অবস্থা। জাগুলক লাক্যেদে রাজবাড়ীর এক্ক্য দাসী নিনেয়। দাসীবুয়ো দেঘদে রূপে-রঙে, সানে-শিক্যায় ডোল—চলনে-বলনেঅ গম। কিত্যেই জানি আনন্দকুমোরর তারে গম নয় ভিলি মেহ্‌ত হ্‌য়। তার মধ্যে এক্কান কিত্তিম ভাব আঘে ভিলি তার মনে হয়। সিয়েনে তে এই দাসীবুয়োরে অনসুর ভঅ ভঅ চোঘে-চোখ গরি থায়। একদিন আনন্দকুমোরে রেদোত রাজবাড়ী চুগি দিবার অক্তৎ দেহ্‌ল—এই দাসীবুয়ো রেদো সন্তাগত রাজবাড়ীত্তুন নিঘিলি লিয়ং লিয়ং গরি ছাগল লুরঅ মোক্যা গেল। আহ্ ছাগল লুরত যেই রেক্ষ্ঝী ভেশ ধরি খপ্ গরি এক্ক্য ছাগল ধরিনেই সিবা কাজাবাদে খেল। আনন্দকুমোরে কিচ্ছু নগরি পোল্যেই পোল্যেই রিনি চেহ্‌ই রল। রেক্ষ্ঝী ছাগল্য খেই ফিরি এবার অক্তৎ আনন্দকুমোর পোল্যাদে এক্ক্য লুয়ো থমত ধুচ খেল। কিরিচর খাপ্যান লুয়োর থম্যত আবাদা গরি বারি খেই শব্দ হল। রেক্ষ্ঝী রিনি চেহ্‌ই রিমিঝিমি গরি আনন্দ কুমোররে দেহ্‌ল। আনন্দকুমোরে আন্ধারত পোল্যেই র'ল আহ্ রেক্ষ্ঝী উল্ল্যফিরি দাসীর ভেশ নিনেয় তে নয়দ্যে সান গরি রাজঘরত ফিরি এল। ইয়ান দেহ্‌ই আনন্দকুমোরে রেত্যে ভাবিল—খবরান তে ফগদাং গরি দিব নেনা! জেরেদি তে এগেম গরিল—খবরান তে ফগদাং গরি দিব।

ইন্দি দাসীবুয়ো আনন্দকুমোরে কিওজনরে কনক্কান কহ্‌বার আক্কেই রাজকন্যা ইধু যেই আনন্দ কুমোরর বিরুদ্ধে বরাবত দিলগৈ। তে রাজকন্যারে কহ্‌লগৈ—"আনন্দ কুমোর তারে খারাপ চোঘে রিনি চায়। তারে অভন্দ কামত্যেই উজুলোয়। এমেনকি গেললে রেদোত আনন্দ কুমোরে তা গুধিত যেই তারে বলে ধরিবার চেহ্‌য়্যেগৈ।" আঘাত্যা বরাবত। এই মিঝ্যা বরাবত শুনিনেই আনন্দ কুমোর তা ভেই সত্যডালরে গেললে রেদোত তে দেখ্যা ঘদনান ভাঙি কহ্‌লগৈ। সিয়েনে এই কধানি বাহ্‌রে ফগদাং নগরি রাজঘরর ভিদিরে বুড়ো রাজার মুজুঙে হ্‌ল বিচার। রাজকন্যা মাত্তর দাসীবুয়োরে ভারি কোচ পায়—তার পত্তি কধানি তে এমারত গরি বিশ্চেচ গরে। সিয়েনে আনন্দ কুমোরে সেই রেক্ষস মিলা সাজি

ছাগল ধরিখানা কধান বার বার কহ্লেঅ রাজকন্যা বিশ্বেচ নগরে। ইন্দি দাসীবুয়ো রাজকন্যারে আগে ধরি আরক্কান কধা কোই কলভিড়ি থৈয়্যে' তে রাজকন্যারে কইয়্যে, ভবিষ্যদে আনন্দকুমোরে মোক ললে, তা মোক্যত্তুন গুরো হ্লে এক সময় তে তা পুয়োত্যেই রেজ্যগানর এক কখা ভাগ মাগি পারে। একধান রাজকন্যার ডরবুগুৎ ভোরেইদ্যে। সিয়েনে সেদিন্যার বিচারত শেষমেয রাজকন্যা কহ্ল—আনন্দকুমোরে এই রাজঘরত কিংবা এরেজ্যত থেলে তে নাঁদ্দি মরিব। একধান শুনিনেই সত্যডালে ডোরেই উদিল। তে আনন্দকুমোররে নানান কধাঁলৈ বুঝেয় রেজ্য ছাড়ি যেবাত্যেই কহ্ল। তা ভেই সত্যডালর মুয়োত্তুন একধান শুনিনেই আনন্দকুমোর ভূদিবানি রেজ্য ছাড়ি গেলগৈ।

আনন্দকুমোর গায় গায় ভঙদে ভঙদে এক রেজ্য ছাড়ি এক রেজ্যত, সিয়ান ফেলেই অন্য আরেক রেজ্যত লুঙিলগৈ। জেরেদি ভঙদে ভঙদে তে এমেন এক রেজ্যত লুঙিলগৈ যিদু কিওজন মানুচ-জন নেই—হেমান-কুগুর নেই। কালিক অলংথিক্যা গরি পড়ি আঘে সুর সুর আদাম্যা ঘর-বাড়ী। তে আহ্মক হ্ল। তে ভাবিল—ঘর-দুয়োর ফেলেই এই মানুচ্চুন গেলাক কুধু? তে রাজপধ ধরি হ্াধি যাদে যাদে একসময় লুঙিলগৈ এক্কান রাজঘরর মুজুঙে। রাজঘরর তিন কিত্যা ডোল ফুলর বাগান—এক কিত্যাদি ডাঙর এক্ক্য পোহ্র। তে রাজঘরত সোমেলগৈ। রাজঘরত কিওজন নেই। তে এক হুল্লিত্তুন এক হুল্লিত ভঙদে ভঙদে সোমেলগৈ মধ্য হুল্লিত। সিয়ত যেই তে দেঘেগৈ দে—সনার পালঙত অমগত্য ডোল রাজকুমোরী একজন ঘুম যার। তে রাজকুমোরীরে ডাগি ডাগি জাগেবার চেহ্ল। মাত্তর রাজকুমোরী কনমদেই ন জাগে। জেরেদি চায়দে রাজকুমোরীর সিধেনদি সনার কাধি এক্ক্য আহ্ রূবোর কাধি এক্ক্য ফিবিলিফিক্যা গরি আঘন। তে কাধি দ্বিবা ধরিনেই লাড়ি-চাড়ি চেহ্ল। কাধি দ্বিবা লাড়া পড়িনেই আবাদা গরি রাজকুমোরী জাগি উদিল। তে আবাদা গরি আনন্দকুমোররে দেহ্ই চক্কভক্ক হ্ল। তে কহ্ল—"কুমোর তুই কন্না? কুত্তুন এস্যচ তুই?" আনন্দকুমোরে তা চিন দিল। আহ্ কহ্ল—"কন্যা, তুই কন্না? আহ্ গায় গায় তুই কিয়্যা এই রাজঘরানত আগচ"? রাজকুমোরী কহ্ল—"মুই হ্লুংগে কেশপুদি কন্যা।' বাবা এল এই রেজ্যর রাজা। মুই তার এক্ক্য বানা নোনেয়্যা ঝি। ধনে-জনে, মানে-সম্মানে এ রেজ্যগান এল বেগিদো পয়নাঙী। আবাধা গরি কুত্তুন জানি এক্ক্য রেক্ষস মিলা এ্যই গদা রেজ্যগান চেহ্ই থাক্কে থাক্কে ছারখার গরি দিয়্যেগি। তে বাবারে সমেত রাজঘরর বেগরে ধরি খেইয়্যে। জেরেদি রেজ্যর মানচ্চুনরে ধরি খেইয়্যে। সে জেরে হে্মান-কুগুরুন ধরি খেইয়্যে। রেজ্যর মানুচ একদাগি পরান বাজে বাত্যেই নানান দুরর রেজ্যত ধেই যেইয়ন। ইক্কিনে এ রেজ্যত মানুচ কধে মুই বিদিত্ত কিওজন নেই। কিত্যেই জানি রেক্ষঝী মরে ধরি

নখায়। মরে কিত্যেই ন-খায় সে পইদ্যানে মুই বার বার তারে ডোগরেই ডোগরেই পুঝ্যর গচ্যং। মাত্তর রেক্ষঝী কয়দে—অক্ত এলে নাদিন মুই বেক ভাঙি কোম। মাত্তর সে অক্ত কমলে এব কিজেনি!"

আনন্দ কুমোরে রাজকুমোরীরে কহ্‌ল—"মুই লুঙ্যংগি যক্ষেণ তুই কন্যা চিদ্যা ন-গরিচ। তরে হামাক্কায় মুই রেক্ষঝীর হ্‌নজামত্তুন উদ্ধার গরি লই যেম।" আনন্দ কুমোর আহ্ রাজকন্যা দ্বিজনে এ পইদ্যানে তেন্মাং-শল্লা গরিলাক। জেরেদি তারা বুদ্ধি জোরেলাক—রাজকন্যা রেক্ষঝীত্তুন আর' নুয়ো গরি পুঝ্যর গরিব কিত্যেই তারে এধক দিন ধরি নখেইনেই বাজেই থৈয়্যে।

এ কধানি কহ্‌ধে কহ্‌ধে দুরত দেবায় শঝাত্তে সান শুনো যায়। কেশপুদি কন্যা কহ্‌ল—"কুমোর-রে কুমোর, রেক্ষঝী বুড়ি এযের। তুই পিজিরেদি বাগানর ফুল কুড়বুয়োত পোল্যেই থাক্কে যা। আহ্ কাধি দ্বিবা ফিবিলিফিক্যা গরি থৈ দি যা।" আনন্দ কুমোরে ত্বরা-তাঙরি কাধি দ্বিবা রাজকন্যার সিধেনদি ফিবিলিফিক্যা গরি থৈ দিল। সমারে সমারে রাজকন্যা গেল ঘুম। তে ত্বরাতাঙরি পিজিরেদি ফুলঅ কুড়বুয়োত যেই পোল্যেই র'লগে।

আগাচ শঝাদে শঝাদে রেক্ষঝী লুঙিলগি। তে সনার কাধি আহ্ রূবোর কাধিগুণ ফিরেই দিলগি। রাজকন্যা কেয়্যা মোজরি জাগি উদিল। রেক্ষঝী চোক্কুন ডাঙর ডাঙর গরি কেশপুদি কন্যার কিত্যা চেহ্‌ই কহ্‌ল—"ও-নাদিন, এচ্যা আহ্ কি মানেয়্যর বাচ বাচ পাঙ? কন্না এইস্যে নেনা?" কেশপুদি কন্যা কহ্‌ল—"ও-নানু, এই মরন'র রেজ্যত কন মানেই মরিবেত্যেই এদঅ? মানেই বাচ পেহ্‌লে মত্তুন পহ্‌তে আয়। দিন দিন বয়চ খেলের—রঙ খেলের। গাভুর-সুন্দর হ্‌ঙর। সেত্যেই মত্তুন মানেই বাচ পহ্‌ত্তে আয়।" রেক্ষঝী কহ্‌ল—"নাদিন, হ্‌লেঅ হ্‌ই পারে তঅ কধান।"

ইয়ানর জেরে রেক্ষঝী হানক্ষণ জিরেলে কেশপুদি কন্যা কহ্‌ল—"ও-নানু, তরে উগুন মারি দিম নেনা?" রেক্ষঝী কহ্‌ল—"সিয়ান দঅ গম হ্‌ব নাদিন। জিরেদে জিরেদে কয়েক্ক্য উগুন মারি দে।" ইয়ান শুনি কেশপুদি কন্যা ডাঙর এক্ক্য শিলঅ উদো আনিলগৈ। আহ্ সিবালৈ মুগুরেই মুগুরেই শিমপুক পারা পারা উগুন মারি দ্যা ধরিল রেক্ষঝীর মাধাবুয়োত।

উগুন মারি দেদে দেদে কেশপুদি কন্যা কহ্‌ল—"ও-নানু, এক্কান কথা কোহ্‌ধুং কনঅ্ রাগ উদিবনি তর?" রেক্ষঝী কহ্‌ল—"আহ্ কিত্যেই রাগ উত্ত নাদিন? কঅ তুই, মর রাগ উত্ত নয়।" কেশপুদি কন্যা কহ্‌ল—"ও-নানু, মর বাপ-মা, ভেই-বন্ধু, ইত্য-স্বকুদুম বেক্কুন তুই ধরি ধরি খেইয়্যচ। বানা মরে পরানে বাজেই থৈয়্যচ। মুই ইক্কিনে গাবুর-সুন্দর হ্‌ইয়্যঙ্গি।

দিন দিন মর ব'চ বাড়ের, কেয়্যা বাড়ের, রূপ-রঙ ফুদি উদের। মরে কিয়্যা নখেই থৈয়্যচ? দিন্য তুই চড়াৎ যাচ। মুই থাং গায় গায় মরা মান্যর সান্যা গরি। ইন্দি তরঅ ব'চ বাড়ের। বুড়ো হ্‌ই য'র। কমলে বুড়ো হ্‌ই তুইঅ মরি যাচ কিজেনি। সিয়েনে চিদ্যা গরংগে, তুই মরি গেলে মুই কিঙিরি থেম গায় গায়? কিঙিরি বাজি থেম?"

হ্‌ঝি উদি রেক্ষঝী কহ্‌ল—"পাগল হ্‌য়। মুই বুঝো মরিমবে? মরে কাবিলেঅ মুই নমরিম—যাত্যেলেঅ মুই ন মরিম। কিত্যেই, মঅ পরানান মুই সমারে নথং। আহ্‌ কত্তে—মুই তরে কিত্যেই ন খাং। শুনিচ সাহ্‌লে। এক্কান রেজ্যত একজনঅ মানেই বাজি নথেলে গম নয়। সিত্যেই বিজোর বিগুন তরে রাঘেয়্যঙ্গে। একদিন কনঅ্‌ মানেই-পুয়ো ইধু লুঙিলেগিঅ লুঙি পারেগি। সিয়েনে তরে নখেইনে বাজেই থৈয়্যংগে। বুঝিলে নাদিন?" কেশপুদি কন্যা হিঁপুরেনেই আরঅ কহ্‌ল—"আচ্ছা নানু, তুই কহ্‌লেদে তঅ পরান ভিলে তঅ সমারে তুই নথচ, হ্‌য়-নে স্যা?" রেক্ষঝী কহ্‌ল—"বিশ্বেচ নগরচ সালেন? ম পরান আগেদে উই উত্তুরেদি পোহ্‌র বুয়োত পানি তলাত এক্ক চিগোন লুঅ সুন্ধুগর ভিদিরে। সিয়ত চিগোন এক্ক্য ডিপ্যা ভিদিরে এক্য কালা ভঙরা আঘে। সিবা কিওজনে মারি দিলে তে মুই মরিম-বে। সে আক্কে নয়। বুঝিলে নাদিন?" কেশপুদি কন্যা আরঅ কহ্‌ল—"আহ্‌ পরানান পোহ্‌রবুয়োত কিত্যেই থৈয়্যচ। কিওজনে চুরগরি ডুবিনেই সুন্ধুক্য পানি মুরোত্তুন নিঘিলেই আনি সিবা খুলিনেই ভঙরাবো মারি দিলে তুই দঅ মরি যেবেগে। আহ্‌ সুন্ধুক্য তুই লঘে গরি কিয়্যা নথচ?" রেক্ষঝী কহ্‌ল—"সিয়ত সুন্ধুক আগেদে কন্না খবর পেব। যদি কিওজনে খবরঅ পানদে হ্‌য় ডুবিনেই সিবা তোগেই নপেবাক। মাত্তর কিওজনে যদি এক নিজেঝে ডুবিনেই তলাত ধুঝিনেই উধি এ্যাই পারন সালেন তে সুন্ধুক্য তোগেই পেবগে।" রেক্ষঝীর মরানার গুমোরান খবর পেই কেশপুদি কন্যা মনে মনে হুঝি হ্‌ল। তে রক্ষঝীরে কহ্‌ল—"উগুন চাহ্‌না ভালক্ষণ হ্‌ল নানু, এবারত হে্‌ভা দিবংগে।" রেক্ষঝী কহ্‌ল—"হ্‌ইয়্যে এভেল, কধক দুখ গরিবে।"

সেদিন্যা বেল্যা ভাত খেইদেই কেশপুদি কন্যা আহ্‌ রেক্ষঝী যার যে বিচ্ছনত পড়ি ঘুম গেলাক। রেক্ষঝী বেন্যা পোত্যা উদিনেই কেশপুদি কন্যারে সনার কাধি রূবোর কাধি ফিবিলিফিক্যা গরি দিনেয় আরঅ বেসৎ গরি ঘুমত ফেলেই গেলগে।

রেক্ষঝী যেই মত্তন আনন্দ কুমোর রাজঘরত সোমেয়্যি সনা-রূবোর কাধিগুন লাড়েই দিলগি। লগে লগে কেশপুদি কন্যা জাগি উদিল। তে রেক্ষঝী কইয়্যা বেক কধানি আনন্দকুমোররে কহ্‌ল। আনন্দকুমোরে সেবেদেন কহ্‌ল—ভাত খেইদেই সালেন রেক্ষঝীরে ব্যবস্থা গরা পড়িব। দেরী নগরি কেশপুদি কন্যা ভাত রানি দিল। ভাত রানি ফুরেলে তে

ভাত বাড়ি দিল। আনন্দকুমোরে ভাত খেই দেই বল ভোরেল। তে হানক্ষণ জিরেই লামিলগৈ পোহ্‌রবুয়োত। তে যেই পোহ্‌রবুয়োত লামিলগৈ ইন্দি রেক্ষঝীর আবাদাগরি জারকাদা উদিল। তার কেয়্যা শুলো ধরিল। আনন্দকুমোর নিজেচ বন্ধ গরি দিল ডুব। এক ডুবে তে পানিতলাত লুঙিনেই পেলগৈ লুয়োর সুন্ধুক্ক্য'। তে পোহ্‌রতলাত মাদিত এক লাধিদি উদিলগি উগুরে। ত্বরা-তাঙারি সাজুরি এ্যাই পারত উদিলগি। সেবেদেন লুয়োর সুন্ধুক্ক্য খুলি নিঘেলেল ডিপ্যাবুয়ো। সিবা খুলিনেই জাবেদেই ধরিল কালা ভঙরাবুয়ো। ইন্দি রেক্ষঝীর পরানে জান দিয়্যে। তে দুমুড়ি এযা ধরিল। দূরত্তুন শুনো যায় দেবা শঝানি রঅ। আনন্দকুমোর সে জেরে ভঙরাবুয়োর এক্কান ডুয়ো ছিনি দিল। ইন্দি রেক্ষঝীর ঝরি প'ল এক্কান হাত। লগৎ-তগৎতে আরক্কান ডুয়ো ছিনি দিল। রেক্ষঝীর ঝরি প'ল আরক্কান হ্‌াত। হ্‌াত নেই গরি রেক্ষঝী ধাভা ধাভা হ্‌া-গরি এযের। দূরত্তুন তারে দেঘা যায়। সেবেদেন আনন্দকুমোর ভঙরাবুয়োর গত্তনাবুয়ো ছিনি দিল। ত্যো রেক্ষঝী মাধালাবুয়ো উল্লেই উল্লেই এযের। এবারত আনন্দকুমোর ভঙরাবুয়োর শিরাবুয়ো ঠেঙগৈ পিজিনেই নিগুচ গরি দিল। সমারে সমারে রেক্ষঝী মরি গেল। রেক্ষঝী মরি যানার জেরে আনন্দকুমোর আহ্‌ কেশপুদি মাদাত্তুন একবুগি পঝা লামেনেই সরে পেলাক। তারা দ্ব্যজনে অমগত্য হুঝি। ইক্কিনে তারার কন' বিবোদ-আবোদ নেই—কন' অনতিত্যা নেই। কেশপুদিরঅ বন্ধীদযা কাদি গেল। পত্তিদিন মরা মান্য সান গরি বিছ্যনত পড়ি থানাত্তুন তে ছড়ান পেল। এবারত তারা নিচিদ্যা গরি দিন কাদেই পারিবাক। সিয়েনে তারা দ্বি-এক দিনর মধ্যে চুমুলং গরিলাক দ্বিজনে।

মাত্তর দ্বিজনে গিরিত্থি জোরেলেঅ তারার কন' দূখকাম নেই। রাজঘরত যে অতালিয়া ধান-চোল আঘন সিঘুন খেই ফুরেবার নয়। সিয়েনে খানা-দানা, ঘুম যানা আহ্‌ বিঘিদি-কিরিমিরি গরানা ছাড়া তারার কন' কাম নেই। ইঙিরি বেকামে কয়দিন অলর গরি থেই পারে। সেত্যেই বেন্যা-বেল্যা সেরে সেরে আনন্দকুমোর কায়-কুরর ঝাড়-জঙলত শিগ্যারে যায়। শিগ্যার গরি আনেগৈ। আহ দ্বিজনে সোদ্যা তোনদৈ খান।

ইঙিরি তজিম সুঘে-শান্দিয়ে থাক্‌কে থাক্‌কে একদিন এক্কান ঘদনা হ্‌ল। সেদিন্যা বেন্যা মাধান আনন্দকুমোর যেইয়্যে শিগ্যারত। কেশপুদি কন্যা ভাত রানি ফুরেই গাঙত গেল গাধিবেত্যেই। তে গাধিবার অক্তৎ তার লাম্বা চুলান মেলিনেই ডোলেগরি মাধা ঘোজিল। মাধা ঘজতে ঘজতে কেশপুদির ছিনি গেল এক্কান চুল। চুলান ছিনি যেই কেশপুদি আহ্‌মক হ্‌ল। আগেদি রেক্ষঝী বুড়ি তারে কইয়্যেদে তার কন'দিন এক্কানঅ যনি চুল ছিনি যায় সালেন মুজুঙেদি হ্‌ামাক্কায় বিবোদ ,ঘোনেই এব। তে আর' কইয়্যে বেতর্গে চুল এক্কান ছিনি গেলে সিয়ান যেন এক্কান কলা পাগোরত গরি লামন্যা ভাজেই দে, সালেন আলা-

বলা কাদি যেব। সিয়েনে কেশপুদি তার ছিনা চুলান কাক্ কাক্ গরি এক্কান কলা পাগোরত গরি গাঙ লামন্যা ভাজেই দিল্ল। সে জেরে গাধি ফুরেই উব্যচ উব্যচ মন নিনেয় কেশপুদি ঘরত ফিরি এল। দ্বিবুচ্যা তার নেক্ক্য আনন্দকুমোর শিগ্যারত্তুন ফিরি এলেগৈঅ তার চুল ছিনি যানার কধাগান তারে নজানেল।

ইন্দি সে চুলান কলা পাগোরত গরি ভাজি যাদে যাদে ভালক্কানি গাঙ দ্বঝর ফেলেই যেই নিঘিলিলগৈ দর্য্যা দুয়োরত। দর্ঘ্যার পানি তুবোলত সিয়ান ভাজি যাদে যাদে ধুজিলগৈ দর্য্যার হ্‌ভলা পারত। সে অক্তৎ রাজা সত্যডাল দর্য্যা পারত গাধের। তে চাহ্‌য়দে এক্কান কলা পাগোর। তে সিয়ান ধরিল। ধরিনেই রিনি চায়দে সিয়ত এক্কান সনালী রঙর চুল কাক্ কাক্ গরি আঘে। সত্যডালে চুলর কাক্কানি খুলিল। মাবিনেই সিয়ান হ্‌ল তের হ্‌াত। তে আমগর উগরে চোদু হ্‌ল। এধক লাম্বা চুল কন মিলার হ্‌ই পারে? সিয়ান ধরিনেই তে ঘরত ফিরি এল। তে এগেম গরিল এই লাম্বা চুল মিলাবুঅ তার হামাক্কায় চায়। সিয়েনে তা কেল্যা তে রাজসভাত ঘোষণা গরি দিল—যে এই তের হাত্যা সনালী রঙর চুলবলা মিলাবুঅ তা ইধু আনিদি পরে তারে একগোধেল সনা-রূবো, তেঙা-পয়ঝ্যা দিব। মাত্তর রাজসভাত হদা-উদিচ্যা কিওজনে মিলাবুঅ আনি দিবার হাম নখেলাক। শেঝমেঝ রানীর সেই আগর কোচ পেইয্যা দাসীবুয়ো রাজা সত্যডালর মুজুঙে এই কলগি—“মহারাজ এই কামআন মুই গরি দিপারিম। মুই হামাক্কায় মিলাবুঅ তোগেই আনি দিম্বোই। মাত্তর মর লাগিব শবোন গাঝর নঅ আহ্ পবোন গাঝর পাঙেই। ইয়েনি পেলে সাপ্তা বিদি নযাদে মুই মিলাবুঅ ত-ইধু লুঙেই দিম্‌বি—মুই কধা দিলুং।” ইয়ান শুনিনেই সত্যডালে অমগত্য হুঝি হ্‌ল। তে লগৎ-তগৎ নঅ-কাবিয়্যারে হুগুম দিল ঝাদি শবোন গাঝর এক্কান নঅ আহ্ পবোন গাঝর এক্কান পাঙেই বানেইদ্য। রাজার হুগুমে দ্বি-এক দিনর মধ্যে নঅ-কাবিয়্যাগুনে শবোন গাঝর এক্কান নঅ আহ্ পাবোন গাঝর এক্কান পাঙেই বানেই দিলাক।

পড়বুয়ো লগর নিশ্চয়ই ইধোত আঘে রানীর এই দাসীবুয়ো নিত্তাগে এক্ক্য রেক্ষচ মিলা। এতাত্যেই আনন্দকুমোর তা বড়ভেই সত্যডালরে ছাড়িনেই যেই পেইয়্যেগৈ। এই দাসী বেশ ধচ্যা রেক্ষঝীই এমেন আঘাত্যা কামান গজি লল।

ঘাদত থৈয়্যা নঅত উদিলগৈ দাসী মিলাবুয়ো। পত্থমে তে নঅগান ঘদমদে বাজেই চেহ্‌ল। সে জেরে তে কোই উদিল ঃ

“ও শবোন গাঝর নঅ<br>
আহ্ পবোন গাঝর পাঙেই!<br>
সত্য যনি তুমি দেবংশী হ্‌দে হ্‌য়—

সালেন, এই লাম্বাচুলী আঘে যিধু
চোঘ' ঝিমিদত লুঙ'গৈ মরে
তা পানিঘাদ' সিধু।"

সত্যই আমক হ্বার লাক্, দাসী মিলাবুয়ো এ কধান কহ্নার সমারে সমারে চোঘ' ঝিমিদত নআন পানি উগুরেদি উড়ি যাত্তে সান গরি ভাঝি গেলগৈ। আহ্ ইন্দি লুঙিলগৈ কেশপুদি কন্যার পানিঘাদত।

দাসী মিলাবুয়ো তা নআন ঘাদত বানিথৈ এক্ক্য বুড়ো মিলার ফেঝন ধরিল। এক্ক্য ভুদি বগলত গরি তে উদিলগৈ কেশপুদিকন্যা দাগির রাজঘরত। সে অক্তৎ আনন্দকুমোর ঘরত নএল। দাসীবুয়ো কেশপুদি কন্যারে কল'গৈ—"তুই-নে কেশপুদি কন্যা? ভালক বঝর জেরে ত্যে তরে দেঘিলংগে।" আমক হ্ই কেশপুদি কন্যা পুঝ্যর গরিল—"তুই কন্না, মুই-দ' তরে নচিনঙর? কুত্থুন এস্যচ?" দাসীবুয়ো কল'—"তুই মরে কিঙিরি চিনিবে। মুই হ্লুংগে তর মৈঝাঙ্যা—তঅ মা'র গুরো বোন। মুই যক্কেন ইত্থুন বৌ যেইয়ং তুই সক্কেনে চিগোন এলে। ইধোত গরি নপারিবে। তঅ মা-বাপ বাজি থাগত্তে ঘন ঘন মুই বেড়েবাত্যেই এদুং। জেরেদি তারারে এক্ক্য রেক্ষচ মিলায় ধরি খেলে রেক্ষঝীর ডরে আর য়েই নপারং। শুন্যং তরে ভিলে বাজেই থৈয়্যে। আর' শুনিলুং কন দেঝত্তুন ভিলে এক্ক্য গাবুচ্যা মরদ ইধু লুঙিনেয়ি বুদ্ধিগরি রেক্ষঝীরে মারেই ফেইল্যে। সিয়েনে তুই কেনযান আগচ খবর ধরা এলুংগে। আহ্ সেই মরত্য কুধু যেইয়্যে?" কেশপুদি কন্যা দাসীবুয়ো কধানি জেচ্যেৎ ভিলি মনে গরিল। তে কহ্ল—"সেই মরত্য শিগ্যারে যেইয়্যে।" তে আর' কল'—"মুঝি এচ্যচ্চ্যে ভারি গম হ্ইয়্যে। তে শিগ্যারে গেলে কধা কহ্বার কিওজন নথান। এবারত কধাবাত্তায় দ্বিজনে থেই পারিবং।" দিবুচ্যা আনন্দকুমোরে শিগ্যারত্তুন ফিরি এলেগৈ কেশপুদি কন্যা তা মুঝিরে চিন গরি দিল। দেঘিনেই বুড়ি ফেঝন-ধচ্যা দাসীবুয়োরে আনন্দকুমোরে নচিনিল। মাত্তর দাসীবুয়ো গেলেগরি চিনিল।

তা কেল্যা আনন্দকুমোর বেন্যামাধান ঝাড়ত শিগ্যারে গেলেগৈ কেশপুদি কন্যা ভাতরানি ফুরেই তা মুঝিরে কহ্ল—"যেই মুঝি গাঙত গাধিয়োই।" দাসীবুয়ো দঅ সেই যু-বুয়ো তগাত্তে। তে লগৎ-তগৎ রাজি হ্ল। আহ্ কেশপুদি কন্যার পিঝে পিঝে পানিঘাদত গেল।

পানিঘাদত যেই সিধু ঘাদত-বান্যা নআন দেহ্ই কেশপুদি কন্যা কহ্ল—"আহ্ এই নআন কুত্থুন এল? আগে দঅ ইয়ান নদেঘং।" দাসী মিলাবুয়ো কহ্ল—"ইয়ান দেবংশী নঅ হ্ব'দে পারা পাঙ। থাক্কে থাক্কে ভেদা দিয়্যেদে।" কেশপুদি কন্যা কহ্ল—"যেই মুঝি নআনত উধি চেহ্য়োই।" এ কধান কোইমত্তন তে নআনত উদ্দিলগৈ। তা পুনে পুনে

উদিলগৈ দাসীবুয়ো। তারা দ্যজনে যেই নআনত উদিলাক্কে দাসী মিলাবুয়ো আবাদা গরি কোই উদিল ঃ

"ও শবোন গাঝর নঅ
আহ্ পবোন গাঝর পাঙেই!
সত্য যনি তুমি দেবংশী হ্‌দে হ্‌য়
সাল্যেন, তুমি আগেদি এলা যিধু
চোঘ' ঝিমিদত লুঙ'গৈ আমারে
সেই পানিঘাদ' সিধু।"

আমক হ্‌বারলাক দাসীবুয়ো একধান কোই ফুরং নফুরং চোঘ' ঝিমিদত দেবংশী নআন লুঙিলগৈ সত্যডাল দাগির পানিঘাদত। কেশপুদি কন্যা কিচ্ছু কহ্‌বার আহ্ ভাবিবার আক্কেই তারে রাজার সিবেইউনে লুঙেলাক্কে রাজসভাত সত্যডালর মুজুঙে। দেহ্‌নেই সত্যডাল দঅ তত্ত্ব! তে চায়দ্যে হ্‌য় সেই আঘাত্যা দীঘোল সনালী রঙর চুল এ মিলাবুয়োর। তে দাসীবুয়োরে লগৎ-তগৎ এক গোধেল সনা-দানা, তেঙা-পয়ঝ্যা আহ্ নানান বাবত্যা দরপ পুরস্কার দিল। আহ্ রাজসভাত ঘোষনা গরি দিল—এই নুয়ো মিলাবুয়ো তে রানি বানেব।

হাক্কনর ভিদিরে এই ঘদনানি ঘদি গেলে কেশপুদি কন্যা এবারত মেহ্‌ত গরিল তে কেনযান আঘাত্যা বিবোদত পয্যেগি। তে লগৎ-তগৎ রাজারে কহ্‌ল—"মহারাজ, মুই ইক্কিনে হদাংশিক চুমুলং গরি নপারিম। কিত্তেই মুই ইক্কিনে এক্কান মান্যা পালাঙর। ছয় মাস জেরে মর মান্যায়ান সিরেলে ত্যে মুই চুমুলং গরি পারিম্বে।" কেশপুদি কন্যার কধায় সত্যডালে রাজি হ্‌ল। জেরেদি কেশপুদি কন্যার কধায় পানিঘাদত দর্যা পারত এক্কান 'জলটোঙি' বানিদ্যা হ্‌ল। সিধু মান্যা পালেবার নাঙে কেশপুদি কন্যা গায় গায় র'লগৈ।

গায় গায় সেই জলটোঙিয়ানাত থেই কেশপুদি কন্যা কালিক দিনে-রেদে আনন্দকুমোররে ইধোত তুলি তুলি কাহ্‌নে। আহ্ কাহ্‌ন্দে কাহ্‌ন্দে গেই উধে ঃ

"কুধু আঘে মর পরান' বোধু
আনন্দকুমোর ম'নানু,
মৈঝাঙা ভিলি বিশ্বেচ গরি
ইক্কিনে বেঘর বে-নানু।"

কেশপুদি কন্যার জলটোঙিয়ান যিয়্যৎ বানেইদ্যা হ্‌ইয়্যে সেই কুরে আঘে গাঙ' খাজনা তুলিবার ঘরান। সিয়ত দিনে রেদে নানান দেঝত্তুন জাহ্‌াচ ভিড়েগি। আহ্ রাজার কর্মচারীগুনে

অনসুর গাঙ' খাজনা তুলন। কেশপুদি কন্যার এগেম বিশ্বাস একদিন নয় একদিন হামাক্কায় ইধু আনন্দকুমোর লুঙিবগি। মাত্তর দিন বিদি যায় মাস বিদি যায় আনন্দকুমোরর দেঘা নেই।

একদিন রেদে-বিয়েলী এই ঘাদত এক্কান জাহ্াচ ভিড়েলগি। এই জাহ্াচ্যানত এল আনন্দকুমোর। তে কেশপুদিরে তগা দেঝ-বিদেঝ ভঙের। জাহ্াচ্যানত্তুন তে আবাদা গরি শুনিল ঃ

"কধু আঘে মর পরান বোধু
আনন্দকুমোর ম' নানু,
মৈঝ্যাঙা ভিলি' বিশ্বেচ গরি
ইক্কিনে ব্েঘর বে-নানু।"

শুনিমত্তুন পরান ভিরুং ভিরুং গরতে গরতে আনন্দকুমোর জাহ্াচ্যানত্তুন লামিনেই সেই জলটোঙিয়ানর কিত্যা গেল। সিধু লুঙিনেই, তে চাহ্যদে কেশপুদি কন্যা কাহ্নি কাহ্নি আঘে। তে কহ্লগে—"কেশপুদি কন্যা! মুই-দ্যে আনন্দকুমোর।" তারে দেহ্ই কেশপুদি কন্যা অমগত্য হুঝি হ্ল। তে তার বেক হ্াল-বিধানের কধা আনন্দকুমোররে কোই শুনেল। বেক শুনিনেই আনন্দকুমোর কহ্ল—"মুই ইক্কিনে ভেদা নদিম। তুই ইন্দি রাজারে কবে দ্যে মর মান্যার দিন পুড়েইয়্যে। সেত্যেই এক্কান অনুষ্ঠান গরা পড়িব। সেই অনুষ্ঠানত ম' বিদি-যেইয়্যে জীংকানির কধা আহ্ মর আগ' নেক্যর কথা কিওজনে কোই দি পারিলে তে মর মান্যা তজিম পুরো হ্ব'দে।"

সেই তেম্মাং মুজিম তা কেল্যা কেশপুদি কন্যা রাজারে খবর দিল। রাজায় লুঙিলেগি তে তার এগেমর কধা রাজারে জানেল। কেশপুদি কন্যার কধা মুজিম রাজায় এক্কান অনুষ্ঠানর যুক্যল গরিল। সিধু দেঝ-বিদেঝর বেগিদো মানুঝ থুভেলাক্কি। রাজা সত্যডালে বেগরে কেশপুদি কন্যার এগেমর কধানি জানেই দিল। মাত্তর অনুষ্ঠানত এ্যইস্যা কিওজনে কেশপুদি কন্যার আহ্ তা নেক্যর আগরী জীংকানির বেক কধা কোইদি নপারিলাক।

জেরেদি এক্ক্য চুল-দাড়ি পাগানা বুড়ো মানুচ থিয়েল। কহ্ল—মুই কোইদি পারিম কেশপুদি আহ্ তা নেক্যর আগরী জীংকানির বেক কধা। তে এগে এগে এক্কান এক্কান গরি কুঅ আরম্ভ গরিল। পথমত্তুন ধরি—সেই বৈদ্যেয়্যার বৈদ্যালী গরা যানাত্তুন ধরি। সে জেরে বৈদ্যেয়ার রেক্ষ্মী মিলাবুয়োর ঘরত পরং যানা, সত্যডাল আহ্ আনন্দকুমোরর জন্ম, রেক্ষ্মী অথাৎ সত্যডালর তা মা'রে কাবানা, মানেক ঘরত সত্যডাল আহ্ আনন্দকুমোরর থানাগে রেক্ষ্মীরে মারানা, সত্যডালর সমারে রাজকন্যার মেলা, আনন্দকুমোররে রাজঘরত্তুন

ধাভেই দেনা, তার নুয়ো এক রাজবাড়ীত লুঙনাগৈ, সিধু কেশপুদি কন্যালৈ দেঘা হনা আহ্‌ রেক্ষধীরে মারানা, কেশপুদি কন্যার চুল ঝড়ি যানা, দাসী মিলাবুয়োই মৈঝ্যাঙা সাজি সিধু লুঙনাগৈ আহ শবোন গাঝ' নঅ-পবন গাঝ' পাঙেইলৈ কেশপুদি কন্যারে ধরি আনানাগৈ সমেত পুদি পুদি বেক্কানি। তে আর' কহ্‌ল—যেই দাসী বেশী রেক্ষস মিলাবুয়োত্যেই আনন্দকুমোরে ধেই পেইয়্যে সিবাই কেশপুদি কন্যারে ধরি আইন্যেগৈ।

ইয়েনি শুনিনেই সত্যডালে কহ্‌ল—"কহ্‌ধেই তুই ইক্কিনে আনন্দকুমার কুধু আঘে?" বুচ্যা কহ্‌ল—"কেশপুদিরে হ্‌ারেনেই আনন্দকুমোর দঅ্‌ বেনাল। কুধু যেব—কুধু কেশপুদিরে তোগেবগৈ তে দিঝ্যাহারা। জেরেদি হদা-উদিচ্যা বেগিদো জাগা ভঙদে ভঙদে একদিন তে লুঙিলগি এই রেজ্যর রাজঘাদত।" এই কধান বুচ্যা কোই ফুরং নফুরং সত্যডালে উধিনেই আজা গরি ধরিলগৈ বুচ্যারে। কহ্‌ল—"তুই-ই মর গুরো ভেই আনন্দকুমোর। হ্‌য়-নে নয় কঅ্‌?" বুচ্যা কহ্‌ল—"হ্‌য়, মুই-ই তর আকবাল্যা গুরোভেই আনন্দকুমোর।" তে এই কধান কইমত্তন তার ফেঝনান বদলিল। সেজেরে তারা দ্বিভেইয়্যে আজা-আচ্যা হ্‌ই ভালক্কন ধরি কানাকুদো গরিলাক। এবারত সত্যডালে বেক বুঝিনেই সেই দাসী বেশী রেক্ষস মিলাবুয়োরে নিজে যেই কাবিলগৈ। সে জেরে ডেলেগরি মেলা হ্‌ল আনন্দকুমোর আহ্‌ কেশপুদির। সিধু কয়েকদিন থেই বেগিদো মানুচ-জন সমারে নিনেয় আনন্দ কুমোর আহ্‌ কেশপুদি কন্যা তারার রেজ্যত ফিরি গেলাকৈ।

# আভিং বুচ্যার পশচন

এক এলদে আভিংবুড়ো। বেন্যা-বেল্যা তে অনসুর আভিং খায় আর ঝিমদি থায়। ঝিমদি থাককে থাককে ফুলুফালা ভায মাদে। আভিং ফুরেলে তে মান্য ঘরত কাম গরেগৈ। যে যিয়ান বাঝেইদে সিয়ান গরে। মাত্তর তারে আভিং দিলে হয়। আভিং কিনি খায়।

একদিন একঝাক গুরো তারে বেড়েই ধরিলাক। আহ্ তারে কহ্লাক—'ও, আভিং বুচ্যা! এক্কান কাম আমাত্তেই গরি দিবেনি? তরে আমি আভিং দিবং'। আভিং বুচ্যা কহ্ল—"আভিং দিলে বেক গরিম। ঘু কাজেই দিবের কহ্লেঅ গরি দিম?" গুরো-গুণে হুঝি হইনেই কহ্লাক—"সেধক্যা অভন্দ কাম নয়। এমেন কি সে কামান গা-লাগেনেঅ গরা ন পড়িব। তুই বানা ফলনার ছাড়া ঘরানত আমা আজায় একরেত থেই পেবেগৈ। তরে আমি খেবার ভাতমজা দিবং। তুই রেদোত সিধু খেই পারিবেগৈ।"

বুচ্যা সোদ্‌পোত্যা হ্ই কহ্ল—"কই, মরে সালেন আভিং-দ্য। আক্কে সিয়ান দিয়্যা পড়িব। আভিং পেলে তে মুই যেম্‌বে।" গুরোগুনে তরা-তাঙরি তারে একদলা আভিং দিলাক। আহ্ এক্কান ঘরত্তুন আনিনেয় তারে ভাতমজা দিলাক—তোনমজা দিলাক। বুচ্যা তা পরান' থুমান হ্‌ধত পেই বেল্যা-মাধান গুরোগুনে দেঘেইদ্যা ফলনা ঘরানর কিত্যা ভাতমজা ভুদি বারাৎলৈ মেঝককেঝক গরি লর দিল।

আঝলে গুরোগুনে বুচ্যারে আভিংঙ' লুভ দেঘেই ভুদ' হ্‌ধত মরেগৈ পারা সেই ফলনা ঘরানত যেবার কইয়ন। কিত্তেই সেই ঘরান ভিলে ভুদে জিদি লইয়ন। এক গোধেল ভুত থান সেই ঘরানত। সিয়ত কিওজন মানুচ রেদোত থেই নপারনদৈ। ভুত্তুনে ডর দেঘেই চিও মরা গরিদি জেরেদি পরানে ধরি খান। সিয়েনে বারা গুরোগুণে আভিংবুচ্যারে সে ঘরানত পাধেলাক।

আভিংবুচ্যা এলদে লেং লেং আহ্ পিঝেদি এক্ক্য ভুদিবুক্যা। দুরো সান ভুদি। সিয়েনে তারে একদাগিয়ে কহ্ন দুরবুক্যা। মাত্তর গুরোগুণে তারে ডাগন্‌দে আভিংবুচ্যা। দুরবুক্যা নাঙানত্তুন বেচ আভিংবুচ্যা তারা বুচ্যারে ডাগন।

ভুদিবো বুগি আভিং বুচ্যা যককেন গুরোগুণর দেঘেইদ্যা এক্কান লাঙলাঙ্যা জাগাত পুরোনী ছাড়া ঘরত গেল, সক্‌কেন তে সেই ঘরানত কিধ্যোক্যান এক্ক্য সারাশব্দ শুনিল। মাত্তর তে সিয়েনি হিয়া নগরে। তে ভুদিবো এক্কান জাগাত সোম্বরি থৈ আভিং ডিব্বাত্তুন

এত্তুক আভিং নিঘিলেই হ্াত্তান্দৈ মলা ধরিল। সে অক্তত ভুত্তুনে দ্বি-একবার তারে ইদ্যা মেলা দিয়া ধরিলাক। আভিং খাদে খাদে তার মাত্তলে ধরিল। সিয়ান এত্তুক-আত্তুক মাত্তল নয়—অজন বাড়া মাত্তল। ভুত্তুনে চাহ্ন্দে এতে-দ' হিয়া নগরে। তারা আরঅ বেচগরি ইদ্যা মেলা ধরিলাক। দুম্-দাম—দুম্-দাম। আভিং বুচ্যা ভাবিল—ঘরানত কন্না ঢুল বেহ্ই দেদন। তে সেবেদেন গলা মেলিনেই গীত গাহ্ ধরিল। গীদঅ রঅ থামাথামি নেই। ভুত্তুনে জেরেদি ঘরানর থাল-কদরা, ভাঙা টোন্ বারিদ্যা ধরিলাক। সেই শব্দ শুনিনেই আভিংবুচ্যা আরঅ বেচ উচ্চ্য হ্ল। তে আরঅ ডাঙর রঅ মেলি গীত গাহ্ ধরিল। ভুত্তুনে আহ্মগর উগুরে চুদু হ্লাক। তারা ভাবিলাক, ইবা কিধোক্যা মানুচ। ডর কধে এত্তুগ' নেই। জেরেদি তারা আভিং বুচ্যার মুজুঙে নানান বিচিত্র নমুনো নিনেয় ভেংচি দেঘা ধরিলাক। আভিং বুচ্যা ইন্দি আভিং মাত্তলে চোখ উগুদো। ভালা-মন্দ রিনিবার ভঅ নেই। তে ভাবেদে চিগোন গুরোগুণে কিরিমিরি গত্তন্দি। তে আরঅ বেচ গঙ্তুলি গীত গাহ্ ধরিল।

গীত গাহ্দে আবাদা গরি আভিংবুচ্যার মেহ্ত হ্ল—গুরোগুণেই-দে হ্লে আভিং ভুদিবো আহ্ ভাতমজাবো চুরগরি নিবেত্যেই এচ্যন্দে। তে লগৎ-তগৎ তা আভিংভুদি আহ্ ভাতমজাবো বিজিরেই আনি তা কুরে থল' আহ্ ভাতমজা মেলিনেই ভাত খা ধরিল। তে তোন মজাবো খুলিনেই পত্থম লাগত পেল এক্কান কাঙারা দাড়।

দাড়ান ধরি পেই আভিং বুচ্যা অমগত্য হুঝি হ্ই কই উদিল—"মরার কাঙারা দাড়, তরে ইক্কিনে কুরুৎ কুরুৎ চাবেই খেম।" ভুত্তুন' দলত একজনর নাঙ এলদে কাঙারা দাড়। তে আবাধা গরি চক্কভক্ক হ্ল। অভিং বুচ্যা পেল এক্ক্য গরান গচ্যা ইজ্যা। ইজ্যাবোর শিরাবো ধরিনেই আভিংবুচ্যা কল ঃ "দাড়িমুয়ো! তঅ শিরাবো ইক্কিনে মগজ সমেত চাবেই খেম।" ভুত্তুনর দলত একজনর নাঙ হ্লদে দাড়িমুয়ো। তে-দঅ ডরে হ্য়-নয়। গির্গিরা ধরিল। সে জেরে আভিং বুচ্যা পেল এক্ক্য গরান গচ্যা নাবালাং মাছ। তে ভাবেদে চিগোন গুরোগুণে কিরিমিরি গত্তন্দি। তে আরঅ বেচ গঙতুলি গীত গাহর। তে আরঅ বেচ হুঝি হইনেই কোই উদিল ঃ 'নাবালাঙ্যা নাবালাঙ্যা ইক্কিনে সুয়োৎ সুয়োৎ গরি খেম।" আহ্মক হ্বারলাক, এই ভুত্তুনর দলত নাবালাঙ্যা নাঙর ভুত এক্ক্য এল'। তে দঅ আভিং বুচ্যার কধান শুনি গুজুরি গুজুরি কানি উদিল। আর কন' কধাবাত্তা নেই, তে আভিংবুচ্যা থেঙত কানি কানি সালাম গরি পড়িলগৈ। কলগৈ-"ও-আভিংবুচ্যা, মরে নখেচ—মরে মাপ গর, মুই তরে কন' দিন ডর নলাগেম। মরে তুই মাপ কর।....." নাবালাঙ্যার সমারে সমারে দাড়িমুয়ো, কাঙারাদাড় বুচ্যার থেঙত মুরুজি পলাক্কে। জেরেদি বেক ভুত্তুনে বুচ্যার থেঙত্তলে যেই হ্াত জুড় গরি কলাক্কে ঃ "ও-আভিং বুচ্যা, তুই আমারে একবারর মাহ্নে মাপ গর। তরে

আর আমি কন' দিন ডর নদেঘেবঙ।" এই অবস্থাত আভিংবুচ্যার কিঙিরি কিঙিরি চেদন ফিরিল। তে ভুত্তুনর ডরান মেহ্ত গরিল। তে সেবেদেন গম্ভীর হ্ই তারা মোক্যা চোখ তুলিনেই কল ঃ "না-না, তমা ধোক্যা পাজিভুদঅরে মাপদিয়া ন-যায়। মুই বেক্কুনরে চাবেই খেম।" কধান শুনিনেই ভুত্তুনে আরঅ বেচ ডরেই উদিলাক। তারা আভিং বুচ্যারে নোনেইয়্যা গরি কোজলি গরিলাক। তারা বুচ্যারে কলাক ঃ "ও-আভিং বুচ্যা, তুই যিয়ান কবে সিয়ান আমি মানিবং। তুই আমারে এক বারত্যেই মাপ গর।" এ কধান শুনিনেই আভিং বুচ্যার মনত এক্কান আক্কল খেলিল। তে সেবেদন কই উদিল ঃ "সালেন, ম-কধানি মনদি শুনঅ। তুমি মদ্দ্যেই ডাঙর এক ভুদি সনা-রুবো আনি দ্যগৈ। এক ভুদি অনি দ্যগৈ আভিং। আহ্ মঅ বেঙা থেঙান উজু গরি দ্য। সে সমারে মঅ পিধিত বুক্যা দুরভুদিবো গম গরি দ্য। সালেন মুই তমারে মাপ দিপারঙ।" বুচ্যার কধান শুনিনেই ভুত্তুনে হুঝি হলাক। তারা লগৎ-তগৎ এক একভুদি সনা-রূবো, একভুদি আভিং আনি দিলাক্কে। আহ্ আভিং বুচ্যার লেং থেঙান পিদর দুরবুক্কা ভুদিবো গম গরি দিলাক। আভিং বুচ্যা মনে মনে অমগত্য হুঝি হ্ল। মাত্তর ভুত্তুনরে তা মনর ভাব নদেঘেই তে গম্ভীর গলায় কল ঃ "মুই তমার বেগরে মাপ গরিলুং। মাত্তর তুমি মরে কধাদ্য—এ ছাড়া ঘরান ছাড়ি যেবা ভিলিনেই।" ভুত্তুনে এক কধায় রাজী হ্লাক। তারা লগৎ-তগৎ সেই ছাড়া ঘরান ছাড়ি গেলাক্কে। ইন্দি আভিংবুচ্যা আঘাত্যা হুঝিমনে সনা-রূবো আহ্ আভিং ভুদি লৈ ন-চিনে পারা হই আদাম মোক্যা হ্াদি গেলগৈ। গুরোগুণে তারে দেই আহ্মক হ্লাক।

# শিয়ালনী আহ্ বাঘ্ক্যা

এক ঝারত থানদে এক শিয়াল আহ্ এক শিয়ালনী। তারা জরা বোত্যন্দে বেচদিন নহ্য়। সিয়েনে তারার খেবার থায়থিক জাগা নেই—গাত নেই। তারা ঝাড়ে জঙলে ঘুরি-ফিরি থান, খানদান, দিনকাদান।

শিয়ালনী মাত্তর কয়দিনর মধ্যে পেদোলী হ্ল। পুয়ো ফুদেবার দিন এল। সিয়েনে তে শিয়াল্যারে কলঅ—"ও-শিয়েল্যা মরদেই পেট পীড়া গরেত্তে। যেই-না পুয়ো ফুদেবার এক্কান আড়িমাক্যা জাগা তোগেইয়ে।" শিয়ালনী কধা মুজিম তারা দ্বিজনে সুবিধামাক্যা এক্ক্য গাত তগা লামিলাক। কুদ্দুর হ্াদি যাদে যাদে শিয়ালনী কয়দে—"ও-শিয়েল্যা, মুইদঅ আর হ্াধি ন-পারঙর। অমগত্য গরি পেটশুলনী আরম্ভ হ্ইয়্যে। মুই আর হুচবাড়েই নপারঙর।" এন অক্তত তারা এক্কান হাত্যং জাগা পেলাক। শিয়ালনী সেই জাগানত বজিল। হাক্ষণর মধ্যে তে দ্বিবা পুয়ো ফুদেল সেই হাত্যং জাগানত।

পুয়ো ফুদনার জেরে ফভাদে ফভাদে শিয়ালনী কলঅ—"শিয়েল্যা, মর অমগত্য পেট পুড়ের। তুই মদ্যেই খেবার দরপ তোগেই আন্দোই না।" শিয়ালনীর কধামজিম শিয়াল্যা ধাভা দিল খেবার দরপ তগানিত।

শিয়াল্যা খেবার দরপ তগানিত গেলে হানক্ষণ জেরে শিয়ালনী দেহ্ল—এক্ক্য ডাঙর চিদিরা বাঘ এত্তুক দূরত্তুন লেজ তিদিক গরি তারে খাপ দিয়্যে। আহ্ তা কিত্যে এত্তুক এত্তুক গরি আক্যই এযের। শিয়ালনী ভাবিল-ইক্কিনে দঅ আঘাত্যা বিপদ। হাক্কেনে বাঘক্যা তারে ঝাবেবগি। এ অক্তত তে ছঅ-গুন ছাড়িনেই কিঙিরি ধেই যেব! সিয়েনে তে তক্ষাণৎ এক্কান বুদ্ধি জোরেল। তে বাঘক্যারে নদেঘেদে সান গরি তরা-তাঙরি আবন-মনে কোই উদিল—"পুয়ো ফুদোনার জেরে এমেন পেটপুড়ের যে ইক্কিনে যারে মুজুঙে পাঙ তারে চাবেই খেম। পেটপড়া আর থরি নপারঙর। শিয়াল্যারে দিপাধেলুংগে এক্ক্য জেদাবাঘ ধরি আনিবেত্যেই, তেঅ কুধু গেল কিযেনি। এক্ক্য জোদাবাঘ ধরি আনদে এদক্ষণ কি দেরী! সেধাম কধে তার কিচ্ছু নেই। আহা! ইক্কিনে যনি শিয়াল্যা এক্ক্য জেদাবাঘ ধরি আনি মরে দিদগি সালেন গরম গরম তা মগচ্যান সুয়োত সুয়োত গরি খেই পার্লুঙুন।"

শিয়ালনীর কধানি শুনিমত্তন বাঘক্যার চিৎ গির্গিরেই উদিল। এতে কয়দে কি! জেদাবাঘর মগচ খেদঅ কয়। কবাল ভালা পধত শিয়াল্যালৈ দেঘা ন্হয়। সিত্তুন আরঅ

বেচ কবাল ভালা শিয়ালনীর কধানি আঘে ধরি শুনিলুং। নশুনিলে ইক্কিনে পরানান হ্যারেলুঙুন। এমেন অক্তত বাঘক্যা আহ্ কি গরিবঅ। তে দিল এক দুমুর—পরান যোক-থোক গরি। পিঝেদি ফিরি চেহ্‌বার তার আর অক্ত নেই।

সেধামছাড়া বাঘক্যার এই হাভাল দেই শিয়ালনী হ্যাঝিনেই কুল ন-পার। ইন্দি বাঘক্যার এই মরণ-বাজং দুমুর দেই এক্ক্যা গাঝঅ উগুরেত্তুন এক্ক্যা বান্দর বাঘক্যারে কিজেক কিজেক ডাগি কলঅ—"ও-বাঘ্ক্যামামু, ও- বাঘ্ক্যামামু! এধক আঘাত্যা গরি দুমুরর কিয়্যা? কি হ্ইয়্যে নেনা? মরে কঅ।" বান্দচ্যার কধানি শুনিনেয় বাঘক্যা এত্তুক থামিল। আহ্ ফভাদে ফভাদে কলঅ—"ন-কোহ্চ ভাগেন্, মর মরনর দঝা। মরনর ডরে বাপর দিয়্যা পরানান নিনেয় দুমুরঙত্তে। কবাল ভালা, আগে ধরি শিয়ালনীর কধানি দূরত্তুন শুন্যঙ। নলেন, এচ্যা পরানান গেলুন ভাগেন।" বান্দচ্যা কয়দে—"কী শুন্যচ্ছে মরে ভাঙি কহ্না?" বাঘ্ক্যা ফভাদে ফভাদে বেক কধানি বান্দচ্যারে ভাঙি কহ্ল।

শুনিনেই বান্দচ্যা কয়দে—"কী আজব কধা কহ্চ্ছে তুই মামু? কনঅ দিন শুন্যচ্নি শিয়ালে বাঘ ধরি খাদে? তুই হ্লেদে বনর রাজা। তরে ধরি খেব কন বাপর পুত আঘে দে! যেই সালেন, মরে দেঘাগি সিবা কন্ শিয়ালনী, যে বাঘ ধরি খায়।" বাঘ্ক্যা কয়দে, "জেচ্যেৎ দেই ভাগেন। তুই বিশ্বেচ নগরচ? তারে দে্লে তুইঅ ডোরেবে। পুয়ো ফুদেনেই সেই শিয়ালনী এমেন ডর গরে পারা হ্ইয়্যে কহ্বার নয়। কেয়াৎ যেন্ সাচ কধে নেই। হ্যারুং-হারুং। দাত ভেঘেদেয়্যা। দেখ্কে বিচিত্র ধক। মুই আর সে-মোক্যা নযেম। মনে কহ্লে তুই যা। হয়-নে নয় চেহ্‌ই আয়োই।" বান্দচ্যা কয়দে—"নয়-দে মামু, তুই বিনামা ডোরেয়চ্ছে। শিয়ালে কি বাঘ ধরি খেদঅ। মুই ত-লঘে থেম। কায় যেবার ডরেলে দূরত্তুন হ্লেঅ রিনি চেই এবংগে।" বাঘক্যা কয়দে—"তরলৈ যানা দঅ ডর গরে পারা। তুই হ্লেদে গাঝ-বান্দারা। মুই হ্লুংগে মাদি হ্দারা। শিয়ালনী ঝাভেলে তুই-দঅ এক ফালে গাঝত উদিবেগৈ। সেক্কেনে শিয়ালনী গায় গায় মরে পেব। না, মুই ত-সমারে ন-যেম।" বান্দচ্যা কয়দে—"মামু এধক বিশ্বেচ ন-গরিলে সালেন এক্কান কাম গরি পারি। তুই আহ্ মুই লেজে লেজে বানাবান্যা হ্ই। মুই মনযুক গরিলেঅ তরে ছাড়ি গাঝত উদি নপারিম। সিয়ান গরিলে হ্ব দঅ?" বাঘ্ক্যা কয়দে—"সালেন যেই পারে।" কধা মুজিম তারা দ্বিজনে লেজত বানাবান্যা হ্লাক। আহ্ লিয়ং লিয়ং গরি শিয়ালনীর মোক্যা লর দিলাক।

শিয়ালনী ইন্দি অনসুর চোঘে-চোঘ গরি আঘে কনঅ শত্তুর এযন নি। শিয়াল্যা সেক্কেনেঅ নফিরে। তে আবাদা গরি দেহ্ল—দূরত সেই ধেই-যেইয়্যা বাঘক্যা আহ্ এক্ক্যা বান্দর লেজে লেজে বানাবান্যা গরি লিয়ং লিয়ং হুচ বাড়েই তা-মোক্যা এত্তন। শিয়ালনী

তারারে দেহ্‌ই এত্তুক ভাবিল। সেবেদেন তে তক্ষানৎ এক্কান বুদ্ধি জোরেই এত্তুক ডাঙর ডাঙর র-মেলি কোই উদিল—

"পেট পড়ায় মুই হাক্কেনে মরিম। শিয়াল্যাঅ কুধু মরিলগৈ কিযেনি। ইন্দি এক্ক্য বান্দররে কলুংগে তুই উজুলেই-আজেলেই বুদ্ধি গরি লেজত বানি এক্ক্য জেদা বাঘ ধরি আন্দৈ। তেঅ গেলদে আর দেঘা নেই। মর এচ্যা এই পেটপড়া দিনত বাঘ' এড়া খেবার কবালত নেই পারাপাঙ।" শিয়ালনীর কধানি শুনিনেয় বাঘ্‌ক্যা থধভ' হ্‌ল। তে আমগ' উগুরে চুদু। সালেন বান্দচ্যা মরে শিয়ালনীর কধায় ফন্দি গরি ধরি দেত্তে? আর কনঅ কধা নেই। তে দিল দুমুর। পরান যোক-থোকগরি। তে বান্দচ্যারে লেজত বান্যা গরি নিল সেজেরেই। ইন্দি বান্দচ্যা হদাকিজেক সারি উদিল—"ও-মামু, ও-মামু, হাক্কে মুই মরিম। মরে সেজেরেই ননিচ।" কা কধা কন্না শুনে। বাঘ্‌ক্যা দুমুরেত্তে দুমুরের। থামাথামি নেই। বেচ হানক্ষণ সেজেরেই নেদে নেদে একসময় বান্দচ্যা এক্কান গাঝ' শিঙরত ধুচখেই লেজবানান গেল ছিনি। বাঘক্যাঅ গঙ সামেলেই ন-পারি ধুচ খেলগৈ এক্কান গাঝ' দাবানাত। দ্যজনর পরান নিঘিলি যেব পারা। বান্দচ্যা রঅ বেঢ়া বেঢ়া গরি বাঘ্‌ক্যারে কয়দে—'মামু মরি গেলুং—পরানান শেষ।' বাঘ্‌ক্যা কয়দে—"যেমন কাম সেমন ফল। তরে কন্না কইয়্যে শিয়ালনীর কধায় মরে ভুলেই-ভালেই নিদে। মুই-দঅ তরে সদর ভাগিনা ধোক্যান পাঙ। তুই সেযান বেইমানি কাম মরলৈ গরিবে নি?" বান্দচ্যা কয়দে—"নয় মামু, হদাংশিক সেধোক্যান নয়। মরলৈ শিয়ালনীর কন যুগাযুগনেই—তেম্মাং নেই। শিয়ালনীর কধানি তুই বিশ্বেচ নগরিচ্‌।" বাঘ্‌ক্যা কয়দে—"না, তরলৈ আর কন' কধা নেই। মুই যাঙরলৈ।" কধান কোই মত্তন বাঘ্‌ক্যা সিত্তুন গেলগৈ। ইন্দি শিয়ালনী বাঘ্‌ক্যা আহ্‌ বান্দচ্যার লেজে লেজে বানাবান্যা আহ্‌ সেজেরানি বাবত্যা অবরূপ দৃশ্য দেইনেই হাঝ্‌তে হাঝ্‌তে তার চোঘ' পানি এল। এমেন সময় শিয়াল্যা খেবার নিনেয় লুঙিলগি।

# ভগামোনর শিল্য পোহ্‌র

মিজোরামর চাকমা ডিস্ট্রিক কাউন্সিলর দঘিনে ফারভা আদামর কুরে মিজোরাম-বার্মা-বাংলাদেঝর তিনধুজির কায়কি, বাংলাদেঝর রুমা বাজারর উত্তর-পুগ ঢাগেদি এক্ক্য অজল আহ্ পেংগুল কালা মোন আঘে। এই মোন্যর নাঙান 'ভগা মোন'। এই মোন্যর তুগুনত এক্ক্য চৌকুন্যা ডাঙর পোহ্‌র আঘে। পোহ্‌রবো চিগোন-চাগোন নয়। জদেপদে অজার। লাম্বাদি আধা মেইল, পাধাচ্যায় সিগি মেইল। পোহ্‌রবোর চৌকিত্যা শিলতারেঙ। মাত্তর পুগ ঢাগেদি এত্তুক নীজো। বেয়াল গরি ঝড় দিলে পোহ্‌রবোর পুগ-কাজাদি পানি পেলাং বেই যায়।

এই ডাঙর শিল্য পোহ্‌রবো যে দেঘে তে আহ্‌মক হন। এদ্দুর অজলত মোনর তিক্-তিগিনী আগাত কন্না ইবা বানেয়্যে! ভাবি কুল ন-পায়। মেহ্‌ত হ্য়-হামাক্কায় দেব-করম। পোহ্‌রর পানিয়ান মেন মেন কালা। চৌকিত্যার ঝুবুর গাছ-বাশর ছাভায় ইব্যারে আরঅ দেবেদো-গাঝা ভিলি মেহ্‌ত হ্য়। উল্লেখলাক, চৌকিত্যা অজল অজল বেয়াল ঝাড়-জঙল থেলেঅ এ পোহ্‌রবোত কনঅ পাদা ভাঝদে দেঘা ন-যায়। কিত্তেই? কিওজেন কই ন-পারন পোহ্‌রবো কেযান গভীন? সিয়োন মেহ্‌ত পেবার নয়। একদাগিয়ে ভিলে বাশ জরা দি দি মাবিরের চেইয়ন। মাত্তর মাবি ন-পারণ। মান্যে কহ্‌ন—ব্রিটিশ সরকারর জরীপ বিভাগর সাহ্‌বউনেঅ ভিলে শিগোল ফেলেই পোহ্‌রর তলাগান মাবিবেরে চেইয়ন। মাত্তর উদো ন- পান। এ কধাগান কুদ্দূর সত্য থায়থিক কহ্‌বার নয়। সত্য-মিঝ্যা যেই হোক, ইয়েন থিক যে, এ পোহ্‌রবো দেহ্‌লে যে কনঅ জনে ইয়ত দেবেদো থেবাক ভিলি মনে গরণ।

এই পোহ্‌রবো কিঙিরি সিরিখি হ্‌ল এ পইদ্যানে কায়-কুরর মুড়োল্যা জাদর মধ্যে নানান বাবত্যা পশচন চালু আঘে। চাকমাগুণর মধ্যেঅ এবাবত্যা এক্কান পশচন চলন্দি আঘে। পশচানান হ্‌ল এ বাবত্যা ঃ

বেগিদো পুরণি আমলত এই ভগা মোন্যর তুগুনত সঙকলগত চাকমাগুনর এক্কান ডাঙর আদাম এল। উত্তর-দঘিন দীঘোল ছ'কুড়ি ঘরজ্যা আদাম। আদামান এল সুঘ-শান্দিয়ে ভরাপুরো। অভাব কধে নেই। দুখ-কাম গরিলে অতালিয়্যা ভাত পেদাক। হাঝি-রঙ্গে তজিম সুনযুগে তারার জীংকানি গোঙেই যেদঅ।

তজিম সুঘে পেলাং-বেইয়্যা আদামত বেল্যা হ্‌লে গাবুচ্যাগুনে সমারবদি গীদে-রেঙে ঝাগেঝাক বেড়েদাক। মাত্তর একদিন্যা আদামর কারবাচ্যা বেক গাবুচ্যা সগল্লগরে ডাগিনেই কল "শুনঅ গাবুচ্যালক, তমার বিরুদ্ধে আদাম্যাগুনর বরাবত আঘে। তুমি ভিলে আদাম্যার গিরিত্থ ঘরর মালা শুগোর চুর গরি কাবি খেই দ্যগৈ। সেযান কাম নগচ্য স্যা। আরঅ কনঅ দিন তমা বিরুদ্ধে এবাবত্যা বরাবত শুনিলে গম নহ্‌ব।" কারবাচ্যার কধানি শুনিনেই গাবুচ্যাগুনে তত্ত্ব হ্‌লাক। তারা সঙগরি কহ্‌লাক—"কারবাচ্যা নানু, কারর মালা শুগোর আমি খেই ন-দি। ইয়েন বিনামা বন্নাম। আমি তরে কধা দির কন্না এই আচ্ছুরানি গরণ আমি নিঘিলেবঙ।" কারবাচ্যা মাত্তর গাবুচ্যাগুনর কধানি কানত ন-ভোরেল।

সেদিন্যাই আদামর বেক গাবুচ্যাগুনে এ পইদ্যানে তেস্মাং গরিলেক। তারা থিক গরিলাক তারা বেন্যা-বেল্যা আদামত ভঅ ভঅ গরি চুগি দিবাক। কন্না এই অভন্দ কামান গরে তারা তোগেই নিঘেলেবাক হামাক্কায়। যেমেন কধা সেমেন কাম। সেদিন্যাত্তুন ধরি তারা আদামত চোঘে চোঘ গরি রলাক।

একদিন দিবুচ্যা মাধান চুগি দিয়্যা গাবুচ্যাগুণে দেলাক এক্কান আহ্‌মক হ্‌বারলাক ঘদনা। এক্ক্য দিঙিরাপারা ডাঙর আজম' সাপ এক গিরিত্থ ঘরর পাচমুথ্যা মালা শুগোর খাপ্‌দি ধরিনেই গিলি খেল। গিলি মত্তন গঙ্‌দি ঝাড়মোক্যা গেলগৈ। তারা থিক গরিলেক সাপ্যরে হামাক্কায় মারা পড়িব। মাত্তর মারিবেক কিঙিরি? এত্তুমো সাপ! দেহ্‌লে পারান গির্‌গিরেয় ডরে। কুরে যেই কাবিবেরঅ নয়। দূরত্তুন যাত্তেলেঅ এত্তুমো ডাঙর সাপ কিচ্ছু গরিবের নয়। সিয়েনে তারা শল্লা গরিলেক লুয়োর এক্ক্য ডাঙর বড়শি তারা বানেবাক। সিবা তারা এক্ক্য মালা শুগোরর পেদত এমনভাবে বানি দিবেক য্যেন মালা শুগোরবো গিলিলে বড়শিবোঅ গিলা যায়। সাপ্যরে বড়শিত বাজেই পারিলে কাবদে ভঅ উদিব। শল্লা মুজিম তারা এক্কান ডাঙর লুয়ো কথা দিনেই আলবলা চুচ্যাং বড়শি এক্ক্য বানেলাক। আহ্‌ বড়শিবো এক্ক্য মালা শুগোরর পেদত এমেন গরি বানি দিলেক য্যেন শুগোরবো গিলিলে বড়শিবোঅ গিলা যায়। বেক যুক্যাল হলে বড়শি-বান্যা শুগোরবো সাপ্যর পথানত থৈ দিলাক্কে।

দিবুচ্যা মাধান কড়াকড়ি সময় ধরি ঈনজীব গরি খাপ্‌দি থাগত্তে থাগত্তে তারা দেলাক সাপ্য তা পথান বেই লাড়ে লাড়ে গরি এযের। তারা কনঅ সাড়াশব্দ নেই গরি আল্যাড়ত্তুন একরিনি চেই রলাক। সাপ্য মেঝক-কেঝক গরি এত্তে এত্তে একসময় শুগোরবো দেহ্‌লগি। তে শুগোরবোরে কামেড়েই ধরিলগি। আহ্‌ তা লাম্বা কেয়্যানদৈ যেত্তমান পারে শুগোরবোরে পেজেই ধরি চিবা ধরিল। চিবানত কেঁ কেঁ গরতে গরতে শুগোরবো চেই থাক্‌কে থাক্‌কে অলর হ্‌ল। জেরেদি সাপ্য গত্তাল বাদে শুগোচ্যারে গিলি খেল। সাপ্য শুগোরবো গিলি

মত্তন কেরেত্যে ধরি টানা ধরিলেক গাবুচ্যাগুনে।

বড়শিত টান পড়িলেই সাপ্য ধেই যা ধরিল। গাবুচ্যাগুনে কেরেত্যে টানি ধরিলাক। মাত্তর সাপ্যরে আটকেবার নয়। সাপ্যই গাবুচ্যাগুনরে টানি সেজেরেই নেযা ধরিল। গাবুচ্যাগুনে চাহ্‌নদে ইণ্ডিরি দত হ্‌দ' নয়। সেবেদেন তারা তরা-তাঙরি কেরেত্যে মাধাগান এক্ক্য ডাঙর গাঝত গড়াত বেড়েই দিলাক। সেক্কেনে মাত্তর সাপ্য তার শিল্য-হ্‌খানত ভালদ্দুর সোম্যেগৈ। কেরেত্যেৎ টান পড়িনেই সাপ্য থিং থিং হ্‌ল। ভিদিরে আর তে সোমেই নপারেগৈ। এবারৎ গাবুচ্যাগুনে সঙগরি কেরেত্যেৎ ধরি বলহিজি একশলা টানা ধরিলাক। বার বার টানিনেইঅ তারা সাপ্যরে লাড়েই নপারিলাক। গাবুচ্যাগুণে ভাবিলাক বেচ টানিলে কেরেত্যে ছিনি যেই পারে। জেরেদি তারা টানানা হেভাদি আদাম্যাগুনরে খবর দিলাক। তাগল, খুড়োল, যাদি নিনেয় আদাম্যাগুণে লুঙিলাককি। লুঙিনেই চাহ্‌নদিদে আহমক হ্‌বার ঘদনা। তারাঅ কেরেত্যে ধরি পালা ফিরেই ফিরেই টানা ধরিলাক। মাত্তর সাপ্যর কনঅ লড়চড় নেই। জেরেদি তারা বেগে তেম্মাং গরি থিক গরিলাক সাপ্যর লেজঅ কথানর যেত্তমান গাত্যর বাহ্‌রে আঘে সিয়ান কাবি নেযেই। সেবেদন তারা গাত্যর কুরে যেই তাগল আহ্‌ খুড়োললৈ কাবিলাককৈ। সাপ্যর নাভিউগুরে পেত্তুয়া বামর এক মুধুম সঙ কাবা পড়িল। তারা সে কথাগান সেজরেই আনিলাক। আহ্‌ কথা কথা গরি সিয়ান কাবি-কুদি গদা আদাম্যাগুনে ভাকযুক গরি আনিলাক।

এই ছ'কুড়ি ঘরচ্যা আদামত এক্ক্য ভারি ধার্মিক্য গিরি এল। বুড়চ্যা-বুড়ি বানা দ্বিজন। তারা সাপ হে্‌ড়া ন-খান। সিয়েনে তারা আদাম্যা ঘরভাকঅ ন-লন। সেদিন্যা রেদোত এই দ্বি-বুড়চ্যা-বুড়ি দ্ব্যজন সঙগরি একবাবত্যা স্বপন দেলাক। স্বপনত এক্ক্য বুড়ো মিলায় তারারে কত্তে ঃ "শুনঅ ধার্মিক্য বুড়চ্যাবুড়ি শুনঅ, মন্‌দি ম কধানি শুনঅ। এ আদাম্যাগুণে মর একমাত্র নোনেয়্যা পুঅবোর কেয়্যাকথা কাবি খেইয়ন। পুঅবো মর আর বাজিদ' নয়। তে মরি যেব। তারে আদাম্যাগুণে মারি দিলাক। মুই তারারে আর জেদা রাঘেদুং নয়। তারারে বাহ্‌লা তুলি দিম। তারা কেল্যা দিন্যর ভিদিরে মরিবাক। তুমি ধার্মিক্য মানুচ। ম-পুঅর হেড়া তুমি ন-য়্য খঅ। সিয়ানে তুমি বাজিবা। মাত্তর এক্কান কধা শুনঅ, তুমি কেল্যা দিন থাগত্তে এ আদামান ছাড়ি যেবাগৈ। কেল্যা সাঝন্যার মঝ্যেই এ আদামানত এক্কান অঘাত্যা ঘদনা হ্‌ব। সেই ঘদনাত আদাম্যাগুণ বেগে মরিবাক।"

বুড়চ্যা-বুড়ি বেন্যা পোত্যা ঘুমুত্তুন জাগি দ্ব্যজনে স্বপন ভাঙিলাক। এগই বাবত্যা স্বপন দ্ব্যজনর। তারা জদেপদে আহ্‌মক হ্‌লাক আহ্‌ ডরেই উদিলাক। তারা স্বপনর কধানি আদাম্যাগুনর ঘরে ঘরে যেই কলাক্‌কৈ। মাত্তর কিওজনে তারার কধানি বিশ্বেচ নগরিলাক। উল্লোফিরি তারারে হ্‌ঝিলাক। কাল ঘোনেই এলে মান্যর যিয়ান হ্‌য় সিয়ান আয়। আদাম্যাগুণে

কিওজনে তারার কধানি পাত্তা ন দিলেঅ তারা মাত্তর স্ববন কধানি এগেম গরি বিশ্বেচ গরিলাক। সিয়েনে দ্বি-বুড়চ্যা-বুড়ি বেল থাগত্তে সেই আদামান ছাড়িনেই দূরত ধেই গেলাক্‌কৈ। মাত্তর ইন্দি বেল ডুবিনেই যেই আদামানত সাঝ গঙেই এল সেবেদেন ঘদিল সেই আঘাত্যা ঘদনান। আবাদা গরি আদামত বিরাট এক্ক্য শব্দ হ্‌ল। আর শব্দর সমারে সমারে দির্‌মিশ থাহ্‌রেই ন-পায্যা গরি গদা আদামান মাদিত্তলে হ্‌োঝরি পলগৈ। গত্তাল আদামান হ্‌ল রিবাট এক্ক্য পোহ্‌র। ঘর, আদাম, মানুচজন, শুগোরকুরো বেক পোহ্‌রত্তলে ডুবি গেল। এত্তুক আগে যিয়ত ভরন্দি আদাম এল ইক্কিনে সিয়ত বানা সরবর পানি আর পানি।

এই মোন তিক্‌-টিগিনী আগাত এই শিল্য পোহ্‌রবোত ইক্কিনেঅ গেলে দেঘা যায়-বড় বড় শোল মাছ আহ পান্যা দুড় ভাঝি ভাঝি আঘন। ইগুন বাদে কনঅ বাবত্যা মাছ-কাঙারা ইয়ত দেঘা নযায়। মানুঝে মনে গরন ডুবি-যেইয়্যা সেই আদাম্যা মানুচ্যানেই ভিলে একদাগি শোল মাছ হ্‌ইয়ন-একদাগি হ্‌ইয়ন দুড়। সিয়েনে ইগুণ কিওজনে ন-খান। আঙচ্যা-পুন্নিমায় এ বামর খিয়াং, মুরুং আহ্‌ পাংখো কুগি জাদর মানুচ্যানে ইয়ত তজিম ভক্তিয়ে পূজো দ্যন্দে এঝসঙ।

# সেধাম নেই ভেদাম এত্তুমো হা্

একদিন এক্ক্য বাঘ গদা দিন্য শিগ্যার তোগেই তোগেই ভঙদে ভঙদে কনত্যাৎ ভঅ গরি ন পারে। তে লেহ্লেচ্যা পেট গরি হ্রান হ্ই লিয়ং লিয়ং হ্াদি যাদে যাদে আবাদা গরি এক্ক্য আন্দাচ্যা মোক্যা দূর মুজুঙেদি হ্াদি যাত্তে দেহ্ল। বাঘ্যা আর কী গরিব'! তে ভাবিল— দিয্যার মাক্যা কন' শিগ্যার যককেন নপেলুং এ দুরবো খেইনেই পেটপড়া থামেম্বে আয়। তে দুরবোরে জাবেদেই ধরিল।

এ আগেদি বাঘ্যা কনদিন দুর নখায়। দুর খেবার কধা তে ভাবিঅ নপারে। বেগিদো হরিং, চঙরা, শুগোর বাবত্যা সাচদলা শিগ্যার থাগত্তে তে দুর খেবার কধা ভাবিব' কিত্তেই? মাত্তর এচ্যা এই নিদানর দিন্যা যককেন কন'গম দিয্যার মাক্যা শিগ্যার পা নযায়, সক্কেন তে দুরবোরে খেবার ঠিক গরিল।

মাত্তর খেম ক'লেদঅ খেই নপারে। চাহ্রা-বলা দরব। কামেড়েঅ দাত নফুদে। আঙুদিলেঅ নখ নফুদে। আজাড় দিলেঅ নভাঙে। সেত্তমান দড়। বাঘ্যা ভালক্ষণ ধরি বল্হিজিনেয় ঘারুৎ ঘারুৎ গরি কামেড়েই চেহ্ল। নখ নিঘিনেয় ইন্দিউন্দি ভেরেৎ ভেরেৎ আঙুদি চেহ্ল। দ্বিহ্াধে ধরি আজেরেই চেহ্ল। কন' বাবদে সম্ভব নয়। খেবার কন' ভঅ নেই। বাঘ্যা আহমক হল। সালেন কি গরা যায়। কিণ্ডিরি খাঅ যায় এই দুরবোরে'!

দুরবো চায়দে-বাঘ্যা দঅ ভারি পেজাল খাবাত্তে সেদয়। তে ছড়ান পেবাত্যেই এক্কান বুদ্ধি নিঘেলেল'। তে চাহ্রা সেরেত্তুন মুয়ন বাভেই সিয়েনে কই উদিল ঃ

"সেধাম নেই ভেদাম এত্তুমো হা
গাঙকুলে নিনেয় ভিজেয় ভিজেয় খা।।"

দুরবো কধান শুনিনেয় বাঘ্যার য্যেন্ হুচ হল। তে ভাবিল—হ্য়দ্যে সেধয়! গাঙ'কুলে নিনেয় পানিত ভিজেলেগৈ হ্লে দুরবো নরম হ্ব। কন' কন' দড় বাবত্যা জিনিস পানিত ভিজেলে নরম হ্য়। ইব্যাঅ সেযান নরম হ্ই পারে! দুরবো কধান জেচ্যেৎ মনে গরিল।

সেবেদেন বাঘ্যা দুর্বো আজা গরি ধরিলৈ এক্কান গাঙ উদিস্ গরি লর দিল। কুদ্দুর যেই তে মুজুঙে পেলগৈ ডাঙর এক্কান গাঙ। বাঘ্যা মনে মনে হুঝি হ্ল। তে ভাবিল— এবারত পানিত ভিজেয় ভিজেয় ইব্যারে খেমবে আয়। তে দুর্বোরে পানিত বুরেবাত্যেই আজা গরি ধরি গাঙ' কাজাত ইরি দিলগৈ। দুর্বো যেই পানিত বুরিলগৈ, লগৎতগৎ তা

হাত-ঠেঙানি বাহর গরি পানিত সাজুরি সাজুরি গভীন মোক্যা গেলগৈ। আর ইন্দি বাঘ্যা চোখ মেহ্‌লেমেহ্‌লে গরি চেহ্‌ই র'ল।

## হোচ্য বেঙ্যর শাস্তি

হোচ্য বেঙ্য শহ্‌রত যেইয়্যে। শহ্‌রত্তুন ফিরিনেই তে কহ্‌লগি আঘাত্যা এক্কান খবর। বৈয়্যার বেব' ভিলে—আঘাত্যা বৈয়্যার। বৈয়্যারর ঝল্‌গাত এ-গাঝ' চাম উ-গাঝত বাজেই দিবগৈ—বুড়ো মিলার দুধ ছিনি নিব—বুড়ো মদ্দর হুল ছিনি নিব। খবরান শুনিনেই বেগে ডোরেই উদিলাক। বেগে পরান বাজেবাত্যেই ভঅ তগা ধরিলাক। খবরান সুদোত্তুবির কানত গেল। তে-দঅ ডরে হ্‌য়-নয়। তে ভাবিল-এক্ক্য ডাঙর অগলঙত সোমেই থেই পরান বাজেব। যেমন ভাবনা সেমন কাম। তে জিরান-আভান নেই গরি ডাঙর এক্ক্য অগলঙ তগা ধরিল। তগাদে তগাদে তে দেহ্‌ল এক্ক্য গাঝ ফাগাত ডাঙর এক্ক্য অগলঙ। উড়ি যেই তে সেই ডাঙর অগলঙ্যত সোমেলগৈ। সোমেই মত্তন বুঝিল ইবা দঅ গাঝ অগলঙ নয়। সেবেদেন তে ত্বরাতাঙরি নিঘিলি এল।

নিত্তাগে সুদোত্তুবিবুয়ো যিবা গাঝ' অগলং ভিলি মনে গয্যে সিবা হ্‌লদে ডাঙর এক্ক্য রংরাঙর হ্‌। সুদোত্তুবিবুয়ো রংরাঙ' হ্‌-বুয়োত্তুন নিঘিলি এখে নাঘ' ফালাদি নিঘিলি এ্যইস্যে। নাঘত সুড়সুড়ি উধি রংরাঙ্য হাঁচ্চি পড়ি কোই উদিল—'রংরাঙ্‌— রংরাঙ্‌'। সে অক্তৎ এক্ক্য বান্দরে এক্কান রান্যা জুমত্তুন এক্ক্য সুগুরিগুলো চুর গরি আনি খা ধচ্যে। আবাধা ঘরি তে 'রংরাঙ্‌' শব্দবুয়ো শুনিনেই উগুরি উধি সুগুরি গুলোবুয়ো ঝোরেই ফেলেল'। ফেলেল' দঅ ফেলেল' এক্কেবারে হরিঙ্য কাঙেলত। আৰাধা গরি কাঙেলত কি পড়িল নি কি পড়িল হরিঙ্য আঘাত্যা ডোরেই উধি ডগরিল'—'অং-অং। তে ডগত্তে ডগত্তে ঝাড় ফুরি দিল ধাভা। ধাভা দিবার অক্তৎ হরিঙ্য হুচ্‌দি গেল এক্ক্য ডাঙর জামুরো সাপর কাঙেলত। সাপ্য অমগত্য পীড়া পেল। তে আর ধাভাদি যাত্তে হরিঙ্য কুধু লাগত পেবগৈ। রাঘ উধি নেই কী গরিব' নে কী গরিব' ভাবদে ভাবদে তে দিল' গৈ কুরো বডাগুন খেই। কুরোবুয়োত্তুন উধিল অজংচং রাঘ। তে দঅ আর সাপ্যরে কামেরেই নপারেগৈ। সিয়েনে তে কেনা উগুরেবাত্যেই ধাভা ধাভা যেই খেই দিলগৈ পিবিরা বডাগুন। ইন্দি পিবিরা গুনে জোল হ্‌ই উদিলাক। এতে কি উধুম্‌-থুমো আমা বডাগুন খেই দিলগি! তারাত্তুন রাগ উধি তারা কেনা উগুরেবার

ভঅ তগাদে তগাদে পেলাক্কে ডাঙর এক্ক্য ক্যেনাহ্ শুগোর। তারা হ্াধা-হ্যাত্যা শুগোর বুয়োর বিজ্যাবুঅ দিলাক্কে কামেরেই। শুগোর বুয়োত্তুন উধিল আঘাত্যা রাঘ। তে কিঙিরি কা-উগুরে কেনা তুলিব' ভাবদে ভাবদে কার এক্কান জুম আঘেদে, সেই জুমানর পাগানা ধান ভুইয়্যান দিলগৈ খেই। তারে দেহ্ল জুমানর গিরোচ এক্ক্য রানিপিদি মিলা। তে শুগোর ধাভাদে গাঝর ঘুট্যাগুণ মুগুরো ধরিল। ঘট্যাবুয়োর থাঝেই রাঘ উধিল। কন' দুষ নেই গরি রানিমিলাবুয়ো তারে কিত্যেই মুগুরেল? তে এবারত বিচার চেহ্বাত্যেই গেল রাজঘরত। তে রাজা ইধু রানি মিলাবুয়োর বিরুদ্ধে বরামত দিনেই কহলগৈ "মর কন' দুষ-আভান নেই গরি কিত্যেই মরে রানি-মিলাবুয়োই পিদিল। রাজাত্তুন মুই বিচার চাং।"

ঘুট্যাবুয়োর বরামত পেই রাজায় পথমে শুগোরবুয়োরে ডাগেল। তে রাজার মুজুঙে হ্াত জুড় গরি কহ্লগি— "মর কন' দুষ নেই রাজা নানু। ম বিজাবুয়ো পিবিরাগুনে কামেরেই দ্যান ভিলি মুই রাগে-তাগে রানি মিলাবুয়োর ধানানি খেই দ্যঙ্গে দে। এবারত রাজায় পিরিবাগুনরে ডাগেল। তারা কহ্লাক্কি কুরোবুয়োই কিত্যেই আমা বডাগুন খেই দিয়্যে। সিয়েনে রাঘ উধি আমি শুগোর বুয়োর বিজাত কামাচ্চেয়ৈ। এবার রাজায় কুরো বুয়োরে ডাগেল। তে কহ্লগি—ম বডাগুন কিত্যেই সাপ্যই খেই দিয়্যে। সে জেরে সাপ্যর ডাক প'ল। তে কহ্লগি বান্দচ্যার কধা। এবারত বান্দচ্যা এল তে কহ্লগি রংরাঙ্য কধা। রংরাঙ্য ডাগা খেই এল'। তে কহ্লগি সুদোত্তুবিবুয়োর কধা। সুদোত্তুবিবুয়ো কহ্লগি হোচ্যবেঙ্যর বড় বৈয়্যারর কধা। শেঝমেঝ ডাক প'ল হোচ্য বেঙ্য। রাজার এত্তেলা পেই গির্গিরাদে গির্গিরাদে হোচ্য বেঙ্য দরবারত লুঙিলগি। এবারত রাজায় হোচ্য বেঙ্যরে পুঝ্যর গরিল— "হ্য়-নে হোচ্য, বড় বৈয়ার বেবদে? তুই একধান কুধু শুনিলে গৈ—কাত্তুন শুনিলে গৈ? ভাঙি কঅ?" গির্গিরাদে গির্গিরাদে হোচ্য বেঙ্য জুয়োব দিল—"এ্য-নে মুই কধান কোইয়ঙ্গি দে।" রাজার কহ্ল—"কিত্যেই তুই মিধ্যা কধা কহ্লেগি?" হোচ্য? বেঙ্য কহ্ল—"শহ্রত বেড়েবাত্যেই যেই সিত্তুন ফিরি এযানার জেরে কনক্কান জবরদস্ত্য কধা ন-কহ্লেগি মান নথায়। সিয়েনে একধান কইয়্যঙ্গিদে।" বেক শুনিনেই রাজায় কহ্ল—"অহ্! তুই-নে আঝল্য। তদ্যেই এধক্কানি জাগুলুক লাক্যে-দে।" রাজায় ইয়ান কোই সিবেই উনরে হুগুম দিল— "যঅঃ, হোচ্য বেঙ্যরে কাঠ্যল গাঝত বানি পিদ'গৈ।" রাজার হুগুম মুজিম সিবেইউনে হোচ্য বেঙ্যরে ধরিনি এক্ক্য কাঠ্যল গাঝত বানি থাঝেই পিদিলাক। বেঙ্য পিদ্যা খেবার অক্তুৎ কাঠ্যল গাছ্যত মুগোর পড়ি কাঠ্যল গাঝ' হির তার গদা কেয়্যাত বাজিল। সিয়েনে ভিলে হোচ্য বেঙ্যর কেয়্যাত্তুন ইরুক হির বাহ্র হ্যদ্যে।

# তেদোই বাপ

বেগিদো পুরোনি দিনর কধা। সেক্কেনে ভিলে বান্দরুনে কধা কোই পারিদাক। তারা থেদাক মানুঝর কায়কুরে—মানুচ্যুন্দে মিলিঝুলি। জুমত গেলে, ঝারত গেলে বা পানিঘাদত গেলে বান্দরুনর দেঘা পা যেদ'। তারা মানুচ্যুন্দে কধা কহ্দাক—গবসব দিদ্যাক। মাত্তর সেব-সুবিধে পেলে তারা মানুচ্যুনর জুমত্তুন আলু-কুজু আহ্ ফল-পাঘোর চুর গরি খেই দিদ্যাক্কে। সিয়েনে মানুচ্যুনে বান্দরুনরে কোচ নপেদাক। তারা বান্দরুনরে ধ্যিঃ-ধ্যিঃ গরি কুগুর সৌয় দিদ্যাক।

সেই পুরোনি দিনত এক বামত এল ডাঙর এক্কান চাঙমা আদাম। সেই আদামর মিলাগুনে কামর স্যের পেলে সেরে সেরে সমাচ্যা বোদি রান্যা বেড়া যেদাক—তোনপাত তোগেদাক্কে। একদিন্যা সে আদামর সাতজন গাবুর মিলা রান্যাত যেইয়্যন তোনতগা। তারা বেগিদো রান্যা জুম বেড়েনেই বুগীথিগ্যা তোনপাত তোগেই ফিরিবার অক্তৎ আধা পধত এক্কান গাঙ' পারত মাধাত্তুন বুগীউন লামেই থোই কেয়্যার পিনোন-হাদি খুলি গাঙত লামিলাক্কে গাহ্ধিবেত্যেই। হিল হয় সঙ গাহ্ধিনেই যক্কেন তারা পারত উদিলাকি চাহ্ন্দে তারার কাবরানি নেই। আহ্মক হই তারা কাবড়ানি তগা ধরিলাক। ইন্দি-উন্দি ভিল্ভিলাদে ভিল্ভিলাদে তারা দেঘন্দে এক্ক্য আন্দাচ্যা ডাঙর আহ্ অজল গাঝঅ ফাগাত এক্ক্য বান্দরে তারার কাবড়ানি আজা গরি ধরিনেই লুজুরুক গরি বোই আঘে। সেবেদেন তারা কাবড়ানি ফিরেই পেবাত্যেই বেগে সঙগরি বান্দচ্যাত্তুন কোজলিগরি কাবড়ানি মাগা ধরিলাক। তারা কহ্লাক ঃ

"ও-বান্দচ্যা, আমা কাবড়ানি ফেলেই দে।"

বান্দচ্যা গাঝ' ফাগাত্তুন মুহ্ বাভেই কহ্ল ঃ

"য়িঁহি যক্—য়িঁহি যক্
এবার কেনযান লাগে!
কাল্যা ধ্যিঃ-ধ্যিঃ—ধোল্যা ধ্যিঃ-ধ্যিঃ
কইয়্যদে ঈধোত আঘে নি আঘে?"

মিলাগুনে আর' নোনেই রঅ মেলি কোজলি গরি কহ্লাক ঃ

"আর কধং নয়
বান্দচ্যা কধং নয়।"

মিলাগুনর কোজলি থোরি নপারি বান্দচ্যা কহ্ল—"জন গদে গদে কোজলি গরি গরি

এক পইধ্যাত্তুন এক পইধ্যা অজলত উদিলেগি তে কাবড়ানি দিম্‌ব্যে।” মিলাগুনে রিনি চাহ্‌ন্দে গাছ্যত এক্কান সাঙু আবুজেয়্যা আঘে। মাত্তর সাঙুয়ান বেই একজনত্তুন বেচ দ্বিজন উধি নপারে। সিয়েনে তারা বান্দচ্যা কধান মানিনেই একজন একজন গরি উধি উধি কাবড়ানি আনিবাক্কে। তেম্মাং মুজিম পথম বেগত্তুন উজুলো মিলাবুয়ো বান্দচ্যারে কোজলি গরি কহ্‌ল ঃ

“ও-বান্দচ্যা, মঅ কাবড়ানি ফেলেই দে।”

এবার বান্দচ্যা কহ্‌ল ঃ

“এক পইধ্যা উদিল তে দিমব্যে।”

মিলাবুয়ো সাঙুয়ান বেই এক পইধ্যা উধিলগৈ। বান্দচ্যা তা কাবড়ানি ফেলেই দিল। তে কাবড়ানি ফিরেই পেই নাজুক-কাজুক। এবার পথম মিলাবুয়োত্তুন কনেঠ মিলাবুয়ো কোজলি গরি কহ্‌ল ঃ

“ও-বান্দচ্যা, মঅ কাবড়ানি ফেলেই দে।”

বান্দচ্যা তারে কহ্‌ল ঃ

“দ্বি-পইধ্যা উদিলেগি তে দিমব্যে।”

মিলাবুয়ো বান্দচ্যার কধা মুজিম সাঙুয়ানর দ্বি-পইধ্যা সঙ উদিলগৈ। বান্দচ্যা তা কাবড়ানি তারে লুগি মারি দিল। এবার তাত্তুন কনেঠ মিলাবুয়োর পালা। ত্যেঅ পথম কোজলি গরি মাগিনেই তিন পইধ্যা সঙ উদিলগৈ। বান্দচ্যা তারেঅ তা কাবড়ানি ফেরত দিল। ইঙিরি ইঙিরি এগে এগে ছ'জন সঙ কাবড়ানি ফেরত পেলাক। এবারত বেগ' কনেঠ্যর পালা। তা নাঙান বাধোইবী। তে এক্কেনা নাবুং-নাবাং মাক্যা। তে চায়দ্যে— এবারত সাত পইধ্যা সঙ উদিলেগৈ বান্দরবুয়োর মুজুঙে তে লুঙিবগৈ। তার মনানত কেনযান কেনযান লাগিল। তে কহ্‌ল—“মুই সাঙুয়ান উধি পাত্তুংগৈ নয়। বান্দরবুয়ে যিয়ান-পায় গরিলে!” তা কধান শুনিনেই বেক মিলাগুনে কিদিক-কিদিক হাঝি উদিলাক। কয়েকজনে হাঝি হাঝি কহ্‌লাক— “হ্য়দে-চো, বান্দচ্যা হ্‌লে হাধত ধরি রাঘেব দে স্যা!” একদাগিয়ে তারারে যাহ্‌ঝি মারি কহ্‌লাক—“তমার হ্‌লে বানা সেই নয়দ্যে কধানি। বান্দরে বুঝঅ মানুচ লঅন্দে শুন্যদ্যে?' তারা কহ্‌লাক—“যাহ্‌-যাহ্‌ বাধোইবী ত-কাবরানি ঝাদি ঝাদি মাগি আন্দৈ ঘরত ফিরিদং মালে।” বেগে হাধাহাত্যা কোজলি গরতে গরতে বাধোইবী রাজী হ্‌ল। তে বান্দচ্যারে কোজলি গরি কহ্‌ল—

“ও-বান্দচ্যা, মঅ কাবড়ানি ফেলেই দে।”

বান্দচ্যা আগ' সান্যা গরি এবারঅ কহ্‌ল ঃ

“সাত পইধ্যা উদিলেগি তে দিমব্যে।”

বাধোইবী ডোরেই ডোরেই গণি গণি সাত পইধ্যা উদিলগৈ। তে বান্দচ্যার মুজুঙে লুঙিলগৈ। বান্দচ্যা কাবড়ানি বাভেই দেত্তে সান গরিল। মাত্তর বাধোইবী যেই হাত্তান

বাভেল বান্দচ্যা তাগৎ গরি তা হাত্তানত জাবেদেই ধরিল আহ্ লগৎ-তগৎ টানি তুলিলগৈ গাঝ' ফাগাৎ। তলেত্তুন মিলাগুনে বেগে একসমারে জগার পারি উদিলাক। তারা কহ্লাক—"ও-বান্দচ্যা, আমা সমাচ্যাবুয়োরে ইড়ি দে।" বান্দচ্যা কহ্ল—"না, এ-তারে ইড়ি দিদুং নয়—এ-তারে মুই লোম।" মিলাগুনে বান্দচ্যারে ডোগরেই ডোগরেই কহ্লাক—ইনেয়-বিনেয় কোজলি গরিলাক বাধোইবীরে ফিরেই দিবেত্যেই। বান্দচ্যা কন' কধা নশুনিল। তে বাধোইবীরে বুগীনেই এক গাঝত্তুন একগাঝত ফালুক ফালুক গরি ফাল্যেই ফাল্যেই গেলগৈ। মিলাগুনে বাধোইবীরে হ্যরনেই মুহ্ কালা গরি ঘরত ফিরিলাক। ফিরিনেই বাধোইবীর মা-বাপরে বেক খবরানি কহ্লাক্কে। বাধোইবীর মা-বাবে খবরান শুনিনেই আঘাত্যা গরি কানিলাক—ধুন্ধুক খেলাক। জেরেদি আদাম্যাগুন সমেত ঝাড়ে ঝাড়ে বাধোইবীরে তোগেলাক্কি। কনত্যাত বাধোইবীরে তোগেই নপেলাক। নপেলে আর কী গরা যায়। তারা মনদ্দুঘে ঘরত ফিরি গেলাক্কে।

ইন্দি বান্দচ্যা বাধোইবীরে নিনেয় বামছাড়ি ধেই গেলগৈ। ভালদ্দুরত যেই তে এক্কান ছড়া পারত এক্ক্য গাঝর ফাগাত পাদায় পাদায় চাল-সেইয়্যা ঝুবত্তলে নলাম লুদি চাগত বাধোইবীরে থলগৈ। সিত্তুন বাধোইবীর ফিরি এবার নয়। জাগা নচিনে—বাম নচিনে। সেবাদেঅ তলে অনসুর বাঘ চড়ি বেড়ান। সিয়েনে কী আর গরিব? মনে নকহ্লেঅ তে বান্দচ্যা লঘে থেই পেল। বান্দচ্যা তারে ফল-মুল আনি দেগৈ। চুমোলৈ পানি আনি দেগৈ। তে ফল-মূল আহ্ পানি খেই খেই থায়।

ইঙিরি থাক্কে থাক্কে বঝর বিদি গেল। বাধোইবী বান্দচ্যার দিনে এক্ক্য পুঅ্ পেল। বান্দচ্যার দিনে হ্লেঅ পুঅ্বো বান্দরঅ ধক নয়। তজিম্ পুরো মানুঝ' সান। রাঙা-চাঙা। তে পুঅ্বো'র নাঙ থৈ দিল 'তেদোই'। সেদিন্যাত্তুন ধরি বান্দচ্যা আহ্ তা নিজর নাঙান বদলি যেই হ্ল তেদোই বাপ আহ্ তেদোই মা। পুঅ ফুদেইয়্যে ধরি বাধোইবী মাত্তর মনে মনে ভাবা ধরিল—তা নিজর জীংকানিয়ান বরবাদ গেলেঅ পুঅ্বো'র জীংকানিয়ান বরবাদ যেবার তে দিদ' নয়। তে তা পুঅ্বো'রে নিনেয় এই অঘুর তারুমত্তুন হামাক্কায় ধেই-যেই ঘরত ফিরিবগৈ। সিয়েনে তে অনুসুর চোঘে চোখ গরি থায়—তলেদি বাঘকুনে কক্কেনে পানি খাহ্ এযন, কুন্দিত্তুন এযন, কুন্দি ফিরি যান্দে। তে ভাবে—ধেই যাহ্দেগৈ বাঘ' মুহ্ত নপ'লে হ্য়। অনসুর মনদি চেহ্ই থাক্কে থাক্কে বাধোইবীর বাঘকুনর পইদ্যানে এক্কান আক্কল হ্ল—কক্কে তারা কুধু যান, কুধু থান। ইন্দি তেদোই জন্মেয়্যে ধরি তেদোই বাপর বিশ্বেচ হ্ইয়্যে পরমা হ্ইয়্যে যক্কেন, বাধোইবী আর ধেই নযেবগৈ। আগেদি তে বেশ ঘর ছাড়ি ন থেদ'। ফল-পাগোর তগা গেলেঅ কায়কুরেত্তুন ঝাদি ঝাদি ফল-পাগোর থুভেই ফিরিদগৈ। ইক্কিনে কড়াকড়ি সময় ধরি থায়য়ে। বাধোইবীর বল ভরিবেত্যেই ভালদ্দুরত আদাম' বামত যেই মান্যর রাহ্ন্যা ভাত-তোন তোগেই আনি দেগৈ। বাধোইবী মাত্তর লক্ষ্য গরি থায় কুন্দিত্তুন বান্দচ্যা ভাত তোন আনেগৈ। তে কিয়াজ গরে হামাক্কায় সিন্দি থেব মানুঝ' আদাম।

ইঙিরি ভ তোগেই থাক্কে থাক্কে একদিন ধেই যেবার যু উদিল। সেদিন্যা বান্দচ্যা কয়দ্যে—"তেদোই-মা, এচ্যা তরে মুই কয়েক্কান গম ফল-পাগোর তোগেই আনি খাবেস্থি। মাত্তর ভালদ্দুরত যা পড়িব। হ্লেভ' গত্তাল দিন্য ভাঙিব।" বাধোইবী কহ্ল—"কন বাবত্যা গম ফল-পাগোর?" বান্দচ্যা কহ্ল—"নারেং কমলা আহ্ রগোচ-কুয়ো।" তেদোইমা হ্ঝি হ্ঝি কহ্ল—"নারেং কমলা আহ্ রগোচ-কুয়ো মুই ভারি গম পাঙ। আন্দে তেদোই বাপ আন্দে।" সে জেরে বান্দচ্যা তা লেচ্যান উবো গরি গাঝে গাঝে ফালুক ফালুক গরি নারেংকমলা আহ্ রগোচ-কুয়ো তগা গেল দূরত এক তারুম ঝারত। এ যু পারা যু নেই ভাবিনেই বাধোইবী তা পুঅ তেদোইরে হাদিয়ান্দে পিধিত বুগিনেই তলেদি বাঘকুন নেইদে অক্তৎ তারার নলাম লুদি ঘরানত্তুন তলে লামিনেই দুমুড়ি ধেই যা ধরিল। তে বান্দচ্যা যিন্দিত্তুন রাহ্ন্যা ভাত-তোন তোগেই আনেগৈ সে মোক্যা যা ধরিল গঙ হিজি। ভালক্ষন ধরি যাদে যাদে রিব্ রিব্ গরি এক্কান আদাম তে দেহ্লগৈ। তা পরানান এবারত ডাঙর হ্ল। হিজিচ্যা গরি হ্ধিনেই তে লুঙিলগৈ আদামানত। তে আদামান চিনিলগৈ। ইয়ান তারার আদামানর কুরর এক্কান আদাম। তে আদামানত এক্কান ঘরত উধিনেই পানি খেল—জিরেল। সে জেরে একজিরানর পধ যেই তে লুঙিলগৈ তারার নিজর আদামনত। তে এক্কু গুদোই তারা নিজ' ঘরানত যেই উদিলগৈ।

আবাধা গরি বাধোইবীরে দেহ্ই তা বাপ-মা'র দঅ তত্ত্ব! তারা বাধোইবীত্তুন তা হ্ল-বিধানর কধা পুঝ্যর গরিলাক। বাধোইবী বেক ভাঙি কহ্ল ফিরি এযানার ঘদনা সঙ। তে আর' কহ্ল বান্দচ্যা হ্লে ইধু সঙ তারারে তগা য়েই পারে। শুনিনেই তা বাপ-মা'য় কহ্লাক—"এবারত তে ইধু লুঙিলেগি গমে ফিরি যেই নবারিবগৈ।"

ইন্দি বান্দচ্যা নারেংকমলা আহ্ রগোচ-কুয়ো তোগেই আনি বেলেত্যা ঘরত ফিরি এলে দেঘেগিদে তেদোইমা আহ্ তেদোই ঘরত নেই। তে হনিজেচ্যা গরি ডাগি ডাগি কায়কুরে তোগেল— জেরেদি ভাবিল—তারা হামাক্কায় আদামত তারার আঝল ঘরত ফিরি যেইয়্যন্দে। তে হুজ' মারা রিনি রিনি সাঝন্যা অক্তৎ লুঙিলগৈ পথম আদামানত। তে মানুচ দেহ্লে পুঝ্যর গরা ধরিলঃ

"ম পুঅ্ তেদোই আহ্ তেদোই মা'রে দেখ্যনি?"

শুনিনেই মানুচ্যনে হিয়্যা নগচ্যা গরি জুয়োব দ্যনঃ

"কনে জানে তেদোই-ভেদোই
আমন' চিদ্যায় পরান যায়,
কন বান্দরী কুধু গেল—
কন্না তার খবর পায়।"

পুঝ্যর গরিলে পত্তিজনে একধান কোই মুহ্ ফিরেই যান্দে। বান্দচ্যা ভাবিল—মানুচ্যনে মনে গরন্দে হ্লে তেদোই আহ্ তেদোইমা বান্দর বাবত্যা। সিয়েনে তে এক্ক্য আন্দাচ্যা

বুড়ো মান্যত্তুন পুঝ্যর গরতে ডোলেই গরি ভাঙি কহ্‌ল। তে তারে বুঝেই দিল—তেদোই আহ্ তেদোইমা বান্দর নয়, তারা মানুচ। শুনিনেই বুচ্যা ত্বরা-তাঙরি কহ্‌ল—"হ্‌য়, দেখ্যং দঅ। এক্ক্য পরমা মিলা তা পুঅ্ এক্ক্য পিধিত বুগীনেই হ্‌ভলা আদাম' মোক্যা যাহ্‌ত্তে বেলেত্যা অক্তৎ।" বান্দচ্যা বুঝিল-সিগুন হামাক্কায় তেদোই আহ্ তেদোই মা হ্‌বাক্কে। তে ত্বরা-তাঙরি হভলা আদামানত লুঙিলগৈ। তে সেই আদামানত্ যেই পুঝ্যর গরতে গরতে বাধোইবী দাগির ঘরানত লুঙিলগৈ। বান্দচ্যারে রেদে-বিয়েলী আবাধা গরি দেহ্‌ই তেদোই মা চক্ক-ভক্ক হ্‌ই উদিল।

ইন্দি মাত্তর বাধোইবী বাপ্য আগে ধরি এক্কান বুদ্ধি গরি থৈয়্যে। তারার ঘরর ঈজোরর মাধাদি এক্কান অজল টংঘর আঘে। তে সেই টংঘরানত্তলে উভো উভো গরি ভেবেরাইদ্যা চুচ্যাংবাশ কুবি থৈয়্যে আগেত্তুন ধরি। তে তার মনর ভাব লুগেই থৈ বান্দচ্যারে সদর জামেইয়র সান লোবিয়োত গরিল। সেদিন্যা তারা ঘরত এক্ক্য কুরো কাবিলাক। কুরো এড়ালৈ মদে-ভাঙে বান্দচ্যারে জামেই খানা খাবেলাক। ইন্দি মুরে মুরে বাধোই বাবে তা ঝি বাধোই বীরে শিঘেই দিল অজল টংঘরানত ঘুম যেবার অক্তৎ মেহ্‌ঝেই নেদে নেদে তারে যেন সিত্তুন ফেলেই দেগৈ।

তেম্মাং মুজিম রদোত ভাত খেইদেই বাধোইবীরে কহ্‌ল—"বাধোইবী, তুমি তিনজনে টংঘরানত থাগগৈ।" কধা মুজিম তারা তেদোই, তেদোই মা আহ্ তেদোই বাপ অজল টংঘরানত বিছ্যন পাদেই ঘুমত প'লাক্কে। ঘুমত পড়িনেই হানক্ষণ অলর গরি থেই বান্দচ্যারে ঘুমে ধরি এত্তে এত্তে তেদোই মা বান্দচ্যারে কেয়্যান্দৈ এত্তুক ঠেলি দিনেয় কহ্‌ল—"তেদোই বাপ্, আক্কা যাহ্।" তেদোই বাবে এক হোচ্যান দিনেই এত্তুক গেল। আর হানক্ষণ জেরে তেদোই মা কেয়্যান্দৈ এক মেহ্‌ঝা দিনেই কহ্‌ল—"তেদোই বাপ, আক্কা যাহ্।" তেদোই বাবে আর' এক হোচ্যান দিনেই এত্তুক গেল। আর হানক্ষণ জেরে তেদোই মা আর' কহ্‌ল—সে জেরে আর' কহ্‌ল। ইন্দি বান্দচ্যা হোচ্যেই হোচ্যেই যাহ্‌দে যাহ্‌দে এক সময় আ-বা-ধা গরি কেদাক তুগর মাধাদি গরি পড়িলগৈ এক্কেবারে চুচ্যাং বাশ্যনর মাধাত। বান্দচ্যা ভেবেরাইদ্যা গরি ভিন্দেয় যেই আদুরী নিঘিলি মরি গেল।

বান্দচ্যা মরিনেই তেদোই মা অথাৎ বাধোইবী আহ্ তা বাপ-মা অমগত্য হুঝি হ্‌লাক। সেদিন্যাত্তুন ধরি বান্দচ্যার হ্‌াধত্তুন তেদোই মা ছড়ান পেল। —

— থুম —